

শ্রী শ্রী গুরু-গৌরান্দো জয়তঃ

পরমহংস-সংহিতাখ্যং সাত্ত্বতসংহিতেতাপরনামধেয়ং

শ্রীমদ্ভাগবতম্

দশমস্কন্ধমাত্রম্

প্রথম খণ্ডম্

শ্রীল-কৃষ্ণদ্বৈপায়ন-বেদব্যাস-বিরচিতম্

শ্রীচৈতন্যমঠস্থ তথা শ্রীগৌড়ীয়মঠানাং সংস্থাপকেন, শ্রীবিষ্ণুবৈকুণ্ঠসভায় লুণ্ঠগৌরবস্তোত্রাকরকণ
শ্রীগৌড়ীয়বৈকুণ্ঠাচার্যভাস্করেণ

প্রভুপাদ-শ্রীমদ্রক্তিসিদ্ধান্ত-সরস্বতী-গোস্বামিঠকুরেণ বিরচিতেন

বিবিধসূচীপত্র-কথাসার-সংস্কৃতানুঘ-বঙ্গানুবাদ-তথা-বিবৃতিস্বাক্ষর-

গৌড়ীয়-ভাষ্যেণ তথা শ্রীমদ্রক্ত্যাচার্যপাদকৃত-তাপর্ষণেণ

শ্রীল-বিখ্যাতচক্রবর্তীঠকুরকৃত-সারার্থদর্শিতাখ্য-

টীকয়া চ সহিতম্

শ্রীচৈতন্যমঠস্থ তচ্ছাখানাং শ্রীগৌড়ীয়মঠানাঞ্চ বর্তমানাচার্যেণ
ত্রিদণ্ডিপাদ-শ্রীমদ্রক্তিবিনাসতীর্থ-মহারাজেন সম্পাদিতম্

দ্বিতীয়-সংস্করণম্

১৮৯২-শ্রীগৌড়ানন্দ-শ্রীরামপুণ্ড্রিয়ারদ্বারা

Sri Chaitanya Math, Mayapur.

শ্রীমদ্ভাগবত

শ্রী চৈতন্য মঠ
শ্রী শ্রী শ্রী শ্রী শ্রী

শ্রী শ্রীগুরু-গৌরান্দো জয়তঃ

পরমহংস-সংহিতাখ্যং সাত্ততসংহিতেত্যপরনামধেয়ং

শ্রীমদ্ভাগবতম্

দশমস্কন্ধমাত্রম্

শ্রীল-কৃষ্ণদ্বৈপায়ন-বেদব্যাস-বিরচিতম্

শ্রীচৈতন্যমঠস্ত তথা শ্রীগৌড়ীয়মঠানাং সংস্থাপকেন, শ্রীবিষ্ণুবৈকুণ্ঠসত্যায় লুপ্তগৌরবজ্ঞোদ্ধারকেন
শ্রীগৌড়ীয়বৈকুণ্ঠচাৰ্যভাস্করেণ

প্রভুপাদ-শ্রীমুক্তিসিদ্ধান্ত-সরস্বতী-গোস্বামিঠকুরেণ বিরচিতেন

বিবিধসূচীপত্র-কথাসার-সংস্কৃতাবলম্ব-বঙ্গানুবাদ-তথ্য-বিবৃত্যাক্ষক-

গৌড়ীয়-ভাষ্যেণ তথা শ্রীমন্মথবাচার্যপাদকৃত-তাৎপৰ্যেণ

শ্রীল-বিষ্ণুনাথচক্রবর্তীঠকুরকৃত-সারার্থনিষ্ঠাখ্য-

টীকয়া চ সহিতম্

শ্রীচৈতন্যমঠস্ত তচ্ছাখানাং শ্রীগৌড়ীয়মঠান্য বর্তমানাচার্যেণ
ত্রিদণ্ডিপাদ-শ্রীমুক্তিবিলাসতীর্থ-মহারাজেন সম্পাদিতম্

দ্বিতীয়-সংস্করণম্

১৮৯২-শ্রীগৌরানন্দ-শ্রীরাধাপুণিমাষামসে ।

শ্রীগোরাবির্ভাবধাম-শ্রীমায়াপুর-শ্রীচৈতন্যমঠঃ
ত্রিদিগ্ভিক্রীভক্তিকুসুমশ্রবণ-প্রকাশিতম্ ।

প্রাপ্তিস্থান—

১। শ্রীচৈতন্যমঠ,

পোঃ শ্রীমায়াপুর, জেলা নদীয়া ।

ফোন স্বরূপগঙ্গা—৩৬ ।

২। শ্রীচৈতন্যরিসার্চ ইন্সটিটিউট্,

৭০ বি, রাসবিহারী শ্যাভিনিউ,

কলিকাতা—২৬ ।

ফোন ৪১-০২৬০

শ্রীমায়াপুরস্থ-‘নদীয়া প্রকাশ-প্রিণ্টিং-ওয়ার্কস্’ ইত্যখ্যমুদ্রায়দ্বৈ

শ্রীমন্দরগোপালব্রহ্মচারি-সেবাকৌস্তভ-মুদ্রিতম্ ।

নিবেদন

পরমার্থের অহুশীলনে ভারত নিত্যকাল বিধের গুরু। শাস্ত্রী শান্তি ও পরানন্দ লাভ করিতে হইলে বিশ্বাসী জনগণের পক্ষে ভারতের ভাগবতধর্মাহুশীলন ব্যতীত গতান্তর নাই।

পূর্বকালে ভারতের বিচারিগণ গুরুগৃহে অবস্থান করিয়া তীর্থ বৈরাগ্য, কঠোর ব্রহ্মচর্য ও ঐকান্তিক গুরুসেবনের সহিত বেদ-বেদান্ত ব্রহ্মসূত্রাদি অহুশীলন করিতে, নিবিশেষ-চিত্তে গায়ত্রী জপ করিতে, মহাভারত ও তদন্তর্গত শ্রীমদ্ ভগবদ্গীতা উল্লাসের সহিত পাঠ করিতে। ঐ সকল শাস্ত্রের সার-শিক্ষা শ্রীমদ্ভাগবতে দেদীপমান।

“অর্থোহয়ং ব্রহ্মসূত্রোহাং ভারতার্থবিনির্ঘয়ঃ।

গায়ত্রীভাষ্যকপোহসৌ বেদার্থপরিবৃংহিতঃ।”

—শ্রীগুরুপূরণ।

শ্রীমদ্ভাগবতে দেখিতে পাই, শ্রীকৃষ্ণ-বৈশ্যামন বেদব্যাস—বেদ-বিভাগ, ব্রহ্মসূত্র-রচনা, বিরাট মহাভারত-প্রণয়ন করিয়াও মনে শান্তি না পাইয়া গুরুদেব দেবর্ষি শ্রীনারদের উপদেশক্রমে অজানাত্মক আত্মেক্সিয়-প্রীতিবাহ্যামূলক ধর্ম-অর্থ-কাম-মোক্ষ—এই চতুর্বর্ণ-ধিকারী নির্মস্বর সাধুগণের অহুশীলনীয় কৃষ্ণেক্সিয়-প্রীতিবাহ্যাত্মক অপ্ৰাকৃত নির্মল প্রেমধর্ম বর্ণন করিয়া হৃদয়ে অনির্বচনীয় আনন্দ লাভ করেন। যে গ্রন্থরাজ্যে ইহা রচিত হইয়াছে তাহার নাম শ্রীমদ্ভাগবত।

“কৃষ্ণে স্বধামোপগতে ধর্মজ্ঞানাদিভিঃ সহ।

কলৌ নষ্টদৃশ্যমেব পুরাণাকৌহধুনোদিতঃ।” (ভাঃ ১।৩।৪৫)

স্বরূপ ভগবান্ শ্রীকৃষ্ণ যখন স্বীয় প্রপঞ্চগত-লীলা সম্বরণপূর্বক নিত্য শ্রীগোলোক-ধামে গমন করিলেন, তখন জীবগণের নিত্যকল্যাণ-সাধনের জন্ত—নষ্টদৃষ্টি জনগণের নিত্য-প্রয়োজন-সিদ্ধির অভিপ্রায়ে তাঁহা হইতে অভিন্ন পুরাণ-প্রভাকর শ্রীমদ্ভাগবত নিত্যধর্ম-জ্ঞানাদিসহ সম্প্রতি উদ্ভিত হইয়াছেন।

“শ্রীমদ্ভাগবতং পুরাণমমলং যদৈক্যবানং প্রিয়ং

যস্মিন্ পারমহংসমেকমমলং জ্ঞানং পরং গীয়তে।

যয় জ্ঞান-বিরাগ ভক্তি-সহিতং নৈকর্য্যমাবিকৃতং

তচ্ছৃণু স্পৃষ্টন্ বিচারণপরো ভক্ত্যা বিমুচোন্নরঃ।”

(ভাঃ ১২।১৩।১৮)

শ্রীমদ্ভাগবত অমলপুরাণ। ইহা বৈক্যবমানেরই প্রিয়। ইহাতে এক অমল পারমহংস-জ্ঞান বর্ণিত হইয়াছে। বিরাগের সহিত নৈকর্য্য-জ্ঞান ইহাতে আবিকৃত হইয়াছে। ভাগবত—অবগ, উত্তমরূপে পাঠ ও বিচারণর হইলে উদ্ভিতা শুদ্ধভক্তিবারা জনগণ মায়াবন্ধন হইতে বিশেষরূপে মুক্তি লাভ করিবেন অর্থাৎ মায়ামুক্ত হইয়া স্থনির্মল কৃষ্ণপ্রেম লাভ করিতে পারিবেন।

শ্রীভগবান্ শ্রীব্রহ্মাকে আশীর্বাদ করিয়াছেন,—

“জ্ঞানং পরমশুভং মে যদ্বিজ্ঞানসমবিতম্।

সরহস্তং তদজ্ঞক গৃহাণ গদিতং ময়া।” (ভাঃ ২।৩।৩০)

—হে ব্রহ্মন! আমার বিজ্ঞানসমবিত জ্ঞান অর্থাৎ

বিশেষরূপে ভগবৎস্বরূপোপলব্ধি, বহস্ত—প্রেমভক্তি ও তদজ্ঞ—সাধনভক্তি আমি বলিতেছি, তুমি গ্রহণ কর। অর্থাৎ শ্রীমদ্ভাগবতে সপ্তক—কৃষ্ণ, অভিধেয়—কৃষ্ণভক্তি ও প্রয়োজন—কৃষ্ণপ্রেম লাভ হইবে।

পদ্যপুরাণে ষাটশতকাত্মক শ্রীমদ্ভাগবত ভগবদ্বিগ্রহরূপে বর্ণিত হইয়াছেন, যথা—

“পাদৌ বদীযৌ প্রথমদ্বিতীযৌ তৃতীয়তূর্ধ্বো কথিতৌ যদ্রু নাভিভুখা পঞ্চম এব যষ্ঠো ভূজাস্তরং দোয়ুগলং তথাচৌ।

কণ্ঠস্ত রাজস্রবমৌ যদীযৌ মুখ্যাবিন্দং দশমঃ প্রফুল্লম্

একাদশে যন্ত ললাটপট্টং শিরোহসি তু ষাটশ এব ভাতি।

তমাদিদেবং করুণানিধানং তমালবর্ণং সুহিতাবতারম্।

অপার-সংসারসমুদ্র-সেতুং ভজামহে ভাগবত-স্বরূপম্।”

—আমি আদিদেব, করুণানিধান, তমালবর্ণ শ্রীকৃষ্ণের সেই অপার-সংসারসমুদ্র উত্তীর্ণ হইবার সেতুস্বরূপ মঙ্গলময় শাস্ত্রিক অবতার শ্রীমদ্ভাগবতকে ভজনা করি, যাহার প্রথম ও দ্বিতীয় স্কন্ধ—পাদযুগল, তৃতীয় ও চতুর্থ স্কন্ধ—উরুদ্বয়, পঞ্চম স্কন্ধ—নাভিদেশ, ষষ্ঠস্কন্ধ—ভূজাস্তর অর্থাৎ বকঃস্থল, সপ্তম ও অষ্টম স্কন্ধ—বাহুদ্বয়, নবম স্কন্ধ—কণ্ঠ, দশম স্কন্ধ—প্রফুল্লমুখকমল, একাদশ স্কন্ধ—ললাটদেশ এবং ষাটশ স্কন্ধ—মস্তক।

শ্রীমদ্ভাগবত—মহাপুরাণ : তজ্জন্ত ইহাতে সর্গ, বিসর্গ, স্থান, পোষণ, উতি, মনস্তরকথা, দৈশাহকথা, নিরোধ, মুক্তি ও আশ্রয়—এই দশটি বিষয় উত্তমরূপে বর্ণিত হইয়াছে। দশম-

যে আশ্রয়, তাঁহার বিশুদ্ধ আলোচনার জন্ত পূর্ব নয়টি লক্ষণ মহাঅগুণ কোন স্থলে স্তুতি ও আখ্যানস্থলে এবং কোন স্থলে সাক্ষাৎ বিচারদ্বারা বর্ণন করিয়াছেন। নয়টি আশ্রিত ভাবের আশ্রয় শ্রীকৃষ্ণের নিত্যকল্যাণকর লীলাসমূহ মূখ্যতঃ দশমস্কন্ধে বিশদরূপে বর্ণিত হইয়াছে। ইহাতে ২০টি অধ্যায় আছে, তন্মধ্যে প্রথম ৩২টি অধ্যায়ে ব্রহ্মলীলা, ৪০-সংখ্যক অধ্যায়ে যামুন-সলিল-মধ্যে শ্রীকৃষ্ণকর্তৃক শ্রীকৃষ্ণস্তব, ৪১—৫১ অধ্যায়ে ১১টি অধ্যায়ে মথুরালীলা এবং শেষ ৩২টি অধ্যায়ে দ্বারকালীলা বর্ণিত হইয়াছে। ২২ হইতে ৩৩ পর্যন্ত অধ্যায়পঞ্চক ‘রাসপঞ্চাধ্যায়’, ৩০-সংখ্যক অধ্যায়টি গোপীগীতা, ৪৭-সংখ্যক অধ্যায়টি ভ্রমরগীতা, ৮৭-সংখ্যক অধ্যায়টি বেদ-স্তুতি এবং ২০-সংখ্যক অধ্যায়টি মণিযৌগীতি নামে খ্যাত।

সকল বৈষ্ণব-সম্প্রদায়ই শ্রীমদ্ভাগবত অমূল্যলবণ করিলেও পূজ্যপাদ গোড়ীয়া-বৈষ্ণবগণের জায় এই গ্রন্থরাজ্যের নিগূঢ় রস-আনন্দনের যোগাত্মা অগ্জ দৃষ্ট হয় না। শ্রীল সনাতন গোস্বামিপাদ দশমস্কন্ধের যে বৃহৎ বৈষ্ণব-তোষণী টীকা করিয়াছেন, সর্ব দিক দিয়াই তাহার চমৎকারিতা অতুলনীয়। তদনুসরণে শ্রীল বিশ্বনাথ চক্রবর্তী ঠাকুর সার্বার্থদর্শিনী টীকা করিয়াছেন। মূল শ্লোক, প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের গোড়ীয়াভাষ্য, তদনুগত অরব, অম্ববাদ, মধব-তাৎপর্য, শ্রীল বিশ্বনাথ চক্রবর্তীর টীকা, সমগ্র দশম স্কন্ধের কথাসার, প্রতি অধ্যায়ের কথাসার এবং বিবিধমুচী-সহ এই গ্রন্থরাজ্য প্রকাশিত হইতেছেন। এই সংস্করণের বৈশিষ্ট্য নিশ্চয়ই চিন্তাশীল পাঠক লক্ষ্য করিবেন।

সংস্কৃতভাষাভিজ্ঞমনীষিগণ দশমস্কন্ধে অমুদ্রুপ, ইন্দ্রবজ্রা, উপেন্দ্রবজ্রা, ইন্দ্রবংশা, বংশস্থবিল, প্রহর্ষিণী, কচিরা, বসন্ততিলক, পুষ্পিতাগ্রা, সুন্দরী, শালিনী, মালিনী, ইন্দ্রিরা, মন্দাকিনী, নর্দক, স্বাগতা, শ্রগন্ধরা ছন্দঃসমূহের উদাহরণ দশমস্কন্ধে পাইবেন। বহুস্থানে আর্ষপ্রয়োগ বা ব্যাকরণ-বৈচিত্র্যও দৃষ্ট হয়। কিন্তু ভাগবতার্থ-সুদয়ঙ্গম-লক্ষীতব্য—

“ভক্ত্যা ভাগবতং গ্রাহং, ন বুদ্ধ্যা ন চ টীকয়া।”

“ঈশ্বরের তত্ত্ব যেন বুঝে না যায়।

এই মত ভাগবত সর্বশাস্ত্রে গায়।

প্রেমময় ভাগবত—কৃষ্ণের শ্রীঅঙ্ক।

যাহাতে কহেন যত গোপ্য কৃষ্ণরস।” (চৈঃ ভাঃ)

ভাগবত বিবিধ—শ্রীকৃষ্ণলীলারসাত্মক গ্রন্থভাগবত, আর কৃষ্ণকৃপাপাত্ত ভক্ত-ভাগবত। ভক্ত ভাগবতের কৃপায়ই গ্রন্থ-ভাগবতের তত্ত্ব লাভ ও লীলারসান্বাদনের সৌভাগ্য হয়। তজ্জন্তু শ্রীচৈতন্যচরিতামৃতের কৃপাদেশ—

“যাহ ভাগবত পড় বৈষ্ণবের স্থানে।

একান্ত আশ্রয় কর চৈতন্যচরণে।”

“বৈষ্ণবপাশ ভাগবত কর অধ্যয়ন।”

শুদ্ধতত্ত্ববিৎ ভক্তভাগবতের শ্রীমুখে গ্রন্থভাগবত-প্রবণের সৌভাগ্য হইলে জানা যাইবে—

“কৃষ্ণতুল্য ভাগবত বিভূ সর্বাশ্রয়।

প্রতি শ্লোকে প্রতি অক্ষরে নানা অর্থ কয়।” (চৈঃ চঃ)

বস্তুতঃ—

“চারি বেদ—‘দধি’, ভাগবত—‘নবনীত’।

মথিলেন শুকে—খাইলেন পরীক্ষিত।” (চৈঃ ভাঃ)

শ্রীমদ্ভাগবতের অমূল্যলবণে সর্ব শাস্ত্রের সারশিক্ষা লাভ হইয়া থাকে।

রাস-পঞ্চাধ্যায়-অধ্যয়ন-কালে নিম্নলিখিত শ্লোকটির (১০।৩৩।৩১) প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া আবশ্যিক :—

“নৈতৎ সমাচরেজ্জাতু মনসাপি হনীষতঃ।

বিনশত্যাচরন্যোঢ্যাদ্ যথা কদ্রোহক্কিজং বিষম্।”

অঙ্কায়িত হইয়া ভক্ত ভাগবতের শ্রীমুখে শ্রীমদ্ভাগবত-গ্রন্থ শ্রবণ করিলে হৃদরোগ কাম তিরোহিত হয় এবং ত্রিতেন্দ্রিয় হইয়া সর্বোত্তম-প্রেমলক্ষণা ভক্তি লাভ হইয়া থাকে। রাসপঞ্চাধ্যায়ের শেষ (১০।৩৩।৪০) শ্লোকে এই শিক্ষাই প্রদত্ত হইয়াছে।

গ্রন্থ-ভাগবত প্রকাশ-সেবার শ্রীচৈতন্যচরণামৃতের প্রেমিক ভক্তগণের শ্রীচরণরজঃই আমাদের একমাত্র সম্বল। প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুরের ও তৎশ্রেষ্ঠ বর্তমান শ্রীচৈতন্যমঠাচার্য ত্রিদণ্ডিস্বামী শ্রীল ভক্তিবিনাস তীর্থ মহারাজের অট্টোত্তম কৃপাই আমাদেরিগকে এই সেবার উদ্বুদ্ধ করিয়াছে। তাঁহাদের, তথা সমগ্র বৈষ্ণবমণ্ডলীর পাদপদ্মে পুনঃ পুনঃ লাষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণাম নিবেদন করিতেছি।

বৈষ্ণবদাসামুদাসাভাস

ত্রিদণ্ডিস্বামী শ্রীভক্তিকুসুম প্রমণ।

দশমস্কন্ধের অধ্যায়-বিবরণ

অধ্যায়	শ্লোক-সংখ্যা	পৃষ্ঠা	অধ্যায়	শ্লোক-সংখ্যা	পৃষ্ঠা
প্রথম অধ্যায়	৬৯	১—৩১	নবম অধ্যায়	২৩	১৪০—১৪৮
কৃষ্ণাবতারচরিতামৃতশ্রবণাত্মক মহারাজ পরীক্ষিতের শ্রীশুকসমীপে পুনঃ প্রসঙ্গ এবং দেবকীস্বত হইতে স্বীয় মৃত্যুর সম্ভাবনা শ্রবণপূর্বক ভীতচিত্ত কংসকর্তৃক দেবকীর ঘট্ট শিশু বিনাশ।			মাতা-বশোদার দধিমহনকালে কৃষ্ণের স্তম্ভপানেক্ষা, মাতা কৃষ্ণকে স্তম্ভ পান করাইতে করাইতে ভূমিতলে অবতারণ করিয়া চূড়োহ উৎসিচ্যমান চঞ্চরকার্য গমন করিলে কৃষ্ণের ক্রোধ ও দধিভাণ্ডভঞ্জনাদি লীলা, কৃষ্ণ-কৃত ভাণ্ড-ভঞ্জন-দর্শনে বশোদার কৃষ্ণকে বন্ধনোদ্‌যোগ, সমস্ত বন্ধন-রজ্জুর দ্বাঙ্গুলাপ্তি এবং মাতার আন্তিদর্শনে কৃষ্ণের বন্ধন-স্বীকার।		
দ্বিতীয় অধ্যায়	৪২	৩১—৫২	দশম অধ্যায়	৪৩	১৪৮—১৫৯
কংস-বিনাশার্থ দেবকী-গর্ভে শ্রীহরির প্রবেশ, ব্রহ্মাদি দেবগণের দেবকী-গর্ভগত শ্রীহরির স্তব ও দেবকীকে শাস্ত্রী-প্রদান।			দামোদর শ্রীকৃষ্ণের বমলাঙ্গুর্নভঞ্জন-লীলা-রহস্য ও কৃষ্ণ-পাদপদ্মস্পর্শ-হেতু শাপাবসানে বমলাঙ্গুর্ন বৃক হইতে নির্গত কুবেরাশ্বদ্বয়ের দিব্যদেহধারণপূর্বক কৃষ্ণস্ততি।		
তৃতীয় অধ্যায়	৫৩	৫৩—৭৬	একাদশ অধ্যায়	৫৯	১৬০—১৭৩
স্বয়ং ভগবান্ শ্রীহরির স্ব স্বরূপে আবির্ভাব, মাতা-পিতার পুত্রকে ভগবজ্জ্ঞানে স্তুতি এবং কংসভয়ভীত পিতার পুত্রকে গোকুলে আনয়ন।			শ্রীমদকর্তৃক কৃষ্ণের দামবন্ধনমোচন, শ্রীকৃষ্ণের ফল-ক্রয়াদিচ্ছলে ফল-বিক্রেত্রীর প্রতি কৃপা-প্রদর্শন, শ্রীমদাদি গোপবৃন্দের সগোষ্ঠী গোকুল হইতে বৃন্দাবন যাত্রা এবং কৃষ্ণের বৎস ও বকাঙ্গর-বধলীলা।		
চতুর্থ অধ্যায়	৪৬	৭৬—৮৮	দ্বাদশ অধ্যায়	৪৪	১৭৪—১৮৯
চণ্ডিকা-বাক্য-শ্রবণে অতি-ভয়াকুল কংসের দুর্মন্ত্রিগণ-প্রদত্ত বালাদিহিংসন-রূপ অহিত পরামর্শকে 'হিত' বলিয়া জ্ঞান।			কৃষ্ণের গোপবালকগণসহ বনবিহার এবং অঘাসুর-বধলীলা।		
পঞ্চম অধ্যায়	৩২	৮৮—৯৭	ত্রয়োদশ অধ্যায়	৬৪	১৮৯—২১০
শ্রীমদমহারাজের পুত্রের জাতকর্মাদি সম্পাদনপূর্বক মথুরায় গমন ও তথায় বহুদেবসহ মিলনোৎসব।			ব্রহ্মার গোবৎস ও বৎসপালহরণ, শ্রীকৃষ্ণের সর্বাত্ম-ধার্মিকপে যোগমায়ঃ-প্রভাবে সৎসংসারাবধি উত্তম্বরূপে লীলা বিস্তারপূর্বক ব্রহ্মবিমোহন এবং অবশেষে ব্রহ্মার মোহনাশ।		
ষষ্ঠ অধ্যায়	৪৪	৯৭—১০৯	চতুর্দশ অধ্যায়	৬১	২১১—২৪০
মথা-বহুদেব-বাক্যাসূচ্যে শ্রীমদৈব গোকুল-প্রত্যাগমন-কালীন পথিমধ্যে মৃতরাক্ষসীদর্শন এবং ভয়রূপবৃত্তান্তশ্রবণে বিষয়।			শ্রীভগবানের অচিন্ত্যভূত লীলাবিশাসদর্শনে বিম্বিত, পূর্বাগন্তক নিশ্চয়করণে অসমর্থ ব্রহ্মকর্তৃক কৃষ্ণস্তব।		
সপ্তম অধ্যায়	৩৭	১১০—১২১	পঞ্চদশ অধ্যায়	৫২	২৪১—২৫৪
শ্রীকৃষ্ণের বাল্যলীলাশ্রবণে মহারাজ পরীক্ষিতের উৎসাহ ও প্রশংসাশ্রীকৃষ্ণের শকটোৎক্ষেপ, তৃণাবর্ত-বধ এবং মূখ-গহ্বরে বিশ্বরূপ-প্রদর্শন।			শ্রীরামকৃষ্ণের ব্রজবালকগণসহ ধেনু পালন করিতে করিতে ভালবাসে প্রবেশ, শ্রীবলরামকর্তৃক সাহচর্যধেয়কাসুর বধ এবং শ্রীকৃষ্ণকর্তৃক কালিদ্বিধ হইতে গোপগণসহ গোপ-বালকগণকে রক্ষণ।		
অষ্টম অধ্যায়	৫২	১২১—১৩৯	ষোড়শ অধ্যায়	৬৭	২৫৫—২৭৫
গর্গকর্তৃক দেবকীপুত্র ও রোহিণী-পুত্রের নামকরণ এবং নন্দসমীপে কৃষ্ণস্তব-কথন; শ্রীরামকৃষ্ণের যিকণ (জাহ্ন-চংক্রমণ), পদদ্বারা বিচরণ, গব্যোষণ (গব্যাপহরণ), গব্যভাণ্ডভঞ্জনাদি বাল্যক্রীড়া তথা শ্রীকৃষ্ণের যুদ্ধকণ ও বিশ্বরূপ-প্রদর্শন এবং পরীক্ষিত-প্রমোত্তরে শ্রীকৃষ্ণের ভ্রোণ ও ধরাধেবীর প্রসঙ্গ-বর্ণনাদি।			যমুনা-ত্রেদে শ্রীকৃষ্ণের কালিদমন-লীলা, কালিদগ্নীগণ-		

কর্তৃক কৃষ্ণ-স্তব, কালিপ্রতি কৃষ্ণ-মুগ্রহ এবং কৃষ্ণাদেশে
কালিয়ার পূর্ববসতি রমণকবীন্দ্র-গমন।

সপ্তদশ অধ্যায় ২৫ ২৭৪-২৮২

কালিয়ার রাষ্ট্রালয়-রমণকবীন্দ্র-পত্নিতাগপূর্বক যমুনা-
প্রবেশ-কারণ কথন, বরুণের প্রতি সৌভাগ্যশাপবাক্য,
কালিয়ার হৃদ হইতে উদ্ভিত কৃষ্ণদর্শনে গোপবালকগণের
আনন্দ এবং কৃষ্ণকর্তৃক দাবানল হইতে ব্রহ্ম-ব্রজবাসিন্দের
পরিদ্ধাণ।

অষ্টাদশ অধ্যায় ৩২ ২৮২-২৮৯

শ্রীরামকৃষ্ণের গ্রীষ্মে বনবিহার-লীলা, ভগবদ্-বিহারস্থল
দীপ্যমানবনে গ্রীষ্মেও বসন্ত-গুণীকরণ প্রকাশ এবং শ্রীকৃষ্ণের
কর্তৃক প্রলম্বাসুর-বধ।

উনবিংশ অধ্যায় ৩৬ ২৯০-২৯৪

শ্রীকৃষ্ণকর্তৃক মৃজারগা-প্রবিষ্ট গোপ ও গোপিনীগণকে
সদাচারি হইতে সংরক্ষণপূর্বক ভাণ্ডীরবনানয়ন।

বিংশ অধ্যায় ৪৯ ২৯৪-৩০৬

শ্রীরামকৃষ্ণের গোপগণসহ বর্ষার বনবিহার এবং উপমান
সংযোগে বর্ষা ও শরৎঋতুর শোভা-বর্ণনামুখে বিবিধ
উপদেশ।

একবিংশ অধ্যায় ২০ ৩০৬-৩১৭

শরদাগমে শ্রীকৃষ্ণের রম্য বৃন্দাবনে প্রবেশ এবং কৃষ্ণ-
বংশীধ্বনি-শ্রবণে ব্রজগোপীগণের কৃষ্ণগুণগান।

দ্বাবিংশ অধ্যায় ৩৮ ৩১৭-৩২৯

শ্রীকৃষ্ণকে পতিরূপে পাইবার জন্য গোপকন্তীগণের
কাহ্যায়নী অর্চন, শ্রীকৃষ্ণকর্তৃক গোপীগণের বস্ত্রহরণ ও
বরদানাদি।

ত্রয়োবিংশ অধ্যায় ৫২ ৩২৯-৩৪৪

কৃষ্ণার্ত গোপবালকগণের রামকৃষ্ণসমীপে কৃষ্ণা-প্রশমন-
প্রার্থনা ও তদাদেশে বরুণ-লাঘ যাজ্ঞিকবিপ্রগণসমীপে
অন্নবাহ্য, বিপ্রগণের তদানে অনঙ্গীকারহেতু পুনঃ
কৃষ্ণাদেশে তৎপত্নীগণসমীপে অন্নভিক্ষা, বিপ্রপত্নীগণের
অন্নদান ও কৃষ্ণামুগ্রহপ্রাপ্তি এবং বিপ্রগণের তদানাকরণ-
হেতু পশুস্তাপ।

চতুর্বিংশ অধ্যায় ৩৮ ৩৪৫-৩৫৪

ইন্দ্রগর্ভ-চূর্ণীকরণ-মানসে কৃষ্ণের ইন্দ্রধাগ নিবারণপূর্বক
গোবর্ধন যজ্ঞ-প্রবর্তন।

পঞ্চবিংশ অধ্যায় ৩৩ ৩৫৫-৩৬৩

যজ্ঞভঙ্গহেতু ক্রোধপরবশ ইন্দ্রের ব্রজনাশার্থ অতিরিক্ত
স্মারিবর্ষণ, তন্নিবারণার্থ শ্রীকৃষ্ণের গোবর্ধনধারণ এবং গোকুল-
রক্ষণ-লীলা।

ষড়্বিংশ অধ্যায় ২৫ ৩৬৩-৩৬৯

শ্রীকৃষ্ণের অদ্ভুত কর্মদর্শনে বিস্মিত গোপগণ-সমীপে
শ্রীমন্দের গর্গোক্তি অনুবাদপূর্বক কৃষ্ণার্থ-বর্ণন।

সপ্তবিংশ অধ্যায় ২৮ ৩৬৯-৩৭৮

শ্রীকৃষ্ণের অদ্ভুত প্রভাব দর্শনে ইন্দ্র ও সুরভি-কর্তৃক
কৃষ্ণাভিষেক ও শ্রীকৃষ্ণের ষ্টগাবিন্দ-নামকরণ।

অষ্টবিংশ অধ্যায় ১৭ ৩৭৮-৩৮৫

শ্রীকৃষ্ণের বরুণালয় হইতে নন্দানন্দন এবং গোপীগণিক
বৈকুণ্ঠলোক-প্রদর্শন।

একোত্রিংশ অধ্যায় ৪৮ ৩৮৫-৪১৩

রামলীলাবিলাসার্থ শ্রীকৃষ্ণের গোপীগণসহ উক্তি প্রতীতি
এবং রামারোহে তাঁহার অস্ত্রধারকণ কোতুকা।

ত্রিংশ অধ্যায় ৪৪ ৪১৩-৪৩০

বিরহসহস্তা গোপীগণের উন্নতকণ বনে বনে ভ্রমণপূর্বক
কৃষ্ণাবেষণ করিতে করিতে বনমধ্যে প্রিধবিরহবিধুরা
শ্রীকৃষ্ণদ্যনন্দিনীর সাক্ষাৎপ্রাপ্তি, তৎসহ গোপীগণের পুন্ডরায়
যমুনাগুলিনে প্রত্যাভর্তন এবং কৃষ্ণাগমন-প্রতীকা।

একত্রিংশ অধ্যায় ১৯ ৪৩০-৪৪১

যমুনাগুলিনাগতা কৃষ্ণদর্শন-বিস্মল চন্দ্রকোণীগণের
কৃষ্ণগীতিসহকারে ব্যাকুলভাবে কৃষ্ণদর্শন-প্রার্থনা।

দ্বাত্রিংশ অধ্যায় ২২ ৪৪২-৪৫২

কৃষ্ণদর্শনলালসাহিত্য গোপীগণমধ্যে শ্রীকৃষ্ণের আবির্ভাব

এবং তাঁহাদিগকে দাবনা-প্রদান তথা গোপীগণের কৃষ্ণপ্রীয়ে
আনন্দছাদন।

ত্রয়ত্রিংশ অধ্যায় ৩৯ ৪৫২-৪৬৭

যমুনোপবনে গোপীমণ্ডলমধ্যগত কৃষ্ণের বহুমুখি প্রকট-
পূর্বক রামকীড়া ও তদনন্তর যমুনা-বিহার, শ্রীকৃষ্ণের
পরীক্ষা-সংশয়-নিরাকরণ ব্যপদেশে রামলীলা-সম্বন্ধে
বদ্ধজীবের প্রাকৃত ধারণাভ্রমসন।

চতুস্ত্রিংশ অধ্যায় ৩২ ৪৬৭-৪৭৪

শ্রীকৃষ্ণকর্তৃক অধিকাধনে সর্পগ্রস্ত নন্দের এবং অঙ্গিরা-
গোত্রজ ঋষিশাপে সর্পযোনি-প্রাপ্ত 'স্বদর্শন' নামক বিদ্যাধরের
মোচন তথা শম্বচূড় বধ-লীলা।

পঞ্চত্রিংশ অধ্যায় ২৬ ৪৭৫-৪৮৬

শ্রীকৃষ্ণ গোচারণার্থ বনগমন করিলে গোপীগণের কৃষ্ণ-বিরহ-হৃদয়-গীতি অবলম্বনে দিবস যাপন।

ষষ্ঠত্রিংশ অধ্যায় ৪৮৬-৪৯৬

শ্রীকৃষ্ণকর্তৃক সারিষ্ট্যর বধ, নারদ-বাক্যে রামকৃষ্ণকে বশদেবীজ্ঞানে কংসের তত্ত্বভয়ের বিনাশ-চিন্তা-কল্পাবনে 'কেশি'-প্রেরণ এবং রামকৃষ্ণকে মথুরায় আনিয়নার্থ অক্রুরের প্রতি আদেশ।

সপ্তত্রিংশ অধ্যায় ৪৯৬-৫০৫

শ্রীকৃষ্ণকর্তৃক কেশীদৈত্যের বধ, শ্রীকৃষ্ণের ভাবিকর্মসমূহ কীর্তনদ্বারা নারদের কৃষ্ণস্তব এবং শ্রীকৃষ্ণের মোক্ষাহুত বধ।

অষ্টত্রিংশ অধ্যায় ৫০৫-৫১৭

মহামতি অক্রুরের ব্রজ-গমন এবং শ্রীরামকৃষ্ণ ও কুব্জরাজ-কর্তৃক তাহার সংহার।

একোনচত্বারিংশ অধ্যায় ৫১৮-৫৩৪

অক্রুর সমীপে কংসাস্তিত্যয় অবগত হইয়া গোপগণসহ শ্রীরামকৃষ্ণের মথুরোদগ্গে মথুরাযাত্রাকালে গোপীগণের বিলাপোক্তি, শ্রীকৃষ্ণের দত্তদ্বারা গোপীগণকে আশ্বাসন, অক্রুরের বথচালন এবং গমন পথে কালিন্দীজল-মধ্যে বিষ্ণুলোক দর্শন।

চত্বারিংশ অধ্যায় ৫৩৪-৫৪৪

শ্রীঅক্রুরের ভগবৎস্তব।

একচত্বারিংশ অধ্যায় ৫৪৪-৫৫৭

শ্রীরামকৃষ্ণের মথুরাপুরী-প্রবেশ, পৌরজীগণের কৃষ্ণদর্শন জন্ম উল্লাস, শ্রীকৃষ্ণের রজক-বধ এবং হুদামা মাল্যকার ও বায়বকে বধদান।

দ্বিচত্বারিংশ অধ্যায় ৫৫৭-৫৬৭

শ্রীকৃষ্ণকর্তৃক কুব্জার উন্নয়ন, ধনুর্ভঙ্গ, কংসরক্ষিণের বিনাশ এবং কংসের হুনিমিত্ত দর্শন ও রত্নোৎসবাদি।

ত্রিচত্বারিংশ অধ্যায় ৫৬৭-৫৭৮

শ্রীরামকৃষ্ণের রক্তদ্বারে 'কুবলয়গীড়' নামক মত্ত হস্তীকে বিনাশপূর্বক বধ প্রবেশ ও কন্দুরসহ আলাপন।

চতুশ্চত্বারিংশ অধ্যায় ৫৭৯-৫৯২

শ্রীকৃষ্ণ ও শ্রীবলদেবকর্তৃক যথাক্রমে চানুরাদি ও মুষ্টিবাদি মলবধান্তে কংস ও তাহার কন্যাদি অষ্টভ্রাতার বিনাশসাধন,

শ্রীকৃষ্ণের কংসপত্নী-সমাস্বাস্ত্রম ও স্বীয় জনক-জননী-বন্ধন-মোচন।

পঞ্চচত্বারিংশ অধ্যায় ৫৯২-৬০৭

শাগ্রজ শ্রীকৃষ্ণের জনক-জননীকে দাস্যনাশিন, 'মাতীষহ' উগ্রসেনের দ্রাক্ষ্যস্তিত্বক, সত্তর-ব্রজগমনাঙ্গীকারে নন্দাদি ব্রজবাসিগণকে দাস্যনা-প্রদান, দ্বিজাতি-সংহার ও ব্রজচর্চব্রত গ্রহণপূর্বক গুরুকুলবাস ও বিদ্যাধ্যয়ন-লীলা, প্রকজন-নারক অসুর বধ ও 'শাক্তজ্ঞ' নামক লাভ, যমালয় হইতে গুরুপুত্র প্রত্যানয়ন দ্বারা গুরুদক্ষিণা দান এবং পুরী প্রত্যাগমন।

ষষ্ঠচত্বারিংশ অধ্যায় ৬০৭-৬২৪

শ্রীকৃষ্ণের 'উদ্ধবকে' বর্জে প্রেরণপূর্বক নন্দ-বশোদার শোকাপনোদন।

সপ্তচত্বারিংশ অধ্যায় ৬২৪-৬৫৬

শ্রীকৃষ্ণদেবে গোপীগণকে শ্রীকৃষ্ণ-সন্দেশ-প্রদান দ্বারা দাস্যনাপূর্বক উদ্ধবের মধুপুরী প্রত্যাগমন এবং ব্রজবাসিগণের প্রেমাতিশয়্য জ্ঞাপন।

অষ্টচত্বারিংশ অধ্যায় ৬৫৬-৬৬৭

শ্রীকৃষ্ণের কুব্জার মনোভিলাষ পূরণার্থ কুব্জা-গৃহে গমন ও কুব্জাসহ বিহার, অক্রুর গৃহে গমনপূর্বক অক্রুরের তবে তুই হইয়া তাহাকে প্রশংসন ও পাণ্ডবগণের সংবাদ গ্রহণার্থ তাহাকে হস্তিনায় প্রেরণ, অতঃপর উদ্ধবসহ যুগ্মে প্রত্যাবর্তন।

একোনপঞ্চাশত্তম অধ্যায় ৬৬৮-৬৭৫

অক্রুরের কৃষ্ণদেবে হস্তিনাপুর-গমন, বিদ্রু ও কুন্তী-দেবীর নিকট পাণ্ডবগণের প্রতি ধৃতরাষ্ট্রের বৈষম্য ব্যবহারের কথা-অবগ, কুন্তীদেবীর শ্রীরামকৃষ্ণ-পাদপদ্মে শরণাগতি জ্ঞাপন, অক্রুরের ধৃতরাষ্ট্র, প্রতি হিতোপদেশ, ধৃতরাষ্ট্র মনোভিপ্রায় জ্ঞাত হইয়া মথুরায় প্রত্যাবর্তন ও কৃষ্ণসমীপে সমুদয় বৃত্তান্ত নিবেদন।

পঞ্চাশত্তম অধ্যায় ৬৭৬-৬৯০

জরাসন্ধের জামাতা-কংস নিধনবার্তা অবগে মথুরা অবরোধ, রামকৃষ্ণ-কর্তৃক জরাসন্ধের সপ্তদশবার পরাজয়, জরাসন্ধের অষ্টাদশবার যুদ্ধোচ্চোগ-কালে নারদ-প্রেরিত কালধবন-নামক জনৈক বীরের আত্মতুল্য বোদ্ধা অববেণে মথুরায় আগমন ও যজুপুরী অবরোধ, অবিলম্বে জরাসন্ধ-গমন সম্ভাবনার উভয়তঃ যাদবগণের সমূহ বিপদাশঙ্কায় শ্রীকৃষ্ণের যাদবগণকে রক্ষণার্থ সমুদ্রমধ্যে দুর্গনির্মাণ-

পূর্বক তথায় যোগবলে দ্বাদশগণকে আনয়ন এবং আত্মীয়-
গণকে সুরক্ষিত দর্শনে বলদেবের অমুখতি লইয়া নিরস্ত
পুত্রদার হইতে বহির্গমন।

একপঞ্চাশত্তম অধ্যায় ৬৩

৬২০-৭০৬

শ্রীকৃষ্ণকর্তৃক মূচুকুন্দের প্রথর দৃষ্টিদ্বারা কালযবন সংহার,
মূচুকুন্দের কৃষ্ণস্তুতি ও কৃষ্ণকৃপা লাভ।

দ্বিপঞ্চাশত্তম অধ্যায় ৪৪

৭০৭-৭১৩

মূচুকুন্দের কৃষ্ণারামন, শ্রীকৃষ্ণের পুনরায় মথুরাক্ষয়ণকারী
ধ্বন-সৈন্তের বিনাশসাধনপূর্বক ধনরত্নাদি লইয়া দ্বারকাগমন-
কালে বহু সৈন্তসহ জরাসন্ধের পুনরায় মথুরাব্যরোধ, রাম-
কৃষ্ণের ভীতবৎ পলায়ন-লীলা এবং প্রবঞ্চণ, পর্বতায়োহণ,
জরাসন্ধের পর্বতে অগ্নি-প্রদান, রামকৃষ্ণের জরাসন্ধাদির
অলঙ্কিতে পর্বত-শিখর হইতে লক্ষ্যপ্রদানপূর্বক সমুদ্র-বেষ্টিত
দ্বারকার প্রবেশ, জরাসন্ধের সঙ্কল্পসিদ্ধি বিবেচনায় সসৈন্তে
অদ্যে প্রস্থান, শ্রীকৃষ্ণের দ্বারকাবস্থানকালে বিদূরভ্রাজনকিনী
কক্ষিণীর শ্রীকৃষ্ণকে পতিরূপে বরণ এবং ব্রাহ্মণদ্বারা কৃষ্ণ-
সমীপে পত্র প্রেরণ।

ত্রিপঞ্চাশত্তম অধ্যায় ৫৭

৭১৩-৭৩৩

কক্ষিণী পত্রাহুসারে শ্রীকৃষ্ণের বিদূর নগরে গমন এবং
জরাসন্ধ প্রমুখ শত্রুবল সমক্ষে কক্ষিণী-হরণ।

চতুঃপঞ্চাশত্তম অধ্যায় ৬০

৭৩৩-৭৪৮

শ্রীকৃষ্ণকর্তৃক বিনক্ষরাজগণের পরাভব, কক্ষিণীভ্রাতা
কল্পীকে বিক্রম করিয়া কৃষ্ণের পুরী প্রত্যাগমন ও কক্ষিণীর
পাণিগ্রহণ এবং কল্পীর 'ভোজকট' নামক নগর নির্মাণপূর্বক
ক্লেশচিন্তে তথায় বাস।

পঞ্চপঞ্চাশত্তম অধ্যায় ৪০

৭৪৮-৭৫৮

শ্রীকৃষ্ণ হইতে প্রহ্মার জন্ম, শঙ্খরাহরকর্তৃক প্রহ্মার হরণ,
শঙ্খরকে বধ করিয়া পত্নী রতিদেবীসহ প্রহ্মার দ্বারকার
প্রত্যাগমন এবং পুরবাসীর আনন্দবর্ধন।

ষট্টিপঞ্চাশত্তম অধ্যায় ৪৫

৭৫৮-৭৬৮

রাজা সত্যজিৎয়ের সূৰ্য-সকালে জন্মসূক্ত মণি লাভ, ঐ
মণি হরণ ব্যাপারে সত্যজিৎয়ের কৃষ্ণস্তুতি মিথ্যা সন্দেহ,
শ্বকলকাননোদন-মানসে শ্রীকৃষ্ণের মণি আহরণ, জাহবান ও
সত্যজিৎয়ের কল্যাণ প্রাপ্তি, তথা সত্যজিৎকর্তৃক উণচৌকন
রূপে প্রদত্ত মণির অগ্রহণ এবং জন্মসূক্ত হরণাদি দ্বারা অর্থের
অনর্থতা কথন।

সপ্তপঞ্চাশত্তম অধ্যায় ৪২

৭৬৯-৭৭৮

শ্রীরামকৃষ্ণের জতুগৃহদাহ সংবাদ শ্রবণে হস্তিনাপুর

গমন, অক্রুর ও কৃতবর্মার প্ররোচনায় শতধারার মণি
লোভে সত্যজিৎ বধ, রামকৃষ্ণের দ্বারকা গমন, শতধারার
অক্রুর সমীপে মণি রাখিয়া প্রাণভয়ে পলায়ন, মণিহরণে
প্রবোদ্ধ অক্রুর ও কৃতবর্মাও পলায়ন, মিথিলোপবনে
কৃষ্ণকর্তৃক শতধারাবধে মণির অগ্রাধি, শ্রীবলরামের জনক-
ভবনে এবং শ্রীকৃষ্ণের দ্বারকায় গমন, শ্রীকৃষ্ণের অক্রুরকর্তৃক
আনীত মণিদ্বারা স্বীয় অপবন মার্জন এবং অক্রুরকে সেই
মণির পুনঃ প্রত্যর্পণ।

অষ্টপঞ্চাশত্তম অধ্যায় ৫৮

৭৭৯-৭৯২

পাণ্ডবগণের অজ্ঞাতবাসের পর শ্রীকৃষ্ণের পাণ্ডবগণকে
দর্শনার্থ ইন্দ্রপ্রস্থ গমন, শ্রীকৃষ্ণের কালিন্দ্যাঙ্গি পঞ্চকল্যায়
পাণিগ্রহণ, অগ্নির বাণ্ডবদাহন ও অজুর্নকে গাত্তীবাঙ্গি প্রদান,
বয়দানবের সভা-নির্মাণ ও দুর্ধোধনের বিবর্ত।

একোনিষষ্টিতম অধ্যায় ৪৫

৭৯৩-৮০৬

শ্রীকৃষ্ণের ইন্দ্রাবরোধে মুরাদি অহুচরসহ পৃথ্বীপুত্র
নরকাসুর বধ, পৃথিবী-কর্তৃক কৃষ্ণস্তুত ও নরকাসুত জব্যাঙ্গি
কৃষ্ণকে প্রত্যর্পণ, শ্রীকৃষ্ণের নরক পুত্রকে অভয়দান, নরকাসুত
যোড়শ সহস্র কল্যায় পাণিগ্রহণ, স্বর্গ হইতে পারিজাত হরণ
এবং তাহাতে ইন্দ্রাদির হ্রুৎকি।

ষষ্টিতম অধ্যায় ৫৯

৮০৬-৮২৮

শ্রীকৃষ্ণের পরিহাস বাক্যে কক্ষিণীর কোপোৎপাদন,
শ্রীকৃষ্ণ-কর্তৃক তাঁহার সান্বনা এবং উভয়ের মধ্যে প্রণয়-
কলহ।

একষষ্টিতম অধ্যায় ৪০

৮২৮-৮৩৭

শ্রীকৃষ্ণের পুত্র-পৌত্রাদি সন্ততি কথন, অনিরুদ্ধবিবাহে
বলরামকর্তৃক কক্ষিণবধ ও কলিন্দ রাজের দত্তোৎপাদন এবং
শ্রীকৃষ্ণের পুত্রাদির বিবাহ।

দ্বিষষ্টিতম অধ্যায় ৩৩

৮৩৮-৮৪৬

'উষাহরণ'-প্রসঙ্গান্ত ; অনিরুদ্ধের বাণাসুরের কল্যাণ
উষাসহ বিহার, বাণাসুরের অনিরুদ্ধসহ সংগ্রাম এবং
অনিরুদ্ধকে নাগপাশে বন্ধন।

ত্রিষষ্টিতম অধ্যায় ৫৩

৮৪৬-৮৬০

বাণ যাদবসমরে শিববল-পরাজয়, বৈষ্ণবজয়কর্তৃক
রৌদ্রজয় পীড়ন, রৌদ্রজয়ের কৃষ্ণস্তুতি, শ্রীকৃষ্ণকর্তৃক বাণের
বাহুচ্ছেদ ও সহস্রভূজ-মধ্যে ভূজচতুষ্টয় যাত্র সংরক্ষণপূর্বক
তৎপ্রতি কৃপা-প্রদর্শন এবং উষাসহ অনিরুদ্ধকে লইয়া
দ্বারকায় প্রত্যাগমন।

চতুঃষষ্টিতম অধ্যায় ৪৪ ৮৬০-৮৭০

শ্রীকৃষ্ণকর্তৃক ইক্ষ্বাকু-তনয় নৃগরাজের শাপবিমোচন, ব্রহ্মস্বাপহরণ দৌষোক্তিদ্বারা রাজগণকে শিকাদান এবং নৃগোষ্ঠার-প্রসঙ্গে বিভূতি-ভাগ্যা-ভোগাদি-মনমত্ত যাদবগণের অহুশাসন।

পঞ্চষষ্টিতম অধ্যায় ৩৫ ৮৭১-৮৭৯

শ্রীবলদেবের সুহৃদর্শনাভিলাষে গোকুলে গমন, যধু ও মাধব মাসে যমুনোপবনে স্বীয় গোপীগণ সঙ্গে রাসরসোৎসব এবং যমুনাকর্ষণ-লীলা।

ষট্টিতম অধ্যায় ৪৫ ৮৭৯-৮৮৮

শ্রীকৃষ্ণের কাশীগমনপূর্বক পৌণ্ড্রক, তন্মিত্র কালীরাঙ্গ এবং সুদক্ষিণাদি বধ।

সপ্তষষ্টিতম অধ্যায় ২৮ ৮৮৯-৮৯৪

বৈবস্বত-পর্বতে ললনামুখসহ ক্রীড়ারত শ্রীবলদেবকর্তৃক নরকমিত্র মৈন্দ-বানরের ভ্রাতা অতি খল বিবিধ বানরের বিনাশ সাধন।

অষ্টষষ্টিতম অধ্যায় ৫৪ ৮৯৫-৯০৭

দুর্ধোধনকৃত্য লক্ষ্মণা হরণ ব্যাপারে জাম্ববতীনন্দন সাধ কৌরবগণসহ যুদ্ধে নিরুদ্ধ হইলে তদ্বিমোক্ষার্থ বলদেবের হস্তিনাগমন ও বন্ধুভাবে শাস্তি-স্থাপনে অনিচ্ছুক কৌরব-গণের ঔদ্ধত্য দর্শনে বলদেবের হস্তিনাকর্ষণ, দুর্ধোধনাদির বলদেব স্তুতি এবং শ্রীবলদেবের লক্ষ্মণসহ সাধকে লইয়া দ্বারকা প্রত্যাবর্তন।

একোনসপ্ততিতম অধ্যায় ৪৫ ৯০৮-৯২০

শ্রীকৃষ্ণের যুগপৎ ষোড়শ সহস্র মহিবী গৃহে গার্হস্থ্যালীলা দর্শনে শ্রীনারদের বিশ্বয় ও শ্রীকৃষ্ণের স্তব এবং নারদ-প্রতি কৃষ্ণাহুগ্রহ।

সপ্ততিতম অধ্যায় ৪৭ ৯২০-৯৩৪

শ্রীকৃষ্ণের আত্মিক কর্ম, সুধর্মী-সভায় জরাসন্ধকর্তৃক অবরুদ্ধ রাজগণ-প্রেরিত দূতের আগমন ও কৃষ্ণসমীপে প্রতিবিধান-কামনা, নারদাগমন, কৃষ্ণের পাণ্ডব-সংবাদ-পূজা, নারদের পাণ্ডবগণেল্লিত রাজস্বয় যজ্ঞাহুষ্ঠানবার্তা জ্ঞাপন ও তদ্বিষয়ে কৃষ্ণের অহুমোদনপ্রার্থনা, শ্রীকৃষ্ণের রাজস্বয়-যজ্ঞে গমন ও জরাসন্ধবিজয়ের কোন্টি অগ্রে কর্তব্য, তদ্বিষয়ে উদ্ধবের বিচারোপেক্ষা।

একসপ্ততিতম অধ্যায় ৪৫ ৯৩৪-৯৪৭

উদ্ধব শ্রীকৃষ্ণকে রাজস্বয়াদি ব্যাপার তাঁহারই অচিন্ত্য

ইচ্ছার সংঘটিত ও জরাসন্ধবধাদি ব্যাপার উদন্তভূক্ত জানাইলে মহিবীগণসহ শ্রীকৃষ্ণের ইন্দ্রপ্রস্থ গমনোচ্চোগ, দূতপ্রমুখাৎ রাজগণকে সান্ত্বনা দান এবং শ্রীকৃষ্ণাগমনে পাণ্ডবগণের আনন্দোৎসব।

দ্বিসপ্ততিতম অধ্যায় ৪৬ ৯৪৭-৯৫৯

শ্রীকৃষ্ণকর্তৃক যুধিষ্ঠিরের রাজস্বয় যজ্ঞাহুষ্ঠান-প্রস্তাবে অহুমোদন, ভীমসেন-কর্তৃক দুর্জয় জরাসন্ধের নিধন, জরাসন্ধ-পুত্র সহদেবকে রাজপদে অভিষেক ও কারাকঙ্ক রাজগণের মুক্তিদান।

ত্রিসপ্ততিতম অধ্যায় ৩৫ ৯৫৯-৯৬৭

শ্রীকৃষ্ণের রাজগণকে মোচনপূর্বক জরাসন্ধপুত্র সহদেব দ্বারা তাঁহাদিগকে রাজযোগ্য ভোগাদি প্রদান ও রূপাপূর্বক নিজরূপ প্রদর্শন, সহদেবকর্তৃক পূজিত হইয়া ভীমার্জুনসহ ইন্দ্রপ্রস্থে প্রত্যাগমন এবং যুধিষ্ঠিরের প্রেম-বিস্মলতা।

চতুঃসপ্ততিতম অধ্যায় ৫৫ ৯৬৮-৯৮০

রাজস্বয়্যরম্ভে যুধিষ্ঠিরের কৃষ্ণস্তুতি, হোতৃ বরণ অগ্রপূজা প্রসঙ্গে সহদেবের কৃষ্ণপূজারই শ্রেষ্ঠতা জ্ঞাপন চেদিয়াজের অসহিষ্ণুতা ও কৃষ্ণকাঞ্চিন্দা, শ্রীকৃষ্ণের চক্রদ্বারা শিশুপালের শিরশ্ছেদন, শিশুপালের সাক্ষ্যামুক্তি লাভ, রাজস্বয়-সমাপনাস্তে মহিবীগণসহ কৃষ্ণের দ্বারকা-প্রস্থান, দুর্ধোধনের পরস্বাসহিষ্ণুতা ও কলি-আবাহন।

পঞ্চসপ্ততিতম অধ্যায় ৪০ ৯৮১-৯৯০

যজ্ঞসমাপনাস্তে মহারাজ যুধিষ্ঠিরের গণসহ সৌকান্ত-জ্ঞানাদি উৎসব এবং তাঁহার ময়দানব নির্মিত সভায় দৃষ্টিভ্রম-হেতু মাৎসর্ঘ্যপীড়াক্রান্ত রাজা দুর্ধোধনের মানভঙ্গ।

ষট্টিসপ্ততিতম অধ্যায় ৩৩ ৯৯০-৯৯৭

কল্মষী-হরণকালে পরাজিত রাজগণের অগতম শাবের পৃথিবীকে বাদবশুতা করিবার প্রতিজ্ঞাহুসারে শিবারাধনা ও শিববরে ময়দানব-রচিত ইচ্ছাহরুণ গতিশীল 'সৌভ'-নামক ধান প্রাপ্তি, বৃষ্ণিবীরগণসহ শাব-পক্ষীয়গণের মহাযুদ্ধ, বীরবর প্রহ্লাদের দিব্যাজ-দ্বারা শাব-রচিত দ্বারা-বিনাশ, শাবাহুচর ছায়ানের গদাহত প্রহ্লাদকে দাক্ষপুত্র প্রহ্লাদ সারথী-কর্তৃক রণস্থল হইতে অপসারণ সংজ্ঞাভানন্তর প্রহ্লাদের উজ্জ্বল বীরোচিত কোড প্রকাশ এবং তজ্জ্বলে সারথীর নিজধর্ম কথন।

সপ্তসপ্ততিতম অধ্যায় ৬৭

১০০৭—১০০৭

প্রজ্ঞার পুনরায় শাসনসম্বন্ধ, শ্রীকৃষ্ণের ইচ্ছাপ্রসূ হইতে দ্বারকায় প্রত্যাগমনপূর্বক রণক্ষেত্রে গমন এবং কাণ্ট্য-পরায়ণ শাশ্বের বিনাশসাধন ও 'শৌভ'যান-ভঞ্জন।

অষ্টসপ্ততিতম অধ্যায় ৪০

১০০৭—১০১৭

শাসনিত্র দত্তবক্র ও তদভ্রাতা বিদূরথকে বিনাশপূর্বক শ্রীকৃষ্ণের নিজ পুত্রীতে বিহার দত্তবক্রের সারূপ্য মুক্তি লাভ, কুরুপাণ্ডব-যুদ্ধোপক্রম প্রবণে শ্রীবলদেবের তীর্থ-প্রানচ্ছলে দ্বারকা হইতে প্রস্থান ও নানা তীর্থ ভ্রমণ, নৈমিষারণ্যে রোমর্যণ সূতের প্রাণবিনাশ ও তৎপুত্র উগ্রপ্রবা সূতকে ভাগবতবক্তৃত্তবে বিনিয়োগ।

একোনাশীতিতম অধ্যায় ৩৪

১০১৮—১০২৪

নৈমিষারণ্যবাসী দ্বিজগণের তুষ্টিার্থ লোকশিক্ষাকল্পে সূতহত্যাজনিত অপরাধ মোচন-ব্যপদেশে শ্রীবলদেবের 'বল্লল' নামক অশ্বের বিনাশসাধনপূর্বক নানা তীর্থে অবগাহন, কুরুক্ষেত্রে ভীষ্ম তুর্ধোধন যুদ্ধ দর্শনে তাহা দৈবকৃত-জ্ঞানে দ্বারকায় প্রত্যাগমন, পুনরায় নৈমিষে গমন, অধিগণকে অপ্রাকৃত বরূপ জ্ঞান প্রদান এবং অবত্থান্নানাস্তে শ্রীবেবতী দেবীসহ মিলন।

আশীতিতম অধ্যায় ৪৫

১০২৫—১০৩৬

দ্বারকা শ্রীকৃষ্ণের নিজগৃহাগত অর্থেঙ্গ সখা হৃদামা বিপ্রকে অর্চনপূর্বক উভয়ের একত্রে গুরুকুলে বাসকালীন লীলাসমূহের আলোচনা-প্রসঙ্গে শ্রীগুরুপাদপদ্ম সেবার সাহায্য-কীর্তন।

একাশীতিতম অধ্যায় ৪১

১০৩৭—১০৪৮

শ্রীকৃষ্ণের সখা হৃদামা সহ প্রেমালাপ, স্বহৃদপঙ্কত চিপিটকতগুল ভঞ্জন এবং সখার আশ্রমে ইন্দ্রদুর্ভা অট্টালিকা নির্মাণ; হৃদামার গৃহে প্রত্যাগমন, ঐশ্বর্যদর্শনে বিস্ময় ও শ্রীভগবানের ভক্তবাসনায় প্রসংসা এবং অনাসক্ত ভাবে বিষয় স্বীকার করিতে করিতে যথাকালে বৈকুণ্ঠ প্রাপ্তি।

দ্ব্যশীতিতম অধ্যায় ৪৮

১০৪৯—১০৬৩

সুখগ্রহণোপলক্ষে কুরুক্ষেত্রে সমাগত যাদবগণ ও অজ্ঞান নৃপতিগণের পরস্পর কৃষ্ণকথা আলাপন এবং নন্দাদি সহৃদগণের আনন্দবিধানকারি শ্রীকৃষ্ণের কুরুক্ষেত্রে আগমন ও হৃদীর্ঘ বিরহ সন্তপ্ত ব্রজবাসিগণসহ মিলন।

ত্র্যশীতিতম অধ্যায় ৪৩

১০৬৪—১০৭৪

(কুরুক্ষেত্রে) জীগণমধ্যে শ্রীকৃষ্ণ কথা-প্রসঙ্গে কৃষ্ণ-

পত্নীগণকর্তৃক জৌপদীর নিকট স্ব-স্ব পাণি-গ্রহণ ব্যাপার বর্ণন।

চতুরশীতিতম অধ্যায় ৭১

১০৭৫—১০৯৫

(কুরুক্ষেত্রে) শ্রীকৃষ্ণ সন্দর্শনার্থ মুনি-সমাগম, শ্রীকৃষ্ণের সাধুসাহায্য ও মুনিগণের কৃষ্ণসাহায্য-কীর্তন, শ্রীবলদেবের জীব-মহালাপায়-প্রস্তোত্তরে মুনিগণের যজ্ঞদ্বারা সর্বযজ্ঞেশ্বর শ্রীহরির আরাধনার উপদেশ, বলদেবের যজ্ঞোৎসাহ এবং যজ্ঞান্তে বহুগণের স্ব-স্ব স্থানে প্রস্থান।

পঞ্চাশীতিতম অধ্যায় ৫৯

১০৯৬—১১১২

মাতা-পিতা-কর্তৃক সম্প্রার্থিত রামকৃষ্ণের পিতাকে তত্তজ্ঞান ও মাতাকে যুতপুত্র প্রদান এবং কৃষ্ণকৃপায় দেবকী পুত্রগণের মুক্তিলাভ।

ষড়শীতিতম অধ্যায় ৫৯

১১১৩—১১২৮

অর্জুনের দত্ত-সহকারে স্বভ্রাতা-হরণ এবং 'ভক্তভক্তিমান' শ্রীকৃষ্ণের মিথিলা গমনপূর্বক তদীয় ভক্ত বহলাথ ও ঈশদেবের গৃহে অবস্থান এবং তাঁহাদিগকে সগার্গের উপদেশ প্রদানপূর্বক দ্বারকায় প্রত্যাবর্তন।

সপ্তাশীতিতম অধ্যায় ৫০

১১২৯—১১৬৮

শ্রীনারায়ণ-নারদ স বাদে 'বেদসমূহকর্তৃক নারায়ণের সগুণ-নিগূর্ণ স্তুতি'-বর্ণন।

অষ্টাশীতিতম অধ্যায় ৪০

১১৬৯—১১৭০

গুণাতীত বিষ্ণুপাদকগণের মায়িকগুণনির্মুক্তি ও বৈকুণ্ঠ-পদবী লাভ এবং গুণময় অজ্ঞ দেবোপাসকগণের জড়ীয় বিভূতি লাভাদি বর্ণন-প্রসঙ্গে শ্রীকৃষ্ণের জীব প্রতি প্রকৃত অহুগ্রহের লক্ষণ তথা শিব-বর দৃষ্ট বৃকাসুর নিধন-বার্তা-কীর্তন-মুখে ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের মধ্যে শ্রীবিষ্ণুরই মহত্ত্ব কথন।

একোদশতিতম অধ্যায় ৬৫

১১৭১—১১৮৭

"কোন্ দেবতা শ্রেষ্ঠ"—এতদ্বিষয়ে সংশয়চিত্ত মুনিগণের নিকট ভৃগুকর্তৃক (পরীক্ষা দ্বারা) বিষ্ণুর উৎকর্ষ বর্ণন এবং শ্রীকৃষ্ণার্জুনের মহাকালপুর গমন ও দ্বারকাবাসিবিপ্র-পুত্রোদ্ধার-প্রসঙ্গে অর্জুনের কৃষ্ণপ্রভাব দর্শনে বিস্ময়।

নবতিতম অধ্যায় ৫০

১১৮৮—১২০৪

"মধুরেণ সমাপয়েৎ"—এই স্তোত্রানুসারে পুনরায় সংক্ষেপে শ্রীকৃষ্ণলীলা এবং যদ্বংশের সকারণ আনন্ধ্য বর্ণন।

দশমস্কন্ধের কথাসার

শ্রীশুকদেব নবম-স্কন্ধে চন্দ্রশূর্যবংশের বিস্তৃত বিবরণ-প্রসঙ্গে যদুবংশপরম্পরা বর্ণন করিলে মহারাজ পরীক্ষিত-শুকদেবকে যদুকুলে অবতীর্ণ রামকৃষ্ণের ভোমলীলা-কীর্তন করিতে অমুরোধ করেন এবং বলদেব ও কৃষ্ণের জন্মরহস্য, কৃষ্ণের কংসবধ, দ্বারকায় বাসের কালপরিমাণ ও মহিষী-গণের সংখ্যা কত, তদ্বিষয়ে প্রশ্ন করেন। শ্রীশুকদেব গোদামী পরীক্ষিতের প্রশ্নের প্রশংসা করিতে লাগিলেন যে, পৃথ্বী দৈত্যগণের ভারে কাতর হইয়া ব্রহ্মার শরণাপন্ন হইলে ব্রহ্মা দেবগণসহ ক্ষীর-সমুদ্রের তীরে গমনপূর্বক বিষ্ণুর আরাধনা করিতে থাকেন। অতঃপর ব্রহ্মা সমাধিমধ্যে বিষ্ণুর আকাশবাণী শ্রবণপূর্বক দেবগণকে মায়াসহ ভগবানের অবতরণের কথা জানাইলেন এবং দেবগণকে পত্নীগণসহ হরিতোষণার্থ যাদব ও পাণ্ডবকুলে অবতীর্ণ হইতে আদেশ করিলেন।

বহুদেবের দেবকী-বিবাহানন্তর প্রত্যাগমনকালে কংস ভগ্নী শ্রীত্যর্থ বহুদেবের সারথ্য করিতেছিল। ইত্যবসরে আকাশ-বাণীতে দেবকীর অষ্টমগর্ভজাত পুত্রের দ্বারা নিজ-বিনাশের কথা অবগত হইয়া দেবকী হত্যায় উদ্বৃত্ত হইলে বহুদেব কংসকে নানাবিধ বাক্যে সাশ্বনা করিতে অসমর্থ হইয়া দেবকীর গর্ভজাত পুত্রগণকে ভূমিষ্ঠ হইবামাত্র কংস-করে অর্পণের প্রতিজ্ঞা করিয়া দেবকীর প্রাণরক্ষা করেন। যথাকালে দেবকীর প্রথমপুত্র জন্মগ্রহণ করিলে বহুদেব তাহাকে কংসের হস্তে সমর্পণ করিতে প্রস্তুত হওয়ায় কংস বহুদেবের মমত্ব-দর্শনে পুত্রটী বহুদেবকে ফিরাইয়া দেয়; কিন্তু নারদ কংস-সমীপে ব্রজবাসী ও বৃষ্ণিবংশীয়গণের স্বরূপ এবং কংসের পূর্বজন্মবৃত্তান্ত বর্ণন করিলে কংস বহুদেব ও দেবকীকে কারাগারে শৃঙ্খলাবদ্ধ করে এবং ক্রমে ক্রমে দেবকীর ছয়টি পুত্রকে বিনাশ করিয়া পিতা উগ্রসেনকে কারাগারে আবদ্ধ করে ও যাদব-গণের সহিত বিরোধ করিতে থাকে।

কংস জরাসন্ধ ও অঘ-বকাদি অমুরগণের সাহায্যে যাদবগণকে নির্যাতন করিতে থাকিলে তাঁহারা বিভিন্ন

রাজ্যে পলায়ন করিলেন। ভগবান্ শ্রীযোগমায়াকে যশোদাগর্ভে আবির্ভূত হইতে এবং দেবকীর সপ্তম গর্ভজাত বলদেবকে রোহিণী-গর্ভে স্থাপন করিতে আদেশ করিয়া যযুং বহুদেবের চিত্ত হইতে দেবকীর অন্তরে প্রবিষ্ট হইলেন। মায়াকর্তৃক দেবকীর গর্ভাকৃষ্ট হইলেই দেবকীর গর্ভ ভেঙে হইল বলিয়া বিলাপ করিতে থাকেন। ভগবদবস্থানহেতু দেবকীর তেজোময় রূপদর্শনে কংস নিজ বিনাশকর্তা শ্রীহরির আবির্ভাবের বিষয় নিশ্চয় করিয়া সকল সময়েই শত্রুভাবে ভগবচ্ছিত্তায় সমগ্র জগৎ কৃষ্ণময় দেখিতে লাগিল। দেব-গণ দেবকীগৃহে আগমন করিয়া বিবিধ জ্ঞানগর্ভবাক্যে শ্রীকৃষ্ণের স্তব করিতে লাগিলেন।

ভগবান্ শ্রীহরি দেবকী গর্ভ হইতে চতুর্ভূজ মূর্তিতে আবির্ভূত হইলে বহুদেব ও দেবকী ভগবানের স্তব করিয়া তাঁহার ঐশ্বরিক রূপ সম্বরণ করিতে প্রার্থনা করিলে ভগবান্ নিজ স্বাভাবিক দ্বিভূজরূপ প্রকট করিয়া বহুদেব-দেবকীর পূর্বজন্ম-বৃত্তান্ত বর্ণন করেন। অতঃপর বহুদেব ভগবদ্বিচ্ছা-ক্রমে শৃঙ্খলমুক্ত হইয়া কৃষ্ণকে নন্দব্রজে যশোদার শয্যায় স্থাপনপূর্বক যশোদার তনয়াকে লইয়া প্রত্যাগমন করেন এবং পূর্ববৎ শৃঙ্খলাবদ্ধভাবে অবস্থান করিতে থাকিলে ভগবন্মায়া-প্রভাবে স্তম্ভ প্রহরিগণ জাগ্রত হইল ও কন্টার ক্রন্দনধ্বনি শ্রবণে দেবকীর এসব-বার্তা কংস-সমীপে জ্ঞাপন করিল। কংস তৎক্ষণাৎ স্মৃতিকাগৃহে আগমনপূর্বক দেবকীর অন্নদয়-বিনয় উপেক্ষা করিয়া কন্টারকে গ্রহণ ও শীলাপৃষ্ঠে নিক্ষেপ করিলে কন্টা কংস-হস্তচ্যুত হইয়া অষ্টভূজা মূর্তিতে প্রকাশিতা হইলেন এবং কংসাস্তকের অজ্ঞাত জন্মের কথা জ্ঞাপন করিলেন। কংস দৈববাণীর অসত্যতায় বিশ্বস্ত হইয়া বহুদেব-দেবকীর বন্ধন মোচন করিয়া দেবকীর সন্তান বিনাশের জন্ত তাঁহার নিকট কমা প্রার্থনা করিল এবং মজ্জিগণের সহিত পরামর্শ করিয়া সর্বদেবমূল বিষ্ণুর বিরোধার্থ দেব, অঘি, গো, বিপ্র ও সন্তোজাত শিশুগণের বিনাশ-কার্যে অমুরগণকে আদেশ করিল।

মহারাজ নন্দ পুত্র দর্শনে আনন্দিত হইয়া জাতকর্মাদি

সম্পাদন করিলেন এবং গোপদিগকে গোকুলরক্ষায় নিযুক্ত করিয়া কংসকে বার্ষিক কর প্রদানার্থ যথুরায় গমন করিলেন। বহুদেব নন্দের সহিত সাক্ষাৎ করিয়া নন্দের সৌভাগ্যের প্রশংসা এবং ব্রজের কুশলবর্তা জিজ্ঞাসা করিলেন। নন্দ কুশল জ্ঞাপন করিয়া দেবকীর পুত্রগণের বিনাশে দুঃখপ্রকাশ ও বহুদেবকে শাস্ত্রনা করিলেন। বহুদেব গোকুলে উৎপাতের সম্ভাবনা জানাইয়া নন্দকে গোকুলে প্রত্যাবর্তন করিতে বলিলে নন্দমহারাজ বহুদেবের নিকট বিদায় লইয়া গোকুলে যাত্রা করিলেন।

কংস-প্রেরিতা পুতনা পুর-গ্রাম ব্রজাদিতে শিশুহত্যা করিয়া বেড়াইতেছিল। একদিন পুতনা পরমা সুন্দরী নারীমূর্তি ধারণ করিয়া ভগবানের সমীপে আগমনপূর্বক তাঁহাকে ক্রোড়ে স্থাপন করিল এবং বিষমাক্তিত স্তন্য পান করিতে দিল। ভগবান্ গাঢ়রূপে স্তন নিপীড়নপূর্বক পুতনার প্রাণের সহিত স্তন্য পান করিতে থাকিলে পুতনা নিজরূপ ধারণপূর্বক প্রাণহীণ দেহে ভূপতিতা হইল। গোপীগণ যত রাক্ষসীর বক্ষ হইতে কৃষ্ণকে গ্রহণপূর্বক রক্ষা বন্ধন করিয়া যশোদাকে অর্পণ করিলে যশোদা তখন কৃষ্ণকে স্তন্য প্রদান করিয়া শয়ন করাইলেন। ইত্যবসরে নন্দাদি গোপগণ যথুরা হইতে প্রত্যাগমনপূর্বক পুতনা-নিধন ও শিশুর কুশল-সংবাদে আনন্দিত হইলেন।

কৃষ্ণের মাসত্রয় বয়সপ্রাপ্ত্য সময়ে যশোদা পুরস্তীগণ-সহ মিলিতা হইয়া বিবিধ মাস্তুলিক কার্যের অহুষ্ঠান-পূর্বক পুত্রের অভিষেক করেন এবং শিশুকে নিভ্রাগত দর্শনে শকটের অধোদেশে শয়ান রাখিয়া উৎসব-কার্যে নিযুক্তা থাকিলে কৃষ্ণ রোদনছলে উর্ধ্বে পদ-নিষ্কেশ পূর্বক শকট বিধ্বস্ত করেন। বালকগণের নিকট শকটভঞ্জন-বর্তা-প্রবণে যশোদা আন্তে আন্তে আসিয়া পুত্রকে স্তন্য পান করাইতে লাগিলেন এবং গ্রহ শাস্তির নিমিত্ত ব্রাহ্মণগণের দ্বারা হোম-ক্রিয়াদির অহুষ্ঠান ও আশীর্বচন প্রয়োগ করাইলেন।

কৃষ্ণের একবর্ষ বয়সক্রমকালে একদিন যশোদা পুত্রকে ক্রোড়ে ধারণ করিতে অভ্যস্ত ভার বোধ করিয়া ভূমিতে স্থাপনপূর্বক 'নারায়ণ'-স্মরণ করিতে থাকিলে কংসাহুত

তৃণাবর্ত-চক্রবাকুরূপে আসিয়া ধূলিরাশিতে গোকুলকে সমাচ্ছন্ন করিয়া শিশুকে হরণ করিল। কিন্তু অধিকদূর বহনে অসমর্থ হইয়া ত্যাগ করিতে ইচ্ছা করিলেও কৃষ্ণ তাহার গলদেশ একপভাবে আকর্ষণ করিতে লাগিলেন, যাহাতে ঐ মায়াবী অসুর ভূপতিত হইয়া পঞ্চ প্রাপ্ত হইল। যশোদাদি ব্রজাঙ্গনাগণ কৃষ্ণকে দৈতাবক্ষঃস্থলে অক্ষত-দর্শনে আনন্দিতা ও বিস্মিতা হইলেন।

একদা যশোদা কৃষ্ণকে স্তন্য দান করিতেছেন, এমন সময়ে কৃষ্ণ জুস্তন করিলে যশোদা কৃষ্ণ-বদন-মধ্যে আকাশ, বর্গ প্রভৃতি স্থাবর জঙ্গমাত্মক ভূতসকলকে দর্শন করিয়া কম্পিত-কলেবরে নয়ন মুদ্রিত করিয়া বিস্মিতভাবে অবস্থান করিতে লাগিলেন।

একদা বহুদেব-কর্তৃক প্রেরিত গর্গমুনি নন্দালয়ে আগমন করিয়া কংসভয়ে গোপনে রামকৃষ্ণের নামকরণ করিলেন। এতৎপ্রসঙ্গে বলদেব, সর্ষপ, কৃষ্ণ প্রভৃতি নামসমূহের তাৎপর্য ও কৃষ্ণের চতুর্যুগোচিত বর্ণ এবং গুণ-কর্মামুসারে অনন্ত নামের উল্লেখপূর্বক সাবধানে পুত্রকে পালন করিতে বলিয়া বিদায় গ্রহণ করিলেন। অতঃপর শুকদেব কৃষ্ণ-বলদেবের জাহ্নুচক্রমণ, গব্যাপহরণ, গব্যভাণ্ড-ভঞ্জন, গোপীগণের যশোদাসমীপে অভিযোগ, যশোদার শাসনচেষ্টা, কৃষ্ণের মৃদভক্ষণ, মুখ্য দান ও মুখবিবরে যশোদাকে বিখরূপ প্রদর্শন, তদর্শনে যশোদার ঐশ্বর্য-ভাবোদয়-হেতু সপ্তম-বুদ্ধি এবং যোগমায়াবলে পুনর্বাৎসল্য-ভাব ক্ষুতি, নন্দ-যশোদার জ্ঞান ধরারূপে ভ্রম ও ভ্রমবরে ভগবান্কে পুত্ররূপে লাভ প্রভৃতি বিষয় কীর্তন করিয়াছেন।

একদিন যশোদা দধিমহনকার্যে প্রবৃত্ত হইলে কৃষ্ণ স্তন্য পানার্থ আগমন করিয়া মাতৃকাথে বাধা প্রদান করিতে থাকায় জননী যশোদা স্নেহভরে কৃষ্ণকে স্তন্য দান করিতে থাকেন; কিন্তু দুগ্ধ উথলিয়া পড়িবার উপক্রম হইলে কৃষ্ণকে ভূমিতে রাখিয়া দুগ্ধ-রক্ষার্থ গমন করেন। স্তন্যপানে অতৃপ্তিহেতু কৃষ্ণ ক্রুদ্ধ হইয়া দধিভাণ্ড ভঞ্জনপূর্বক গৃহমধ্যস্থ সছোজাত নবনীত ভক্ষণ করিতে থাকেন। মাতা প্রত্যাবর্তন করিয়া দধিভাণ্ড ভগ্ন দর্শনে তাহা পুত্রেরই কার্য অহুমান করিয়া গৃহমধ্যে প্রবেশপূর্বক কৃষ্ণকে উদ্বলে দগ্ধমান হইয়া সচকিতনেত্রে বানরগণকে নবনীত-বিতরণ-রত দেখিতে পাইলেন। মাতাকে দিখিবামাত্র কৃষ্ণ পলায়ন

করিতে থাকিলে জননী তাঁহার অশ্রুস্রব-পূর্বক তাঁহাকে ধরিয়া ফেলিলেন এবং উদ্বলিত বন্ধন করিতে উদ্বৃত্ত হইলে দুই অঙ্গুলি রজ্জু কম পড়িল। পুনর্বার রজ্জু আনয়ন করিয়া পূর্ব রজ্জুতে যোগ করিলেও দুই অঙ্গুলি কম হইল। এইরূপ যতবার রজ্জু আনয়ন করেন, ততবার দুই অঙ্গুলি কম হইতে থাকে। অবশেষে মাতাকে পরিশ্রান্ত দেখিয়া কৃষ্ণ বন্ধন-গ্রস্ত হইলেন। অতঃপর জননী গৃহকার্যে ব্যাপ্ত হইলে নারদশাপভ্রষ্ট, যমলাজুর্নরূপে পরিণত কুবেরপুত্রদ্বয়ের প্রতি-কৃষ্ণের দৃষ্টি পতিত হইল।

ঐশ্বর্যমদমতকুবের পুত্রদ্বয় মন্দাকিনীতটে বিবস্ত্রা জীগণ-সহ নগ্নাবস্থায় বিহার করিবার কালে তথায় দেবর্ষি নারদের আগমন হয়, কিন্তু কামাপহৃতচিত্ত তাঁহাদের নারদ দর্শনেও চৈতন্যোদয় হইল না। দেবর্ষি নারদ তাঁহাদের ঐশ্বর্য-ভিমান দূরীকরণার্থ তাঁহাদিগকে আচ্ছাদিত-চেতন স্বাবর-দেহপ্রাপ্তির অভিসম্পাত করিলেন। তাঁহারা গোকুলে যমলাজুর্নরূপে অবস্থিত থাকিলেন। ‘শতবর্ষ পরে তাঁহারা শাপমুক্ত হইবেন’—নারদের এই বাক্যের সত্যতা-বিধানের জন্ত নির্দিষ্টকালান্তে ভক্তবাক্যসত্যকারী স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ উদ্বল আকর্ষণ করিতে করিতে তথায় আগমনপূর্বক উদ্বলদ্বারা বৃক্ষদ্বয় উৎপাটিত করিলে কুবের-পুত্রদ্বয় দিবাদেহ ধারণ পূর্বক কৃষ্ণের স্তুতি ও প্রদক্ষিণ করিয়া উত্তরাভিমুখে প্রস্থান করিলেন।

যমলাজুর্ন-পতন-শকে বজ্রপতন আশঙ্কা করিয়া নন্দাদি-গোপগণ তথায় আগমনপূর্বক শ্রীকৃষ্ণকে উদ্বল বন্ধাবস্থায় দর্শন করিলেন এবং গোপবালকগণের নিকট কৃষ্ণ-কর্তৃক যম-লাজুর্নভঞ্জনের কথা শ্রবণ করিয়াও ঐশ্বর্যজ্ঞানরাহিত্য-হেতু তাহাতে বিশ্বাস না করিয়া কৃষ্ণের বন্ধন মোচন করিলেন।

একদিন এক ফলবিক্রেতী আগমন করিলে কৃষ্ণ ক্ষুদ্র হস্তে ধাতু লইয়া তাহার নিকট গমন-পূর্বক ফল প্রার্থনা করিলেন। ফলবিক্রেতী কৃষ্ণহস্তদ্বয় ফলে পরিপূর্ণ করিয়া দিলে তাহার ভাণ্ড রত্নপরিপূর্ণ হইয়া গেল।

গোকুলে নানাপ্রকার উৎপাত দর্শনে নন্দাদি গোপগণ গোকুল পরিত্যাগ পূর্বক ব্রজগমন করিলেন। একদিন রামকৃষ্ণ যমুনাতীরে গোচারণ-রত থাকিলে তাঁহাদিগের হিংসার্থ বৎসাসুর বৎসপাল-মধ্যে প্রবিষ্ট হয়। কৃষ্ণ তাহার পাদদ্বয়সহ লাজুল ধারণপূর্বক ঘুরাইতে ঘুরাইতে তাহার

প্রাণ বিনাশ করেন। আর একদিন বৎসগণকে জলপান করাইবার নিমিত্ত জলাশয়ে গমন করিয়া বকরূপী অশ্রুকে দর্শন করেন। বকাসুর কৃষ্ণকে দর্শনমাত্র গিলিয়া ফেলিলে কৃষ্ণ তাহার উদরস্থ হইয়া তালুমূলে অগ্নিদাহ উৎপাদন করেন। বক তাপ সহ করিতে না পারিয়া কৃষ্ণকে উদগীরণ করিয়া দিলে ভগবান্ শ্রীকৃষ্ণ উহার গুহ্য ধরিয়া চিরিয়া ফেলেন।

একদা কৃষ্ণ বহুভোজনশায় বালকগণসহ বনে গমনপূর্বক বনবিহার-রত থাকিলে অঘাসুর তথায় উপস্থিত হইয়া অজগর দেহ-ধারণপূর্বক মুখব্যাদান করিয়া শায়িত থাকিল। কৃষ্ণসঙ্গী বালকগণ গোবৎস-সহ অশ্রু-বদন-মধ্যে প্রবিষ্ট হইলে কৃষ্ণ তাঁহাদের উদ্ধার-মানসে অজগরের উদরমধ্যে প্রবিষ্ট হইয়া কলেবর বৃদ্ধি করিতে থাকিলে বায়ু নির্গমন-পথ বন্ধ হওয়ায় অশ্রুরের মৃত্যু ঘটিল।

অঘাসুর-বিনাশান্তে ভগবান্ শ্রীকৃষ্ণ বালকগণ সহ পুলিন-ভোজনে রত হইলে বৎসগণ দূরদেশে গমন করিতে থাকে। কৃষ্ণ সহচরগণের চাকল্য দেখিয়া বৎসান্বেষণে গমন করিলে ব্রহ্মা ভগবদৈশ্বর্য দর্শনমানসে বৎস ও বালকগণকে স্থানান্তরিত করেন। কৃষ্ণ ব্রহ্মার কার্য অবগত হইয়া স্বয়ং বৎস ও বালকরূপে যথাযথ লীলা করিতে লাগিলেন। প্রায় বৎস-রাস্ত্রে বলদেব গোবৎস ও বালকগণকে কৃষ্ণ-রূপে দর্শন করিয়া কারণ জিজ্ঞাসা করিলে কৃষ্ণ তাঁহাকে যাবতীয় রহস্য বর্ণন করিলেন। ব্রহ্মা নিজ পরিমাণের জুটী কালান্তে (মানবপরিমাণে এক বৎসর গত হইল) পুনরায় আগমন করিয়া শ্রীহরিকে গোবৎস ও বালকগণসহ ক্রীড়ারত এবং নিজ অপহৃত বালকগণকে পূর্বস্থানে অবস্থিত দর্শন করিয়া সত্য নির্ধারণে সন্মত হইলেন না। এমন সময়ে ব্রহ্মার সম্মুখে গোবৎস ও বালকগণ চতুর্ভূজ ভ্রামশূন্যরূপে পরি-দৃষ্ট হইলে ব্রহ্মা মোহগ্রস্ত হইলেন। কৃষ্ণ তাহা জানিতে পারিয়া তৎক্ষণাৎ মায়া সংবরণ করিলে ব্রহ্মা বাহু প্রাপ্ত হইয়া কৃষ্ণকে পূর্ববৎ ভোজনরত দর্শন করিলেন এবং কৃষ্ণ-পাদপদ্মে প্রণত হইয়া স্তব করিতে করিতে কৃষ্ণামোদন-ক্রমে স্বধামে গমন করিলেন।

ভ্রামকৃষ্ণের পৌগোলীলাকালে একদিন শ্রীলীলাদি গোপবালকগণ রামকৃষ্ণকে সুস্বাদু তালফলপূর্ণ তালবন এবং তথায় অবস্থিত কংসাসুচর ধৌকাসুরের কথা জানাইলে

রামকৃষ্ণ তথায় গমন করিলেন; বলদেব তালবৃক্ষ কম্পিত করিয়া ফল পাড়িতে থাকিলে গর্দভরূপী ধেমুক বলদেবকে আক্রমণ করিল। বলদেব ধেমুকের পশ্চাদ্দেশস্থ চরণদ্বয় ধারণপূর্বক ঘূর্ণিত করিয়া তালবৃক্ষের উপর নিক্ষেপ করায় ঐ অশুর প্রাণত্যাগ করিল। ধেমুকের জ্ঞাতিবর্গ ক্রোধে বলদেবকে আক্রমণ করিলে বলদেব তাহাদিগকেও বিনাশ করিলেন। আর একদিন কৃষ্ণ বলদেব ব্যতীত সখাগণকে লইয়া কালিন্দী-তীর গোচারণে গমন করিলে গো-সহ গোপালগণ কালিন্দীর বিষদূষিত জল পান করিয়া অচেতন-বস্থায় নদীতটে পতিত হইলেন। কৃষ্ণ অমৃত-বধিণী দৃষ্টিদ্বারা সকলের জীবন দান করিলেন এবং কালিন্দীর বিষদূষিত জল শুদ্ধ করিবার নিমিত্ত হ্রদ-মধ্যে ঝুপ্প প্রদান করিয়া নির্ভয়ে বিহার করিতে থাকিলেন। কালিয় স্বভবন আক্রান্তদর্শনে কৃষ্ণকে আক্রমণ করিলে কৃষ্ণ কলিয়ার ফণার উপরে নৃত্য করিতে করিতে তাহার ফণাসকল নিপীড়িত করিতে থাকিলেন। তাহাতে কালিয় অচেতনপ্রায় হইলে নাগপত্নী-গণের স্তবে তুষ্ট হইয়া কালিয়ার প্রাণ ভিক্ষা দিলেন এবং তাহাকে যমুনা হইতে রমণকদ্বীপে গমনে আদেশ করিলেন।

রমণক-দ্বীপস্থ নাগগণ আশ্চর্য্যার্থ গুরুভূকে প্রতিমাসে অমাবস্তা ও পূর্ণিমায় বলি প্রদান করিত। কিন্তু কালিয় গুরুভূকে অগ্রাহ্য করিয়া তাহা স্বয়ং ভোজন করিত। গুরুভূ তাহা অবগত হইয়া কালিয়কে আক্রমণ করিলে কালিয় গুরুভূের দ্বারা আহত হইয়া গুরুভূের অগম্য যমুনাতে প্রবেশ করিল। একদিন গুরুভূ যমুনাতে সৌভরিমূনির নিষেধ অগ্রাহ্য করিয়া মৎস্যভক্ষণে প্রবৃত্ত হইলে সৌভরি অভিশাপ প্রদান করেন যে, গুরুভূ যমুনার জল স্পর্শ করিলে মৃত্যু লাভ করিবে। কালিয় তাহা জানিত বলিয়া নির্ভয়ে তথায় বাস করিত। শ্রীকৃষ্ণ কালিয়কে যমুনা হইতে নিষ্কাশিত করিয়া হ্রদ হইতে নিষ্কাশিত হইলেন। ক্ষুৎপিপাসাকাতর ব্রজবাসি-গণ সেই রাত্রি কালিন্দীতটে যাপন করিতে লাগিলেন। নিম্নীথে দাবানল প্রজ্বলিত হইয়া ব্রজবাসিগণকে বেষ্টন করিলে কৃষ্ণ দাবানল পান করিয়া ফেলিলেন।

একদিন রামকৃষ্ণ ও গোপগণ ক্রীড়াশ্রমস্থ থাকিলে শ্রলঙ্ঘ্যশুর গোপবেশে তথায় প্রবেশ করে। কৃষ্ণ তাহা জানিতে পারিয়া যুধক্রীড়ার প্রস্তাব করেন। তাহাতে বিজিতগণ হিতব্যক্তিগণকে স্বন্ধে বহন করিবেন, এইরূপ পণ

ছিল। শ্রলঙ্ঘ্যশুর পরাজিত হইয়া বলদেবকে স্বন্ধে বহন-পূর্বক দূরদেশে গমন করিতে থাকিল এবং কৃষ্ণের অন্তরালে গমন করিয়া নিজ মূর্তি প্রকাশ করিল। বলদেব তদর্শনে মন্তকে মুঠাঘাতদ্বারা শ্রলঙ্ঘ্যের বিনাশ সাধন করেন।

একদিন গোপবালকগণ ক্রীড়াসক্ত হইলে গোধনসমূহ দুর্গম বনমধ্যে প্রবিষ্ট হয় এবং দাবানলে সন্তপ্ত হইয়া ঈষিকাবনে প্রবেশ করে। গোপবালকগণ তাহাদিগের অত-লন্ধান করিয়া শরবন হইতে গোধনগণকে উদ্ধার করেন এবং দাবানলে সন্তপ্ত হইয়া কৃষ্ণের শরণাপন্ন হইলে কৃষ্ণ তাহা-দিগকে চক্ষু নিম্নীলিত করিতে আদেশপূর্বক মুহূর্তমধ্যে দাবানল পান করিয়া ফেলিলেন।

শ্রীকৃষ্ণ গোপবালকগণ-সহ গোচারণার্থ অরণ্যে প্রবেশ-পূর্বক বংশীধ্বনি করিলে মদনোদ্ভব বেণুগীত-শ্রবণে গোপীগণ সখীসকাশে কৃষ্ণের লীলাসমূহ কীর্তন করিতে থাকেন।

গোপীগণ কৃষ্ণগুণ গান করিতে করিতে যমুনাতে গমন-পূর্বক স্নানান্তে কৃষ্ণকে পতিরূপে প্রাপ্তির আশায় কাত্যায়নীর অর্চন করিলেন। এবস্ত্রকারে একমাসকাল ব্রত অহুষ্ঠান-পূর্বক নদীতীরে বস্ত্র রক্ষা করিয়া যমুনাতে বিহার করিতে লাগিলেন। ইত্যবসরে ডগবান্ শ্রীকৃষ্ণ আগমনপূর্বক তাহাদের বস্ত্রসকল গ্রহণ করিয়া যমুনাতে উত্থিত কদম্ববৃক্ষে আরোহণ করিলেন এবং কত্যাগণকে ব্রতশাস্ত জানিয়া তীরে উঠিয়া বস্ত্র গ্রহণ করিতে আদেশ করিলেন। কুমারীগণ কপট ক্রোধের ভাণ করিয়া রাজভয় প্রদর্শনপূর্বক বস্ত্র প্রার্থনা করিলে কৃষ্ণ তাহা অগ্রাহ্য করিয়া তীরে উঠিবার আদেশ করিলেন। কুমারীগণ তখন আপনাদের লজ্জা সংরক্ষণপূর্বক জল হইতে উত্থিত হইলেন। কৃষ্ণ তাহাদের ব্রতভঙ্গভীতি প্রদর্শনপূর্বক ভ্রমিবারার্থ করযোড়ে প্রণাম করিতে আদেশ করিলে গোপীগণ সর্বকর্মফলদাতা কৃষ্ণকে প্রণাম করিলেন। শ্রীকৃষ্ণও তাহাদের বস্ত্রসকল প্রদান করিলেন; কিন্তু তাহারা তথাপি তৎস্থান পরিত্যাগ না করায় তাহাদের অভীষ্টসিদ্ধির বর প্রদান করিলেন। গোপীগণ প্রাপ্তমনোরথ হইয়া ব্রজে প্রত্যাগমন করিলেন। অতঃপর কৃষ্ণ সখাগণসহ গোচারণার্থ দূর দেশে গমন করিয়া গ্রীষ্ম-সন্তপ্ত হইলে বৃক্ষতলে আশ্রয় গ্রহণ করিলেন এবং ছায়াকলাপি-প্রদান-দ্বারা বৃক্ষগণের পরোপকারবৃত্তির দৃষ্টান্তে প্রাণ, অর্থ, বুদ্ধি ও বাক্যদ্বারা দেহিমাত্রেই শ্রেয়-আচরণ কর্তব্যতা শিক্ষা দিলেন।

গোচারণরত গোপালগণ শ্রীকৃষ্ণের নিকট ভোজ্য প্রার্থনা করিলে তিনি তাঁহাদিগকে যাজ্ঞিক বিপ্রগণের নিকট অন্ন প্রার্থনার্থ প্রেরণ করেন, কিন্তু যাজ্ঞিকবিপ্রগণ-কর্তৃক প্রত্যাখ্যাত হইলে কৃষ্ণ তাঁহাদিগকে পুনরায় বিপ্রপত্নীগণের নিকট প্রেরণ করিলেন। কৃষ্ণগুণাকট্ট বিপ্রপত্নীগণ কৃষ্ণের ভোজ্য-প্রার্থনা-বাক্য শ্রবণমাত্র চতুর্বিধ অন্নসহ কৃষ্ণসমীপে উপস্থিত হন। কৃষ্ণাদেশে তাঁহারা পুনরায় গৃহে প্রত্যাগমন করিলে বিপ্রগণ অল্পশোচনা করিয়া নিজ নিজ ত্রিবিধ-সংস্কার-যুক্ত বিপ্রজন্মাপেক্ষা সংস্কারবিহীন পত্নীগণের সমধিক শ্রেষ্ঠতা স্থাপন করিলেন এবং কৃষ্ণাদেশে প্রণাম করিলেন।

একদিন শ্রীকৃষ্ণ গোপগণের ইন্দ্রযাগার্থ উচ্চম দেখিয়া ইন্দ্রপুত্রার নিফলতা ও তাঁহাদের অসামর্থ্য প্রদর্শন-পূর্বক গোবর্ধনপূজার ব্যবস্থা করেন এবং ইন্দ্রযাগার্থ সংগৃহীত জব্যদ্বারা গোবর্ধনপূজা করাইয়া স্বয়ং অভিনব রূপ ধারণ-পূর্বক গোবর্ধননিবেদিত নৈবেদ্যাদি ভক্ষণ করিলেন।

যজ্ঞভঙ্গে ক্রুদ্ধ দেবরাজ বারির্দর্ষণ ও শিলাবৃষ্টি-দ্বারা ব্রহ্মবাসিগণকে উৎপীড়িত করিতে থাকিলে কৃষ্ণ বায়বন্তে গোবর্ধনকে উত্তোলনপূর্বক গিরিগর্ভে পশুগণসহ গোপগণকে আশ্রয় প্রদান করেন। কৃষ্ণের সপ্তাহকাল গিরিধারণান্তে ইন্দ্র কৃষ্ণপ্রভাব বুঝিতে পারিয়া মেঘগণকে নিরস্ত করেন এবং গোপগণ গিরিগর্ভ হইতে বহির্গত হন।

গোপগণ কৃষ্ণের অদ্ভুত কর্মসকল এবং গোপগোপীগণের কৃষ্ণানুরাগ-দর্শনে কৃষ্ণকে 'সামান্য গোপবালক'-মাত্র পরিচয়ে সন্দেহযুক্ত হইয়া নন্দকে জিজ্ঞাসা করিলে নন্দ গর্গ-কথিত ষাবতীর বৃত্তান্ত গোপগণ-সমীপে বর্ণন করিলেন। তাঁহারাও কৃষ্ণকে নারায়ণের শক্ত্যাবিষ্ট জ্ঞান করিয়া নন্দ-সহ কৃষ্ণের পূজা করিয়াছিলেন।

গোবর্ধনধারণে কৃষ্ণের পরিশ্রম আশঙ্কা করিয়া ইন্দ্র কৃষ্ণসমীপে আগমন-পূর্বক অপরাধ কালনার্থ প্রণাম ও স্তব করিতে থাকিলে কৃষ্ণ তাঁহাকে অভিমান-রহিত হইয়া স্বপদে অধিষ্ঠিত থাকিতে বলিলেন। ইন্দ্র সুরভিসহ আকাশগন্ধার জল ও সুরভিচুক্ষ-দ্বারা কৃষ্ণের অভিষেক করিয়া 'গোবিন্দ' নাম রাখিলেন।

গোপরাজ নন্দ একাদশীতে উ-বাসী থাকিয়া রাত্রিশেষে আশুয়া বেলায় স্নানার্থ যমুনার প্রবীষ্ট হইলে বরুণের ভৃত্য

তাঁহাকে বরুণালয়ে লইয়া গেল। কৃষ্ণ বরুণের কাঁধ বুঝিতে পারিয়া তথায় গমন করিলে বরুণ শ্রীকৃষ্ণের পূজা করিয়া ভৃত্যকৃত অপরাধের ক্ষমা ক্রমা প্রার্থনা করিলেন। গোপরাজ নন্দ কৃষ্ণপ্রভাব দর্শনে চমৎকৃত হইয়া জ্ঞাতি-গণের নিকট সম্যক বর্ণন করিলে তাঁহারা কৃষ্ণকে 'স্বয়ং ভগবান্' জ্ঞান করিয়া পরমপদ দর্শনের অভিলাষ করিয়া-ছিলেন। কৃষ্ণ তাঁহাদিগকে ব্রহ্মহুদে স্নান করাইয়া ব্রহ্মলোক দর্শন করাইয়াছিলেন।

ভগবান্ শ্রীকৃষ্ণ শারদীয়া রত্ননীতে রাসক্রীড়ার্থ ইচ্ছুক হইয়া ঝংখীধ্বনি করিলে গোপীগণ স্ব-স্ব-কর্ম পরিত্যাগ-পূর্বক কৃষ্ণসমীপে সমুপস্থিত হইলেন। কৃষ্ণ রহস্যসহকারে তাঁহাদিগকে প্রত্যাবৃত্ত হইতে আদেশ করিলে তাঁহারা প্রত্যাগমন না করিয়া তাঁহাদের বিরহ-সন্তাপ দূরী-করণার্থ কাতরভাবে কৃষ্ণকে অহরোধ করেন। কৃষ্ণ বিবিধ ক্রীড়াধারা তাঁহাদের আনন্দ বিধান করিলে তাঁহাদের গর্বোদয় হইয়াছিল। তখন কৃষ্ণ তাঁহাদের গর্বাননোদন-জন্ত রাসস্থলী হইতে অন্তর্ধান করেন।

রাসস্থলী হইতে কৃষ্ণান্তর্ধানে গোপীগণ তদ্রূপচিত্তে গান করিতে করিতে স্থাবরজঙ্গম সকলের নিকট কৃষ্ণের বার্তা জিজ্ঞাসা করিতে লাগিলেন এবং অবশেষে অদ্বৈত-কাতরা হইয়া কৃষ্ণলীলাসমূহের অল্পকরণ করিতে লাগিলেন। বনপ্রদেশে ভ্রমণকালে ভূমিতে কৃষ্ণসহ শ্রীরাধার পদচিহ্ন-দর্শনে শ্রীরাধার ভাগ্যের প্রশংসা করিতে লাগিলেন। এদিকে শ্রীরাধাও একাকী কৃষ্ণসঙ্গ-প্রাপ্তিতে আপনাকে অধিক সৌভাগ্যবতী মনে করিয়া স্বীয় গমনাসামর্থ্য জ্ঞাপন-পূর্বক শ্রীকৃষ্ণসঙ্গে আরোহণের ইচ্ছা প্রকাশ করিলে কৃষ্ণ অন্তর্হিত হইলেন। তখন শ্রীরাধা কৃষ্ণাধ্বষণ-রত লখীগণের সহিত মিলিতা হইয়া কৃষ্ণাধ্বষণে অকৃতকার্য হওয়ায় যমুনাপুলিনে প্রত্যাগমনপূর্বক কৃষ্ণগুণ গান করিতে লাগিলেন।

কৃষ্ণগতপ্রাণা গোপীগণ বিবিধ আর্তিবাক্যে কৃষ্ণরূপা প্রার্থনা করিতে থাকিলে কৃষ্ণ তাঁহাদের নিকট আবির্ভূত হইলেন। কৃষ্ণদর্শনে বিহ্বলা গোপীগণ বিবিধ প্রকারে কৃষ্ণের সেবা করিতে থাকিলে কৃষ্ণ তাঁহাদের সহিত রাসক্রীড়া আরম্ভ করিলেন এবং গোপীগণের প্রমোদনের নিজ ভক্তবশ্ততার কথা জ্ঞাপন করিলেন।

শ্রীকৃষ্ণ যমুনাতীরে দুই দুই গোপীমধ্যে স্বীয় এক এক মূর্তি প্রকাশ করিয়া রাসকৌড়ায় প্রবৃত্ত হইলে কৃষ্ণগতপ্রাণা গোপীগণ নৃত্যগীতাদির দ্বারা কৃষ্ণেন্দ্রিয়তর্পণে নিযুক্ত হইলেন। তাঁহারা নৃত্যাদিতে ক্লান্ত হইলে অপর্যাহিত কৃষ্ণাদ আলিঙ্গনাদি দ্বারা তাঁহাদের শ্রান্তি দূর করিতেছিলেন। বালকের নিজ-প্রতিবিম্বের সহিত কৌড়ায় জায় কৃষ্ণও তরুণ নিজাভিহা গোপীগণসহ কৌড়া করিয়াছিলেন। গোপীগণের সহিত কৃষ্ণের সম্পর্কোচিত কামকৌড়ায় কথা শ্রবণ করিয়া পরীক্ষিতের সন্দেহ উপস্থিত হইলে শুকসেব জানাইলেন যে, সর্বদর্শ্যমী শ্রীকৃষ্ণের তাদৃশী কৌড়া দোষজনক নহে; কিন্তু অস্ত্রে তাঁহার অহুকরণ করিতে গেলে তাহার অমঙ্গল অবশ্যজন্মবী। গোপীগণের কৃষ্ণাহরতির কথা শ্রবণ করিলে জীবের ভোগবাসনা বিনষ্ট হইয়া দেবা-প্রযুক্তি উদ্ভিতা হইয়া থাকে।

নন্দ-প্রমুখ গোপবৃন্দ শিবপূজা-উপলক্ষে অধিকাবনে গমনপূর্বক শিবপূজাস্থে তথায় রাত্রি ঘাপন করিতে থাকিলে এক ক্షুধাতুর সর্প আসিয়া নন্দকে গ্রাস করে। গোপগণ সর্পকে বিভাডিত করিতে অগম্য হইয়া কৃষ্ণের শরণাপন্ন হইলে কৃষ্ণ পদদ্বারা উহাকে স্পর্শ করিলেন। তৎকণাৎ সে সর্পদেহ পরিত্যাগপূর্বক বিত্যাগ-পুত্র্য নিজ দেহ লাভ করিয়া এবং কৃষ্ণ জিজ্ঞাসাক্রমে অদ্বিত্য-গোত্রজাত ঋষিগণের অবজ্ঞাকলে সর্প-ঘোনি-লাভের বিষয় বর্ণন করিয়া হৃদর্শন-নামক বিত্যাগরূপে নিজ পরিচয় প্রদানপূর্বক কৃষ্ণমুখিতক্রমে স্বস্থানে প্রস্থান করিল।

দোলপূর্ণিমা-দিবসে রামকৃষ্ণ ব্রজনারীগণের সহিত বন-বিহারে প্রবৃত্ত হইলে কুবেরাহুচর শঙ্খচূড় গোপীগণকে উত্তরদিকে পরিচালিত করিতে থাকায় গোপীগণের কাতর বিলাপে রামকৃষ্ণ উহার নিকট উপস্থিত হইলেন। তখন শঙ্খচূড় প্রাণভয়ে পলায়ন করিতে থাকিলে শ্রীকৃষ্ণ তাহার অহুসরণপূর্বক তাহার প্রাণ বিনাশ করিলেন এবং তদীয় শিরোরত্ন গ্রহণপূর্বক বলদেবকে অর্পণ করিলেন।

শ্রীকৃষ্ণ গোচারণে গমন করিলে শুকাতচিত্তা গোপীগণ কৃষ্ণলীলা গান করিয়া কৃষ্ণবিগ্ৰহে অতিকষ্টে দিবস ঘাপন করিয়াছিলেন।

অরিষ্টাহর রামকৃষ্ণের বিনাশার্থ কৃষ্ণরূপ ধারণ করিয়া

গোষ্ঠে আগমন করিলে কৃষ্ণ উহার শৃঙ্গদ্বয় ধারণপূর্বক ভূমিতে নিক্ষেপ করিয়া তাহার প্রাণ বিনাশ করেন। তৎপরে দেবর্ষি নারদ কংসসমীপে রামকৃষ্ণের প্রকৃত পরিচয় প্রদান করিলে কংস রামকৃষ্ণকে আনয়নার্থ অক্রুরকে প্রেরণ করিলেন।

কংস-প্রেরিত কেশীদানব অশ্বমূর্তি ধারণ করিয়া কৃষ্ণ-সমীপে উপস্থিত হইলে কৃষ্ণ উহার পদদ্বয় ভাঙনা করিয়া উহাকে দূরে নিক্ষেপ করিলেন এবং মুখবিবরে নিজহস্ত প্রবেশ করাইয়া উহার বায়ুগমনাগমন-পথ রোধ করিয়া কেশীর প্রাণ বিনাশ করিলেন। অতঃপর দেবর্ষি নারদ কৃষ্ণসমীপে গমনপূর্বক তাঁহার স্তব ও প্রণাম করিয়া প্রস্থান করিলেন। রামকৃষ্ণ গোপবালকগণ-সহ 'নিলায়ন'-নামক কৌড়ায় প্রবৃত্ত হইয়া কেহ মেঘ, কেহ মেঘপালক, কেহ বা চোর শাজিয়া মেঘ-অপহরণাদি লীলায় প্রবৃত্ত হইলে ব্যোমাসুর গোপালবেশে চোরগণের সঙ্গে মিলিত হইয়া গোপালগণকে অপহরণপূর্বক গিরিগুহামধ্যে আবদ্ধ করিতে থাকিল। কৃষ্ণ ব্যোমাসুরের দুষ্টকর্ম অবগত হইয়া পশুমাংসবৎ তাহার প্রাণ বিনাশ করেন।

রামকৃষ্ণকে আনয়নার্থ কংসকর্তৃক প্রেরিত হইয়া অক্রুর গোকুলে যাত্রা করিলেন এবং কৃষ্ণদর্শন হইবে কি না, তদ্বিষয়ে সন্দ্বিগ্ধচিত্তে গমন করিতে করিতে সূর্যাস্ত সময়ে গোষ্ঠে উপনীত হইয়া তথাকার রেণুতে বিলুপ্তিত হইতে লাগিলেন। পরে ব্রজে গমনপূর্বক রামকৃষ্ণ-চরণে প্রণত হইয়া রামকৃষ্ণ ও নন্দকর্তৃক বিবিধ সংকার লাভ করিলেন।

সাক্ষ্যভোক্তার পর শ্রীকৃষ্ণ অক্রুরের কুশল প্রশ্ন করিয়া আত্মীয়গণের প্রতি কংসের আচরণ এবং অক্রুরের আগমনকারণ জিজ্ঞাসা করিলেন। অক্রুর কংসের ধাবতীর ছুরভিসজ্জি কৃষ্ণসমীপে জ্ঞাপন করিলে রামকৃষ্ণ সহান্তে পিতৃসমীপে কংসের আদেশ জানাইলেন। গোপরাজ উপায়নসহ কংসসমীপে গমনের নিমিত্ত গোকুল-বাসিগণকে ঘোষণা করিয়া দিলেন। গোপীগণ কৃষ্ণের মথুরা-গমন-বার্তা-শ্রবণে অত্যন্ত ব্যথিত হইয়া বিধাতা ও অক্রুরের নিন্দা এবং কৃষ্ণনাশোচ্চারণপূর্বক রোদন করিতে লাগিলেন।

অক্রুর তাঁহাদের রোদনসঙ্গেও রথ পরিচালনা করিলেন। গোকুলবাসিগণ শকটারোহণে রথের পশ্চাৎ পশ্চাৎ আসিতে লাগিলেন। গোপবধূগণ কিয়দ্দূর অহুগমন করিলে পর শ্রীকৃষ্ণ সত্তর প্রত্যাগমনের কথা জানাইয়া তাঁহাদিগকে সাঙ্ঘন্য করিলেন। তাঁহারা রথের ধ্বজা দৃষ্ট হওয়া পর্যন্ত চিত্তা-র্পিতের স্তায় দণ্ডায়মানা থাকিয়া গৃহে প্রত্যাবর্তন করিলেন।

অক্রুর কালিন্দীকূলে রথ থামাইলে রামকৃষ্ণ যমুনার জল পান ও আচমনাদি সম্পন্ন করিলেন। অক্রুর রামকৃষ্ণের অহুজ্ঞাসহকারে কালিন্দী হ্রদে অবগাহনপূর্বক প্রণব জপিতে জপিতে জলমধ্যে রামকৃষ্ণকে দেখিতে পাইলেন। তাহাতে বিস্মিত হইয়া অক্রুর জল হইতে উত্থিত হইলেন এবং রথোপরি রামকৃষ্ণকে দেখিয়া পুনর্বীর জলমগ্ন হইলে অনন্তদেবের ক্রোড়ে পার্শ্বদগণবেষ্টিত বাসুদেবকে দর্শন করিয়া শ্রীতিসহকারে তাঁহার স্তব করিতে লাগিলেন।

শ্রীকৃষ্ণ অক্রুরকে স্বমূর্তি দেখাইয়া তাহা অন্তর্হিত করিলে অক্রুর সবিস্ময়ে কৃষ্ণসমীপে আগমন করিলেন এবং কৃষ্ণ-দর্শন-বিষয়ে কৃষ্ণের প্রস্নোত্তরে জানাইলেন যে স্বাবর-জন্ম সমস্তই কৃষ্ণে বর্তমান। অতঃপর রথচালনাপূর্বক অপরাহ্নে মথুরায় প্রবিষ্ট হইয়া ইতঃপূর্বেই তজাগত নন্দাদির সহিত মিলিত হইলেন। শ্রীকৃষ্ণ মথুরাপুরীর শোভা দর্শনে গোপগণসহ গমন করিলে পুরজীগণ স্ব-স্ব-কর্ম ও বেশবিভাষাদি পরিত্যাগ করিয়াই কৃষ্ণদর্শনার্থ প্রাসাদোপরি আরোহণ অথবা বহির্দ্বারে আগমনপূর্বক রামকৃষ্ণের উপরে পুষ্পবৃষ্টি করিতে লাগিলেন এবং রামকৃষ্ণের নিরন্তর দর্শন-সৌভাগ্য প্রাপ্তি হেতু গোপীগণের প্রশংসা করিতে লাগিলেন। কৃষ্ণ কংসের রজকসমীপে বস্ত্র প্রার্থনা করিয়া প্রত্যাখ্যাত ও ভৎসিত হওয়ার তাহাকে সংহার করিয়া নিজোপযোগী বস্ত্র গ্রহণ করিলেন এবং কোন বায়কের দ্বারা অহুরূপ বেশ রচনা করাইয়া সেই বায়ককে বর প্রদান করিলেন। অতঃপর সূদামা-মালাকারের গৃহে গমনপূর্বক তদ্বারা অহুলিপ্ত হইয়া তাঁহাকেও তাঁহার অভিপ্রায়ানুযায়ী বর প্রদানপূর্বক তৎস্থান হইতে প্রস্থান করিলেন।

শ্রীকৃষ্ণ পশ্চিমধ্যে কুজাকে দর্শন করিয়া উহার নিকট অঙ্গবিলেপন প্রার্থনা করিলে কুজা তাঁহার রূপে বিমুগ্ধ হইয়া রামকৃষ্ণকে ঘন অহুলেপন প্রদান করিলেন। শ্রীকৃষ্ণ উহাকে ভগবদর্শনের সাক্ষাৎ ফল-প্রদানের নিমিত্ত তাঁহার ত্রিবক্র

স্বাস্থ্যদোষাপবর্গেণ	২৩।৪৭	স্বাস্থ্যকঃ কৃতকৃত	৫৬।২	হনিষ্ঠামি বলং	৫০।৭
স্বাধ্যায়া সাধিতুত্ব	৪০।৪	স্বাস্থ্যকৃত চ	৩৭।১৮	হস্ত চিত্রমবলাঃ	৩৫।৪
স্বান্ স্বান্ সহস্রোপরি	১২।২	স্বাস্থ্যকেন মণিনা	৫৩।১	হস্তায়মস্ত্রিবলা	২১।১৮
স্বাণীকপানচ্যুত	৫২।১৪	স্বাস্থ্যকো মণিঃ	৫৭।৩৬	হস্তি শ্রেয়াংসি সর্বাণি	৪।৪৬
স্বাস্থ্যগ্রহায়	৮৬।২৪	স্বাস্থ্যপঞ্চকং কেদং	৮২।২	হস্তি হৃদৈ নমস্তামঃ	২৪।৩৭
স্বাস্থ্যভূতমলেশেণ	৮২।১৩	স্বাদিদং ভগবান্	৮৫।৪	হস্তং নার্সি	১।৪৫, ৫৪।৩৩
স্বাপং যাতং	৫১।২১	স্বান্ন ভবাজি	৬০।৪৩	হস্তকামং বকং	২৬।৮
স্বাপং যথা	৭৭।২২	স্বং সদ্বকুলবলয়	৩২।১৪	হস্তস্তে পশবো যত্র	১০।২
স্বাস্থ্যভূব ব্রহ্মসত্ত্বং	৮৭।২	স্বং সদ্বকুলমাত্মানং	৩৪।২৪	হস্তমানবলানীকা	৫৪।২
স্বার্থে প্রমত্ত	৮৫।১৬	স্বগং গজ বস্ত্রাভরণৈ	৫৩।৪২	হস্তীকো নমস্তভ্যং	৪০।১৭
স্বতনুখ্যঃ কবররসনা	৩৩।৭	স্বগং গজমালাভরণৈঃ	৫৩।২	হরিং জগাম	৬।১
স্বৈঃ স্বৈর্বৈলৈঃ	৫৪।১	স্বথোককুণ্ডলো	৬৫।২৪	হরিঃ পরানীক	৫০।২২
স্বৈরং চরন্তি	৩৩।৩৪	হ		হরিতা হরিভিঃ	২০।১১
স্বৈরং চরন্তো	১২।১	হংসকরগুবাকীর্ণৈঃ	৫৬।১৩	হরিদাসস্ত রাজর্ষে	৭৫।২৭
স্বৈরবর্তী গুণৈর্হীনঃ	৭৩।৩৫	হংস স্বাগভম্	২০।২৪	হরিজার্চুর্নৈলাভিঃ	৫।১২
স্বৈরন্তরীষৈঃ	৩২।১৩	হংসজ্ঞাসক্তবিমুখান্,	৪।৩৫	হরিমুপাসত তে	৩৫।১১
স্বয়ন্ কৃষ্ণা	৫৪।২৬	হংস্যাগারগান্	৬৩।২৭	হরিয়োহস্ত মদং	৫৪।২৫
স্বয়ন্তঃ পাদকমলম্	৮০।১১	হস্তং কুবলয়া পীড়ং	৪৩।১৮	হরির্হি নিগুণঃ	৮৮।৫
স্বয়ন্তাং কৃষ্ণবীর্ষাণি	৪৬।২১	হস্তঃ কো হু	৮৮।৩২	হরিশ্চজ্ঞো রস্তিদেব	৭২।২১
স্বয়ন্ কংসকৃতান্	৮২।৩৩	হস্তেশ্বাঃ পুনন্তেহপি	৫৪।১৭	হরিস্তাচ্ছানং	৫২।১৭
স্বয়ন্ বিরূপকরণং	৫৪।৫১	হস্তাং প্রসেনমশ্বক	৫৬।১৮	হরেঃ স্বকৌশলং	৬২।৭
স্বয়ন্তী কৃপণং	৮৫।২৮	হস্তানীকবশিষ্টাস্থং	৫০।৩০	হরোরস্ত্রগ্রহান্নম্	১১।২৪
স্বয়ন্তী তান্ বহুন্	৫৮।৮	হস্তেষু মল্লবর্ষেষু	৪৪।৩১	হরোনিবাসাশ্রুগুণৈঃ	৫।১৮
স্বয়ন্ত্যচ্যপরাঃ	৩২।১৬	হস্তেষু ঘটু	২।৪	হতুঃ কৃতমতিঃ	৫৬।২০
স্বয়ন্ত্যোহঙ্গ বিমুহস্তি	৪৬।৫	হস্তেষু দ্বর্বাণীকেষু	৫০।৩৪	হর্ষয়ন্ ঘর্হি	৩৫।১২
স্বয়ন্ত্যো তৎকৃতান্	৮২।৩৬	হস্তেষু শ্বেনীকেষু	৫০।৪২	হর্ষন্তঃ স্বহৃদঃ	৭৩।৩২
স্বয়েষসত্ত্বং	৮০।৩	হস্তোহবিভাঃ বয়ং	১৪।৪৮	হলক দৈত্যদমনং	৭২।৪
স্বয়োদগীথঃ	৮৫।৫১	হস্তৌ জমো মহাভাগ	৫১।৩৪	হসন্তং হান্ত কথয়া	৬২।২২
স্বয়াবলোকলব	৬১।৪	হস্তা কংসঃ	৫৬।৩৫	হসন্তী ত্রীড়িতাপাকী	৮৬।৭
স্বতিঃ স্বান্নং প্রসাদেন	১০।২১	হস্তা হর্ষিষহান্	৭৮।১৩	হসন্তো হাসয়ন্তশ্চ	১৩।১০
স্বতির্নাশ্যাপি বিধ্বস্তা	৬৪।২৫	হস্তা নৃপান্	৮২।৬৫	হসন্তিঃ প্রহসন্	২২।২
স্বতির্বধা ন	৭৩।১৫	হস্তা ত্রপাতয়ং	২৬।২	হসিতং ভামিতকাক	৪৬।২১
স্বত্যা চরাচরগুণং	১৬।৩০	হস্তা য়েচ্ছবলং	৫২।৫	হস্ত গ্রাহং ন	৬২।১৩
স্বত্যাঃ শিরস্তব	১০।৩৮	হস্তা রাসভদৈতেয়ং	২৬।১০	হস্তপ্রাপ্তমিবাশ্রয়ং	৫১।৭
স্বাস্থ্যকং দর্শয়িত্বা	৫৭।৪১	হনিষ্ঠতি ন সন্দেহো	৭১।৭	হস্তাঃ সাসিগদেষাসাঃ	৫৪।৮

হস্তা গ্রাহ্যে রচয়তি	৮।৩০	হিত্যাস্তান্ ভজতে	২৩।৪৭	হৃদীকেশ নমস্তে	১৬।৪৭
হস্তাভ্যাং হস্তঘোৰ্বক্ষা	৪৪।২	হিত্বা বা মচ্ছরৈশ্চিন্নং	৪০।১৮	হৃগ্গতনুকহো	৩২।৪৬
হস্তে গৃহীত্বা	১১।২০	হিত্বাবুগীত যুগ্মং যং	৪৭।২৬	হে কৃষ্ণপত্ন্য	৮৩।৭
হা নাথ শ্রিয়	৪৪।৪৫	হিত্বা ভবদ্ভব	৬০।৩২	হে গোপা-	১৮।১২
হা নাথ রমণ	৩০।৩২	হিত্বামৃষাশ্চদৃষং	২।৬	হে নন্দনুনো হে রাম	৪০।৩২
হা হেতিশব্দঃ	৪৪।৩৮	হিত্বার্থমার্গং	২৭।৭	হে নাথ হে রমানাথ	৪৭।৫২
হা হেতি সাক্ষিত্যবয়ঃ	৫২।২২	হিনস্তিবিষমভারং	৬৪।৩৪	হে বিপ্রা ত্রিযতাং	৭২।২৭
হাৰ্ণিক্যো ভাহুবিন্দন্ত	৭৬।১৪	হিষতোহধঃ শয়ানস্ত	২৬।৫	হে বৈদৰ্ভ্যচূড়ো	৮৫।৬
হাস্ত শ্রিয়া বিজহন্তঃ	৬৭।১২	হিরণ্যকশিপোর্জাতা	৮৫।৪৮	হে ভূমিদেবাঃ	২৩।৬
হাস্ত প্রৌঢ়িভমং	৬০।২৮	হিরণ্য গর্ভঃ শর্বশ্চ	৭১।৮	হে রামাগচ্ছ	১১।১৬
হাস্ত প্রৌঢ়িম্	৬০।২৫	হিরণ্যরূপাবাসাংসি	৪৩।১৩	হে সত্যভামে	৮৩।৬
হাহাকারো মহানাসী	৭৭।১৬	ছত্বা চাগ্নিং দ্বিজাতিভ্যঃ	৭।১৫	হে তোককৃষ্ণ	২২।৩১
হাহাকারো মহানাসীং	৭২।৪৫	হৃদস্তাময়ঃ	২৪।২৭	হেতুভিলকমাঞ্চকু	৬২।২৫
হাহেতিবাদিনঃ	৭৮।২২	হৃৎকেশব স্বহর	৬।২২	হেমস্তে প্রথমে	২২।১
হিংসাবিহারং	৮২।২৪	হৃতামরাজিস্থানেন	৫২।২	হেম শৃঙ্গৈর্দ্বিষ্ম্পৃগ্ভিঃ	৪০।৫১
হিংস্রঃ স পাপেন	৭।৩১	হুতিম্পুশ্চিহ্নপদা	৩২।১৬	হৈমাঃ কিলোপকরণা	৭৪।১৩
হিতায় চেচ্ছান্তহুতিঃ	২৭।৬	হুদিস্থোহিপ্যতিদূরস্থঃ	৮৬।৪৭	হৈয়জবং চৌৰ্ব	২।৮
হিত্বা গোপীঃ	৩০।৩৬	হৃদোপগুহ	২৩।৩৫	হৈহয়ো নহষো	৭৩।২০
হিত্বা তদাত্মনি	৭০।২৮	হৃদাগ্-বপুভিঃ	১৪।৮	হুদং বিবেশ	১৭।৮
হিত্বাত্মবাম	৮৩।৪	হৃদীকেশ নমস্তভ্যং	৪০।৩০	হ্রিয়মাণঃ কালনষ্টা	৩৮।৫

দশমস্কন্ধের পাত্রশূচী

অ	অ	অ	অ
অশ ২২।৩১	অতিভাষ ৬১।১০	অরিন্দম ২৩।৩০	
অকুণ্ডল ৭৪।২	অতি ৮৪।৪ ; ৮৬।১৮	অরিষ্ট ২।১ ; ৩৬।১০, ৮, ৯, ১৬ ; ৪৬।২৬	
অকুর ২৮।১৬ ; ৩৬।২৭, ৪০ ; ৩৮।১, ২১, ৩৪, ৪৭ ; ৩৯।১০, ১৩, ২১, ২৮, ৩২, ৩৮, ৪০, ৪১ ; ৪১।২, ১৮ ; ৪৬।৪৮ ; ৪৮।১২, ১৬, ২৮, ৩৬ ; ৪৯।৭, ১৫ ; ৫৭।৩, ২২, ৩০, ৩৩, ৩৪ ; ৭৬।১৪ ; ৮২।৫	অতি ৩।৪২ ; ৫২।৩৮	অরুণ ৫২।১২ ; ৯০।৩৩	
অগস্ত্য ৮৪।৫	অধোক্ষ ২৩।১১, ৪০ ; ২৭।২ ; ২৯।১৩ ; ৩৭।৪ ; ৮৫।৫	অরুণি ৮৭।১৮	
অগ্নি ৫৮।২৫, ২৬ ; ৮৪।১২ ; ৮৫।৭	অনঙ্গ ৬১।২২	অর্ক ৮৫।৭	
অঘ ১২।১৩, ১৪।২২, ৩৮ ; ১৩।৪, ১৫ ; ১৪।৬০	অনন্ত ১।২৪ ; ২।৫ ; ৬।৮ ; ১৪।২২, ২৮ ; ১৫।৩৫ ; ১৬।২০, ৪৩ ; ১৭।২৫ ; ৩৯।৩০ ; ৬৭।১ ; ৬৮।৪৬ ; ৮৫।৩২ ; ৮৯।৫৩, ৫।৭	অজুন ৯।২২ ; ১০।২৪, ২৬ ; ১১।২ ; ২২।৩১ ; ৩৭।২১, ৪৩।২৫ ; ৫৮।২৪, ২৬, ৪৪ ; ৬৮।২৮ ; ৭১।২৮ ; ৭২।১৬ ; ২৭, ২৯, ৩২ ; ৭৩।৩৪ ; ৭৯।২৪ ; ৮৬।২, ৮ ; ৮৯।২৬, ৩২, ৩৫, ৪১, ৪৬, ৬৫	
অজ ২২।১৪ ; ২৯।৩৫, ৪০ ; ৬০।৪১	অনিরুদ্ধ ১৬।৪৫ ; ৪০।২১ ; ৬০।১ ; ৬১।১৮, ২৫, ৪০ ; ৬২।১২ ; ৮২।৬ ; ৮৯।৩০, ৪০ ; ৯০।৩৩, ৩৬	অশ্বসেন ৬১।১৩	
অঙ্গিরা ৩৪।১৩ ; ৮৪।৫	অনিল ৬১।১৬	অমিত ৭৪।৭ ; ৮৪।৩ ; ৮৬।১৮	
অচ্যুত ২।১৮ ; ৬।২২ ; ১১।১০, ২০, ২৬, ৪৩ ; ১৩।২, ১২ ; ১৪।৫, ১০, ৩৩ ; ১৭।১৬ ; ২১।১ ; ২২।২০ ; ২৩।১৮ ; ২৭।১২ ; ২৯।১০ ; ২৯।৪৬ ; ৩০।৭, ১১, ৩০ ; ৩১।১৬ ; ৩২।১০ ; ৩৩।১৩, ১৪ ; ৩৪।১৭, ৩৬।৮, ১০ ; ৩৭।৩২ ; ৩৮।৫, ১৮ ; ৩৯।১৮ ; ৪১।৩৮ ; ৪২।৭, ১৫ ; ৪৩।২ ; ৪৪।১২ ; ৪৫।২৪ ; ৪৬।৩৪, ৪৩ ; ৪৭।২, ৩২ ; ৫১।১০ ; ৫২।৬, ৩৭ ; ৫৩।৩৮, ৫৫, ৫৪।২৮ ; ৫৬।২২ ; ৫৮।৩, ২২ ; ৫৯।১৪, ২১, ৪১ ; ৬০।৪৪ ; ৬৪।২৭ ; ৬৬।২ ; ৬৮।৩০ ; ৭২।৪৫ ; ৭৪।১২ ; ৭৭।২১, ২২, ৩৪ ; ৮১।১২ ; ৮৩।৬ ; ৮৫।১ ; ৮৮।১২	অশ্বিন ৫০।১	আ	
অজ (কৃষ্ণ) ১৩।১২, ২৮ ; ৫২।২৮ ; ৬০।২ ; ৮৫।৫	অশ্লবিন্দ ৫৮।৩০	আত্মভূ ১৩।৪০, ৪৩	
অজ (ব্রহ্ম) ১২।৩৫ ; ১৩।৪৪, ৪৬, ৫৫, ৫৬ ; ১৪।১৩ ; ৪০।৩ ; ৪৭।৬২	অস্তমিক ৫২।১২	আনকহুন্ডি ১।৪৭, ৫৭, ৬১ ; ২।১৬ ; ৩।১১ ; ৬।৩২ ; ৮।৮ ; ৩৬।২২, ৩০ ; ৩৯।২, ৪২ ; ৫১।৪০ ; ৫৫।৩৫ ; ৫৬।৩৪ ; ৬২।১৮ ; ৭৭।২৭ ; ৮৪।৩৪, ৬৫	
	অক্ষক ৪৫।১৫	আম ৬১।১৩	
	অক্সাদ ৬১।১৬	আয়ু ৬১।১৭	
	অশরাজিত ৬১।১৫	আন্ততোষ ৭৬।৫	
	অজ্ঞ ৫৮।৩৭	আহু ৭৪।২	
	অজ্ঞানভ ৪০।২৮ ; ৪৪।৩৭	আহুক ৮২।৫, ৯০।৪২	
	অবায় (কৃষ্ণ) ৬৪।২৭ ; ৬৮।৪৮		
	অবর্ষ্ট ৮৩।২৩		
	অঘা ৬০।৪৭		
	অধিকা ২।১২ ; ৩৪।৭ ; ৫৩।৩২, ৪৪, ৪৬, ৫২	ই	
	অমুজাক ২৯।৩৬ ; ৬০।৪১, ৪৬	ইকাকু ৫২।১	
	অরবিন্দনেত্র ২৯।৩৩	ইন্দ্রি ৩১।১	
	অরবিন্দলোচন ৩৭।৩	ইন্দু ৭৯।৩২	
	অরবিন্দাক ২।৩২ ; ৫৬।৬	ইজ্র ৪।৩৬ ; ২৪।৮, ১২, ১৫ ; ২৫।১২, ২, ১৪, ১৫, ২৪ ; ২৭।২৩ ; ৩৬।১০ ; ৩৬।২২ ; ৩৭।১৬ ; ৪৩।২৬, ৫২।২ ; ৬৬।২১ ; ৬৮।২৮ ; ৭২।২৫ ; ৭৪।১৩ ; ৭৭।৬ ; ৮৯।৬৪	
	অগ্নিজিৎ ৬১।১৭		

ইন্দ্রধ্বজ	৪৪।২৩	ও	কাশিপতি	৬৬।২২
ইন্দ্রসেন	৮৫।৩৮, ৫২	ঔজ	কাশিরাজ	৬৬।১৭ ; ৮২।২৪
ইল	৬।২২	ঔজস্বী	কিরীটি (অর্জুন)	৭।২৭
ইবল	৭৮।৩৮	ক	কীর্তি	৮২।৫৬
ই		কংস ১।১০, ৩০, ৩৪, ৫৫, ৫৭, ৫৯, ৬৩,	কুসুম	৪৫।১৫
ঈশ (কৃষ্ণ)	৭২।৪	৬৪, ৬৫ ; ২৬, ৭, ২০ ; ৩২৩, ২২ ;	কুন্তী	৪২।১৫ ; ৬।১৩ ; ৮২।২৩
ঈশান	২।৪২, ৩।২৬	৪।১৪, ২৮, ২৯, ৪৩ ; ৫।১৯, ২৯ ;	কুন্তীভোজ	৮২।২৪
ঈশানী	২।১২	৬।২ ; ৭।২০ ; ৮।৮ ; ১।১৫ ; ১২।১৪,	কুন্ডা	৪২।১, ৬
উ		২২ ; ২৩।৫২ ; ৩৬।১৬, ২০, ৪০ ;	কুমুদা	২।১২
উগ্রসেন ১।৩০, ৬২ ; ২।৪ ; ৩।২৮, ৩৬।৩৪		৩৭।১, ১৫ ; ৩৮।৭, ১৮, ২৩, ৪১ ;	কুন্তাণ্ড	৬২।১২ ; ৩৩।৮, ১৬
৪৪।৩৩ ; ৪৫।১২ ; ৬৮।১৩, ২১, ৩৪ ;		৩৯।৩, ৫ ; ৪।১১৮ ; ৪২।৩, ১৮, ২১,	কুরুবহ ১৩।১৫ ; ১৫।৪২ ; ৩৩।১৭ ; ৫২।১৭	
৬৬।৭ ; ৭২।২২ ; ৮২।২২ ; ৮৪।৫২, ৬৮		২৫, ২৬, ৩২, ৩৫ ; ৪৩।১৮ ; ৪৪।৩০,	কুট	৪২।৩৭ ; ৪৪।২৮
উগ্রবৃদ্ধি (মৃদাল)	৭২।২১	৩৪ ; ৪৫।৮, ১৫, ২৮ ; ৪৬।১৭, ২৪,	কৃপকর্ষ	৬৩।৮, ১৬
উড়ু রাজ	২২।২ ; ৭।১৮	৩৫, ৫৮ ; ৪৭।৩২ ; ৪৮।১৭ ; ৫০।১ ;	কৃতবর্মা	৫৭।৩, ২২ ; ৬।২৪ ; ৮২।৬
উত্তমঃশ্লোক ১।৪ ; ২৩ ২০ ; ৮০।২, ১২		৫১।৪১ ; ৮২।২১, ৩৩ ; ৮৫।৪২	কুল	৫৭।২ ; ৭৪।১০ ; ৮২।২৩
উদগীথ	৮৫।৫১	ক (ব্রহ্মা)	কৃষ্ণ (ব্যাসদেব)	৮৬।১৮
উদ্বব ৪৬।১, ৩, ৭, ২২, ৪২ ; ৪৭।২, ২২,		কক	কৃষ্ণ—১।১২, ১৪ ; ২।১২ ; ৩।১১, ৪২ ;	
৩৮, ৫৩, ৫৫, ৫৭, ৬৮ ; ৪৮।৪ ;		কধ	৫।১৩ ; ৬।৩৪, ৩৬, ৩৮, ৪০ ;	
৬৮।১৬ ; ৬৯।২০, ২৭ ; ৭০।১৫, ৪৫,		কদ্র	৭।৩, ২৬, ৩০ ; ৮।২৬, ২৪, ২৭,	
৪৭ ; ৭১।১, ১১ ; ৭২।১৫ ; ৮৪।৬৮		কঙ্কাক	৩২, ৩৩, ৪৭, ৫২ ; ৯।১৮, ১৯,	
উপনন্দ	৬৩।৩	কপোত	২২ ; ১০।২৬, ২৮, ২৯ ; ১১।১২,	
উপানন্দ	১১।২২	কবচ	১৪, ১৫, ২২, ৩৩, ৩৪, ৪১, ৪৮,	
উপেন্দ্র	৩।৪২ ; ৬।২৩	কবি	৪৯, ৫৮ ; ১২।৩, ৬, ১৪, ২৭, ৩০,	
উরুক্রম ৬।২২ ; ৩০।১০ ; ৪৪।১৫		কমলানিভ (কৃষ্ণ)	৪৩ ; ১৩।৮, ১৩, ১৪, ১৬, ১৭,	
উরুগায়	৬।২৩	কর্ণ	১৮, ২৬, ৬৩ ; ১৪।৩৬, ৩৯, ৪০,	
উরুশ্রবা	৩৮।২১	কশ্মল	৪৩, ৪৫ ; ১৪।৪২, ৫৫, ৫৬, ৫৭ ;	
উষ্ণগু (স্বর্ষ)	৭৬।১৭	কাতায়নী	১৫।২, ২১, ২৩, ২৬, ৩৬, ৩৭, ৪১,	
উ		কামদেব	৪৭, ৫০ ; ১৬।১, ৬, ১০, ১১, ১৩,	
উর্গা	৮৫।৩৭	কার্ণব (দম্ভবজ)	১৫, ১৭, ১৯, ২১, ২২, ৩১, ৪৫,	
উর্ধগ	৬।১৫	কার্ণি (প্রহ্লাদ)	৫৫, ৬৪ ; ১৭।১২, ১৩, ১৫, ১৮,	
উষা ৬২।১, ১০, ১২, ১৯, ২৪, ৩৩		কালনেমি	২২, ২৩ ; ১৮।১, ৮, ৯, ১০, ১১,	
ঋ		কালিন্দ	১৭, ১৯, ২০, ২২, ২৩, ২৪, ২৫ ;	
ঋষভ	৩৩।২১	কালিন্দী ৫৮।২২, ২৯ ; ৬।১৪ ; ৭।৪২ ;	১২।৩, ৮, ৯, ১০, ১৪ ; ২০।২, ৩৪,	
ঐ		৮৩।৬	৪৪, ৪৫ ; ২১।৩, ৪, ১২, ১৩, ১৪,	
একত	৮৪।৫	কালিদ ১৬।৪, ৫৫ ; ১৭।১, ৪, ৫, ৮, ১২, ১৭	১৮ ; ২২।৫, ৬, ৭, ৮, ৩৮ ; ২৩।১,	

৩, ১, ১২, ১৬; ২৩৩২, ৪২, ৪৪,
৫০, ৫২; ২৪৩৪, ৩৫, ৩৮; ২৪১১,
৩, ৫, ৬, ১৩, ২২, ২৪; ২৪১১,
২৩, ২৪; ২৭১১, ৩, ১৪, ১৮, ১৯,
২২; ২৭২৭; ২৮১৩, ৮, ৯, ১৫,
১৬, ১৭; ২৯১২, ১২, ১৬, ৩০,
৪৭; ৩০১৩, ২, ১৪, ১৫, ১৬, ১৭,
১৮, ১৯, ২৪, ৩১, ৩৫, ৩৮, ৪৪;
৩২১১; ৩৩১৩, ৭, ৮, ১১, ১৬, ৩৭;
৩৪১৬, ১২, ২৭; ৩৫১১, ১২, ২৬;
৩৬১৫, ২, ১৬, ১৭, ২৩, ৩৭;
৩৭১৭, ২, ১০, ২৪, ৩০; ৩৮২৪,
২৮, ৩৪; ৩৯১২, ১০, ১৩, ৩১,
৩৪, ৪১; ৪১১৬, ১২, ৩২, ৪১,
৫০; ৪২১১১, ১৬, ২৩; ৪৩১১, ২,
৫, ১২, ৩১, ৩৬; ৪৪১১১, ২৭,
৩০, ৪০; ৪৫১১৭, ২৮, ৪০, ৪৪;
৪৬১১, ১১, ১৪, ১৮, ২০, ২১,
২৩, ২৭, ২৯, ৩৫, ৩৬, ৪৪, ৪৮;
৪৭১১, ২, ১১, ২২, ২৪, ২৬, ৪৫,
৪৭, ৪৯, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭,
৫৯, ৬২, ৬৬, ৬৭, ৬৮, ৬৯; ৪৮১৪,
১২, ১৪, ১৬; ৪৯১২; ১১, ১৩,
১৪, ৩১; ৫০১৫, ১৭, ৪১, ৪২,
৪৫, ৫৭; ৫২১১, ৩, ১২, ২০;
২৪, ২৫, ২৬; ৫৩১১৮, ২০, ২৮,
৩২, ৩৬, ৪৬, ৫৫; ৫৪১১৮, ২০,
২১, ২৪, ২৬, ২৭, ৩০, ৩৬, ৩৭,
৫২, ৫৪; ৫৫১২৮, ৩৮; ৫৬১১, ২,
১৬, ২৫, ৩৪, ৪৩; ৫৭১১, ৪, ৮,
১১, ১২, ১৭; ৫৮১৫, ২, ১৭, ১৭,
২৪, ৩০, ৩১, ৪৭, ৪৮, ৫৬, ৫৮;
৫৯১২৩, ৩৫; ৬০১২৫; ৬১১১, ১২,
২০, ২৩; ৬২১১৮, ২০; ৬৩১৩, ৬,
৭, ১৭, ২০, ৪০, ৫৩; ৬৪১১, ২,

২৫, ২৮, ২৯, ৩১; ৬৫১৬, ৮, ১৬;
৬৬১১, ৩, ৪, ১০, ১৭, ৩১; ৬৮১৫,
৭, ৯, ৩২; ৬৯১১, ১২, ৩১, ৪২,
৪৩; ৭০১২, ২৩, ২৫, ৩৩; ৭১১১,
১০, ১১, ২৫, ৩৪, ৩৬, ৩৮, ৪০,
৪১; ৭২১১৬, ২৭, ২৯; ৭৩১৭, ৮,
১৩, ১৬, ২৪, ২৯, ৩১; ৭৪১১,
৬, ১৫, ২৩, ২৪, ২৫, ৩০, ৩২,
৪২, ৪৮, ৫২; ৭৫১৫, ২৮, ৩০, ৩৪,
৩৮; ৭৬১১, ১২; ৭৭১৬, ১২, ২২,
২৩, ২৫, ৩৪; ৭৮১৩, ৫, ৭, ৮,
১০, ১২, ১৬; ৭৯১২৪; ৮০১৬, ১৫,
২৪; ৮১১২, ১৪, ১৬; ৮২১১, ১০,
১১, ১৬, ২৭, ২৮, ৩১, ৩২, ৩৪,
৩৯, ৪৭; ৮৩১৭, ১৫; ৮৪১১, ২,
৬, ১৪, ২২, ৩০, ৪০, ৪২, ৬৮,
৭০; ৮৫১৩, ২৮, ২৯, ৩৪, ৩৯;
৮৬১১, ২, ১১, ১৩; ৮৭১৪৬; ৮৯১৩২,
৪২, ৪৪, ৪৯, ৬০; ৯০১১১, ১২,
১৩, ২৫, ২৯, ৩১, ৪৭

কৃষ্ণা ৫৮১৫; ৭১১৪১; ৭৫১১২
কেকয় ৮২১২৫
কেশব ১১১০; ৬১২২; ৮১২১; ১৫১২০;
১৮১৩; ২০১৩২; ২৪১১২; ২৯১৪৮;
৩০১১০, ৩৭; ৩২১২; ৩৬১২০; ৩৮১৩,
৩২; ৪১১২২; ৪২১২, ২০; ৪৩১৭;
৫২১১৪; ৫২১২৭; ৫২১৩৭; ৬১১২৬;
৭০১৪৫; ৭৩১৩৫; ৭৬১৩০; ৭৭১২;
৮২১২৬, ৪০

কেন্দী ২১১; ৩৬১২০; ৩৭১১, ৫, ৬, ২৫;
৪৩১২৫

কৈকেয়ী ৫৮১৫৬

কোটরা ৬৩১২০

কৌশিক ৬৮১১৭

ক্রতু ৬১১১২; ৭৪১৮

কৃত্তব ৮৫১৫১

কৃষি ৬১১১৬

গী

গদ ৫৪১৬; ৬৩১৩; ৬৪১১; ৭৬১৪; ৭৭১৪;

৮২১৬

গদাগ্রজ ৪১১৩২; ৪৭১৪০; ৫২১৪০;

৫৯১৬, ১০; ৬০১৪০; ৬২১২৬

গদাধর ৫৯১৫

গদাত্ম ৩৩১১০; ৮৫১৫৫

গয় ৬০১৪১

গরুড় ১৭১৪, ২, ১১, ১২; ৫৯১২, ১৫, ১৯

গর্গ ৮১১২০; ১১১৫৭; ২৬১১৫, ২৩, ২৪;

৪৫১২২; ৪৬১২৩; ৫১১৪৪; ৭৪১৮

গান্ধবান ৬১১১৫

গান্ধিনী ৪৯১৩

গান্ধারী ৫৭১২; ৮২১২৩

গায়ক ৭৫১১০; ৮৩১৩০

গালব ৮৪১৪

গিরিজা ৫২১৫২

গিরিত্র ৪৪১১৩

গিরিশ ৫৮১৩৭; ৬২১৪, ২; ৬৩১১৪;

৭৬১৭; ৭৯১১৩; ৮৮১১৩, ১৫, ৩৮

গুড়াকেশ ৫৮১২৩

গুহ ৬৩১৭

গুহক ৪৩১২৫

গৃধ ৬১১১৬

গোতম ৭৪১৭

গোপ ৬৫১২; ৮০১৪৩; ৮৪১৬২

গোপাল ৫৪১২২; ৭৪১৩৪

গোপালসুহ ১১১৫০

গোপী ৬৫১২, ২, ১৪; ৮২১৩২, ৪৭;

৮৩১১; ৮৪১৬২

গোবর্ধনবর ২৫১২৫

গোবিন্দ ৬২৫, ৪৪; ১৫১৫২; ১৯১১৬

২১১১০, ১৩; ২২১১৩; ২৩১৩৬; ২৫১১১;

২৭।২৩ ; ২৭।২৮ ; ২৮।৮ ; ২৯।২৮ ;	৭৪।৪২, ৪৫, ৪৪, ৭৪।৮, ৭৭।৮,	জিনঘন	১।১২
৩০।৭ ; ২৮, ২৯ ; ৩৩।২ ; ৩৪।২০, ৩০ ;	৭৮।১০, ৮৩।৮	জিনেত্র	১৪।১২
৩৬।৫ ; ৩৭।২৫ ; ৩৯।৩১, ৩৭ ;	চাবন ৭৪।৭, ৮৪।৩, ৮৬।১৮	জিপুত্র	৭৬।১২
৪২।২৬ ; ৪৬।১২ ; ৪৭।২, ৪২, ৪২ ;	জ	জ	
৪৭।১১ ; ৫০।১১, ৩১ ; ৫২।১৬ ;	জগন্নাথ ১।২০, ১৬।৬৬, ৬৪।২৭	দন্তবক্র ৩৭।১২, ৫৩।১৭, ৬০।১৮,	
৫৩।২৬, ২৭ ; ৫৪।২৩ ; ৫৬।৬ ;	জনক ৫৭।২৬, ৮৬।৩৮	৭৭।৩৭, ৭৮।১৩	
৫৭।১ ; ৬১।৩৫ ; ৬৪।২৭ ; ৬৯।২৩ ;	জনার্দন ৩।৮, ৮।৫১, ১৮।২০, ১৯।১৫,	দমঘোষ ৫২।৪০, ৫৩।১৪, ৮২।২৫	
৭১।৪, ৩৯ ; ৭২।৩ ; ৭৩।১৬ ; ৭৭।২৫ ;	২৮।১, ৪৩।১৬, ৪৫।৪৩, ৫০,	দর্শ ৬১।১৪	
৮৩।৫ ; ৮৪।৬৬, ৬৯ ; ৮৫।৫৬	৪৮।২৭, ৫৭।১২, ৩৪, ৬৩।৩০,	দামোদর ১০।২৭, ২১।২, ২২।২৪,	
গৌতম ৪২।২ ; ৮৪।৩	৭১।৪৩, ৭৩।৩৪, ৮১।৩৮, ৮২।৭	৩৯।৩১, ৫৬।৬	
গৌরী ৫৩।২৫	জয় ৬১।১৭	দাক্ষ ৫৩।৪, ৭১।১২, ৭৭।২, ২১	
ঘ	জয় (অজুন) ৭২।৪৫	দাশাই ১১।১৭, ১৩।৫৮, ২৭।২৩, ৩৪।১৮	
ঘণী ৮৫।৫১	জয়ানক ৩৬।৩৬, ৫০।২, ৩০, ৫২।৬ ;	দৌশ্টিমান ৬১।১৮, ৯০।৩৩	
চ	৫৩।১৭, ৫৭, ৫৪।২ ; ৫৭।১৩ ;	দুর্গা ২।১১, ৭৯।১৭	
চণ্ডিকা ২।১২	৬০।১৮, ৭০।২৩, ৭১।১০, ৭২।১৫,	দুর্ঘোষন ৪৯।২, ৫৮।২৭, ৩০, ৬৮।১৭,	
চতুর্ভুজ ৬০।২৬	৭৩।৩১, ৭৪।১, ৭৬।২	৫০, ৭৪।৫৩, ৭৫।২, ৩১, ৩৬,	
চন্দ্র ৬১।১৩ ; ৬৮।১৫ ; ৮৪।১২ ; ৮৫।৭	জায়বতী ৫৬।৩২, ৬১।১২, ৭১।৪১,	৭৯।২৩, ৮৩।২৩, ৮৬।৩	
চন্দ্রভাগা ৫৬।৫	৮৩।৬	দেবক ১।৩২, ৩৬।৩৪	
চন্দ্রভাষ ৬১।১০	জায়ন্ত ৬০।৪১	দেবকী ১।৮, ২৯, ৫৬, ৬২, ৬৫, ৬৬, ২।৪,	
চান্দ্র ২।১ ; ৩৬।২১, ২২ ; ৩৭।১৫ ;	জিহ্ব (অজুন) ৭৫।৫, ৮৯।৫৭	৫. ৮, ৯, ১৫, ১৯ ; ৩।৮, ২৩, ৫২ ;	
৪২।৩৭ ; ৪৩।৩১ ; ৪৪।১, ২০,	জৈত্র ৭১।১২	৪।২, ১৪, ২৪, ২৫, ২৮ ; ৫।২৯,	
২২, ২৮	জৈমিনি ৭৪।৮	৬।২৯, ৮।৭, ৮।২, ২১।১০, ২২।২১,	
চারু ৬১।২ ; ৬৪।১	ড	২৯, ২।৩২, ৩৩।৬, ৩৫।২৩, ৩৬।১৭,	
চারুগুপ্ত ৬১।৮	ডায় ৫৯।১২	৩৯।৩, ২৫, ৪১।৩৭, ৪৩।২৪, ৫৫।৩৫,	
চারুচন্দ্র ৬১।২	ডায়তপ্ত ৬১।১৮	৩৮, ৫৬।৩৪, ৭৭।২১, ৮২।৩৬,	
চারুদেব ৬১।৮, ৭৭।১৪	ডায়কী ৮৪।১২	৮৫।২৭, ৪৯, ৫৬, ৫৭	
চারুদেহ ৬১।৮	ডায়কী ৬।২৩, ১৭।৭, ৩৭।৪, ৪৪।৩৬,	দেবপ্রস্থ ২২।৩১	
চারুমতী ৬১।২৪	৫২।১৭	দেবব্রত ১।৫	
চিহ্নকেন্দ্র ৬১।১২	ভূমুক ২৭।২৪	দেবল ৮৪।৩	
চিহ্ন ৬১।১৩	ভুলসী ২৯।৩৭, ৩০।৭	দেবর্ষি ৭০।৩২, ৭১।১, ১১	
চিহ্নবাহ ৯০।৩৪	ভূণাবর্ত ২।১, ৭।২০, ২৩, ২৬, ২৬।৬,	ষিভ ৮৪।৫	
চিহ্নভাষ ৯০।৩৩	৪৬।২৬	ষিবিদ ২।১, ৩৬।৩৬, ৬৭।১৭, ২৮	
চিহ্নলেখা ৬২।১২, ২০	ভোশলক ৩৬।২১, ৪২।৩৭, ৪৪।২৭, ২৮	বৈশ্যন ৭৪।৭, ৮৪।৩	
চেদিপ (শিঙপাল) ৭৪।৩৯ ; ৮৩।২৩	ত্রিত ৭৪।৭, ৮৪।৫	বৈশ্যনীনী (নার্ভতী) ৭৯।২০	
চৈত ৬।১১, ১৮, ২৯।১৩, ৩৭।১২ ;	ত্রিদশেন্দ্র ৫৯।৩৮	হ্যমান ৭৬।২৬ ; ৭৭।১, ২	

অবিভ	৬১।১২	৬৪, ৬৫ ; ৬৩৬ ; ৮২।৩১ ; ৮৪।৫২,	পরমাশ্রা	৮৫।৩২, ৫৮ ; ৮৮।৪০	
অপদ	৮০।২৪	৬৬, ৬২ ; ৮২।৫৬ ;	পরমেষ্ট্রী	১৩।৬১, ৩৫।১৫, ৮২।৫৬, ৫৭	
অপদজা (ত্রৌপদী)	৭৫।৫	নন্দস্বহু ৩০।৫, ২৫, ২৭ ; ৩৫।৪, ২০ ;	পরামর	৭৪।৮	
ত্রৌণ ৮।৪৮, ৫০ ; ৫৭।২ ; ৬৮।১৭, ২৮ ;		৩২।২২ ; ৪৩।৩২	পতুপতি	৩৪।২, ৭৬।৪	
৭৪।১০ ; ৮২।২৩ ; ৮৪।৫৭		নভস্থান	৫২।১২	পাণ্ড	৪২।১৭
ত্রৌণী	১।৬	নরক ৩৬।৩৬ ; ৩৭।১৬ ; ৫২।১৪, ১২, ২১ ;	পাবন	৬১।১৬	
তৈপায়ন	৭৪।৭ ; ৮৪।৩	৬৭।২ ; ৬২।১ ; ৭৩।২০	পারষক	৮৫।৫১	
ধ		নরনারায়ণ	৫২।৪ ; ৮২।৫২	পার্ব (অজুন)	৫৮।২, ৮৩।২৪,
ধরা	৮।৪৮, ৫০	নয়সখ	৬২।১৬	৮২।৬২	
ধর্মরাজ	৫৮।২৩	নর্তকী	৭৫।১০ ; ৮৩।৩০ ; ৮৪।৪৬	পুষ্পাশ্লোক	৬৪।২৭
ধূর্জটি	৭২।১২	নলকুবর	২।২৩, ১০।২৩	পুষ্পন্দর	৭৭।৩৬
ধৃতরাষ্ট্র	৪২।৩১ ; ৬৮।১৬ ; ৭৪।১০ ;	নহব	৭৩।২০	পুরুজিৎ	৬১।১১, ৮২।২৪
৮৪।২৭, ৫৭		নাগজিতি	৬১।১৩, ৭১।৪২	পুরুষোত্তম	৫৮।১, ৬৪।২৭, ৮৮।৩৮
ধৃষ্টকৈতু	৮২।২৪	নারদ ১।৬৪ ; ২।২৫ ; ২।২৩ ; ১০।১৫ ;	পুলস্ত্য	৮৪।৪	
ধেহুক ২।১ ; ১৫।২২, ৩৬, ৪০ ; ৪৩।২৫ ;		২৭।২৪ ; ৩৬।১৬, ১২, ৩২।২, ৫৪ ;	পুলহ	৭২।১০	
৪৬।২৬		৫০।৪৩ ; ৫১।৫ ; ৫৫।৬, ৩৬ ; ৬৩।২ ;	পুঙ্কর	২০।৩৪	
ধৌম্য	৭৪।২	৬৮।১৩ ; ৬২।১, ১৭, ১২, ৩৭ ;	পুঙ্করেশ্বর (কৃষ্ণ)	৩১।৮	
ল		৮৪।৩, ৫৭ ; ৮৬।১৮ ; ৮৭।৪, ৫ ;	পুষ্টি	৮২।৫৬	
নকুল	৭২।১৩ ; ৭৫।৪	৮৮।১৪	পুতনা ২।১, ৬।২, ৪, ২৮, ৩১, ৩৫, ৪২,		
নগজিৎ	৫৮।৩২ ; ৮২।২৪	নারায়ণ ৬।২৪ ; ৮।১২ ; ১৪।১৩, ১৪ ;	৪৪ ; ১৪।৩৫ ; ৩০।১৫ ; ৪৩।২৫	পূর্ণ্যাম	৬১।১৪
নট	৮৪।৪৬	১৬।৩০ ; ২৬।২২, ২৩, ৪০।১ ;	পূর্ণা	৪২।১, ৬, ৭ ; ৫৮।৭ ; ৭১।৩৮ ;	
নন্দ ১।৬২ ; ২।২ ; ৩।৪৭, ৫১, ৫৩ ; ৫।১,		৪১।১৬ ; ৪৩।২৩ ; ৪৬।৩০, ৩৩ ;	২১, ২৩ ; ৭৮।১		
১১, ১৩, ১৫, ১৭, ১৮, ১৯, ২০, ৩২ ;		৫১।৪৪ ; ৫৬।৬, ৫৮।৩৮ ; ৬৩।২৩ ;	পৃথী ৪২।১, ৬, ৭ ; ৫৮।৭ ; ৭১।৩৮ ;		
৬।১, ৩১, ৪৩ ; ৭।৫, ৮, ১৫, ২৫, ৩০,		৬৪।২৭ ; ৬২।১৬, ৪৪ ; ৭৫।২৩ ;	৮২।১৭ ; ৮৪।১, ৫৭		
৩৩ ; ৮।১, ১২, ২০, ৪৬, ৫০ ; ৯।১ ;		৮৫।৫৫ ; ৮৭।৪৮, ৮৮।২৬			
১১।৬, ২১, ৫৮ ; ১৪।৩২, ৪৮ ; ১৬।১৩,		নারায়ণ (ঋষি)	৮৬।৩৫, ৮৭।৪	পৃথ্বী	৩।৩২
২২ ; ১৭।১৫, ১৭, ১৮ ; ২১।১১ ;		নারায়ণী	২।১২	পৃথ্বীগর্ভ	৩।৪১, ৬।২৫
২২।১, ৪, ৫, ১৪ ; ২৪।২, ১২, ৩১ ;		নৃপ	৬৪।১০, ১৭, ৪৩	পৈল	৭৪।৮
২৫।১, ৭, ৮, ৩০ ; ২৬।১৩, ২২, ২৪ ;		নৃসিংহ	৫২।৩৮	প্রাচ্যেয	৬১।১৫
২৮।১, ১২, ১৭ ; ৩৪।৪, ৫ ; ৩৬।১৭,		জ্ঞানপ্রোধ	৪৪।৪০, ২০।৩৪	প্রজাপতি	১।২৬
২২, ৩০, ৩১ ; ৩৮।১, ৪১, ৪৩ ;		প		প্রতিবাহ	২০।৩৮
৩২।১০, ১২, ৩৩, ৫৩ ; ৪১।৮ ; ৪৩।২৪		পঞ্চজনাভ	৫২।২৬	প্রতিভাহু	৬১।১১
৪৪।৩২ ; ৪৫।২০ ; ২৪, ২৫ ; ৪৬।৭,		পঞ্চজন	৪৫।৪০	প্রহ্ম ১৬।৪৫ ; ৪০।২১ ; ৫৫।২ ; ১৬, ১২,	
১৪, ২৭, ৪৪, ৪৭ ; ৪৭।৫০, ৫৫, ৬৩,		পতঙ্গ	৮৫।৫১	২০, ৩২ ; ৬১।২, ১৮, ২৬, ৬২।১৮ ;	
		পদ্মজ	৩১।১৩	৬৩।৩, ৭, ১৫ ; ৬৪।১ ; ৭৬।১৩, ২০,	

২৬, ২৭; ৮২৪; ৮২৩০, ৪০;	বলভদ্র	২১১৩; ৪৪২৪; ৬৫১১	বিচার	৬১৩	
২০১৩৩, ৩৫১, ৮৮৩	বলাহক (অর্থ)	৮২৪৮	বিজয়	৫৮১৩, ৬১১২	
প্রবল	৬১১৫	বলি ৩৮১১; ৪১১৪; ৪৭১৭; ৬১২৪;	বিজয়া	২১১১	
প্রভাহু	৬১১০	৬২১২; ৭২২১, ২৪	বিহুয় ৪২১, ৬, ১৫, ৫৭১২; ৭৪১০;		
প্রলম্ব	১১; ১৮১৭, ২৪, ৩০, ৩২;	বল	৭৫৬, ৮২১৩		
২০১১; ২৪১১; ৪৩৩০; ৪৬২৬;	বশিষ্ঠ	৭৪১৭, ৮৪১৪	বিনুয়	৭৮১১	
৫১৪১	বসু	৫২১২, ৬১১৩	বিন্দ	৫৮১০	
প্রহরণ	৬১১৭	বসুদেব ১১২৩, ২৪, ২৯, ৩৬, ৫৫, ৬২,	বিভংহ	৫৮১৬	
প্রহ্লাদ	৩২৫৪; ৬৩৪৭	৬৬; ২৭; ৩১০, ৪২, ৫২; ৪১৪৪,	বিভাবসু	৫২১২	
প্রাচৈতস্	৫২২৬	২৪ ২৫, ২৮; ৫২০; ৭৩৩; ৮১১,	বিভূ (কৃষ্ণ)	৭০১৮	
প্রাচ্যমি	৬১১০, ২১, ২২; ৬৩৫০	১৪; ১৬৪৫; ২৬১৭, ৩৬১৭, ১৮,	বিভূ	৮২৫৪	
প্রাপ্তি	৫০১১	৩৩; ৩২৮, ৪১৭, ২৪; ৪৩২৩,	বিন্নাট	৮২২৪	
ফ		৪৪৩২, ৩৩, ৫১; ৪৭৬২; ৪৮২৪;	বিরিঞ্চি ২২০, ৫১৩২, ৬০৪৪, ৭৪১৩		
ফাস্তন ৫৮৪, ১৮; ৭১৪৪, ৪৫; ৮২৪২,		৫০২৮; ৫৫৩৮; ৭৭২৫; ৮২৩৩;	বিরূপ	২০৩৪	
৫১		৮৪২৮, ৩০, ৪১, ৪২, ৬৮;	বিশাল	২২৩১	
খ		৮৫১১, ২৬	বিশালাক্ষ	৮২২৫	
বক ২১; ১১৪৮, ৫০; ১২১৪, ২৪;	বসুমান্	৬১১২	বিশ্বকর্মা	৫৮২৪	
৪৩৩০; ৪৬২৬	বহলাশ্ব	৮৬১৬	বিশ্পত্তি (কৃষ্ণ)	১৬১৮	
বকী	১২১৪	বহি	৬১১৬	বিশ্বামিত্র	৭৪৮, ৮৪৩
বজ্র	২০১৩৭	বাণ ২২; ৩৬৩৬; ৬২১, ২, ১২, ২৮;	বিষ্ণু ১২, ২৫, ৬৫, ৬৮, ৩৮, ২৪,		
বনমালী	৩৫২৪	৬৩৬, ৮, ১৪, ১৭, ২১, ৩০, ৩৩	৪২, ৩২, ৫১৬, ৬২২, ২২, ৮১৮,		
বরুণ	২৮২, ৩; ৭৪১৩	বাদয়্যারি (শুকদেব) ১২৪৪; ৮০৫	১০৩০, ১৩৪২, ৪৪, ২৩৪২,		
বরুথপ	২২৩১	বাম	২৫১২, ২৬২১, ৩৩৩২, ৩৫২,		
বর্ধন	৬১১৬	বামদেব	৩৬২২, ৩৮১০, ৪৫৪৪, ৫১২০,		
বল (বলদেব) ৮১২; ১১৪১, ৪২;	বামিন	৩৪২, ৪০১২	৫৬২৬, ৫৭৪২, ৫৮২০, ৫৯২৭,		
১৩৩২; ১৫২, ২৮, ৩০, ৩৪;	বার্কেয়	৪৩৪০	৬৬৪১, ৭২১২, ২৪, ২৫, ৭৪৫৪,		
১৬১৬; ১৮৮, ২৮, ৩০, ৩২;	বাসুদেব ১১৫, ১৬, ২৪; ৮১৪; ১০২২,		৭২১৮, ৩৪, ৮০৪, ৮২৩০,		
২০১৫; ২১২; ২৪১; ২৫৩৩;	৩৩, ৩৬; ১৩৩৬; ২৪৩৮; ২৬১৭;		৮৪৩৫, ৮৫৫৪, ৮৮১২, ৮৯১৪		
২৬১০, ১১; ৩৮৩২; ৩৯১০;	২৭১০; ৩৩৩৮; ৩৭১০; ৪০২১,		বিস্ময় (পরীক্ষিত) ১১৪, ৮০৫		
৪১৬, ২২; ৪২২০; ৪৩১৬, ৩২	৩০; ৪৪২১; ৪৬১৪; ৪৭২৩;		বীতিহোজ	৭৪৩	
৪০; ৪৪১৩, ১২; ৪৬১১; ৫২১৪;	৫১৪, ৪০; ৫৫১; ৫৮২৩; ৫৯২৭;		বীর	৬১১৩, ১৪	
৬১১৫, ২৭, ২৮, ২৯, ৩০, ৩৩, ৩৮	৬৪২২; ৬৬১, ২, ৫; ৭৩১৬;		বীরসেন	৭৪৩	
৩২; ৬৩৮; ৬৫২০, ৩০, ৩৩;	৭৪৪৫; ৮০৫; ৮২৫, ২২; ৮২৩০		বুদ্ধ	৪০২২	
৬৭১৪, ১৭, ২০; ৬৮১২, ২৩, ৪২;	বাহ্লীক	৬৮১০; ৮২২৫	বৃক	৬১১৬, ২০৩৩	
৭২৫, ২০, ৩৩; ৮৪৬৮	বিকর্ণ	৭৫৬	বৃকোদর ৭১৭, ৭২১৩, ২৭, ২৯, ৭২২৬		

বৃকাস্বর	৮৮।১৩, ১৪, ৩৭	ভদ্রা ৪৮।৫৬; ৬১।১৭; ৭১।৪১; ৮৩।৬	মধুপতি (শ্রীকৃষ্ণ)	২১।২, ৭৫।৩৩	
বৃজ	৬।১৩; ৭৭।৩৬	ভব ২।২৫; ৯।২০; ৩৮।৮; ৫৩।৪৫;	মধুসূদন ৩।২৯, ১৭।৭, ২৪।৩২, ৪৩।১৩,		
বৃজঙ্গ	৭২।৭	৬০।৩২; ৬৬।২২; ৭৪।১৩	৪৪।১, ৫৩।৪, ৬০।৪৭, ৬১।৪০,		
বৃষ	৬।১।১৩, ১৪	ভবানী	৫৩।৪০, ৪৫	৭৩।২	
বৃষভ	১৮।২৩, ২৪; ২২।৩১	ভয়দ্বাজ	৭৪।৭; ৮৪।৩	মধুহা	৬।২৩
বৃষাকপি	১।২০	ভাঙ্ক	৬১।১০; ৬৪।১; ৯০।৩৩	ময়ধ	৩২।২
বৃষ্টিধূম	৩১।৫	ভাঙ্কবিন্দ	৭৬।১৪	ময় ৩৭।২৮, ৪৮।২৭, ৭১।৪৪, ৭৫।৩৪,	
বৃষ্টি	১।১১; ৪৫।১৫	ভাঙ্কমান	৬১।১০	৭৬।৭, ৭৭।২৮	
বৃহৎসেন	৬।১।১৭; ৮৩।১৮	ভারত ১।৬৩; ৩।১২; ৮।৫১; ১২।১২;	ময়দানব	৫৫।২১	
বৃহত্তাঙ্গ	৬।১।১০; ৯০।৩৩	৬০।৩৩	মরীচি	৮৫।৪৭	
বৃহৎপতি	৪৬।১; ৮৪।৪; ৮৬।১৮	ভার্গব	৭৪।২	মহাংস	৬১।১৬, ৬২।৫, ৮৮।৩৮
বেগবান্	৬।১।১৩	ভাঙ্কর	৭০।১৫	মহাশক্তি	৬১।১৫
বেণ	৭৩।২০	ভীম ৪৮।৪; ৭১।৫. ২৭; ৭২।৩২, ৩৩,	মহাশন	২।১	
বেদবাহু	৯০।৩৪	৪১, ৪২, ৪৫; ৭৩।৩৪; ৭৫।৪, ৩৮;	মহেন্দ্র ২৪।২৩, ২৬।২৫, ৫০।৫৪,		
বেধাঃ	১।২১	৭২।২৩; ৮৩।২৩	৫১।২৮, ৮১।২৮		
বৈণ্য	৬০।৪১	ভীমসেন	৭২।১৬; ৭৩।৫১	মহেন্দ্রাণী	৫২।৩৮
বৈদভী (কৃষ্ণিণী)	৫৩।১, ৩১, ৩৮;	ভীম ৪২।১; ৫৭।২; ৬৮।১৭; ২৮;	মহেশ্বর	৫৩।২৫, ৬৬।২৮, ৮২।৫	
৬০।১৬, ২২, ৩২; ৭০।৩; ৮৩।৬		৭৪।১০; ৮২।২২; ২৩; ৮৪।৫৭	মাজী	৬১।১৫	
বৈদ্যাসিক	১।১৪; ১২।৪০	ভীমক	৫২।১৬; ১৮, ২১; ৮২।২৪	মাগধ	২।২
বৈদ্যপায়ন	৭৪।৮	ভূতভাবন (কৃষ্ণ)	৭২।৪৬	মাধব (অক্রুর)	৩২।৮
বৈষ্ণবী	২।১১	ভূরি	৬৮।৫; ৭৫।৬	মাধব ২।৩৩; ৬।২৫; ১১।৩৬; ১৩।২৩;	
ব্যাধ	৭২।২১	ভৃগু	১।১৪; ৮৪।৪; ৮২।২, ১২, ১৩	১৫।২; ৩০।৮; ৪১; ৩২।২৮; ৩১,	
ব্যাস	৮৪।৫৭	ভৈরবী	৬৭।১	৪২।১; ৪৮।৫; ৫৩।৫৬; ৬২।৩১;	
ব্যোম	৩৭।২৮	ভোজপতি	২।৪১; ৩৬।১৮; ৮২।২৮	৬৪।২; ৭০।৪; ৭৪।৫; ৭৮।২৩	
ব্রহ্মা ১৩।৬১; ৩০।২২; ৩৮।৮; ৩৯.৫৩;		ভোজরাজ	৪।২	মাধবী (দুর্গা)	২।১২
৭৩।২৩; ৮৫।৩২		ভোজেন্দ্র	২।১২	মাধবী (সুভদ্রা)	৮৪।১
ব্রহ্মা ১।১৭, ১৯; ২।২৫, ৪২; ৩।৩৩;		ভৌম ৫২।১, ২, ১২, ১৬, ২০, ২১, ৩২,	মাকাতা	৫১।১৪	
৪।৩৬; ৮।৪৮, ৫২; ৪০।১, ১১;		৩৩, ৮৩।৪০	মার্কণ্ডেয়	৮৪।৪	
৫২।৪৪; ৬১।৫; ৬৮।৩৭; ৬৯।১৮;			মায়া	১।২৫; ২।১২	
৮৮।১২			মায়াবতী	৫৫।৬, ১৬	
ভ		মঘবান (ইন্দ্র)	২৭।১৪, ১৫, ৭৫।৩৫	মিত্রবিন্দা	৫৮।৩১; ৬১।১৬; ৭১।৪২
ভদ্র	৬১।১৪; ৬৩।৩	মণিগ্রীব	৯।২৩; ১০।২৩	মুকুন্দ ১।২; ১০।১৮; ১২।৩২; ১৩।৬৪;	
ভদ্রকালী	২।১১; ২২।৫	মদ্র	৮২।২৫	১৪।৩৪; ১৫।৪৩; ২০।৪২; ২১।১৫;	
ভদ্রচাক্র	৬১।৮	মধু	৪৫।১৫; ৯০।৩৩	৩৩।২; ৬৫।২, ৬; ৩৮।২; ৩৯।১৮,	
ভদ্রসেন	১৮।২৪	মধুক্ষুদ্রা	৭৪।২	২০, ২৪, ২৮; ৪২।৮, ২৪; ৪৫।১৮,	
		মধুঘিট	৩৯।২১		

লক্ষী ৩২।১৪ ; ৬০।৪২ ; ৮১।১৫ ; ৮৮।১ ; ৮৯।৮, ১১	শিবপাল ৫৩।৭ ; ৫৪।১০ ; ৭৪।৪১, ৪৪ ; ৭৭।৬ ; ৭৮।১	সগর ৪১।১৫ সকর্ষণ ১।৮ ; ২।১৩ ; ৮।১২ ; ১৫।১০ ; ২০।২২ ; ২৩।২৪ ; ৩৮।৩৭ ; ৪০।২১ ; ৪১।১২, ৩২ ; ৪৫।১৭, ২০ ; ৪৭।৪২ ; ৪৮।৩৬ ; ৫০।১২, ২৭, ৪৫ ; ৫৪।৬, ৩৬ ; ৬১।৩৪ ; ৬৫।১৬ ; ৬৭।১৮ ; ৭১।১৩ ; ৭৮।২২ ; ৮৫।১, ৩ ; ৮৯।৩০, ৩২
লোকনাথ (কৃষ্ণ) ৮২।২	শুক ৭৬।১৪ ; ৮২।৬ শূর ৬১।১৭ শূরনন্দন (বহুদেব) ৪৬।১৬ শূরসেন ১।২৭ শেষ ২।৮ ; ৩।৪২ শৈব্যা (অশ্ব) ৮২।৪৮ শৈব্যা ৭১।৪২ ; ৮৩।৬ শৌদ্রি (কৃষ্ণ) ১।৫২, ৫২ ; ৩।৪৭, ৫১ ; ৫।৩২ ; ৬।১ ; ৩২।২, ৪ ; ৫৮।৪৬ ; ৬৬।১২ ; ৭১।২০ ; ৭৭।১৩, ১৫, ৩৩ ; ৮২।২৬ ; ৯০।২৪	সঞ্জয় ৮২।২৩ সত্যাক ৬১।১৭ সত্যভামা ৫৬।৪৪ ; ৫৭।৭ ; ৫৯।৪০ ; ৬১।১১ ; ৮৩।৬ সত্যা ৫৮।৩২, ৫৫ ; ৭১।৪১ সত্যজিৎ ৫৬।১, ২, ৩, ৯, ১০, ১৫, ৩৫, ৪৩ ; ৫৭।৪, ৫, ৩৭ সনক ৩২।৫৩ সনাতন ৮৬।৩ সন্তর্দন ৫৮।৫৬ ; ৭৫।৬ সবিতা ৫৮।২০ সব্যাসাচী ৭২।১৩ সরস্বতী ২।১২ সহ ৬১।১৫ সহদেব ৭২।১৩ ; ৭৩।২৫, ৩১ ; ৭৪।১৮, ২৫ ; ৭৫।৪ সহদেব (জরাসন্ধ-তনয়) ৭২।৪৬ সহস্রজিৎ ৬১।১১ সাত্তপতি (কৃষ্ণ) ৬৯।১৩ ; ৭৫।৮ সাত্যকি ৫৮।৬, ২৮ ; ৬৩।৮, ১৭ ; ৭০।১৫ ; ৭৬।১৪ ; ৭৭।৪ সান্দীপনি ৪৫।৩১ ; ৮০।৩৯ সাম ৬১।১১, ২৬ ; ৬৩।৩, ৮ ; ৬৪।১ ; ৬৮।১, ৬, ৪৩ ; ৭৫।২২ ; ৭৬।১৪ ; ৭৭।৪ ; ৮২।৬ ; ৯০।৩৩ সাম্বর্তক ২৫।২ সারণ ৬৩।৩ ; ৭৬।১৪ ; ৮২।৬
শক্র (ইন্দ্র) ২৭।১, ১৭, ২৮ ; ৩৫।১৫ ; ৬৮।৩৪	শ্রবণ (মুরপুত্র) ৫২।১২ শ্রিয়ঃপতি ৫৮।৪৪ শ্রী (কল্লিণী) ৬০।১০ শ্রী (লক্ষী) ৩।৫০ ; ৬।৬ ; ৯।২০ ; ১৫।৮ ; ১৬।৩৬ ; ২৩।৪৭ ; ২৯।৩৭, ৩২ ; ৩১।৫, ৭, ৯, ১৭ ; ৩৮।৮, ১৪ ; ৩৯।২৫ ; ৪২।২৪ ; ৪৭।২০, ৪৮, ৫০, ৬২ ; ৫৮।৩৭ ; ৬৮।৩৬, ৩৭ ; ৮১।২৫ ; ৮২।২৬ ; ৮৩।৮, ১২, ৪২ ; ৮৯।৫৬	
শঙ্কর ৬২।১ ; ৬৩।৭, ৫৩	শ্রীদাম ১৮।২৩, ২৪ ; ২২।৩১ শ্রীদামা (গোপাল) ১৫।২০ শ্রীনিবাস ৮০।২৬ শ্রীপতি ৮০।২ শ্রীভানু ৬১।১১ শ্রীপ ৬৮।৩৬ শ্রুত ৬১।১৪ শ্রুতকীর্তি ৫৮।৫৬ শ্রুতদেব ৮৬।২৪, ২৫, ৩৮, ৪৩ ; ৯০।৩৪	
শঙ্কু ৬১।১৩		
শঙ্খ ৩৭।১৬		
শঙ্খচক্রগদাধর ৫৬।৬		
শঙ্খচূড় ৩৪।২৫, ৩২		
শতজিৎ ৬১।১১		
শতধরা ৫৭।৩, ১০, ১৮, ২৭		
শতসেন ৯০।৩৮		
শতানন্দ ৮৪।৩		
শযর ৩৬।৩৬ ; ৫৫।৩, ৫, ৮, ১২, ১৩, ১৭, ২৪, ৩৬		
শঙ্খ ৪।৩৬ ; ৬২।২ ; ৮৮.২৩, ৩৪		
শর্ব (শিব) ৩৫।১৫ ; ৭১।৮		
শল ৩৬।২১ ; ৪২।৩৭ ; ৪৪।২৭, ২৮ ; ৬৮।৫		
শল্য ৮২।২৪		
শান্তসেন ৯০।৩৮		
শান্তি ৬১।১৪		
শারদা ২।১২		
শাকর্ষবা ৫৫।৫৩ ; ৫৯।১		
শাষ ৫২।১৭ ; ৫৩।১৭ ; ৬০।১৮ ; ৭৬।২, ৩, ৫, ৭-৯, ১৬, ১৮, ১৯, ২৩- ২৫ ; ৭৭।৫, ৯, ১০, ১২, ১৫, ২০-২২, ২৪, ২৮, ৩৩-৩৫ ; ৭৮।১, ১৩		
শিব ৪০।৮ ; ৭৯।১২ ; ৮৮।১, ৩, ১২, ২৩, ৩৭		
শিবি ৭২।২১		

সিংহ	৬১।১৫	কল	৬৩।১৫	হিরণ্যগর্ভ	৭১।৮
সুগ্রীব (অথ)	৬৭।২ ; ৮২।৪৮	শোককৃষ্ণ	১৫।২০ ; ২২।৩১	স্বীকেশ ২।২৪; ৬।২৪; ১৪।৪৬; ১৬।৪৭	
সুচন্দ্র	৮২।৬	স্বভূব (ব্রহ্মা)	১৪।৪২	২৮।৪; ২৯।১৩; ৩৪।১০; ৪০।৩০ ;	
সুচারু	৬১।৮	স্বর্ভাষু	৬১।১০	৪১।৩; ৫০।১২; ৬৩।২৪; ৬৪।২৭ ;	
সুদক্ষিণ	৬৬।২৭, ২৮, ৪০	স্মর	৮৫।৫১	৬৯।৩৭; ৭১।২৪; ৭৪।২৬	
সুভপা	৩।৩২	হ		হৈহয়	৭৩।২০
সুদর্শন	৩৪।১২, ১৮	হরি	১।১৩, ২৪, ২৮; ২।২০, ২৩, ৩৮,	স্থানসূচী	
সুদামা	৪১।৪৩, ৪২	৩।১১, ৪৬ ; ৪।৩৬, ৪১ ; ৫।১৮ ;		অধিকাবন	৩৪।১
সুদেয়	৬১।৮	৬।১, ২০, ৩৫, ৭।১, ২ ; ৮।৩৬,		অর্ণ	৮৬।২০
সুন্দ	৩৪।৪ ; ৩৯।৫৩ ; ৮২।৫৬	৪৫, ৪৬, ৪২ ; ৯।৪, ১২ ; ১০।২৪ ;		অগ্রেয়ী	৮২।৪৩
সুন্দন	২০।৩৪	১১।২৪, ৪২ ; ১২।১, ২৮, ৩৭, ৪১,		আনর্ভ	৮৬।২০
সুপর্ণ (গরুড়) ১৬.৬৩; ১৭।১, ৩, ৬, ৮;		৪২ ; ১৩।২৫, ৪০ ; ১৪।৪২; ১৬।২৪,		ইন্দ্রপ্রস্থ	৫৮।১; ৭৩।৩৩; ৭৬।৬
৫৮।৫৭ ; ৫৯।১৭		৫৫; ১২।৮, ১১ ; ২০।১৩, ২৫, ৪৮;		ঋষভপর্বত	৭২।১৫
সুবল	১৫।২০ ; ২২।৩১	২৪।১৪, ৩৩ ; ২৭।২৪ ; ২৮।১৪ ;		ঐন্দ্রী (ইন্দ্রলোক)	৮২।৪৩
সুবাহু	৬১।১৪ ; ২০।৩৮	২৯।১৫ ; ৩০।২৮ ; ৩৫।১১ ; ৩৬।৮,		কক	৮৬।২০
সুভদ্র	৬১।১৭	১৪ ; ৩৮।৭, ২৭ ; ৪৩।১৪, ২৩ ;		কলাপগ্রাম	৮৭।৭
সুভাহু	৬১।১০	৪৪।১৭, ২২ ; ৪৫।১০ ; ৪৬।২, ৪২ ;		কাঞ্চীনগরী	৭২।১৪
সুমতি	৭৪।৮	৪৭।৬৩ ; ৪৮।২৮, ৩৬ ; ৫০।৬, ১৬,		কাষকোক্ষী	৭২।১৪
সুমন্ত	৭৪।৭	২১, ২২, ৪৪, ৫৬, ৫৭ ; ৫৮।৭, ৫৫ ;		কালিন্দী	২২।২, ৬; ২৮।১ ; ৩০।৪৪ ;
সুমিত্র	৬১।১১	৫২।৪ ; ৫৩।২২, ৫৪ ; ৫৯।২, ১৭,		৩২।১১ ; ৩৯।৩৮, ৪০ ; ৫৮।৫২	
সুযোধন	৫৭।২৬ ; ৬৮।৫ ; ৭৫।৪, ৪০	২১, ৩৩ ; ৬০।২, ৫২ ; ৬১।১৮, ২৫,		কানী	৬৬।১০
সুরভি	২৭।১, ২২	৩২ ; ৬২।১ ; ৬৬।১২, ১৫, ১৬,		কালীপুরী	৩৭।১২
সুরেন্দ্র	৫২।৩৮	২৩ ; ৬৭।৪ ; ৬৯।৭, ৪৫ ; ৭১।২১ ;		কুণ্ডিন	৫৩।৭, ১৫, ২১
সুরেশ	৩৯।৫৩	৭২।১৫, ৪০ ; ৭৩।৬, ১৬ ; ৭৫।২৭ ;		কুন্তি	৮৬।২০
সুশর্মা	৮২।২৫	৭৭।৩৬ ; ৭৯।১৪, ১৫ ; ৮০।১৭ ;		কুরু	২।৩ ; ৮৬।২০
সুত	৭৬।২৭, ৩২ ; ৭৭।৩	৮১।১, ৩২ ; ৮৩।৪১ ; ৮৪।১, ৪১ ;		কুলাচল	৭২।১৬
সূর্য ১।১ ; ৪০।১৩ ; ৫১।২৮ ; ৫৬।৩, ৫ ;		৮৭।৫০ ; ৮৮।১, ৫, ৪০ ; ৯০।৪৪, ৪৫		কুশস্থলী	৭৫।২৩
৫৯।১৫ ; ৮২।১ ; ৮৪।১২ ; ৮৬।১২		হরিশ্চন্দ্র	৭২।২১	কৃতমালা	৭৩।১৬
সূর্য।	৬১।৪০	হয়শীর্ষ	৪০।১৭	কৃষ্ণা	৩২।১২ ; ৩৩।২৪
সীতাপতি	৮৩।১০	হয়ান্ত্র (হয়গ্রীব)	৬।২২	কেকয়	২।৩ ; ৮৬।২০
সোম	১।১, ৫১।২৮	হর্ষ	৬১।১৬	কেয়ল	৭২।১২
সোমক	৬১।১৪	হলধর	৬।২৩ ; ১৮।২৭	কৈলাস	১০।২ ; ৮২।৫
সৌভ	৭৮।১৩	হলায়ুধ ৪৫।৪৩ ; ৬১।২২ ; ৬৮।৫৩ ; ৭২।১৬		কোশল	২।৩ ; ৮৬।২০
সৌভপতি	৭৬।১, ১৭, ৭৭।৪	হার্দিক্য	৭৫।৬ ; ৭৬।১৪	খাণ্ডবপ্রস্থ	৭৩।৩২
দৌভরি	১৭।২, ১০	হিরণ্যকশিপু	৮৫।৪৮	খাণ্ডববন	৭১।৪৪

গঙ্গানাগরসঙ্ঘ	৭২।১১	পকাল্লরস্	৭২।১৮	ব্রহ্মতীর্থ	৭৮।১২	
গঙ্গা	৭২।১১	পকাল	২।৩ ; ৭১।২২	ব্রহ্মহৃদ	২৮।১৬	
গিরিজোপি	৭৩।১	পম্পা	৭২।১২	ভীষ্মবধী	৭২।১২	
গিরিব্রহ্ম	৭০।২৪ ; ৭২।১৬	পম্বোকী	৭২।২০	অগধ	৭২।৪৬	
গোকর্ণ	৭২।১২	পাকাল	৮৬।২০	মৎস্ত	৮৬।২০	
গোকুল ৫।৩১, ৩২ ; ৭২।১ ; ৮।১৪, ২১, ২৬ ; ১১।২৩ ; ১৩।৪১ ; ১৪।৩৪ ; ১৬।১৫ ; ২৪।৮, ১৩ ; ৩৬।৫ ; ৩৭।৩৩ ; ৩৮।১, ২৪ ; ৪৩।২৪, ২৭ ; ৪৬।৫, ৭ ; ৪৭।৫২, ৪৪		পুলহাজ্জম	৭২।১০	মৎস্তদেশ	৭১।২২	
গোলোক	২৭।১ ; ৩৭।২	পৃথ্বীক	৭৮।১২	মথুরা ১।২৭, ২৮ ; ৫।১২ ; ৬।৩১ ; ৪।১৬, ১১, ১২ ; ৪৭।৬৮ ; ৪৮।৪ ; ৫০।৪৪ ; ৭২।৩১ ; ৮৪।৬২		
চক্রতীর্থ	৭৮।১২	প্রভাস ৪৫।৩৭, ৩৮ ; ৭৮।১৮ ; ৭২।২১				
অনলোক	৮৬।৮, ৯	প্রয়াগ	৭২।১০			
জাম্বল	৮৬।২০	প্রাচী সরস্বতী	৭৮।১২	মধু	৮৬।২০	
ভাপী	৭২।২০	কাক্ষন (অনন্তপুর)	৭২।১৮	মধুপুরী ৩৮।১ ; ৩৯।১২ ; ৪৬।৪৮		
ভাষপর্ণী	৭২।১৬	বদর্বাশ্রম	৫২।৪	মহুতীর্থ	৭২।২১	
ভ্রিগত	৭২।১২	বাঘবী	৮২।৪৬	মলয়পর্বত	৭২।১৬	
ভিতকূপ	৭৮।১২	বারাণসী	৬৬।৪০, ৪১, ৪২	মহেন্দ্রপর্বত	৭২।১২	
জক্ষিণ মথুরা	৭২।১৫	বাকগী	৮২।৪৩	মাহিমতী	৭২।২১	
জঙ্ঘাকরণ্য	৭২।২০	বিমর্ভ	২।৩ ; ৫২।২১ ; ৫৩।৬, ১৬	মিথিলা	৫৭।২৪, ২৬	
হারকা ৩৭।১৭, ২০ ; ৫২।৫, ২৭ ; ৫৬।৪ ; ৫৭।২৭, ২৯, ৩০ ; ৫৮।২৮, ৫৫ ; ৬২।২০ ; ৬৬।৩, ৪, ২৩, ৩৪ ; ৮০।১৫ ; ৮৬।৩ ; ৯০।১		বিদেহ	২।৩ ; ৮৬।২১	মহুপুর	৩৬।৩৭	
হারাবতী ৫২।৩৬ ; ৬২।৩ ; ৭৬।৮ ; ৭৭।৭ ; ৭৯।২২ ; ৮০।১১ ; ৮২।১ ; ৮৪।৭০ ; ৮৫।৫২ ; ৮৬।৫২ ; ৮৯।২১		বিন্দুসর	৭৮।১২	যমুনোপবন	৬৫।১৮	
হ্রবিড়	৭২।১৩	বিশালা	৭৮।১২	যমুনা ১১।৩৬, ৪১ ; ২২।৩৬ ; ২৩।২১ ; ২৬।১২ ; ৩০।২		
হ্রষ	৮৬।২০	বৃন্দাবন ১১।২৮, ৩৫, ৩৬ ; ১২।৩৬ ; ১৩।৫২ ; ১৫।১, ২ ; ১৮।৩ ; ২১।১০, ২০, ২২।২২ ; ৩০।২৪ ; ৪৬।১৮ ; ৪৭।৪৩, ৬১		রমণক (দ্বীপ)	১৬।৬৩ ; ১৭।১	
অনঙ্গোকুল	২।৭ ; ৬।৪	বেকট পর্বত	৭২।১৩	রসাতল	৮২।৪৩	
অনঙ্গব্রজ	৩৬।২২, ৩০	বেণা	৭২।১২	ঈক্ষপ্রস্থ	৭১।২২ ; ৭২।১৩	
নাকপৃষ্ঠ	৮২।৪৩	বৈকুণ্ঠ	৩৬।৩১ ; ৮২।৭, ১২	শাল	২।৩	
নারায়ণাশ্রম	১০।২৩ ; ৮৭।৫	ব্রজ ১।২, ১০, ৬২ ; ২।৭ ; ৫।৬, ১৩, ১৮ ; ৬।৩১, ৪১ ; ৭।১৮ ; ৮।১, ৩২, ৫০, ৫২ ; ১১।২, ২১, ২৭, ৫৩, ৫২ ; ১২।১, ৩৭ ; ১৩।২০ ; ১৪।৪৬, ৪৮, ৬১ ; ১৫।১, ৪১, ৪৬ ; ১৬।১২, ২১ ; ১৭।২১ ; ১৮।১, ২ ; ২০।২, ৩২ ; ২২।১৪, ২০, ২৭, ২৮ ; ২৩।৫২ ; ২৪।৩৮ ; ২৫।৭ ; ২৭।১ ; ২৯।১৮, ১২, ৩৪, ৪১ ; ৩১।১, ১১ ; ৩৩।১৬, ১৭ ; ৩৪।১২ ; ৩৭।২৫ ; ৩৮।১৩, ২৮, ৩০ ; ৩৯।১৩, ৩০ ; ৪৪।১৬ ; ৪৫।২৩, ২৫ ; ৪৬।৩, ৮, ১৮, ৩৪ ; ৪৭।৩৭, ৩৮, ৫৫, ৬৩		শূর্পারক	৭২।২০	
নিবিদ্ধা	৭২।২০			শোণিতপুর	৬৩।২	
নিষধ	২।৩			শ্বেতদ্বীপ	৬২।৪ ; ৮৭।১০	
নৃগ	৩৭।১৭			শ্রীশৈল	৭২।১৩	
নৈমিষ	৭৮।২০ ; ৭৯।৩০			শ্রীরঙ্গ	৭২।১৪	
নৈঋতী	৮২।৪৩			সপ্তগোদাবরী	৭২।১২	
				সামুদ্র সেতু (সেতুবন্ধন)	৭২।১৫	
				সরস্বতী	৩৪।২, ৪	
				মুত্তল	৮৫।৩৪	
				মুদর্শন	৭৮।১২	
				সৌমী	৮২।৪৬	
				সমস্তপঞ্চকক্ষেত্র	৮২।২	
				ছত্তিনাপুর	৪২।১ ; ৬৮।১৫	

শ্রীশ্রীগুরু-গৌরାঙ্গী জୟন্তঃ

শ্রীমদ্ভাগবতম্

দশমঃ স্কন্ধঃ

প্রথমোহধ্যায়ঃ

শ্রীগৌড়ীয়-ভাষ্য ।

প্রথম অধ্যায়ের কথাসার ।

প্রথম অধ্যায়ে দেবকী-স্বত হইতে স্বীয় মৃত্যুর সম্ভাবনা শ্রবণ করিয়া ভীতচিত্ত কংসকর্তৃক দেবকীর শিশুঘটকের বিনাশ ।

শ্রীশুকদেব চন্দ্র-সূর্য-বংশের বিস্তৃত বিবরণ এবং যদু-বংশ-পরম্পরা বর্ণন করিলে পরীক্ষিতমহারাজ শ্রীশুকদেব গোস্বামীকে বলদেবের সহিত যদুবংশে অবতীর্ণ শ্রীকৃষ্ণের ভৌমলীলা আত্মপূর্বিক কীর্তন করিবার জন্ত প্রার্থনা জ্ঞাপন করিয়া বলিলেন যে, শ্রীকৃষ্ণকীর্তন মুক্তকুলের উপাশ্রয় ; উহা সাধা ও সাধন । পশুঘাতী ব্যাধ ও আত্মঘাতী অপরাধী ব্যক্তি বতীত আর কোনও বুদ্ধিমান ব্যক্তিই কৃষ্ণকীর্তন হইতে বিরত হন না । শ্রীকৃষ্ণই পাণ্ডুবংশের একমাত্র গতিস্বরূপ কুলদেবতা । তিনি উত্তরার গর্ভে অচিন্ত্য-শক্তিবলে প্রবিষ্ট হইয়া সূদর্শনচক্রদ্বারা অশ্বখামার ব্রহ্মারূপ হইতে পরীক্ষিতকে রক্ষা করিয়াছেন । শ্রীপরীক্ষিত আরও জিজ্ঞাসা করিলেন—(১) রোহিণীর নিত্যপুত্র বলদেব আবায় কিরূপে দেবকীর গর্ভে প্রকটিত হইলেন, (২) কৃষ্ণ কি জন্মই বা মথুরা হইতে ব্রজে গমন করিলেন, (৩) জ্ঞাতিগণের সহিত কোথায় অবস্থান করিয়াছিলেন, (৪) ব্রজে ও মথুরায় কি কি লীলা করিয়াছিলেন, (৫) কি কারণে কংসকে বধ

করিলেন, (৬) দ্বারকায় কত বৎসর বাস করিয়াছিলেন, (৭) শ্রীকৃষ্ণের কত সংখ্যক মহিষী ছিল ? পরীক্ষিত এই সকল প্রশ্ন এবং এতদ্ভিন্ন কৃষ্ণলীলা-বিষয়ে যদি অশ্রু কিছু জ্ঞাতব্য থাকে, সমস্তই বিস্তারিতভাবে শ্রীশুকদেবের নিকট হইতে শ্রবণ করিবার ইচ্ছা জানাইয়া বলিলেন যে, শ্রীশুকমুখবিগলিত কৃষ্ণলীলামৃত পান করিয়া তিনি ক্ষুধাতৃষ্ণা বিস্মৃত হইয়াছেন । শ্রীশুকদেব শ্রদ্ধাধান পরীক্ষিতকে হরিকথা বলিতে উদ্যত হইয়া বলিলেন যে, গঙ্গা-যেরূপ ত্রিভুবনকে পবিত্র করেন, হরিকথাও তদ্রূপ বক্তা, প্রশ্নকর্তা ও শ্রোতা—এই ত্রিবিধ ব্যক্তিকেই পবিত্র করিয়া থাকেন । দৈত্যগণের সেনাভারে পৃথ্বী আক্রান্ত হইয়া গোরূপ ধারণপূর্বক ব্রহ্মার শরণাপন্ন হইলেন । ব্রহ্মা পৃথ্বীর দুঃখে দুঃখিত হইয়া মহাদেবপ্রমুখ দেবগণ ও গোরূপিণী পৃথ্বীকে লইয়া ক্ষীরসাগরের তীরে গমনপূর্বক পুরুষসূক্তদ্বারা ক্ষীরোদশায়ী অনিরুদ্ধ মহাবিশ্বুর আরাধনা করিলেন । ব্রহ্মা সমাধিমধ্যে মহাবিশ্বুর আদেশ জানিতে পারিয়া সকলকে আহ্বানপূর্বক জানাইলেন যে, শীঘ্রই ভগবান্ ভূভারহরণের জন্ত প্রপঞ্চে অবতীর্ণ হইবেন । দেবতাগণ ভগবৎশব্দভূত পার্শদগণের সহিত যদু ও পাণ্ডব-কুলে পুত্রপৌত্রাদিরূপে এবং দেবপত্নীগণ হরিতোষণের জন্ত অবতীর্ণ হউন । শ্রীকৃষ্ণের সেবার ইচ্ছায় অনন্তদেব অগ্রেই আবির্ভূত হইবেন । কৃষ্ণশক্তি যোগমায়া স্বাংশভূতা

বহিরঙ্গা মাধার সহিত কাৰ্ধার্থে প্রাজ্জ্বলিত হইবেন। ত্রক্ষা মহাবিক্রম এই সকল আদেশবাক্য জ্ঞাপন করিয়া ত্রক্ষলোকে গমন করিলেন।

একদা বহুরাজগণের রাজধানী মথুরায় বহুদেব দেবকীকে বিবাহ করিয়া রথে আরোহণপূর্বক গৃহে গমন করিতে- ছিলেন। তদ্রী দেবকীর সন্তোষার্থ কংস সারথ্য গ্রহণ করিয়াছিল, এমন সময়ে পথিমধ্যে কংসকে সম্বোধন করিয়া আকাশবাণী হইল যে, দেবকীর অষ্টমগর্ভজাত সন্তান হইতে কংসের বিনাশ ঘটবে। এই কথা শুনিবামাত্র কংস দেবকীকে হত্যা করিতে উত্তত হইলে বহুদেব নানাবিধ সাম ও ভেদ-বাক্যে কংসকে সান্ত্বনা দিয়া বলিতে লাগিলেন যে, তাহার জ্ঞান গুণবানের জীবন শোভনীয় নহে। বিশেষতঃ দেহধারীর মৃত্যু অনিবার্য। জীব কর্মবশে দেহান্তর প্রাপ্ত হইয়া পূর্বদেহ পরিত্যাগ করে, দ্বিতীয়াভিনিবেশ-বশতঃ দেহ ও মনে আত্মবুদ্ধি করিয়া থাকে এবং দেহ ও চিদাভাস মনের ধর্ম আত্মাতে আরোপ করে। পরজোহি-ব্যক্তির ইহ ও পর উভয় লোকেই ভয় বর্তমান। এই সকল সাম ও ভেদবাক্যেও যখন কংস তাহার পাপসঙ্কর হইতে নিরস্ত হইল না, বিচক্ষণ বহুদেব মনে মনে বিচার করিয়া উপস্থিত বিপদ হইতে পরিত্রাণ পাইবার জন্য একটা উপায় উদ্ভাবন করিলেন। তিনি দেবকীর গর্ভজাত সন্তানগুলিকে প্রসূত হইবামাত্রই কংসের হস্তে সমর্পণ করিবেন বলিয়া কংস সমীপে প্রতিজ্ঞা করিলেন। কংস ইহাতে শান্ত হইল। উপযুক্তকালে দেবকী পুত্র প্রসব করিলে বহুদেব নবজাত প্রথম পুত্রটিকে কংসের হস্তে সমর্পণ করিতে প্রস্তুত হইয়া-ছেন দেখিয়া কংস বহুদেবের সমত্বদর্শনে আশ্চর্যান্বিত হইয়া বহুদেবকে সেই পুত্রটী প্রত্যর্পণপূর্বক বলিল যে, যখন অষ্টমগর্ভজাত পুত্র হইতেই তাহার প্রাণভীতির সম্ভাবনা, তখন বহুদেব প্রথম পুত্রটিকে ফিরাইয়া লইতে পারেন। এদিকে নারদ কংসের নিকটে আসিয়া ব্রজবাসী ও বৃষ্ণি-বংশীয়গণের স্বরূপ প্রকাশ করিয়া দিলেন এবং কংসাদি দৈত্যগণের সংহারের জন্য যে বিধাতাকর্তৃক উদ্দেশ্য হই-তেছে তাহাও ব্যক্ত করিলেন। নারদের কথা শুনিয়া কংস যাদবদিগকে, দেবতা ও দেবকীর গর্ভসমুত সন্তানসমূহকেই

স্বীয় মৃত্যু-কারণ বিষ্ণু ভাবিয়া দেবকী ও বহুদেবকে কারা-গারে শৃঙ্খলাবদ্ধ করিয়া রাখিলেন এবং দেবকীর এক একটা করিয়া পুত্র আবির্ভূত হইবামাত্রই কংস ছয় বৎসরে ছয়টা পুত্র বিনাশ করিল। নারদ কংসকে বলিয়া গিয়াছিলেন যে, জন্মান্তরে কংস এই পৃথিবীতে কালনেমি অশুর-নামে উৎপন্ন হইলে বিষ্ণু তাহাকে সংহার করিয়াছিলেন। এই কথা জানিতে পারিয়া কংস যাদবগণের সহিত বিরোধ করিতে লাগিল। এমন কি—যদু, ভোজ ও অন্ধকদিগের অধিপতি নিজ পিতা উগ্রসেনকে পশুস্ত কারাগারে আবদ্ধ রাখিয়া একাকী রাজ্য ভোগ করিতে ত্রতী হইল।

শ্রীকৃষ্ণের ত্রিবিধ লীলা—(১) ব্রজলীলা, (২) মাথুরলীলা এবং (৩) দ্বারকালীলা। দশম স্কন্ধে নবতি (২০) অধ্যায়ে সমগ্র ব্রজলীলা কীতিত হইয়াছে। তন্মধ্যে প্রথম (১-৪) অধ্যায়ে ব্রজার প্রার্থনায় ভূভারহরণার্থ শ্রীহরির ভ্রমলীলা, পঞ্চম অধ্যায় হইতে উনচত্বারিংশ (১-৩২) অধ্যায় পর্যন্ত ব্রজলীলা, চত্বারিংশ (৪০শ) অধ্যায়ে যমুনা-সলিল-মধ্যে অক্রুরকর্তৃক শ্রীকৃষ্ণের স্তব, একচত্বারিংশ অধ্যায় হইতে এক পঞ্চাশতম (৪১-৪১) অধ্যায় পর্যন্ত একাদশ অধ্যায়ে মাথুর লীলা এবং দ্বিপঞ্চাশতম অধ্যায় হইতে নবতিতম (৫২-২০) অধ্যায় পর্যন্ত উনচত্বারিংশ (৩২) অধ্যায়ে দ্বারকালীলা কীতিত হইয়াছে।

উনত্রিংশ অধ্যায় হইতে ত্র্যস্ত্রিংশ (২২-৩৩) অধ্যায়ে পর্যন্ত পঞ্চ অধ্যায়ে শ্রীরাসলীলা কীতিত হইয়াছে। এইজন্য ইহাকে রাসপঞ্চাধ্যায় বলিয়া থাকে। সপ্তচত্বারিংশ (৪৭শ) অধ্যায় 'অমরগীতা'-নামে উক্ত হয়।

শ্রীরাজোবাচ।

কথিতো বংশবিস্তারো ভবতা সোমসূর্যয়োঃ।

রাজ্ঞাঞ্চোভয়বংশানাম্ চরিতং পরমাদৃতম্ ॥ ১ ॥

অন্থয়। রাজা (পরীক্ষিৎ) (শুকদেবম্) উবাচ (কথয়ামাস) ভবতাঃ (শুকেন) সোমসূর্যয়োঃ (চন্দ্রভাস্করয়োঃ) বংশবিস্তারঃ (পুত্রাণ্ডধনুক্রমঃ) কথিতঃ (বণিতঃ) উভয়-বংশানাম্ (সোমসূর্য্যধনুক্রমানাম্) রাজ্ঞাং (পৃথ্বীপতীনাম্) পরমাদৃতং (অতীববিস্ময়াবহং) চরিতং (দিগ্বিজয়াদি চরিত্রং) চ (বণিতম্)। ১।

অনুবাদ । মহারাজ পরীক্ষিৎ শ্রীশুকদেব গোশ্বামীকে বলিলেন,—ভগবন্! আপনি চন্দ্র ও সূর্য্যবংশের পুত্রাদি অশস্তনক্রম এবং উভয়বংশীয় নৃপতিগণের অতীব বিস্ময়াবহ দিগ্বিজয়াদি চরিত্রও কীর্তন করিয়াছেন ॥ ১ ॥

বিশ্বনাথ । বাচয়িতব্যোষধেষু বক্তৃকংসাহং বর্ধয়িতুং তদ্বক্তৃমভিনন্দতি কথিত ইতি ব্রহ্মপ্রপৌত্রাৎ সূর্য্যং ব্রহ্মপৌত্রজেন ব্রহ্মাংশজেন মনোহরিষ্ঠাতজেন স্বয়ং ভগবদঙ্গী-কৃতবংশতাকজেন চ সোমস্তাভাহিতত্যাং পূর্বনিপাতঃ । স্বায়ত্ত্ববমনো স্তম্ভস্থানাক্ষ পরমাদ্বুতচরিত্রাণাং চতুর্থাংশি কথিতোহপি তস্য বংশো ন পর্য্যবাসানমধুরঃ । সোম-স্বয়ম্বোর্বংশস্ত শ্রীকৃষ্ণরামচরিত্রাভিমত্যাং পর্য্যবাসানমধুর ইতি তয়োক্তং কর্ণেণোল্লেখঃ ॥ ১ ॥

যদোচ্চ ধর্মশীলস্য নিতরাং মুনিসত্তম ।

তত্রাংশেনাবতীর্ণস্য বিষ্ণোর্বীর্ষাণি শংস নঃ ॥ ২ ॥

অন্বয় । হে মুনিসত্তম (যতিরটি শুক) নিতরাং (অতিশয়েন) ধর্মশীলস্য (সদ্ধর্মপরস্য) যদোঃ (অন্বয়ঃ বর্ণিতঃ) তত্র যদোর্বংশে) অংশেন (বলদেবেন সহ) অব-তীর্ণস্য (প্রপঞ্চে প্রকটিতস্য) বিষ্ণোঃ (ভগবতঃ হরেঃ) বীর্ষাণি (বিক্রমপরাণি (লীলাদৌনি) নঃ (অশ্বান্ শ্রোতৃন্) শংসঃ (পর্ণয়ঃ) ॥ ২ ॥

অনুবাদ । হে যতীশ্বর! আপনি অতিশয় সদ্ধর্ম পরায়ণ যত্নর বংশও বর্ণন করিয়াছেন; এক্ষণে সেই যদুবংশে বলদেবের সহিত প্রপঞ্চে অবতীর্ণ ভগবান্ বিষ্ণুর বিক্রমপর লীলাদি আমাদের নিকট বর্ণন করুন ॥ ২ ॥

বিশ্বনাথ । যদোচ্চরিতং কথিতং তস্য পিত্রাজ্ঞা-লজ্জিষ্যেহপি শুদ্ধভক্তিমত্যাং নিতরাং ধর্মশীলত্বং নবমে ব্যাখ্যাতমেকাদশে ব্যাখ্যাস্ততে চ । মুনিসত্তমেতি মুনিভ্যাং সর্বজ্ঞত্বং ভক্তগুণভ্যাং ভক্তাং কর্ণস্থাপকভমিত্যভয়ং ত্রয়োব দৃষ্টমিতি ভাবঃ । তত্রাবতীর্ণস্য বীর্ষাণি কথয় । কস্য অংশেন বিষ্ণোর্বঃ খরংশেন বৈষ্ণোঁ বিষ্ণুর্ভবতি যষ্টৈকাংশো বিষ্ণু-স্তস্য পূর্বশ্চেত্যর্থঃ । যদা । অংশেন শংস । সামন্ত্যেন বক্তুং ন কস্যাপি শক্তিরিতি ভাবঃ ॥ ২ ॥

অবতীর্ণ যদোর্বংশে ভগবান্ ভূতভাবনঃ ।

কৃতবান্ যানি বিশ্বাত্মা তানি নো বদ বিস্তরাং ॥ ৩ ॥

অন্বয় । ভূতভাবনঃ (প্রাণিপোষকঃ) বিশ্বাত্মা (অন্ত-র্ধামী) ভগবান্ (কৃষ্ণঃ) যদোর্বংশে (বাদবকুলে) অবতীর্ণ (অপ্রাকট্যাং বিধায়) যানি (লীলাদৌনি) কৃতবান্ (প্রকা-শয়ামাস) তানি (লীলাচরিতানি) ন (অশ্বান্ পরীক্ষিদ্-দৌন্ শ্রোতৃন্) বিস্তরাং (অনুপূর্বশঃ) বদ (কথয়) ॥ ৩ ॥

অনুবাদ । ভূতভাবন বিশ্বাত্মা ভগবান্ শ্রীকৃষ্ণ যাদব-কুলে অবতীর্ণ হইয়া যে যে লীলা প্রকাশ করিয়াছিলেন, তত্তলীলা চরিত্রাবলী আমরাগের নিকট আনুপূর্বিক বর্ণন করুন ॥ ৩ ॥

বিশ্বনাথ । জাতো গতঃ পিতৃগৃহাদব্রজমেবিতার্থ ইত্যাদিনা অংশেনোক্তাগ্বেব সত্যং সামন্ত্যেন তদ্বীর্ষাণি সংক্ষিপ্তীকৃত্যপি বক্তৃমশক্যাগ্বেব । অত্র অংশেন বাহ্যক্যানি তাত্ত্বপি সংক্ষিপ্তীকৃত্য শ্লোকাভ্যামুক্তান্ততো বহুভিঃ শ্লোকৈক-ত্যাগ্বেব বিস্তৃতীকৃত্য ব্রহ্মীত্যাহ অবতীর্ণেতি । ভূতানি ভাববন্তি প্রেমবন্তি করোতীতি প্রয়োজনমুক্তং নৃলোকং রময়ামাস মৃত্যা সর্বাঙ্গরমায়োতি । অবিতৃপ্তদৃশাং নৃণামিতি স্বমৃত্যা লোকলাবণ্যানিমুক্ত্যেত্যাদিভ্যাস্তথৈবাবগমাৎ । যতো বিশ্বাত্মা দেহজীবাভ্যাং সকাশাদপি পরমাত্মা প্রেমাস্পদী ভবিতুমর্হতোবেতি ব্রহ্মস্বান্তে ব্যক্তী ভবিষ্যতি । বিস্তরাং অশ্বাদাদিমন্দবুদ্ধিস্বগম্যার্থং বিস্তারং শব্দবাহুলাং প্রাপণ্যো-তার্থঃ । বিস্তরো বিগ্রহো ব্যাসঃ স চ শব্দস্ত বিস্তর ইত্যমরঃ ॥ ৩ ॥

নিবৃত্ততর্ষৈরুপগীয়মানাদ্-

ভবৌষধাচ্ছ্রুত্মনোহভিরামাং ।

ক উত্তমঃশ্লোকগুণানুবাদাং

পুমান্ বিরজ্যোত বিনা পশুগ্নাং ॥ ৪ ॥

অন্বয় । পশুগ্নাং (ব্যাধাং, অপশুগ্ন-পঞ্চে অপগতা শুগ্, যন্ত্যাং তমাত্মানং হস্তি ইতি তন্ত্যাং) বিনা (ঋতে) কঃ পুমান্ (বুদ্ধিমান্) নিবৃত্ততর্ষৈঃ (কৃষ্ণেতরবিষয়পিপাসা-রহিতৈঃ) উপগীয়মানাং (সংকীর্তমানাং) ভবৌষধাং

(সংসারনিবৃত্তিভেষজাং সর্বভুখনিবতকভুঃ এব সাধাভুঃ সাধনভুঃ) শ্রোত্রমনোভিরামাং কৃৎকর্ণরসায়নাং উত্তমঃ-
শ্লোকগুণাহুবাদাং (কীর্ত্যমান-কেশব-মহিমাবর্ণনাং গুরো-
মুখাদাকৰ্ণ্য পশ্চাদমুখীৰ্তনাং) বিরজোত (উদাসীনো ভবেং,
নিবর্তেত) ॥ ৪ ॥

অনুবাদ। উত্তমঃ-শ্লোক শ্রীহরির গুণাহুখীৰ্তন শ্রোত-
পারম্পর্যে সাধিত হয় অর্থাৎ শ্রীগুরুমুখ হইতে শ্রুত হইয়া
পশ্চাতে কীর্তিত হইয়া থাকে। সেই শ্রীহরির গুণকীর্তন
কৃষ্ণেতর-বিষয়-তৃষ্ণারহিত মুক্তকুলের দ্বারা সুষ্টুভাবে কীর্তিত
হয়। এই সখীৰ্তন (মুমুক্শুগণের) ভবরোগের ঔষধস্বরূপ।
ইহা (কৃষ্টিপন্ন ভক্তের) কৃৎকর্ণ-রসায়ন। পশুঘাতী ব্যাধ
অথবা আত্মঘাতী অপরাধী বাতীত আর কোন বুদ্ধিমান
ব্যক্তিই বা এই হরিকীর্তন হইতে বিরত হন ॥ ৪ ॥

বিশ্বনাথ। শ্রীধরস্বামিভিঃ শ্রীমৎপ্রভুভিঃ সনাতনৈঃ।
স্বজ্ঞানাত্মকুমুদিতঃ ভূক্তিশোভমুপাদয়ে। অক্ষদাদবস্ত সংসার-
রোগগ্রস্তাঃ পরমভাগ্যলব্ধৈর্ভিষক্শিরোমণিভিস্তত্র ভবন্তিদীর্ঘ-
যানাং কৃষ্ণসীলামৃত মহৌষধাং কথং বিরতা ভবিতুমর্হন্তী-
তাহ নিবৃত্তেতি ভবৌষধাং সংসারব্যাধেরৌষধরূপাং নিবৃত্ত-
তর্থেদেব নিষেব্য বিগততৃষ্ণাব্যাধিভিস্তৃষ্ণৈব সংসারশুশ্রূ-
শুক্রৈর্জ্ঞানাদিত্যোপি উপ আধিকোন গীয়মানাং ভো ভো
বহুমিব এতন্নিষেধেব নিরাময়া ভবতেতুচ্চৈরুপদিষ্টা-
মানাং অন্তৌষধবস্ত্রাশ্চ কটাদিরসহমিত্যাহ শ্রোত্রমনঃ-
স্বখপ্রদাং শ্রোত্রমনোভ্যামেবৈতদৌষধং পীরত ইতি ভাবঃ।
পশুঘ্নঃ স্বর্গস্থপাভিনাথী কর্মী তস্মাদিনা স এব বিরজোত
নাত্তঃ। যদ্বক্তং ত্রৈবর্গিকান্তে পুরুষা বিমুখা হরিমেধসঃ।
কথ্যামিত্যাদি যথা অত্র বক্তৃশ্রোত্রোক্তভয়োরেবানন্দ
ইত্যাহ নিবৃত্তেতি। উত্তমঃ-শ্লোকস্ত গুণানামহুবাদাদগুরো-
মুখাদাকৰ্ণ্য পশ্চাদমুখীৰ্তনাং কঃ পুমান্ বক্তা বিরজোত ন
কোহপি যতো নিবৃত্ততর্থেকপগীয়মানাং। কৃষ্ণস্ত গুণানামহু
কীর্তনমপি উপসর্বাধিকোন গীয়তে কিং পুনস্তেষামাস্বাদন-
মিতি ভবাদৃশো বক্তাস্তেষামাস্বাদকোহপীতি ভাবঃ। অত্র
বর্তমানপ্রয়োগাদাধিক্যবাচকোপশব্দোপস্তাসাক্ত নিবৃত্ততর্ধ-
শব্দেন শুদ্ধভক্তা এব ব্যাখ্যেয়া, ন তু জ্ঞানিনঃ। তেষাং নিদি-
ধ্যাসনশ্চৈব শাখাতিক স্ততিদৃষ্টেন বহুকীর্তনস্ত। তথৈব

গুণাহুবাদং প্রাপ্য কঃ খলু মাদৃশঃ সাংসারিকঃ শ্রোতা বির-
জ্যেত যতো ভবৌষধাং দ্বয়োরেব বিরাগাভাবে হেতুঃ
শ্রোত্রমনোভিরামাং কথঞ্চিদনাদিককামনয়া যদি কর্মী
বক্তা শ্রোতা বা শ্রোতাদা স বিরজ্যেদেবেত্যাহ পশু-
ঘাটিনা ॥ ৪ ॥

পিতামহা মে সমরেঃমরঞ্জয়ৈ-
র্দেবব্রতাত্মাতিরথৈস্তিমিঙ্গিলৈঃ।
দুরতায়ং কৌরবসৈন্তসাগরং
কৃত্বাতরন বৎসপদং স্ম যৎপ্রবাঃ ॥ ৫ ॥

দ্রৌণ্যস্ত্রবিপ্লুষ্ঠমিদং মদঙ্গং
সন্তানবীজং কুরুপাণ্ডবানাম্।
জুগোপ কুঙ্কিং গত আতচক্রো
মাতুশ্চ মে যঃ শরণং গতায়াম্ ॥ ৬ ॥

বীর্ষাণি তস্তাখিলদেহভাজা-
মন্তর্বহিঃ পুরুষকালকুপৈঃ।
প্রযচ্ছতো মৃত্যুমৃত্যুমৃতঞ্চ
মায়ামহুগ্ধাশ্চ বদস্ব বিদন্ ॥ ৭ ॥

অনুবাদ। মে পিতামহাঃ (মম পিতৃঃ অভিযন্ত্যোঃ পিতৃ-
বর্গা অর্জুনপ্রমুখাঃ) যৎপ্রবাঃ (যঃ শ্রীকৃষ্ণ এব প্রবঃ উত্তরণ-
নৌকাধরূপঃ যেবাং তে তাদৃশাঃ সন্তঃ ভগবৎপদ-
তরণিং সমাশ্রিতা ইতাং:) সমরে (কুরুক্ষেত্রযুদ্ধে)
অমরঞ্জয়ৈঃ (দেববিজেতৃভিঃ) তিমিঙ্গিলৈঃ (তিমিঙ্গিলাপা-
বৃহন্ন্যস্ততুল্যৈঃ) দেবব্রতাত্মাতিরথৈঃ (ভীষ্মাঠ্যৈঃ সেনাপৈঃ)
দুরতায়ং (দুষ্টপারং) কৌরবসৈন্তসাগরং (বিপুল-কুরু-
বাহিনী-রূপসমুদ্রং) বৎসপদং কৃত্বা (তুচ্ছীকৃত্য) অতরন স্ম
(উত্তীর্ণবৃত্তঃ) যঃ (কৃষ্ণঃ) আতচক্রঃ (ধৃতচক্রঃ) শরণং
গতায়াম্ (আশ্রয়ং প্রাপ্তায়াম্) মে (মম) মাতুঃ (উত্তরায়াম্)
কুঙ্কিং গতঃ (গর্ভং প্রাপ্যঃ সন্তঃ) কুরুপাণ্ডবানাম্ (কুরুবংশীয়ানাং)
সন্তানবীজং (অধস্তনানাং নিদানং) দ্রৌণ্যস্ত্রবিপ্লুষ্ঠং (অশ্ব-
খায়াযুধৈঃ জর্জরিতং) ইদং মদঙ্গং (পরীক্ষিতঃ স্থূলশরীরঃ)
জুগোপ (ররক) হে বিদন্ (কৃতিন্ শুক) মায়ামহুগ্ধাশ্চ

(মায়া ইচ্ছাশক্তি। মনুষ্যশরীরধারণঃ নরাকৃতিপরব্রহ্মণঃ) অখিল-দেহভাজাঃ। স্থূল-সূক্ষ্মসর্বশরীরধারণাঃ) অন্তর্বহিঃ পুরুষকালরূপৈঃ (স্থূল-সূক্ষ্মপরমাণুবিরাড়্রূপদ্বয়েন অখণ্ড-কালরূপৈঃ) মৃত্যুঃ (সংসারঃ) উত (অপি) অমৃতং (অপ-বর্গং বৈকুণ্ঠং) (অপি) প্রযচ্ছতঃ (প্রদদতঃ) বীৰ্য্যণি (লীলাচরিতানি) বদন্ত (ব্রহ্ম) ॥ ৫-৭ ॥

অনুবাদ। আমার পিতামহ—পাণ্ডবগণ ষাঁহাকে উত্তরণ-নৌকার স্বরূপে প্রাপ্ত হইয়া অর্থাৎ যে ভগবানের পদতরণীকে সমাগ্ররূপে আশ্রয় করিয়া কুরুক্ষেত্রযুদ্ধে দেব-বিজয়ী অতিরথ ভীষ্মাদিরূপ তিমিঙ্গিলসঙ্কুল ছুপার বিপুল কুরুবাহিনীসমূহকে গোপদেব জ্বায় তুচ্ছ করিয়া অবলীলা-ক্রমে উত্তীর্ণ হইয়াছিলেন, যে শ্রীকৃষ্ণ স্বদর্শন-চক্রধারণ-পূর্বক শরণাপন্ন মদীয়া জনমীর গর্ভে প্রবেশ করিয়া কুরু-পাণ্ডুকুলের অধস্তনবর্গের নিদানস্বরূপ আমার—অশ্বখামার অস্ত্রে জর্জরিত এই শরীরকে রক্ষা করিয়াছিলেন, হে দিগ্ধ শ্রীশুকদেব! ইচ্ছাশক্তিদ্বারা স্বরূপভূত নরবপু-প্রসূতিকারী নিমিলদেহীর অন্তরে ও বাহ্যে পুরুষ এবং কালরূপে অবস্থিত হইয়া সংসার ও অপবর্গ-প্রদাতা সেই শ্রীকৃষ্ণের লীলাচরিতাবলী বর্ণন করুন ॥ ৫-৭ ॥

বিশ্বনাথ। মংকুলদৈবতভেনাপি কৃষ্ণস্ত কথ্য মম শ্রোতঃ। যোত্যশেদেনাহ পিতামহা ইতি অমরান্ জয়ন্তীতি তৈঃ। দেবপ্রভো ভীষ্মঃ। তিমিঙ্গিলতুল্যোঃ। দূরতায়ং ছুপারমপি বৎসপদং যব ক্রয়া অতরন্ যতো যঃ শ্রীকৃষ্ণ এব প্রবো যোবাং তে যং সমাপ্রিতা ইত্যর্থঃ। তথা হি সমাপ্রিতা যে পদ-পল্লবপ্রবনিত্যত্র ভবানুধিবৎসপদমিতি তস্ত বীৰ্য্যণি বদন্তেতি তৃতীয়েনার্থঃ। মদেকরক্ষকভেনাপি তৎকথা অবশ্যশ্রোত-যোত্যাহ দ্রোণ্যস্ত্রেণ বিপ্লুঃ দগ্ধম্ ইদমিতি তর্জ্ঞয়া স্ববক্ষ্যঃ স্পৃশতি। আতচক্রচক্রধারী। অন্ততেজঃ পদদয়া নীহারমিব গোপতিরिति প্রথমোক্তের্গদৈব জুগোপ চ। কারাণ্মাতু-রক্ষক জুগোপ। সর্বগতিপ্রদভেনাপি শ্রোতব্যানীত্যাহ বীৰ্য্যণীতি। অখিলদেহভাজাঃ মধো যে অন্তরঙ্গা ভক্তাঃ যে চ বহির্বাহরঙ্গাঃ ভক্তদ্রোহিণঃ তেভ্যোহিমৃতং মৃত্যুঞ্চ প্রযচ্ছতস্তস্ত বীৰ্য্যণি বদন্তেত্যর্থঃ। তত্রান্তরদ্রোহো বহু-দেবাদিভ্যাঃ পুরুষরূপৈশ্চতুর্ভূজদ্বিভূজপুরুষাকাটেরমৃতং পরমা-

নন্দং বহিরঙ্গৈভ্যাঃ কংসাদিভ্যাঃ কালরূপৈঃ কালোহিমিতি বিশ্বল ইতি মৃত্যুর্ভোজপতেরিত্যাহ্যুক্তরীত্য। মংকুলিকা-খণ্ডৈঃ পিতৃদুর্ভিতরণনয়া তিক্তরসৈরিব সাক্ষাৎস্বকভেন ভাতৈর্মৃত্যুং উত অনন্তরং অমৃতং যোক্ষ্য চ প্রযচ্ছত ইতি বর্তমান-সামীপ্যো বর্তমানবস্তুম্। কিম্বা লীলায়া নিত্যজ-জ্ঞাপনার্থং বর্তমানপ্রয়োগঃ। মায়ায়া স্বরূপেণৈব মনুষ্যস্ত। স্বরূপভূতয়া নিত্যশক্ত্যা মায়াখ্যা যুতঃ। অতো মায়ায়মং বিষ্ণুঃ প্রবদন্তি মনীষিণ ইতি মাধ্বভাস্যপ্রমাণিত-শ্রুতেঃ ॥ ৫-৭ ॥

রোহিণ্যাস্তনয়ঃ প্রোক্তো রামঃ সর্ধর্ষণস্তয়া।

দেবক্যা গর্ভসম্বন্ধঃ কুতো দেহান্তরং বিনা ॥ ৮ ॥

অনুবাদ। সর্ধর্ষণঃ (দ্বিতীয়-বৃহাধ্যায়ঃ-নারায়ণঃ) রামঃ (বলদেবঃ) রোহিণ্যঃ (দেবীঃ) তনয়ঃ (পুত্রঃ) (ইতি) তয়া (শুকদেবেন) প্রোক্তঃ (পূর্বং বর্ণিতঃ) দেহান্তরং বিনা (অন্তদেহং ঋতে) দেবক্যাঃ (মাতৃঃ) গর্ভসম্বন্ধঃ (কুস্বাবস্থানং) কুতঃ (কথং ঘটতে ইত্যাক্ষেপঃ) ॥ ৮ ॥

অনুবাদ। (হে শুকদেব প্রভো!) আপনি পূর্বে বলিয়াছেন যে দ্বিতীয়-বৃহাধ্যায় নারায়ণ সর্ধর্ষণ-দেব বল-রাম রোহিণী-পুত্র। যদি দেহান্তর স্বীকার করা না যায় তাহা হইলে রোহিণীর গর্ভে প্রকাশিত বলদেবই আবার দেবকীর গর্ভে প্রকটিত হইয়াছিলেন। ইহার সম্বন্ধে কিরূপে হইতে পারে? ॥ ৮ ॥

বিশ্বনাথ। অত্র বিশেষঃ পৃচ্ছতি রোহিণ্যা ইতি চতুর্ভিঃ। প্রোক্তো নবমস্কন্ধে। সর্ধর্ষণমহীশ্বরমিতি দেবকী-পুত্রেষপি তত্শৈব সর্ধর্ষণস্ত দেবক্যা গর্ভসম্বন্ধস্ত উক্তঃ স কুতো ঘটত ইত্যাক্ষেপঃ ॥ ৮ ॥

কস্মান্মুকুন্দো ভগবান্ পিতুর্গেহাদব্রজং গতঃ।

ক বাসং জ্ঞাতিভিঃ সার্থং কৃতবান্ সাত্বতাং পতিঃ ॥ ৯ ॥

অনুবাদ। ভগবান্ মুকুন্দঃ (কৃষ্ণঃ) পিতৃঃ (বহুদেবস্ত) গেহাৎ (গৃহাৎ) কস্মাৎ (কথং) ব্রজং (নন্দালয়ং) গতঃ (প্রাপ্তঃ) সাত্বতাং পতিঃ (যাদবেশ্বরঃ) ক (কুত্র) জ্ঞাতিভিঃ সার্থং (যাদবৈঃ সহ) বাসং কৃতবান্ (অবতন্তে) ॥ ৯ ॥

অনুবাদ। ভগবান্ কৃষ্ণ কি কারণেই বা পিতৃগৃহে
হইতে (বহুদেবভবন মথুরা হইতে) ব্রজে (নন্দালয়ে)
গমন করিয়াছিলেন? যাদবেশ্বর জ্ঞাতিবর্গের সহিত
কোথায়ই বা অবস্থান করিয়াছিলেন? ১০।

বিশ্বনাথ। পিতৃবহুদেবস্ত গেহাদব্রজং মহাবনং গতঃ।
ব্রজং গতৌহপি পিতুর্নন্দস্ত গেহাং জ্ঞাতিভির্গোঠৈঃ সাকং
ক বাসং কৃতবান্ ॥ ১০ ॥


ব্রজে বসন্ কিমকরোন্মধুপূর্যাঞ্চ কেশবঃ।

ভ্রাতরক্ষাবধীং কংসং মাতুরদ্ধাতদর্হণম্ ॥ ১০ ॥

অর্থ। কেশবঃ (কৃষ্ণঃ) ব্রজে (নন্দগৃহে গোষ্ঠে) মধুপূর্যাং
(মথুরায়াং) বসন্ (তিষ্ঠন্) কিং অকরোং (লীলাদিকং
ব্যতনোং) অতদর্হণং (হননযোগ্যং) মাতুঃ ভ্রাতরং (মাতুলঃ
কংসং) চ অদ্ধা (স্বয়মেব) কৃতঃ হেতোঃ অবধীং (জ্ঞান) ॥ ১০ ॥

অনুবাদ। শ্রীকৃষ্ণ ব্রজে ও মথুরায় অবস্থান করিয়া
কি কি লীলা বিস্তার করিয়াছিলেন, আর কি কারণেই বা
অবধা মাতুল কংসকে স্বয়ংই বধ করিয়াছিলেন? ১০।

বিশ্বনাথ। মধুনাং পূর্যাং মথুরায়াং দ্বারকায়াঞ্চ।
মাতুর্ভ্রাতরং কংসং কন্মাদবধীং অতদর্হণং মাতুলভ্যাং
বধানইম্ ॥ ১০ ॥



দেহং মানুষাশ্রিত্য কতিবর্ধাণি বৃষ্ণিভিঃ।

যজুপূর্যাং সহাবাৎসীং পভ্যাঃ কত্যাভবন্ প্রভোঃ ॥ ১১ ॥

অর্থ। মানুষং দেহং (মহুশ্রাকারং পরমহন্দরং দেহং
সচ্চিদানন্দঘনত্বেন তস্মা নিত্যভ্যাং) আশ্রিত্য (প্রকটীকৃত্য)
বৃষ্ণিভিঃ (বৃষ্ণিবংশোদ্ভবৈঃ) সহ (মিলিতঃ সন্) যজুপূর্যাং
(দ্বারাবত্যাং) কতিবর্ধাণি অবাৎসীং (উবাস) প্রভোঃ
(সমর্থস্ত কৃষ্ণস্ত) কতি (কতিসংখ্যাকাঃ) পভ্যাঃ (মহিষ্যঃ)
অভবন্ (বভূবুঃ) ॥ ১১ ॥

অনুবাদ। সেই সচ্চিদানন্দবিগ্রহ নিত্যস্বরূপ নরতম
প্রকটিত করিয়া বৃষ্ণিগণের সহিত দ্বারকাতে কত বৎসর
বাস করিয়াছিলেন এবং প্রভু শ্রীকৃষ্ণের কত সংখ্যকই বা
মহিষী ছিল? ১১।

বিশ্বনাথ। বৃষ্ণিভিঃ সহ কতি বর্ধাণি অবাৎসীং।
বর্ধাণি কথন্তুতানি মানুষং দেহমাশ্রিত্য বর্তমানানীভার্থঃ।
ততশ্চ মানুষমানেন কতি বর্ধাণীভার্থঃ ফলিতঃ। পরমাত্মা
নরাকৃতিরিতি নরাকৃতিপরঃ ব্রহ্ম ইতি গূঢ়ং পরং ব্রহ্ম মহুশ্র-
লিঙ্গমিত্যাদিভির্মহুশ্রত্বৈব স্বরূপলক্ষণভ্যাং ব্যাখ্যান্তরং ন
ঘটতে ॥ ১১ ॥

এতদন্তচ্চ সর্বং মে মূনে কৃষ্ণবিচেষ্টিতম্।

বক্তুমহঁসি সর্বজ্ঞ শ্রদ্ধধানায় বিস্তৃতম্ ॥ ১২ ॥

অর্থ। হে সর্বজ্ঞ মূনে (সর্ববিৎ যতে) এতৎ (যৎ-
কথিতং) অন্ত্যং (যদপৃষ্টং) চ সর্বং (নিখিলং) কৃষ্ণ-
বিচেষ্টিতং (হরিবিক্রমং) শ্রদ্ধধানায় (বিশ্রদ্ধায়) মে (মহাং)
বিস্তৃতং (আত্মপূর্বিকং) বক্তুং অহঁসি (কথয়িতুং যোগো
ভবসি) ॥ ১২ ॥

অনুবাদ। হে সর্ববিদ মূনিবর, এই সমস্ত প্রশ্ন
এবং এতদ্বিধি অন্ত্য অপৃষ্ট বিষয় যাহা কিছু থাকে, সেই
সকল কৃষ্ণলীলা আমার নিকট রূপা করিয়া আত্মপূর্বিক
বর্ণন করুন। তাহা আমি শ্রবণ করিবার জন্য বিশেষ
শ্রদ্ধাযুক্ত হইয়াছি ॥ ১২ ॥

নৈষাতিহুঃসহা ক্ষুণ্মাং তাক্তোদমপি বাধতে।

পিবন্তুং তন্মুখাস্তোজ-চুাতং হরিকথামৃতম্ ॥ ১৩ ॥

অর্থ। তন্মুখাস্তোজচুাতং (তব বদনকমলনির্গতং)
হরিকথামৃতং (কৃষ্ণলীলাপীযুষং) পিবন্তুং (পানোন্মুখং)
মাং পরীক্ষিতং) তাক্তোদং (অপীতজলং) অপি অতি-
হুঃসহা (অত্যন্তাসহনীয়) এষা ক্ষুং (ক্ষুধা) ন ধাবতে
(প্রতিবরাতি অবগাদৌ কিকিচ্ছিমপি কতুঃ ন শক্রে-
তীভার্থঃ) ॥ ১৩ ॥

অনুবাদ। যদিও আমি (প্রায়োপবেশনার্থে) জলপান
পর্যন্ত ত্যাগ করিয়াছি, তথাপি ভবদীয় মুখপানিঃস্রুত
কৃষ্ণলীলা পীযুষধারা পান করায় অত্যন্ত অসহনীয় এট
ক্ষুধা আমার শ্রবণের কোনও বিঘ্নোৎপাদন করিতে সমর্থ
হইতেছে না ॥ ১৩ ॥

বিশ্বনাথ । ক্ষুধাতৃষাণ্যাকুলস্তঃ কণং বিশ্রামোতি
মাবাদৌষিত্যাহ নৈবেতি । যা ক্ষুং ব্রহ্মণ্যমপি মাং মুনি-
গলে সর্পঃ স্তূষাপয়দিত্তি ভাবঃ ত্যক্তোদঃ সম্প্রতি তু ত্যক্ত-
জলমপি তন্তা অপি বাধাভাবে হেতুঃ পিবন্তমিতি । বর্ত-
মাননির্দেশেন ক্ষণমপি পানবিগমে সৈব বিবেকহারিণী
ক্ষুধা প্রাচুর্ভবিস্তীতি জ্ঞাপয়তি । অত্রোক্তোদ্রুপদেন কথা-
মুতস্ত মধুত্মারোপিতম্ । তেন চ তন্ত মাদকত্বমভিব্যজা-
স্বস্ত মত্তত্বাদেব বিশ্রামোদ্রুপাদি সর্বদুঃসহদুঃখবিস্মারকত্বঃ ধ্বনি-
তম । যদ্বা । অমৃতপদেন মৃখাস্তোজস্ত চন্দ্রত্মারোপিতম্ ।
তেন মৃখাস্তোজত্বাং সৌরভাঃ চন্দ্রত্বাদাহ্লাদকত্বঃ সর্ব-
শ্রোতৃজনতমোহারিত্বঃ স্বস্ত চ চকোরত্বঃ ব্যঞ্জিতম্ । সর্বথৈব
কথায়াং গাঢ়াসক্তির্দোষিত্তা ॥ ১৩ ॥

সূত উবাচ ।

এবং নিশমা ভৃগুনন্দন সাধুবাদঃ
বৈয়াসকিঃ স ভগবানথ বিষ্ণুরাতম্ ।
প্রত্যাচ্য কৃষ্ণচরিতং কলিকল্মষঘ্নঃ
বাহতুর্মারভত ভাগবতপ্রধানঃ ॥ ১৪ ॥

অন্বয় । ভৃগুনন্দন (হে শৌনক), অথ (পরীক্ষিতঃ
বচনাত্মকঃ) ভগবান্ (ভগবদভিন্নাচার্যঃ) ভাগবতপ্রধানঃ
(বৈষ্ণবপ্রবরঃ) বৈয়াসকিঃ (শুকদেবঃ) এতৎ সাধুবাদঃ
(স্তম্ভ, প্রশংসা) নিশমা (শ্রদ্ধা) বিষ্ণুরাতম্ (পরীক্ষিতঃ)
প্রত্যাচ্য (বিবিধশ্লাঘয়া সম্বাদিত) কলিকল্মষঘ্নঃ (যুগ্মলভ-
কলুব-বিধ্বংসনঃ) কৃষ্ণচরিতং (হরিলীলাং) বাহতুঃ
(বক্তৃঃ) আরভত (প্রবৃত্তো বভূব) ॥ ১৪ ॥

অনুবাদ । হে ভৃগুনন্দন শৌনক ! অনন্তর পরমপূজ্য
মহাভাগবত ব্যাসনন্দন শ্রীল শুকদেব এই সকল সাধুপ্রশংসা
শ্রবণ করিয়া পরীক্ষিত মহারাষ্ট্রকে সাধুবাদ প্রদানপূর্বক
সম্মান করিলেন এবং কলিকল্মষ-নাশিনী হরিলীলা বলিতে
আরম্ভ করিলেন ॥ ১৪ ॥

বিশ্বনাথ । হে ভৃগুনন্দন শৌনক ! কলৌ জনিগ্ৰমাণা-
নামপি কল্মষঃ সংসারহুং হস্তীতি তৎ । যদ্বা কলিরূপং
কল্মষঃ হস্তী ত বিষ্ণুরাত-বিশেষণমপি ভাগবতেষু প্রধান

ইতি পুংস্তম্যর্থম্ । যদ্বা ভাগবতা এব সাক্ষ্যেন প্রধানানি
যন্ত সঃ ॥ ১৪ ॥

শ্রীশুক উবাচ ।

সম্যগ্ভাবসিতা বুদ্ধিস্তব রাজর্ষিসত্তম ।

বাসুদেবকথায়াং তে যজ্ঞাতা নৈষ্টিকী রতিঃ ॥ ১৫ ॥

অন্বয় । শ্রীশুক উবাচ,—(হে) রাজর্ষিসত্তম (হে
নরবর) তব (পরীক্ষিতঃ) বুদ্ধিঃ (স্থিরবিবেকঃ) সম্যগ্-
ভাবসিতা (সমাঙ, নিশ্চয়া) যৎ (যতো বুদ্ধেঃ) বাসুদেব-
কথায়াং (হরিচরিতে) তে (তব) নৈষ্টিকী (অব্যক্তি-
চারিণী) রতিঃ (ভাবভক্তিঃ) জাতা (প্রাপ্তা) ॥ ১৫ ॥

অনুবাদ । শ্রীল শুকদেব কহিলেন,—হে নৃপতিশ্রেষ্ঠ !
আপনার বুদ্ধি স্তম্ভরূপেই স্থির হইয়াছে অর্থাৎ উনযুক্ত-
বিষয়েই প্রবৃত্ত হইয়াছে । কারণ আপনার শ্রীবাসুদেবের
কথায় অব্যক্তিচারিণী রতির উদয় হইয়াছে ॥ ১৫ ॥

বিশ্বনাথ । সম্যগ্ভাবসিতা সমাঙ, নিশ্চয়া । যদযতো
বুদ্ধেঃ রাজর্ষিসত্তমেতি । ভো মহাযানদ মুনিসত্তমেতি তথা
সম্বোধিতান্নন্তোহপি অগ্নি রাজত্বমধিকমস্তীতি জ্ঞাপয়তি ।
প্লেষণে তু রাজদত্তাদিত্বাং ত্বং ঋষীণাং সত্তমানাং চ রাজা
শ্রীকৃষ্ণপ্রিয়তমত্বাদেব যতো জন্মবর্ণকালযোত্রাক্ষতেজোহপি
বার্থ্যকরোষীত্বার্থমপ্যন্তরূপ চিহ্নেপ ॥ ১৫ ॥

বাসুদেবকথাপ্রশ্নঃ পুরুষাংস্ত্রীন্ পুনাতি হি ।

বক্তারং প্রচ্ছকং শ্রোতৃংস্তংপাদসলিলং যথা ॥ ১৬ ॥

অন্বয় । তংপাদসলিলং (হরিচরণোদকং গাঙ্গনীরঃ
শ্রীশালগ্রামাদিচরণামৃতত্বা) 'যথা' ত্রীন্ (উর্ধ্বমধ্যাধঃ
লোকান্) পুনাতি (পবিত্রং করোতি) তথা হি (নিশ্চিতং)
বাসুদেবকথাপ্রশ্নঃ (হরিবর্ণনজিজ্ঞাসা) বক্তারং (প্রচারকং
যাং শুকদেবমপি) প্রচ্ছকং (প্রশ্নকারকং ত্বাং) শ্রোতৃন্
(শ্রবণেচ্ছূন্) ত্রীন্ (ত্রিবিধান পুরুষান্) পুনাতি ॥ ১৬ ॥

অনুবাদ । বিষ্ণুপাদোদ্ভূতা গঙ্গা অথবা শ্রীবিষ্ণু-
চরণোদক যেরূপ উর্ধ্ব, মধ্য ও অধঃ লোকসমূহকে
(ত্রিভুবনকে) পবিত্র করিয়া থাকেন, তদ্রূপ বাসুদেব

চরিত্র বিষয়ক প্রশ্ন—বক্তা, প্রশ্নকর্তা ও শ্রোতা এই ত্রিবিধ-
ব্যক্তিকেই পবিত্র করেন, ইহাতে কোন সন্দেহ নাই । ১৬ ॥

বিশ্বনাথ । তৎপাদসলিলং শ্রীশালগ্রামাদিচরণামৃতং
জীন্ পুরুষান্ সেক্ষারং সিচামানং তদুভয়সঙ্গিনশ্চ পুরুষান্ ।
যদ্বা গঙ্গা যথা জীন্ উৎসর্গমধ্যাধোলোকান্ পুন্যতি তথৈব
বক্তাদীন্ জীন্ পুরুষান্ যথাপূর্বং শ্রৈষ্ঠ্যম্ ॥ ১৬ ॥

ভূমিদৃ পুণ্ড্রপব্যাজ-দৈত্যানীকশতায়ুতৈঃ ।

আক্রান্তা ভূরিভারেণ ব্রহ্মাণং শরণং যযৌ ॥ ১৭ ॥

অনুবাদ । ভূমিঃ (ধরণী) দৃপ্তপুণ্ড্রপব্যাজদৈত্যানীকশতা-
য়ুতৈঃ (গর্বিতভৃগুচ্ছলাহরসৈন্যদলকর্মিতৈঃ অসংখ্যৈঃ) ।
ভূরিভারেণ (প্রচুরগুরুত্বেন) আক্রান্তা (বিপন্ন) ব্রহ্মাণং
(চতুর্মুখং) শরণং যযৌ (আশ্রয়ং লেভে) ॥ ১৭ ॥

অনুবাদ । দর্পিত ছল-ব্রাজ-রূপধারী দৈত্যগণের
অসংখ্য সেনার গুরুভারে আক্রান্ত হইয়া ধরণীদেবী ব্রহ্মার
শরণাপন্ন হইলেন । ১৭ ॥

বিশ্বনাথ । তত্র ভাবন্তগবদবতারে প্রসিদ্ধং কারণমাহ—
ভূমিরিতি । দৃপ্তপুণ্ড্রপব্যাজাঃ দিতিবঃশব্দাভাবেহপি কর্মণেব
যে দৈত্যাস্তেষামনীকশতানাময়ুতৈর্বে ভূরিভারসেনাক্রান্তা
ব্রহ্মাণং সূমেরুমুখস্থিতমেব ন তু সত্যলোকস্থং কৃষ্ণাবতারা-
দতিপূর্বমেব ককুদ্দিনা রেবত্যাঃ কন্ডায়াঃ সম্প্রদানপ্রস্তুতং
তত্র গতবতা তেন সর্হিত এব কৃণানন্তরং ব্রহ্মা তং প্রত্যাহ
সম্প্রত্যবতীর্ণাঘ বলদেবায় কন্ডা দীপ্যতামিত্যতস্তত্র তদ্বোধো
কীরোদতীরাগমনং বৃত্তম্ । জগাম ধরণী মেরোঃ
সমাজে ত্রিদিবৌকসামিতি পরাশরেণাপ্যুক্তম্ ॥ ১৭ ॥

গৌভূঁত্বাশ্রমুখী থিন্না ক্রন্দন্তী করুণং বিভোঃ ।

উপস্থিতাস্তিকে তস্মৈ ব্যাসনং সমবোচত ॥ ১৮ ॥

অনুবাদ । থিন্না (কাতরা) করুণং ক্রন্দন্তী (বিস্মলং
রুদন্তী) অশ্রুমুখী (বিগলিত-নয়নজলা) গোঃ (ধেতুঃ)
ভূত্বা (তচ্ছরীরাশ্রিতা) বিভোঃ (বিরিঞ্জে) অস্তিকে
(সন্নিধৌ) উপস্থিতা (যাতা সতী) তস্মৈ (ব্রহ্মণে) স্বঃ
ব্যাসনং (নিজঃ দুর্ভাগ্যং) অবোচত (কথিতবতী) ॥ ১৮ ॥

অনুবাদ । কাতরা পৃথ্বী গো-রূপ ধারণপূর্বক
করুণস্বরে ক্রন্দন করিতে করিতে অশ্রুব্যাপ্তবদনে ব্রহ্মার
সমীপে উপস্থিত হইলেন এবং তাঁহাকে স্বীয় দুর্ভাগ্যের
কথা নিবেদন করিলেন ॥ ১৮ ॥

ব্রহ্মা তদুপধার্ষাথ সহ দেবৈস্তয়া সহ ।

জগাম সত্ৰিনয়নস্তীরং ক্ষীরপয়োনিধেঃ ॥ ১৯ ॥

অনুবাদ । অথ (ব্রহ্মসমীপপ্রাপ্তানন্তরং) ব্রহ্মা (বিধাতা)
তং (ক্লেশং) উপধার্ষ (জ্ঞাত্বা) সত্ৰিনয়নঃ (ত্ৰিনয়নেন
কক্লেণ সহ) দেবৈঃ (ইন্দ্রাদিভিঃ) তয়া (ধরণ্যা চ) সহ
ক্ষীরপয়োনিধেঃ (দুগ্ধাকোঃ) তীরং (তটভূমিঃ) জগাম
(প্রাপ্তবান্) ॥ ১৯ ॥

অনুবাদ । অনন্তর ব্রহ্মা সেই পৃথ্বীর ক্লেশবৃত্তান্ত
শ্রবণ করিয়া তাহাকে লইয়া ত্রিলোচন ও অস্ত্রাচ্ছা দেবগণের
সহিত ক্ষীরসাগরের তীরে গমন করিলেন ॥ ১৯ ॥

বিশ্বনাথ । তদুপধার্ষ অথ জগামেত্যথ শব্দাধিকারিদং
লভাতে । বিশ্বসৃষ্টিরেব মং কর্মপালনং তু বিক্ষোরেব কর্ম ।
স চ বিষ্ণুঃ ক্ষীরাক্তিস্থ ইতি তটৈব গতেভ্যঃ নিবেদনীয়মিতি
পরামর্শ । ততো জগামেতি । তত্র কার্যদ্বয়মুপস্থিতং
পৃথ্বীপালনং দৈত্যাসংহরণঞ্চ তত্র প্রথমার্থঃ দেবেভ্যঃ বা
আজ্ঞাপয়েৎ দ্বিতীয়ার্থঃ কদ্রঃ বেতি দেবসাহিত্যঃ ত্রিনয়ন-
সাহিত্যাক রুতম্ ॥ ১৯ ॥

তত্র গতা জগন্নাথং দেবদেবং বুধাকপিম্ ।

পুরুষং পুরুষসূক্তেন উপতস্থে সমাহিতঃ ॥ ২০ ॥

অনুবাদ । তত্র (কীরোদতটে) গতা (উপসঙ্গম্য)
সমাহিতঃ (অচঞ্চলচিত্তঃ সন্) দেবদেবং (পরমেশ্বরং
বিষ্ণুং) বুধাকপিং (বর্ষতি কামান্ আকম্পয়তি ক্লেশান্
তং) পুরুষং (অন্তর্যামিণং কীরোদকশায়িনং) জগন্নাথং
(পরমাত্মনং) পুরুষসূক্তেন (সহস্রশীর্ষপ্রমুখষোড়শ-
ঋজুয়ন্ত্রেণ) উপতস্থে (অর্চয়ামাস) ॥ ২০ ॥

অনুবাদ । তাঁহারা সেই স্থানে উপস্থিত হইয়া
অচঞ্চলচিত্তে বাজ্রাকল্লতরু বিঘ্নবিনাশন কীরোদকশায়ী

পুরুষাবতার জগন্নাথকে পুরুষসুতদ্বারা উপাসনা
করিলেন ॥ ২০ ॥

বিশ্বনাথ । জগন্নাথমিতি তত্র গম্যে ত্রায়ঃ ।
দেবদেবমিতি ত্রৈয়াং বিজ্ঞাপনেচাধিকারঃ । বুধাকপি-
মিতি বধতি কামান্ আকম্পয়তি ক্লেশানিতি প্রয়োজন-
কোক্তম্ ॥ ২০ ॥

গিরং সমাধৌ গগনে সমীরিতাং
নিশমা বেদান্তিদশানুবচ হ ।
গাং পৌরুষীং মে শৃণুতামরাঃ পুন-
বিধীয়তামাশু তথৈব মা চিরম্ ॥ ২১ ॥

অনুবাদ । বেদাঃ (চতুরাননঃ) গগনে (আকাশে)
সমীরিতাং (সমুচ্চারিতাং) গিরং (বাচং) সমাধৌ
কীর্তনই ভবরোগের ঔষধস্বরূপ; ইহা (২) মুমুক্‌গণের মুক্তি-প্রাপ্তির একমাত্র উপায়। শ্রীহরির গুণানুবাদ, শ্রবণ ও মনের তৃপ্তি সাধন করে, সুতরাং ইহা (৩) বিষয়িগণেরও পরম বিষয়-স্বরূপ। উত্তমঃশ্লোকের গুণ বলিতে ভগবানে ভক্তবাৎসল্যাদি-গুণ, অথবা উত্তমঃশ্লোক যুগিষ্টিরাদি ভগবদ্ভক্ত-গণের মহিমা সূচিত হয়। অনুবাদ-শব্দের অর্থ,—কীর্তন, আপ্যায়িকা বা শ্রবণ। কেননা শ্রোতবৃন্দের শ্রবণে আগ্রহ-বশতঃই বক্তার কীর্তনে উৎসাহ বৃদ্ধি হইয়া থাকে। ভগবদ্‌গুণানুকীর্তন ভগবদ্ভক্তিযোগ-রূপ পরমপুরুষার্থ প্রদান করে বলিয়া মুক্তগণের;—সংসার-দুঃখনাশ ও আত্মানন্দলাভের পরম উপায় বলিয়া মুমুক্‌গণের;—এবং ইন্দ্রিয়-সুখ প্রদান করে বলিয়া বিষয়িগণের সর্বদা সেবা। উচ্ছ্রান্ত কাহারও তাহাতে বিরক্তি জন্মে না। যদিও বস্তুর স্বভাব-বশতঃ তাহা মুক্ত ও মুমুক্—উভয়েরই শ্রবণ ও মনের সুখকর হয়, তথাপি মুক্তগণের বিশেষত্ব এই যে—তাহারা,—শ্রীমদ্ভাগ-বতের ৮।৩২০ (অকিঞ্চন অথবা ভগবচ্ছরণাগত ঐকান্তিক ভক্তগণ আনন্দ-সমুদ্রে মগ্ন হইয়া ভগবানের মঙ্গলময় অতি অদ্ভুত চরিত্র কীর্তন করিয়া থাকেন) শ্লোকানুসারে, শ্রীনারদাদির এবং খেতদ্বীপবাসী ভক্তগণের জ্ঞায় প্রায়ই কীর্তনপর; সুতরাং কীর্তন-প্রভ তাহাদের বাহ্যভাস্তর আনন্দরূপে নিমগ্ন থাকে। মুমুক্‌গণ কেবল মুক্তি কামনা করিয়া থাকেন বলিয়া তাহাদের বাহ্য কর্ণেন্দ্রিয়ের বা মনের আনন্দলাভের অপেক্ষা নাই। বিষয়ীদের ইন্দ্রিয়তর্পণের অপেক্ষা আছে; শ্রবণের দ্বারাই তাহাদের সেই ইন্দ্রিয়-সুখ লাভ হয়; বিষয়াসক্তি ও লজ্জাদিবশতঃ তাহারা কীর্তন করিতে পারে না। অথবা সম্যক কীর্তনদ্বারা মুক্তগণের আপনা হইতেই শ্রবণ ও মনের তৃপ্তি সাধিত হয়। ভব-রোগের একমাত্র ঔষধ-স্বরূপ বলিয়া মুমুক্‌গণ ভগবানের কথা কীর্তন, শ্রবণ ও শ্রবণ করেন; তাহাতেই তাহাদের বাগিন্দ্রিয় শ্রোত্রেন্দ্রিয় ও চিত্তেন্দ্রিয়ের তৃপ্তি হয়, এবং পূর্বোক্ত যুক্তি-ক্রমে বিষয়িগণ কেবল শ্রবণদ্বারাই কর্ণেন্দ্রিয় ও চিত্তেন্দ্রিয়ের তৃপ্তি লাভ করেন; যद्यপি তাহারাও কখন কীর্তন দ্বারা বাগিন্দ্রিয়ের তৃপ্তি সাধন করেন, তথাপি পরীক্ষিত মহারাজ শ্রবণপ্রভাবেই সিদ্ধিলাভ করিয়াছিলেন বলিয়া, তিনি

এখানে শ্রবণেই গুণ কীর্তন করিয়াছেন। এক্ষণে ভগবদ্-গুণাকীর্তনের সাধ্যত্ব ও সাধনত্ব প্রদর্শিত হইল; অতএব উহা সর্বদা সর্বজীবের সেব্য। কে উহা হইতে বিরত হইবে? “পুমান্” অর্থাৎ পুরুষ বলিতে সর্বজন অর্থাৎ স্ত্রী-পুরুষ-স্ত্রী-সাধারণ বুঝিতে হইবে। দেহে আত্মবুদ্ধি-জনিত শোক বাহা হইতে অপগত হইয়াছে, সেই আত্মাকে যে হনন করে, সে-ই আত্মঘাতী অথবা পশু অর্থাৎ পশুঘাতী বাধ-ভিন্ন কেই বা ভগবদ্গুণকীর্তনে বিরত হইবে? পশু ব্যাধ ও বিষয়ী, পশু হননের জন্য নিরন্তর বনে ভ্রমণ করে। তাহারাই হইলোকে ও পরলোকে কেবল মহাদুঃখই ভোগ করিয়া থাকে, সুতরাং ইহারা ইহলোকে ও পরলোকে সুখ-ভোগেচ্ছু সংকর্মা বিষয়ী নহে, অতএব এই শ্লোকে ইহা-দিগকে পৃথগ্ভাবে নির্দেশ করা হইয়াছে। (দিগ্‌দর্শিনী)। ক উত্তমঃশ্লোক-গুণানুবাদাৎ ইতি পাঠান্তরঃ ॥ ৪ ॥ অতিরথ-লক্ষণঃ মহাভারতে—একাদশসহস্রাণি যোধয়েদ্ যন্ত ধর্মিনাম্। অস্ত্রশস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতিশ্রুতঃ। ষমিতান্ যোধয়েদ্ যন্ত সংপ্রোক্তোহতিরথস্ত স ইতি (তোষণী) ॥ ৫ ॥

মায়ামনুশ্রুত—১। মায়াবশতঃ মনুষ্যের নিকট প্রাকৃত মনুষ্যরূপে বাহার প্রতীতি, বস্তুতঃ স্বয়ং মনুষ্যের স্মার্য লীলা-ভিনয় করিলেও তিনি প্রকৃতিগত ধর্মের অতীত। অথবা মনুষ্যরূপে প্রকাশকারিণী মায়াক্রিয়াশক্তি বিশিষ্ট হইয়াও মনুষ্য-লোকের অতীত যিনি তাঁহার, কিম্বা ‘মায়’-শব্দে ‘দয়া’ ও ‘দন্ত’ অর্থাৎ যিনি চলক্রমে বা ক্রুপা-পূর্বক মনুষ্য-শরীর নিত্য প্রকট করিয়াছেন তাঁহার অথবা ‘মায়’-শব্দে জ্ঞান, সেই জ্ঞানময় অবস্থাতেও যিনি নররূপেই প্রকাশ পান, তাঁহার। (তোষণী); ২। স্বরূপভূত মায়ামায়ী নিত্যশক্তিবৃত্ত নরাকৃতি পুরুষের (চক্রবর্তী); ৩। প্রকৃত নরাকৃতি-স্বরূপ ত্রীকৃষ্ণের (বীররাঘব); ৪। জীবের বুদ্ধি-বৃত্তির আবির্ভাব-কারিণী মায়াক্রিয়াশক্তি-প্রভাবে বাহ্যতে পুরুষোত্তম-বুদ্ধি আবৃত হইয়া মনুষ্য-বুদ্ধির উদয় করায়, যিনি জ্ঞানের একমাত্র বিষয়, সেই মনুষ্যরূপী ভগবানের (বলভাচার্য)। ভগবানের কথা শ্রবণ-কীর্তন করিয়া বাহারা অন্তর্দৃষ্টি লাভ করিয়াছেন, সেই সাধুগণকে ভগবান্ অন্তর্যামিকরূপে অমৃত অর্থাৎ মুক্তি প্রদান করেন, আবার বাহারা সেরূপ নহেন, তিনি তাদৃশ বহির্দৃষ্টি-

সম্পন্ন ব্যক্তিদিগকে কালরূপে মৃত্যু প্রদান করেন। অথবা শ্রবণাদি দ্বারা ভগবানের নিত্য রামনৃসিংহাদি রূপ ভক্ত-দিগের হৃদয়ে প্রবিষ্ট হন। ভগবান্ সেই সাধুদিগের অন্তরে অবস্থান করিয়া তাঁহাদিগকে পরমানন্দ প্রদান করেন; আবার বাহিরে কালস্বরূপে যমাদি দ্বারা অসাধুগণকে নানাবিধ ক্লেশ প্রদান করিয়া থাকেন। অথবা পুরুষ অর্থাৎ অন্তর্যামি-রূপে ‘অমৃত’ অর্থাৎ সংসার-নিবৃত্তি-লক্ষণ মুক্তি প্রদান করেন। ‘কাল’-শব্দের অর্থ শ্রামবর্ণ (কৃষ, নীলান্বিত-শ্রাম-কাল-শ্রামল-মেচকাঃ ইত্যমরঃ)। কাল অর্থাৎ স্বাভাবিক শ্রামবর্ণ শ্রীরঘুনাথাদি মুখ্য অবতার-স্বরূপে অমৃত অর্থাৎ পরমানন্দ প্রদান করেন। (তোষণী)। দেহধারী অসংখ্য জীবগণের মধ্যে কাহারও মৃত্যু স্বেচ্ছাধীন সুতরাং এইরূপ পুরুষগণের মৃত্যু অত্যন্ত দুর্ঘট। কিন্তু ভগবান্ কোন নিয়ম বা বিধির অধীন নহেন। তাঁহার ইচ্ছায় ভীষ্মাদি স্বেচ্ছা-প্রয়োগ-বিশিষ্ট ব্যক্তিগণেরও অনায়াসে প্রাণ সংঘটিত হইল। আবার কেহ বা ভগবদ্দেখী সুতরাং তাহাদের মুক্তি সহজ নহে, কিন্তু ভগবদিচ্ছায় কংসাদি ভগবদ্‌দেবিগণেরও মুক্তি লাভ হইল; এমন কি পুতনাও দ্বাত্রীংগতি লাভ করিল ভগবানের এতাদৃশ প্রভাব ও তাঁহার স্বচ্ছন্দ চরিত আমাদের নিকট কীর্তন করুন। ভগবান্ অন্তরে অন্তর্যামিকরূপে ও বাহিরে কালরূপে সর্বদা অবস্থান করিতেছেন। তাঁহার অতুলায় দ্বিবিধরূপ তাঁহার স্বেচ্ছানুসারেই সম্পাদিত হয়। সেই নরাকৃতি পরমরক্ষকে ‘প্রাকৃত মনুষ্য’ বলিয়া মনে হয়, তাহার কারণ ‘মায়’। এই জন্যই এই শ্লোকে তাঁহাকে ‘মায়ামনুষ্য’ বলিয়াছেন। (শ্রীজীব) ॥ ১ ॥ “মু”=মুক্তিপ্রাপ্ত। “কু”=কুৎসিত বাহা হইতে এইরূপ অর্থবশতঃ “নুকু” পদে ‘প্রেমা-নন্দ’; তাহা দান করেন যিনি, তিনিই ‘মুকুন্দ’। অতএব তাঁহার ব্রজে গমন সম্ভব এ বিষয়ে তিনি কি হেতু ছল উদ্ভাবন করিয়াছিলেন, ইহাই প্রশ্নের তাৎপৰ্য। (তোষণী) ॥ ২ ॥

“কেশব”—এই স্থলে “ক”পদে ব্রহ্মা, “ঈশ”পদে মহাদেব যিনি নিজ মহিমা দ্বারা এই দুইজনকে ব্যাপ্ত করেন, তিনিই কেশব। অথবা ঐ দুইজন বাহার সেবকরূপে বর্তমান এই অর্থে “অন্ত্যর্থ” “ব” প্রত্যয় দ্বারা ‘কেশব’ এই পদ নিষ্পাদ হওয়ার তাঁহার পরমেশ্বরত্ব কথিত হইল। (তোষণী) ॥ ১০ ॥

মতিরিতি পাঠান্তরঃ ॥ ১৫ ॥ দেবতাগণ ত্রিলোচনের সহিত ক্ষীরসমুদ্রের তীরে গমন করিয়া সমাহিত চিত্তে পুরুষস্বক্-
দ্বারা পরম পুরুষ ভগবানের উপাসনায় প্রবৃত্ত হইলেন—এই
বাক্যে দেবতাগণ ক্ষীরসমুদ্রের তীরে যাত্রা গমন করিয়া-
ছিলেন, শ্বেতদ্বীপ-সংজ্ঞক ভগবদ্ধামে গমন করিতে পারেন
নাই, ইহাই স্থচিত হইতেছে। কেননা, ভগবদ্ধামে দেবতা-
দিগেরও প্রবেশাধিকার নাই। এই সকল কথা মহাভারতে
যোক্ষধর্মে এবং শ্রীমদ্ভাগবতের পরবর্তী অধ্যায়ে স্থানে স্থানে
প্রদর্শিত হইয়াছে, তজ্জন্তই এইরূপ ব্যাখ্যা জানিতে হইবে।
প্রথমতঃ গোলোকাধিপত্য স্বয়ং ভগবান্ বাহুদেবাখ্যা শ্রীকৃষ্ণ,
ইনি চতুর্ভূতের অন্ততম প্রথম বাহ। তাঁহার দ্বিতীয় বাহ
সকর্ষণ। সকর্ষণের অংশাংশ প্রথম পুরুষ মহত্ত্বের স্রষ্টা-
কারণার্ণবশায়ী। চতুর্থ বাহ অনিরুদ্ধের অংশ গর্ভোদকশায়ী
পুরুষ। অনন্যকোটি ব্রহ্মাণ্ড কারণার্ণবশায়ী পুরুষের রোম-
কূপে গব্যাক্ষগত পরমাত্মার জায় অবস্থান করে। প্রত্যেক
ব্রহ্মাণ্ডান্তর্গত পুরুষও অনিরুদ্ধাখ্যা গর্ভোদকশায়ী। এই
গর্ভোদকশায়ী অনিরুদ্ধ তৃতীয় বাহ প্রজ্যায়ের অংশ। প্রজ্যায়ের
অংশাংশ কীরোদকশায়ী পুরুষ। ইনি ব্যষ্টিজীব-অস্ত্রায়ামী।
পরমগোলোক-মধাবতী শ্রীকৃষ্ণ বাহুদেবাখ্যা শ্রীকৃষ্ণ হইতে
ভিন্ন। এখানে পুরুষ শব্দের প্রয়োগ মহৎস্রষ্টা কারণার্ণবশায়ী
পুরুষ হইতে ভিন্ন তমীয় অংশাংশ কীরোদকশায়ী ভগবানের
উদ্দেশ্যে বৃষ্টিতে হইবে। ‘পুরুষস্বক্’ দ্বারা উপাসনা
করিলেন’ অর্থে ভক্তি দ্বারা তুষ্ট করিয়াছিলেন। বৃষাক্ষপিম্
—১। যিনি সর্বপ্রকার কামনা পূরণ এবং সর্বপ্রকার ক্লেশকে
সর্বতোভাবে কম্পিত বা মর্দিত করেন। (তোষণী ও
চক্রবর্তী); ২। শ্রীমহাবিষ্ণু (বীররাঘব); ৩। বৃষ অর্থে
যজ্ঞাদিরূপ ধর্ম, তাহা অকুষ্ঠান না করিয়াও যিনি স্বর্গাদি
সুখস্বরূপ যজ্ঞ-ফল ভোগ করিয়া থাকেন সেই সর্ব যজ্ঞাদির
ফলভোক্তা যজ্ঞেশ্বর। (বল্লাভাচার্য) ॥ ২০ ॥ “পুরুষোত্তম
শ্রীভগবান্ স্বয়ং বহুদেব-গৃহে প্রাবৃত্ত হইবেন”—এই
বাক্যদ্বারা অন্তান্ত জীবের জায় ভগবান্ পিতার ঔরসজাত
নহেন, ইহাই সিদ্ধান্তিত হইতেছে। “স্বয়ং প্রাবৃত্ত
হইবেন”—এই বাক্যে তাঁহার অংশ-অবতারও নিরস্ত
হইয়াছে। (তোষণী)। প্রিয়ার্থঃ—১। পরিচর্যাদির

দ্বারা (ভগবানের) প্রীতি উৎপাদনের নিমিত্ত অথবা ভগবৎ-
প্রিয়া শ্রীকৃষ্ণী রাধিকাদির দাস্য লাভের নিমিত্ত। (তোষণী)।
২। তৎপ্রিয়গণের সহিত সপ্য-বিধানের জন্ত। (চক্রবর্তী)।
৩। সেবার্থ। (বল্লাভাচার্য) ॥ ২৩ ॥ ১০।১।২৩ শ্লোকের
পর শ্রীমদ্বীররাঘবাচার্য এই শ্লোকটি অধিকরূপে স্বীকার
করিয়াছেন,—

“ঋষয়োহপি তদাদেশাৎ কল্যাত্মাং পশুরূপিণঃ।

পয়োদানমুপেনাপি বিষ্ণুং তর্পয়িতুং সুরাঃ ॥”

[অনয়। (হে) সুরাঃ, (হে দেবাঃ,) ঋষয়ঃ অপি
(দেবর্ষয়ঃ) তদাদেশাৎ (তস্ত বিষ্ণোরাজ্ঞাঃ) পয়োদান-
মুপেন অপি (ভৃগুপ্রদানদ্বারা) বিষ্ণুং (ভগবন্তং) তর্পয়িতুং
(তুগয়িতুং ইত্যর্থঃ) পশুরূপিণঃ (গোরূপধারিণঃ সন্ত)
কল্যাত্মাং (ভায়ত্মাং)। অতুবাদ। হে দেবগণ, ঋষিসকলও
বিষ্ণুর আদেশ-অনুসারে ভৃগুপ্রদানাদি কার্যদ্বারা তাঁহার
প্রীতি উৎপাদনের জন্ত গোরূপে জন্ত গ্রহণ করুন] ॥ ১০। ১২৪
শ্লোকের কৃষ্ণসন্দর্ভোক্ত ব্যাখ্যা.—বিশিষ্টাধৈতবাদাচার্যগণ
এই শ্লোকের ব্যাখ্যায় শ্রীবলদেবকে আবেশাবতার শেষের
আবির্ভাব বলিয়াছেন। তাহার প্রতিপক্ষে শ্রীলজীব গোস্থায়ী
কৃষ্ণসন্দর্ভে এইরূপ ব্যাখ্যা করিয়াছেন—শ্রীবহুদেবনন্দন-
বাহুদেবের কলা—প্রথম অংশ শ্রীসকর্ষণ। তাঁহার সকর্ষণও
স্বয়ংই অর্থাৎ অন্ত-অপেক্ষা-রহিত। সকর্ষণের অবতার বলিয়া
তিনি ‘সকর্ষণ’ নহেন। এইজন্ত ‘স্বরাট্’ শব্দের প্রয়োগ
অর্থাৎ স্বরাট্ অর্থে যিনি নিজ-প্রভাবে বিরাজমান। অতএব
স্বরাট্-হেতু তিনি অনন্ত অর্থাৎ দেশকালাদি সীমা-রহিত।
অতএব মাহাকর্তৃক গর্ভসময়ে তাঁহার আকর্ষণ যুক্তিযুক্ত
নহে; কেননা, পূর্ণ স্বরূপের আকর্ষণ সম্ভবপর নহে। ভগ-
বানের অকুষ্ঠ-ইচ্ছাশ্রীকা চিহ্নিতদ্বারা আবিষ্ট হইয়াই
মায়া এই কার্য করিতে সমর্থ হইয়াছিলেন। মায়া যে
চিহ্নিত্তে আবিষ্ট হইয়াছিলেন, তাহাও ব্যক্ত হইয়াছে—
বিষ্ণুমায়া ভগবতী শ্রীকৃষ্ণকর্তৃক আদিষ্টা হইয়া অংশ-সহ
দেবকীর গর্ভাকর্ষণ প্রভৃতির জন্ত মায়ার সহিত মিলিতা
হইবেন। মায়ার সহিত যোগমায়া মিলিতা হইয়াছিলেন
বলিয়া যোগমায়ার নাম ‘একানংশ’। কেহ কেহ ‘একা-
নংশ’ শব্দের অর্থে অখণ্ডস্বরূপা—এইরূপ বলিয়া থাকেন।

যিনি সৰ্ব্বণ তিনিই শেষ নামক সহস্রবদন হইয়াছেন, যথা শ্রীযমুনাদেবীর বাক্য—হে রাম, হে মহাবাহো, হে জগৎপতে, যাহার একাংশদ্বারা জগৎ বিধৃত আছে, আমি সেই তোমার বিক্রম জানি না। এই বাক্যের অর্থ এই প্রকার—‘একাংশ—শেষ নামক অংশ’—শ্রীযামিটীক। অন্তথা—‘শ্রীবলদেব অবয়ব-বিশেষদ্বারা জগৎ ধারণ করেন’, —এরূপ অর্থ সম্ভব হইলে ‘যন্ত একাংশেন’ অর্থাৎ যাহার একাংশের দ্বারা ইত্যাদি বাক্য প্রয়োগের পরিবর্তে ‘যেনৈ-কাংশেন’—যিনি এক অংশের দ্বারা ইত্যাদি বাক্য প্রয়োগ-পূর্বক ‘যৎ’শব্দের কৰ্তৃত্ব-নির্দেশে ব্যাখ্যা সম্ভব হইত। শ্রীবলদেব সৰ্ব্বণের অবতার—এইরূপ অর্থান্তর-প্রতীতি নিরাস-কল্পে মহাবিজ্ঞ শ্রীধরস্বামী সঙ্ক-বোধক ‘যন্ত’ পদের অর্থের সঙ্গতি রাখিয়া ‘একাংশেন’ পদের অর্থ করিয়াছেন। একাংশে—শেষ নামক অংশে; অতএব শ্রীশেষেরই জগদ্ধারণ কার্যের মুখ্য-কৰ্তৃত্ব প্রতীত হইতেছে। ঔপচারিকভাবে বা গৌণভাবে নহে। অতএব বলদেব পৃথীধারী অনন্তের অবতার নহেন, কিন্তু শেষই বলদেবের স্বাংশাবতার ইহাই সিদ্ধান্তিত হইল ২৪ ॥ “যোগমায়া ভগবতী” ইতি বিদ্যম্ভুত পাঠম্। কার্যার্থে—১। দেবকীগর্ভাকর্ষণ, যশোদা-মোহনাদি কার্যের নিমিত্ত (শ্রীধর ও শ্রীভকদেব); ২। যশোদা মোহনাদি কার্য অতিশয় সুগোপ্য, হুতরাং তাহা স্পষ্ট উল্লেখ করেন নাই। “কার্যের নিমিত্ত” এই বাক্যে যশোদা-মোহনাদি-কার্যই সম্বন্ধে কথিত হইয়াছে। (তোষী); ৩। প্রয়োজনার্থ। (বীররাঘব)। লীলাপত্রিকর ভগবদ্ভক্তগণের ও কংসাদি ভক্তদ্বৈষিগণের মোহনার্থ ভগবান্-যোগমায়া এবং জড়মায়াকে আদেশ করিয়াছিলেন, তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। পূর্বে বলা হইয়াছে “যোগমায়াং সমাদিশং” অর্থাৎ ভগবান্ যোগ-মায়াকে আদেশ করিয়াছিলেন। ক্রকের আদেশে কার্য-নিমিত্ত যোগমায়া নিজ অংশভূত বহিরঙ্গা মায়ার সহিত উৎপন্ন হইবেন। “যরা সম্মোহিতং জগৎ” অর্থাৎ “যাহার দ্বারা জগৎ মুগ্ধ হয়”—এই বাক্যে যোগমায়ার অংশভূতা জড়মায়া-দ্বারাই জগৎ মুগ্ধ হয়, বুঝিতে হইবে। অথবা অপ্রাকৃত ও প্রাকৃতভেদে জগৎ দুই প্রকার। যোগমায়া স্বয়ংই অপ্রাকৃত

জগৎকে এবং নিজ অংশভূতা জড়মায়াদ্বারা প্রাকৃত জগৎকে মোহিত করিয়া থাকেন। নারদপঞ্চরাত্রে ঋতিবিত্তা-সংবাদে জড়মায়াকে যোগমায়ার অংশ বলিয়া কথিত হইয়াছে, যথা,—“সেই পরমপুরুষ ভগবানের একটী পরাশক্তি আছে; তাহাই স্বরূপাত্মিকা চূর্ণা। এই মহাবিশ্ব-স্বরূপিনী পরা-শক্তির বিজ্ঞান-মাত্রেই পরমপুরুষকে প্রাপ্ত হওয়া যায়। ইনি প্রেম-সর্বস্ব-স্বভাবা হলানিনী শক্তি। ইহার আশ্রয়ে আদিদেব অখিলেশ্বরকে সহজে জ্ঞাত হওয়া যায়; কিন্তু ইহার ‘মহামায়া’ নামে একটা আবরণী শক্তি আছে, তাহার দ্বারা নিখিল জগৎ ও সমস্ত দেহাভিমানী ব্যক্তি মুগ্ধ হইতেছে।” “কার্য” দুই প্রকার—যোগমায়া কার্য ও জড়মায়া কার্য। দেবকীর সপ্তম গর্ভাকর্ষণ, তথা যশোদাকে নিদ্রাভিভূতা করা যোগমায়া কার্য, কারণ তাদৃশ সিদ্ধভক্তে জড়মায়া প্রভাব ক্রিয়া করিতে পারে না। জড়মায়া নিজ নিয়ন্তা বলভূতকে দেবকীগর্ভ হইতে আকর্ষণ করিয়া রোহিণীর গর্ভে স্থাপন করিতে সমর্থ নহে। দেবকী-কন্তারূপে কংস-বধনা-কার্য জড়মায়া, যোগ-মায়া নহে। কারণ এতাদৃশ চুপ্ত লোকদিগকে যোগমায়া স্পর্শ করেন না। মার্কণ্ডেয় পুরাণের অষ্টম স্কন্ধে ১১শ অধ্যায়ে জড়মায়া স্বয়ং বলিয়াছেন,—“বৈবস্বত মন্বন্তরে অষ্টা-বিংশ যুগ উপস্থিত হইলে আমি নন্দগোপের আলয়ে যশো-দার গর্ভে জন্ম গ্রহণ করিব এবং বিদ্যাচলবাসিনী হইয়া আমি সেই ভূতজনকে নাশ করিব।” রামাদি ভগবন্তীলা সম্পাদনার্থ ভগবৎপ্রেমসীগণের পতি, যন্তর প্রভৃতি আশ্রয়গণের মোহন যোগমায়া কার্য, জড়মায়া নহে; “যোগমায়াদুপা-শ্রিতঃ” এই ভাগবত-বচনই ইহার প্রমাণ। শাস্ত্রাদি অস্তর-গণ এবং হুর্ঘোষনাদি বহির্গত ব্যক্তিগণ ভগবানের গরুড়-বাহন বিশ্বরূপ প্রভৃতি ঐশ্বর্য দর্শন করিয়াও ইনি ঈশ্বর নহেন, এইরূপ বুদ্ধিতে মোহিত হইয়াছিল—এইরূপ মোহন-কার্য জড়মায়াই জানিতে হইবে। শাস্ত্রাদি পুণ্ড্র বাদন্ব বিমোহন-ক্রিয়াও জড়মায়া। এক্ষণে বিনুথ-মোহন-ক্রিয়া জড়মায়া এবং উন্মুখ-মোহন-ক্রিয়া যোগমায়া, ইহা সিদ্ধা-ন্তিত হইল। চিন্ময়ধামের বাৎসল্যরসের পরম রসিক নন্দ-যশোদাদির বরুণলোক বা বিশ্বরূপ প্রভৃতি ঐশ্বর্যদর্শনান্তেও

বাৎসল্যাদি ভাবাধিক্য-প্রযুক্ত যে সমুদয়-জ্ঞান আচ্ছাদিত হইতে দেখা যায়, উহা যোগমায়া বা জড়মায়ায় কার্য নহে, কিন্তু উহা প্রেমেরই স্বভাব। (চক্রবর্তী) ১২৫॥ **শূরসেনাংশচ**—‘শূরসেনা’ নামে প্রসিদ্ধ দেশসমূহ। কার্তবীৰ্য-পুত্র শূরসেনা যে সকল দেশ ভোগ করিয়াছিলেন, সেই সকল দেশ তাঁহার নামেই প্রসিদ্ধ ছিল। (তোষণী)। **মথুরা**—মথ্যতে তু জগৎ সৰ্বং ব্রহ্মজ্ঞানেন যেন বা। স্তংসারভূতঃ যদ্যস্তাং মথুরা সা নিগজতে ॥ অর্থাৎ ব্রহ্মজ্ঞানের দ্বারা অথবা শব্দের সমুচ্চয়ার্থ বা মুক্ত-প্রগ্রহ-বৃত্তিযোগে ব্রহ্মজ্ঞানের অর্থ ভগবদ্ভক্তিযোগ, তদ্বারা সর্ব জগৎকে মথন করেন এবং যথায় স্বয়ং ভগবান্-ব্রহ্মজ্ঞানন্দন-শ্রীকৃষ্ণকনিষ্ঠ বলিয়া ভক্তি ও জ্ঞানের সার বর্তমান, সেই স্থানই ‘মথুরা’ নামে অভিহিত হয়; কিম্বা মথ্যতি অর্থাৎ সর্বপ্রকার ইতর জ্ঞান পণ্ডন করেন বলিয়া ‘মথুরা’। (তোষণী) ১২৭॥ “বত্র নিত্য সন্নিহিতো হরিঃ” অর্থাৎ যে স্থানের নিকটে ভগবান্ শ্রীহরি নিত্যকাল অবস্থান করিতেছেন, ‘নিত্য’শব্দ প্রয়োগদ্বারা মথুরাদি ভগবদ্ধামেরও নিত্যত্ব কথিত হইয়াছে। ভগবদ্ধাম কালদোষে অস্ত্র স্থানের স্থায় অস্থিহিত হন না। (তোষণী)। “নিত্য সন্নিহিতঃ” অর্থাৎ ভগবান্ মাধুর মণ্ডলে নিত্যই অবস্থান করিতেছেন—এই বাক্যের দ্বারা স্বয়ং ভগবান্ পরিপূর্ণস্বরূপ শ্রীকৃষ্ণ স্বীয়ধামে বর্তমান থাকিয়াই প্রপঞ্চের গোচরীভূত হইয়াছেন। বৈকুণ্ঠ হইতে আসিয়া প্রপঞ্চে অবতীর্ণ হইয়াছেন, এরূপ নহে। কিন্তু ভগবানের আদির্ভাব-সময়ে বৈকুণ্ঠ ও শ্বেতদ্বীপ হইতে অংশাবতারগণ আসিয়া তাহাতেই মিলিত হন, লীলান্তে তাঁহারা নিজ নিজ ধামে গমন করিয়া থাকেন। সুতরাং অন্ত্যস্ত অবতারগণ বৈকুণ্ঠ হইতেই অবতীর্ণ হন, ইহাও সূচিত হইল। (চক্রবর্তী) ১২৮॥ **শূল শুকদেব গোয়ামী** পরীক্ষিৎ মহারাজকে ‘তাত’ বলিয়া সম্বোধন করিতেছেন,— ইহার তাৎপৰ্য—ভগবান্ শীঘ্রই অবতীর্ণ হইবেন এই আনন্দে শ্রীশুকদেবের হৃদয়ে বাৎসল্যভাবের উদ্দীপন হওয়ায় তিনি স্নেহবশে পরীক্ষিৎকে ‘তাত’ বলিয়া সম্বোধন করিলেন। (তোষণী) ১৩০॥ **গৰ্ভঃ—অৰ্ভকঃ; তথা চ বিম্বঃ—“গৰ্ভো** জুগে অৰ্ভকে কুক্ষ্যবিতাদি।” (তোষণী) ১৩৪॥ **কংস দেবকী-** হত্যা করিতে প্রবৃত্ত হইলে বহুদেব তাহাকে সম্বন্ধ, লাভ,

উপকার, অভেদ ও গুণকীর্তন—এই পঞ্চপ্রকার সাম এবং ইহ ও পরকালে ভয় এই দুইটি সহ দ্বিবিধ ভেদ দেখাইয়া সাধনা করিতে লাগিলেন। অর্থাৎ ‘বীরগণ তোমার গুণের প্রশংসা করিয়া থাকেন’ এই বাক্যে গুণকীর্তন; ‘ভোজবংশের যশোবর্দ্ধনকারী’ এই বাক্যে সম্বন্ধ, ‘তোমার ভগিনী’ এই বাক্যের দ্বারা অভেদ, ‘তুমি কি প্রকারে তাহাকে হনন করিবে’ এই বাক্যে স্ত্রী-হত্যা হইতে নিবৃত্তিজন্ত যশোলাভ এবং ‘উদ্ধাহ’ এই বাক্যের দ্বারা উপকার, এই বিবাহোৎসবে তুমি তোমার গুণীকে বিনাশ করিলে ইহকালে নিন্দা ও পরকালে নরকভোগ হইবে এই দুই প্রকার ভেদ ও পূর্বোক্ত পঞ্চ প্রকার সাম দর্শন করাইয়া কংসকে সাধনা করিতে লাগিলেন। কিন্তু ইহার প্রকৃত অর্থ বিপরীত অর্থাৎ শ্লাঘনীয় গুণ বলিতে যশস্বিগণের মধ্যে অতি নিকট অথবা শূরগণই তোমার গুণের প্রশংসা করিয়া থাকেন, পণ্ডিতগণ অথবা সাধুগণ তোমার গুণের প্রশংসা করেন না। ভোজ অর্থাৎ ভোগপর দুষ্ট ইহা তোমার খ্যাতি অথবা ভোজ শব্দে কলহ, তাহার আধিক্য তোমাতে দৃষ্ট হয় বলিয়া তুমি ভোজ-যশস্কর। (চক্রবর্তী ও তোষণী) ১৩৭॥ **দীন বৎসল**—এই শ্লোকে বহুদেব নৃশংস কংসকে ‘দীনবৎসল’ বলিতেছেন, ইহার তাৎপৰ্য এই যে, উগ্রসেন বা দেবক যখন বিপ্রগণকে গো প্রদান করিবার নিমিত্ত কংসকে আদেশ করিতেন, তখন সে তাঁহাদের বাক্য রক্ষা করিবার জন্য মৃতপ্রায় অকর্মণ্য বৎস দান করিত বলিয়া কংসকে ‘দীনবৎসল’ বলিতেছেন অথবা রাজকরের বিনিময়ে দীনহীন প্রজাদিগের নিকট হইতে গো-বৎস পর্যন্ত গ্রহণ করিত, তজ্জন্মও তাহাকে ‘দীনবৎসল’ বলা যাইতে পারে ১৪৫॥ কংসের হস্ত হইতে দেবকীর মৃত্যু প্রতিকার-বিষয়ে নিজ বলপ্রয়োগ বিফল, কিন্তু কৌশলে কার্যোদ্ধার হইতে পারে—বহুদেব ইহাই ধারণা করিয়াছিলেন। (চক্রবর্তী) ১৪৮॥ কংস হৃহৃদ-বধে নিবৃত্ত হইল; এই স্থলে ‘ভগিনী-বধে’ না বলিয়া ‘হৃহৃদ-বধে’ বলা হইয়াছে ইহার তাৎপৰ্য এই যে, দেবকী কংসের পিতৃবা-কন্যা সুতরাং ‘হৃহৃদ’ বলাতে দেবকীর সহিত কংসের অতি ঘনিষ্ঠ সম্বন্ধ—ইহাই ব্যক্ত হইতেছে, অথবা হৃহৃদ অর্থাৎ শোভন হৃদয় যাহার, দেবকীর নিকটতা

ও চিত্তের নির্মলতা লক্ষ্য করিয়া তাঁহাকে 'সুহৃদ' বলা হইয়াছে। আর কংস সুহৃদ-বধে বিরত হইয়া অজ্ঞান সুহৃদ-বধেও নিবৃত্ত হইল, কারণ কংস যদি দেবকীকে বধ করিত তাহা হইলে দেবকীর পিতা প্রভৃতি বন্ধুগণের সহিত যুদ্ধ হইত এবং তাহাতে বহু সুহৃদের প্রাণ নাশ হইত। (তোষণী) ৥ ৫৫ ॥ হংস, স্ববিক্রম, ক্রোধ, দমন, রিপুমর্দন ও ক্রোধহস্তা নামে বিখ্যাত ষড়্‌গুৰ্ত্ত নামক দানবগণ কালনেমির পুত্র; ইহারা সুরগণের ছায় পরাক্রমশালী ও সমরবিশারদ। পুরাকালে এই ষড়্‌গুৰ্ত্ত নামক অসুরগণ পিতামহ হিরণ্যকশিপুকে পরিত্যাগ করিয়া তীব্র তপস্বাদ্বারা লোক-পিতামহ ব্রহ্মার উপাসনা করিলে ব্রহ্মা সন্তুষ্ট হইয়া তাহাদিগকে বর প্রদান করিতে ইচ্ছা করিলেন। তাহারা বলিল,—হে ব্রহ্মন্, যদি আপনি বরপ্রদ হইয়া থাকেন, তবে যাহাতে আমরা, দেবতা, মহোরগ, যক্ষ, গন্ধর্বপতি, সিদ্ধ, চারণ ও মানবগণ এবং তপস্বানিরত পরমার্থিগণেরও অবধ্য হইতে পারি এইরূপ বর প্রদান করুন। ব্রহ্মা তাহাদের অভিপ্রায় মত তাহাদিগকে বর প্রদান করিলেন। হিরণ্যকশিপু তাহাদিগের এইরূপ বরলাভ-বৃত্তান্ত শ্রবণ করিয়া ক্রোধ সহকারে তাহাদিগকে বলিল—“তোমরা আমাকে পরিত্যাগ করিয়া ব্রহ্মার আরাধনা করিয়াছ, তজ্জন্ত তোমাদের প্রতি আমার স্নেহ নাই, ‘তোমাদের পিতাই তোমাদিগকে বধ করিবে’ তোমরা ছয় জনেই দেবকীর গর্ভে জন্মগ্রহণ করিবে এবং তোমাদের পিতা কালনেমি কংসরূপে জন্মগ্রহণ করিবে। সেই কংসই তোমাদিগকে হত্যা করিবে।” হিরণ্যকশিপু তাহাদিগকে এইরূপ শাপ প্রদান করিয়াছিলেন বলিয়াই তাহারা দেবকীর গর্ভে জন্মগ্রহণ করিয়া কালনেমির অবতার কংসের হস্তে নিহত হয়। (হরিবংশ, বিষ্ণুপর্ব, ২য় অধ্যায়) অতএব তোষণী টীকাভূমিতে ‘কীর্তিমান’ নামটী দেবকী-পুত্রের তৃতীয় জন্মগত। প্রথম জন্মে ইনি মরীচিপুত্র ‘শ্বর’ নামে অভিহিত ছিলেন। এই শ্বরই দ্বিতীয় জন্মে কালনেমির পুত্র ছিলেন ৥ ৫৭ ॥ শ্রীমদ্ভাগবতচর্চক শ্রীবিজয়ধ্বজ তীর্থ-পাদ এই শ্লোকটী অধিকরূপে স্বীকার করিয়াছেন—

অথ কংসমুপাগম্য নারদো ব্রহ্মনন্দনঃ ।

একাস্তমুপসঙ্গম্য বাক্যমেতদুবাচ হ ।

অর্থ। অথ (অনন্তরং) ব্রহ্মনন্দনঃ (ব্রহ্মণো মানসপুত্রঃ) নারদঃ কংসম্ উপাগম্য (তংসমীপমাগত্য) একাস্তম্ (নির্জনং স্থানম্) উপসঙ্গম্য (প্রাপয়িত্ব চ) এতৎ (বক্ষ্যমাণং) বাক্যম্ উবাচ হ (কথয়ামাস কিল)। অহুবাদ। অনন্তর ব্রহ্মার মানসপুত্র শ্রীনারদ কংসের নিকটে উপস্থিত হইয়া তাহাকে নির্জনে এই বাক্য বলিয়াছিলেন ॥ মুনিবর নারদ সুরলোক হইতে অবতরণ-পূর্বক মথুরার উপবনে উপস্থিত হইয়া কংসের নিকট দূত প্রেরণ করিলেন, সেই দূত রাজ-সমীপে তদীয় আগমন বৃত্তান্ত নিবেদন করিল। অসুরবর কংস নারদের আগমন-সংবাদ শ্রবণে হর্ষান্বিত হইয়া অতি সত্বর স্বপুত্র হইতে নির্গত হইলেন এবং সুরের ছায় প্রভাশালী ও অগ্নির ছায় তেজস্বী নিষ্পাপ অতিথি ব্রহ্মনি নারদকে দেখিতে পাইলেন। কংস দেবর্ষি নারদকে অভিবাদন ও যথাবিধি পূজা করিয়া উপবেশনার্থ অগ্নিবর্ণ স্বর্ণ-নির্মিত আসন আনাইয়া দিলেন। দেবরাজের সখা মুনিবর নারদ আসনে উপবিষ্ট হইয়া টগসেননন্দন কংসকে কহিলেন,—হে বীর, তুমি ত’ বিধি মত আমার যথোচিত পূজা করিয়াছ এখন আমি যাহা বলিতেছি তাহা শ্রবণ ও গ্রহণ কর। হে ভাত, আমি নন্দনকানন, চৈত্র-রথ-দন তথা ব্রহ্মপুরাদি স্থলোঁক সকল ভ্রমণ করিতে করিতে পূর্বস্ব বিপুল স্তম্ভের পর্বতে গমন করিয়াছিলাম। তৎকালে দেবগণ অনেকেই আমার সহগামী হইয়াছিলেন। আমরা সকলেই অনেক স্তম্ভীর্থ অতিক্রম করিয়া ত্রিপথগামিনী ত্রিধারা দিব্য গঙ্গাকে দর্শন করিলাম। একদা ব্রহ্মা দেবগণকে লইয়া সেই স্তম্ভকুশিগরে সভা করিলে আমি স্বর-সংযোজিত বীণা গ্রহণপূর্বক তথায় উপস্থিত হইয়া শুনিলাম যে, তাহারা নিজ অহুচরগণের সহিত তোমারই নিদারুণ বধোপায়ের বিষয় মন্ত্রণা করিতেছেন। হে কংস! মথুরাতে তোমার কনিষ্ঠা ভগিনী আছে; তাঁহার অষ্টম গর্ভ হইতেই তোমার মৃত্যু হইবে। (হরিবংশ, বিষ্ণুপর্ব, ১ম অ ২—১৬ শ্লোক)।

দেবর্ষি নারদ কংসের নিকট ভগবানের অবতার-বিষয় জ্ঞাপন করিয়াছিলেন তজ্জন্ত তাঁহার প্রতি দোষারোপ করা উচিত নহে; কারণ দেবর্ষি নারদ সর্বদা জীবের হিতের

নিমিত্তই কার্য করিয়া থাকেন। ভগবান্ শীঘ্র আবির্ভূত হইলে দৈত্যভাঙিত দেবকুলের আনন্দ হইবে, তিনিও আপনার অভীষ্ট-দেবকে দর্শন করিয়া আনন্দিত হইবেন। কংসকে ভগবানের দ্বারা নাশ করাইয়া তাহার সদগতি দান করাইবেন এবং যেসকল কংসের দাসত্ব স্বীকার করিয়া অত্যন্ত যন্ত্রণা ভোগ করিতেছিলেন তাঁহাদিগকে ভগবানের আবির্ভাব বিষয়ে নিশ্চয়ত জ্ঞাপন করিয়া তাহাদের সন্দেহ ভঞ্জনপূর্বক আনন্দ-বিধান প্রভৃতি বহুবিধ মুখ্য কারণে

দেবর্ষি নারদ, কংসকে নিগূঢ় বিষয় ব্যক্ত করিয়াছিলেন। (চক্রবর্তী) ॥ ৬২ ॥ শ্রীমদ্বীরাধবাচার্যকৃত ভাগবত-চন্দ্র-চজিকাঃ নিম্নলিখিত শ্লোকাদিগ্ৰন্থে অধিকরূপে দেখা যায়;—

অমরাঃ সর্ব এবৈতে লোকোপদ্রবকারিণঃ ॥ ৬৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধের প্রথম অধ্যায়ের অন্তর, অমরবাদ, বিশ্বনাথ, মধব, তথা ও বিবৃতি সমাপ্ত।
ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধের প্রথম অধ্যায়ের গোড়ীয়-ভাষ্য সমাপ্ত।

দ্বিতীয়োঃধ্যায়ঃ

গোড়ীয় ভাষ্য।

দ্বিতীয় অধ্যায়ের কথাসার

এই অধ্যায়ে কংস-বিনাশার্থ দেবকীর গর্ভে শ্রীহরির প্রবেশ, ব্রহ্মাদি দেবগণের গর্ভগত শ্রীহরির বন্দন ও দেবকীকে সংস্কারদান বর্ণিত হইয়াছে।

কংস জরাসন্ধের আশ্রয়ে তপা প্রলম্ব, বক, চাপুর, তপাবর্ত, অঘাস্তর মৃষ্টক, বাণ ও ভৌম প্রভৃতি অস্ত্রদিগের সাধ্যাঘো বহুগণের নির্বাতনে প্রবৃত্ত হইলে তাঁহারা পাঞ্চাল, কেকয়, সান্ব, বিদর্ভ প্রভৃতি রাজ্যে পলায়ন করিলেন। কয়েকজন মাত্র কংস-সন্নিধানে অবস্থান করিতেছিলেন।

কংস যড়গর্ভাবতার দেবকী-পুত্র ছয় জনকে বিনষ্ট করিলে শ্রীসম্বর্ধন দেবকীর সপ্তম গর্ভরূপে প্রকটিত হইলেন। এদিকে স্বয়ং ভগবান্ দেবকীর গর্ভে প্রবিষ্ট অনন্তদেবকে আকর্ষণ করিয়া রোহিণী-গর্ভে স্থাপন করিবার জ্ঞা যোগ-মায়াকে আদেশ করিলেন এবং অচিরেই ভগবান্ দেবকীর গর্ভে আবির্ভূত হইবেন এবং যশোদার গর্ভে মায়াদেবীর আবির্ভাব হইবে ইহাও তাঁহাকে (যোগমায়াকে) জ্ঞাপন করিলেন। ভগবান্ ও মায়া—উভয়ের আবির্ভাবে কেহ বৈষ্ণব, কেহ বা শাক্ত হন। শাক্তগণ মায়াকে তুর্গা, ভদ্র-কালী, চণ্ডিকা প্রভৃতি ভাবানুযায়ী নামসকল প্রদান করিয়া থাকে। শ্রীভগবানের আদেশে যোগমায়া দেবকীর

গর্ভ আকর্ষণপূর্বক রোহিণীতে স্থাপন করিয়াছিলেন বলিয়া দেবকীর সপ্তম গর্ভে মূল-‘সম্বর্ধন’, শ্রীকৃষ্ণের প্রতি লোকের রতি উৎপাদন করেন বলিয়া রাম এবং বলাধিকা-হেতু ‘বলভদ্র’ নামে অভিহিত হন। যোগমায়া ভগবদাদেশে দেবকীর গর্ভাকর্ষণপূর্বক রোহিণীর উদরে স্থাপিত করিলে ভগবান্ বহুদেবের চিত্র হইতে দেবকীর অন্তরে প্রবিষ্ট হইলেন। ভগবদাবির্ভাব বশতঃ দেবকীর দেহ তেজোময় হইয়া উঠিল, তদর্শনে কংসের মনে ভীতির সঞ্চার হইলেও সে বিবেকাবেশপূর্বক দেবকীর কোন অনিষ্ট না করিয়া প্রতিকূলভাবে সর্বদা ভগবান্কে চিন্তা করিতে লাগিল। ইত্যবসরে দেবতাগণ, ভগবান্, জীব ও মায়া—এই ত্রিসত্যের মধ্যে ভগবানের নিত্য সত্যত্ব, দেহ হইতে জীবাত্মার ও জীবাত্মা হইতে পরমাত্মার শ্রেষ্ঠত্ব ও সর্বোত্তমত্ব, ভগবানের স্বতন্ত্রকর্তৃত্ব অবতারসমূহের বিস্তৃত-সম্বয়ত্ব, শরণাগত ভক্তের মহত্ব ও অন্তঃ চিত্ত জীবমুক্তাভিমাত্রীর পরিণাম, ভক্তের নির্ভয়ত্ব, ভগবদবতারের প্রয়োজনত্ব প্রতিপাদক জ্ঞান-গর্ভ বাক্যদ্বারা দেবকীগর্ভগত ভগবানের স্তব করিতে লাগিলেন।

শ্রীশুক উবাচ

প্রলম্ববকচাপুরতপাবর্তমহাশনৈঃ ।

মৃষ্টিকারিষ্টদ্বিবিদ-পুতনাকেশিধেনুকৈঃ ॥ ১ ॥

অষ্টৈশ্চাস্তুরভূপালৈর্বাণভৌমাদিভিষুতঃ ।

যদুনাং কদনং চক্রে বলী মাগধসংশ্রয়ঃ ॥ ২ ॥

অর্থঃ । শ্রীশুক উবাচ,—(পরীক্ষিতং প্রতি কথয়ামাস) মাগধসংশ্রয়ঃ (মগধনৃপতের্জরাসন্ধস্ত আশ্রিতঃ) বলী (পরাক্রান্তঃ কংসঃ) প্রলম্ববকচাগুর তৃণাবর্ত-মহাশনৈঃ (প্রলম্ববকচ চাগুরচ তৃণাবর্তচ মহাশনৈঃ অঘাসুরচ তৈঃ) মুষ্টিকারিষ্টদ্বিবিদপুতনাকেশিধেহুতৈঃ (তন্ত্রানামকৈঃ অসুরৈশ্চ) বাণভৌমাদিভিঃ (বাণনরকাসুরপ্রভৃতিভিঃ) অষ্টৈঃ চ (অপটৈশ্চ) অসুরভূপালৈঃ (দানবরাষ্ট্রৈঃ) যুতঃ (মিলিতঃ সন্) যদুনাং (যাদবানাং) কদনং (পীড়নং) চক্রে (অকরোৎ) ॥ ১-২ ॥

অনুবাদ । শ্রীশুকদেব কহিলেন, (হে মহারাজ পরীক্ষিত) মগধরাজ জরাসন্ধের একান্ত আশ্রিত পরাক্রান্ত কংস, প্রলম্ব, বক, চাগুর, তৃণাবর্ত, অঘাসুর, মুষ্টিক, অরিষ্ট, দ্বিবিদ, পুতনা, কেশী, ধেহুক, বাণ, নরকাসুর এবং অগ্ন্যন্ত অসুর-ভূপতিগণের সহিত মিলিত হইয়া যাদবদিগকে উৎ-পীড়িত করিতে আরম্ভ করিল ॥ ১-২ ॥

বিশ্বনাথ । গর্ভং সঞ্চাৰ্য রোহিণ্যাং দেবক্যা যোগ-মায়য়া । তন্ত্ৰাঃ কুক্ষিঃ গতঃ কৃষ্ণো দ্বিতীয়ো বিবৃধৈঃ স্তবতঃ ॥ বহুভিঃ স বাক্ষ্যত ইতুজং তমেব বিরোধঃ প্রপঞ্চয়তি প্রলম্বৈতি সার্বদ্রয়েণ । মহাশনোহঘাসুরঃ ॥ ১-২ ॥

তে পীড়িতা নিবিবিশুঃ কুরুপঞ্চালকেকরান্ ।

শাবান্ বিদর্ভান্ নিষধান্ বিদেহান্ কোশলানপি ॥ ৩ ॥

অর্থঃ । তে (যাদবঃ) পীড়িতাঃ (অসুরৈঃ উপক্রুতাঃ সন্তঃ) কুরুপঞ্চাল-কেকরান্ (কুরবশ্চ পঞ্চালাশ্চ কেকরাশ্চ তান্ দেশান্) শাবান্ (শাবদেশান্) বিদর্ভান্ (বিদর্ভ-দেশান্) নিষধান্ (নিষধদেশান্) বিদেহান্ (বিদেহদেশান্) কোশলান্ অপি (কোশলদেশান্ চ) নিবিবিশুঃ (আশ্রিত-বন্তঃ) ॥ ৩ ॥

অনুবাদ । সেই সকল যাদব অসুরকুলদ্বারা উপক্রুত হইয়া কুরু, পাঞ্চাল, কেকয়, শাব, বিদর্ভ, নিষধ, বিদেহ এবং কোশল-প্রদেশ-সমূহে আশ্রয় গ্রহণ করিলেন ॥ ৩ ॥

একে তম্নুরুদ্ধানা জ্ঞাতয়ঃ পয়ূপাসতে ।

হতেষু ষট্শু বালেষু দেবক্যা ঔগ্রসেনিনা ॥ ৪ ॥

সপ্তমো বৈষ্ণবং ধাম যমনন্তং প্রচক্ষতে ।

গর্ভো বভূব দেবক্যা হর্ষশোকবিবর্ধনঃ ॥ ৫ ॥

অর্থঃ । একে (কতিপয়ে চ) জ্ঞাতয়ঃ (বান্ধবাঃ) তং (কংসং) তম্নুরুদ্ধানাঃ (অনুহতাঃ) পয়ূপাসতে (আরাধ্যামাসুঃ) (অথ) ঔগ্রসেনিনা (উগ্রসেনসন্তেন কংসেন) দেবক্যাঃ ষট্শু বালেষু (পুত্রেষু) হতেষু (মারিতেষু সৎসু) যং যমনন্তং (সঙ্কর্ষণং চতুর্বাংহদ্বিতয়ং) প্রচক্ষতে (কীর্তয়ন্তি অভিজ্ঞাঃ) তং (প্রসিদ্ধং) বৈষ্ণবং ধাম (কৃষ্ণস্ত অংশমিত্যর্থঃ) দেবক্যাঃ হর্ষশোকবিবর্ধনঃ (আনন্দময়স্তা-বতীর্গত্যাং হর্ষঃ পূর্বগর্ভবৎনাশ-শঙ্কয়া শোকঃ তো বর্ধয়তি ইতি) সপ্তমঃ গর্ভঃ বভূব (গর্ভো বভূব ন তু গর্ভে বভূবেতি সপ্তমাস্ত্যাহুত্যা সাক্ষাদেব অবতারত্বং সূচিতম্) ॥ ৪-৫ ॥

অনুবাদ । কতকগুলি জ্ঞাতি কংসের চিত্তান্তবর্তন করিয়া তাহার সেবা করিতে লাগিলেন । উগ্রসেন-নন্দন কংস দেবকীর ছয়টি পুত্র বিনাশ করিলে তাহার (দেবকীর) হর্ষ ও শোক বর্ধনকারী সপ্তম গর্ভ প্রকাশিত হইলেন । ঐ গর্ভ কৃষ্ণের অংশ বা (শ্রীকৃষ্ণের ধাম) । অভিজ্ঞগণ তাঁহাকে (দ্বিতীয় চতুর্বাংহ) সঙ্কর্ষণ বলিয়া কীর্তন করেন ॥ ৪-৫ ॥

বিশ্বনাথ । একেহংকৃদায়ঃ শ্রীকৃষ্ণবতারদর্শনোৎ-কর্থাবন্তঃ তং কংসম্নুরুদ্ধানাস্তদাজ্ঞাবর্তিনঃ ॥ সপ্তমো গর্ভো বভূব যং গর্ভমনন্তং প্রচক্ষতে । কৌদৃশং বৈষ্ণবং ধাম কৃষ্ণস্তাংশমিত্যর্থঃ । সাক্ষাদানন্দস্ত কুক্ষিগতত্বাদ্ধঃ কংসো বধিষ্ঠতীতি বুদ্ধ্যা শোকঃ ॥ ৪-৫ ॥

তথ্য । ‘একে’—অর্থে অক্রুরাদি ভক্তগণ (বৈষ্ণব-তোষণী, চক্রবর্তী প্রভৃতি) “অনুরুদ্ধানাঃ”—চতুরতার দ্বারা কংসকে বশীভূত করিয়া (বৈষ্ণবতোষণী); অনুবর্তন বা কংসের চিত্তের অনুকূল আচরণ করিয়া (শ্রীধর, শ্রীজীব, বিজয়ধ্বজ, শুকদেব); কংসকে সম্যগ্রূপে বেঁধেন করিয়া তাহার সেবকরূপে অবস্থানপূর্বক (বল্লভ); শ্রীকৃষ্ণবতার

দর্শনোৎকর্ষায় বা শ্রীকৃষ্ণাবতার দর্শনরূপ স্বার্থের অপেক্ষায় কংসের আজ্ঞানুবর্তী হইয়া (চক্রবর্তী ও বৈষ্ণবতোষণী)।

‘ধাম’—অর্থে কলা অর্থাৎ অংশের অংশ (শ্রীধর); ‘বৈষ্ণবধাম’—বিষ্ণুতেজ (শ্রীবিজয়ধ্বজ); ‘শ্রীকৃষ্ণময়ধাম’—(তোষণী); বিষ্ণু অর্থাৎ সর্বব্যাপক পুরুষোত্তমের ধাম অর্থাৎ কলা (শ্রীশুকদেব); কৃষ্ণঃ অংশ (চক্রবর্তী)। ধাম অর্থে কলা বা অংশ। দেবকীর এক কালে হর্ব ও শোক হইবার কারণ—আনন্দময় ভগবান্ তাঁহার গর্ভে আবির্ভূত হইবেন বলিয়া আনন্দ, আর পূর্ব পূর্ব পুত্রকে কংস বিনষ্ট করিয়াছে, ইহাকেও সেইরূপে বিনাশ করিবে এইজন্ত শোক, স্মৃতরাং দেবকীর হর্বশোক—যুগপৎ উদ্ভিত হইয়াছিল, (শ্রীধর) ॥ ৪-৫ ॥

ভগবানপি বিশ্বাত্মা বিদিত্বা কংসজং ভয়ম্।

যদূনাং নিজনাথানাং যোগমায়াং সমাদিশং ॥ ৬ ॥

অন্বয়। বিশ্বাত্মা (সর্বাত্তর্গতঃ) ভগবান্ অপি নিজনাথানাং (নিজঃ স্বয়ং ভগবান্ এব নাথঃ আশ্রয়ঃ যেযাং তেষাং ভগবদভূতজ্ঞানামিত্যর্থঃ) যদূনাং (যাদবানাং) কংসজং (কংসনিমিত্তং) ভয়ং বিদিত্বা (জ্ঞাত্বা) যোগমায়াং (যোগঃ ভগবচ্ছক্তিবিশেষঃ স এব ব্রহ্মাদীনামপি মোহনাং মায়া তাং জগৎকারণশক্তিং) সমাদিশং (বক্ষমানরূপেণ আজ্ঞাপয়ামান) ॥ ৬ ॥

অনুবাদ। বিশ্বাত্মা ভগবান্ও তদন্তর্গত নিজজন যাদবগণের কংস হইতে ভয় উদ্ভিত হইয়াছে জানিতে পারিয়া যোগমায়াকে আদেশ করিলেন ॥ ৬ ॥

বিশ্বনাথ। ইদানীং স্বয়ং ভগবান্ কৃষ্ণোহপি যোগমায়াং বিমলাদীনং চিহ্নভিত্তীনাং পঞ্চমীম্ ॥ ৬ ॥

তথ্য। “ভগবানপি বিশ্বাত্মা বিদিত্বা কংসজং ভয়ম্”—এই শ্লোকার্দের অর্থ তোষণী এই প্রকার করিয়াছেন—ভগবান্—স্বয়ং ভগবান্ নিত্যরূপ শ্রীকৃষ্ণ, বিশ্বাত্মা—সর্বাংশী। ক্ষরোদশায়ী বিষ্ণুর অপেক্ষায় ‘অপি’ শব্দের প্রয়োগ হইয়াছে অর্থাৎ পৃথিবী ভারাক্রান্ত হইয়া ব্রহ্মাদি-দেবতাগণের সহিত ক্ষীরোদসমুদ্রে গমন করিয়া অনিরুদ্ধ

বিষ্ণুর গুণ করিলে বিষ্ণু দেববর্গের স্তুতিতে সন্তুষ্ট হইয়া বলেন, “হে দেববর্গ, তোমরা স্বস্থানে গমন কর, আমি শীঘ্রই বহুদেব-গৃহে অবতীর্ণ হইব।” সম্প্রতি সেই ক্ষীরোদশায়ী বিষ্ণু এবং স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ ইহাই বলিবার উদ্দেশ্যে ‘অপি’ শব্দের প্রয়োগ। বিদিত্বা—বিনা নিবেদনেও কংস হইতে যত্নগণের ভয় অবগত হইয়া তাঁহাদেরও ভীতি অপনোদন করিবার নিমিত্ত। যোগমায়া—১। যোগ—ভগবানের শক্তিবিশেষ, ঐ শক্তি ব্রহ্মাদিরও মোহোৎপাদিকা বলিয়া ‘মায়া’ নামে অভিহিতা হন। জগৎ কারণ মায়া শক্তি হইতেও তাঁহার শ্রেষ্ঠতা বলিয়া তাঁহাকে একাংশা (এক+অংশা অর্থাৎ অখণ্ড স্বরূপা) বলা হয়। ‘ভগবান্’ শব্দের পর ‘অপি’ শব্দের প্রয়োগ থাকায় পূর্বে যেরূপ অর্থ করা হইয়াছে তদ্ব্যতীত এই প্রকার অর্থও হইতে পারে। অর্থাৎ অপি শব্দের দ্বারা ভগবানের পরমোৎকর্ষিত সৃচনা করিয়া যোগমায়াও তৎতুল্যত্ব প্রতিপাদন করিয়াছেন। কিন্তু যোগমায়া (শক্তি ও শক্তিমান অভেদ বিচারে) ভগবানের তুল্য হইলেও ভগবান্ অপেক্ষা নিকটতম সূচিত হইয়াছে, কেননা ভগবান্ (প্রভু-স্বরূপে তাঁহাকে অধীন জ্ঞান করিয়া) তাঁহাকে আদেশ দিয়াছিলেন। (তোষণী); ২। বিমলাদি চিহ্নভিত্তি বৃত্তি সকলের মধ্যে পঞ্চমী বৃত্তি নাম্নী ‘যোগমায়া’ তাঁহাকে। ভাঃ ২।২।৩৩ শ্লোকের সারার্থ দর্শিনী দ্রষ্টব্য। (চক্রবর্তী); ৩। নিজ মায়াধিষ্টাত্রী দেবতা। (বীররাঘব); ৪। জগৎ কারণভূতা ভগবচ্ছক্তিই যোগমায়া। (বল্লাভাচার্য) ॥ ৬ ॥

রোহিণী বহুদেবস্ত ভার্যাস্তে নন্দগোকুলে।

অস্তাশ্চ কংসসংবিগ্না বিবরেষু বসন্তি হি ॥ ৭ ॥

অন্বয়। হে দেবি; (জগৎপূজ্যে), হে ভদ্রে, (সর্বমঙ্গলে), (স্বং) গোপগোভিঃ (গোটৈঃ গোপালকৈঃ গোভিঃ) অনন্ততঃ (শোভিতং) ব্রজং (গোকুলং) গচ্ছ (যাহি)। (তত্র) নন্দগোকুলে (নন্দরাজাধিকৃতে গোকুল-ধাম্নি) বহুদেবস্ত ভার্যা (মহিষী) রোহিণী (ভগ্না দেবী) আস্তে (বর্ততে) (অপি চ) অস্তাঃ অপি (বহুভাঃ ভার্যাঃ)

কংসসংবিগ্নাঃ (কংসস্তাত্ত্বাচারভয়াং উৎপীড়িতাঃ সত্যাঃ)
(তত্র গোকূলে) বিবরেষু (নিভৃতস্থানেষু) বসন্তি
(বর্তন্তে) ॥ ৭ ॥

অনুবাদ । হে জগৎপুঞ্জ্যে সর্বমঙ্গলে, তুমি গোপ,
গোপী ও গোগণ-সুশোভিত ব্রজে গমন কর । সেই নন্দ-
গোকূলে বসুদেব-মহিষী রোহিণী দেবী বাস করিতেছেন ।
বসুদেবের অস্ত্রাঙ্গ পত্নীও কংসের ভয়ে ভীতা হইয়া সেই
স্থানের নিভৃত প্রদেশে অবস্থান করিতেছেন ॥ ৭ ॥

বিশ্বনাথ । নন্দগোকূলে রোহিণ্যাস্তে ইতি ষড়্গর্ত-
বধানস্তরং রোহিণ্যা অপি জাতঃ গর্ভমালক্য রহসি লোক-
দ্বারা বসুদেবেনৈব সা প্রেমিতা কংসাং সংবিগ্না ভীতাঃ
বিবরেষু রহন্তস্থলেষু ॥ ৭ ॥

ভাষ্য । “গচ্ছ দেবি ব্রজং ভ্রজে গোপ-গোষ্ঠি-
রলঙ্কৃতং”—ইহার ভোষণী মতে অর্থ—হে দেবি,—হে
জগৎপুঞ্জ্য,—হে ভ্রজে,—হে সর্বমঙ্গলে, যোগমায়ায় প্রতি
এই সকল বাক্য তাঁহাকে উৎসাহ প্রদান করিবার নিমিত্ত
অথবা ব্রজগমনে তাঁহার যোগ্যতা লক্ষ্য করিয়া এই সকল
বাক্য বলা হইয়াছে । ‘গোপগোষ্ঠিরলঙ্কৃতং’—এই বাক্যে
সেই গোপগণের এবং গো-সকলের তথা যোগমায়ায়ও,
অন্তের অগম্য বলিয়া পরম আশ্চর্যরূপত্ব প্রদর্শিত হইল ।
(ভোষণী) ॥ ৭ ॥

দেবক্যা জঠরে গর্ত্তং শেষাখ্যাং ধাম মামকম্ ।

তং সন্নিবৃদ্ধ্য রোহিণ্যা উদরে সন্নিবেশয় ॥ ৮ ॥

অর্থ । (তত্র গোকূলে গত্যা) দেবক্যাঃ জঠরে (উদরে)
মামকং ধাম (মদংশভূতং বলদেবস্বরূপং) শেষাখ্যাং (শেষ
ইত্যংশেন আখ্যা যন্ত তং অথবা শেষঃ অংশঃ স আখ্যা
খ্যাতির্ভূতং) গর্ত্তং (ভ্রূণং) তংসন্নিবৃদ্ধ্য (সম্যক্ অল-
ক্ষিতং স্থতপূর্বক্ নিতর্য্যং কৃষ্টা রোহিণ্যাঃ) (তন্নাগ্ন্যাঃ
দেব্যাঃ) উদরে (জঠরে) সন্নিবেশয় (সংস্থাপয়) ॥ ৮ ॥

অনুবাদ । (তুমি সেই স্থানে গমনপূর্বক) দেবকীর
উদরে আমার দ্বিতীয় স্বরূপ বা আশ্রয় স্বরূপ, যিনি
(অংশে) শেষ সংজ্ঞায় সংজ্ঞিত হন তাঁহাকে অক্লেশে


আকর্ষণ করিয়া অন্তের অলক্ষ্যে রোহিণীর উদরে সংস্থাপন
কর ॥ ৮ ॥

বিশ্বনাথ । মামকং ধাম মদংশভূতং বলদেবস্বরূপং
কৌদৃশং শেষ ইত্যংশেন আখ্যা যন্ত “যশ্চৈকাংশেন বিধৃত্য
জগতী জগতঃ পতে” ইত্যগ্রিমোক্তেঃ । অতএব তন্ত
রোহিণী নিভামাতৃকত্বেহপি দেবক্যা গর্ত্তে মৎপ্রবেশাতুরোধেন
এব প্রথমং তেন প্রবিষ্টং ততঃ স্বাংশঃ মন্নিবাসশয্যাসনা-
দ্ব্যস্তকং শেষং তত্র দেবকীগর্ত্তে স্থাপয়িত্বৈব স্বমাতৃ রোহিণ্যা
গর্ত্তে যিযাসদিত্যর্থঃ । নহু শুদ্ধসদৃশরূপায়াং ভগবৎপ্রকাশি-
কায়াং মহাশক্তৌ দেবকৌদেব্যাং প্রাকৃতানাং ষড়্গর্ত্তাণাং
কথং প্রবেশঃ সমুচিতী ভবতি সত্যং ; শুদ্ধসদৃশরূপে শ্রীভগ-
বতি সমষ্টিব্যাপীনাং প্রবিষ্টত্বেহপি যথা ন তদ্যোগান্তথৈব
দেবক্যামপি ষড়্গর্ত্তাণামিত্যর্থঃ । যত্কৃতং—“মৎস্থানি সর্বভূতানি
ন চাহং তেষবস্থিতাঃ । ন চ মৎস্থানি ভূতানি পশু মে যোগ-
মৈশ্বরম্” ইতি । কিন্তু জনেষু ভক্তিপরিপাটীপ্রদর্শনার্থমেবেয়ং
লীলাবগম্যতে । তথাহি ভক্তজনে শ্রবণকীর্তনাদিলক্ষণা
ভক্তিস্থিতি তদগর্ত্ত এব তদানুযঙ্গিকফলভূত্যাং ষড়্বিষয়-
ভোগাশ্চ তিষ্ঠন্তি হস্ত এতৈরেব সংসারানুকূলে পতিশ্রামীতি
ততঃ প্রকটীভূতান্ত্যং কালেন তে নিবর্তন্তে চ । ততো
ভগবদ্ব্যশঃশ্রবণকীর্তনপরিচর্যাদিময়ী ভক্তিরতিপ্রবৃদ্ধা ভবতি
তন্ত্যাং চ ভগবান্ রূপগুণমহোদধিঃ প্রাহুর্ভবতি ভক্তের্ভগবৎ-
প্রকাশক-শুদ্ধসদৃশরূপত্বাং ‘ভক্তিরেবৈনং দর্শয়তী’তি
শ্রুতেঃ । এবমেব মরীচির্মনসোহভবদিত্তি শ্রবণান্মরীচৈর্মনো-
হবতারং তৎপুত্রাণাং বর্ণাং শব্দাদিত্তি ষড়্বিষয়াবতারং
দেবক্যা ভগবৎপ্রাহুর্ভাবকত্বাদিত্ত্যবতারত্বম্ । ভয়াং কংস
ইতি শ্রবণান্তঃমুখেন কংসস্ত ভয়াবতারত্বম্ । অতো
ভক্তিগর্ত্তগতানাং ষড়্বিষয়াণাং যথা সংসারভয়েব নিবর্তকং
তথৈব দেবকীষড়্গর্ত্তাণাং কংসো হস্তা বিষয়নিবৃত্তৌ সত্যং
যথা ভক্তিগর্ত্তে ভগবদ্ব্যশঃপরিচর্যাদিময়ী প্রেমভক্তিরেব
ভবেৎ । তথৈব দেবক্যাং ষড়্গর্ত্তনিবৃত্ত্যানস্তরং সপ্তমো গর্ত্তো
ভগবদ্ব্যশোনিবাসশয্যাসনচ্ছাদাদিরাশোহনন্তঃ । ততঃ প্রেম-
ভক্ত্যবিভাবানস্তরং যথা ভগবৎসাক্ষাৎকারো ভক্তেরষ্টমো
গর্ত্তস্তথৈব দেবক্যাশ্চষ্টমো গর্ত্তো ভগবানিতি তৎ সপ্তমাম্ ॥

ভাষ্য—আমার অংশ বলদেব, তিনিই ‘শেষ’ সংজ্ঞায়

সংজ্ঞিত। এই শেষট নিজে অংশের দ্বারা পৃথিবী ধারণ করেন। ইহা পূর্বেই কথিত হইয়াছে। রোহিণী দেবী এই বলদেব স্বরূপের নিত্যমাতা, আমি দেবকীর গর্ভে প্রবিষ্ট হইব বলিয়া তিনি অগ্রেই দেবকীর গর্ভে প্রবেশ করিলেন এবং শয্যাসনাত্মক, নিজ অংশ শেষকে তথায় স্থাপন করিয়া তিনি স্বয়ং নিজমাতা রোহিণীর গর্ভে প্রবিষ্ট হইলেন। এস্থলে পূর্বপক্ষ হইতে পারে যে, শুদ্ধসত্ত্বস্বরূপা মহাশক্তি দেবকীর গর্ভে ষড়্গর্ত নামক অস্থরের প্রবেশ কি প্রকারে সম্ভব হইতে পারে? তদুত্তরে টীকাকার বলিতেছেন, সমষ্টি ও ব্যষ্টি জগৎ যেমন বিশুদ্ধ সত্ত্ব স্বরূপ ভগবানে প্রবিষ্ট হইয়াও অপ্রবিষ্ট, দেবকীতে ‘ষড়্গর্ত’ নামক অস্থরের প্রবেশ সম্বন্ধেও সেইরূপ জানিতে হইবে। শ্রীমদ্ভগবদ্গীতায় নবম অধ্যায়ে ৪—৫ শ্লোকে ভগবান্ স্বয়ং বলিয়াছেন,—অতীন্দ্রিয় মূর্তিস্বরূপ আমি এই সমস্ত জগতে ব্যাপ্ত আছি। চৈতন্য স্বরূপ আমাতেই সমস্ত ভূত অবস্থিত। কিন্তু আমি সেই সকল ভূতে অবস্থিত নই। ভগবান্ পুনরায় বলিতেছেন, “আমাতেই সর্বভূত অবস্থিত”—এই বাক্যে আমার শুদ্ধ-স্বরূপে ভূত সকল অবস্থিত এরূপ নহে; জীববুদ্ধির দ্বারা ইহার সামঞ্জস্য হয় না, ইহাই ভগবানের অচিন্ত্য ঐশ্বর্যের পরিচয়। এ সকল ভক্তিপরিপাট্য প্রদর্শনার্থ ভগবানের লীলা; সুতরাং ইহার যথার্থ তাৎপৰ্য এই যে, শুদ্ধভক্তে শ্রবণ-কীর্তন-লক্ষণা শুদ্ধভক্তির অবস্থান, সেই শুদ্ধভক্তি মধ্যে শব্দাদি-বিষয়-ভোগ আত্মযজ্ঞিক ভাবে বর্তমান থাকে, তখন ভক্তের “হায়! আমি এই সকল বিষয় ভোগ করিয়া সংসারান্বকূপে নিমজ্জিত হইব”—এইরূপ ভয়ের উদয় হয়। এইরূপ ভয়ের উদয়ে ভোগবাসনা ক্রমশঃ কালকতৃক বিনষ্ট হয় এবং শ্রবণ-কীর্তনাদি সেবাময়ী ভক্তি বর্ধিতা হইতে থাকেন। ভক্তি বৃদ্ধি হইতে হইতে রূপ-গুণ-লীলা-বারিষি ভগবান্ তাঁহার হৃদয়ে শাহুভূত হন। শুদ্ধ-সত্ত্ব-স্বরূপা ভক্তিতেই ভগবান্ স্বতঃ প্রকাশিত হন, “ভক্তি-রেবৈনং দর্শয়তি”—প্রভৃতি শ্রুতিবচনই ইহার প্রমাণ। “মন হইতে মরীচির আবির্ভাব”—এই শ্রুতি-বাক্যে জানা যায়, মরীচি মনের অবতার। মরীচির ছয়টি পুত্রই শব্দ-স্পর্শাদি মনোভোগ্য ছয়টি বিষয়। দেবকীতে ভগবানের

আবির্ভাব দেখা যায় বলিয়া তিনি ভক্তি-স্বরূপিনী “ভয় হইতে কংস” এই শ্রুতি-বাক্যে কংসকে ভয়ের অবতার বলা যায়। ভয়ই যেমন ভক্তিগর্তগত ষড়্বিধ বিষয় নিবৃত্তির মূল, কংসই সেইরূপ দেবকী-গর্তজাত ষড়্গর্ত নামক অস্থরের হস্তা। বিষয় নিবৃত্ত হইলে যেমন ভক্তিগর্তে ভগবদ্যশঃ সেবাময়ী প্রেমভক্তির আবির্ভাব হয়, দেবকীতেও তদ্রূপ ষড়্গর্ত নামক অস্থর বিনষ্ট হওয়ার পর সপ্তমগর্তে নিবাস, শয্যা, আসনাদিরূপ অনন্ত-দেবের আবির্ভাব জানিতে হইবে। প্রেমভক্তির উদয় হইলেই ভগবৎসাক্ষাৎকার হইয়া থাকে। দেবকীর অষ্টম গর্তে ভগবদাবির্ভাবের তাৎপৰ্য এই প্রকার। (চক্রবর্তী)। **মাষকংখ্যাম—১।** মদীয় অংশ (শ্রীবীররাঘব) ২। আমার ধাম অর্থাৎ রূপ, অথবা আধার-শক্তি-ময়ত্ব-হেতু আশ্রয় (বৈষ্ণবোষণী); ৩। স্বরূপ বা আশ্রয় (শ্রীকীর); ৪। ভগবন্তেজোরূপ অথবা ভগবানের পীঠস্বরূপ (বল্লভ); ৫। আমার অংশভূত শ্রীবলদেব স্বরূপ (চক্রবর্তী)। **শেষাখ্যং—১।** শেষ-অংশ, আখ্যা-খ্যাতি যাহার অর্থাৎ যিনি আমার অংশ বলিয়া প্রসিদ্ধ তাঁহাকে। (তোষণী ও ক্রম সন্দর্ভ); ২। অংশ শেষ সংজ্ঞা যাহার (চক্রবর্তী); ৩। শেষ সংজ্ঞা যাহার (বল্লভাচার্য)। ৮।



অথাহমংশভাগেন দেবক্যাঃ পুত্রতাং শুভে।

প্রাপ্স্যামি ত্বং যশোদায়াং নন্দপুত্র্যাং ভবিষ্যসি॥৯॥

অর্থঃ। (অরি,) শুভে, (ভদ্রে) অথ (তৎকৃত-গর্তাকর্ষণান্তে) অহং অংশভাগেন (অংশানাং ভাগো ভজনং প্রবেশঃ যত্র তেন পূর্ণরূপেণ) দেবক্যাঃ পুত্রতাং প্রাপ্স্যামি (পুত্রভেন ভবিষ্যামি) ত্বং চ নন্দপুত্র্যাং (নন্দরাজমহিষ্যাং) যশোদায়াং ভবিষ্যসি (উৎপত্ত্যসে মাতৃম্)। ৯।

অনুবাদ। হে ভদ্রে, তৎপর আমি পূর্ণরূপে দেবকীর পুত্রত্ব স্বীকার করিব এবং তুমিও নন্দরাজ-মহিষী যশোদার গর্ভে আবির্ভূতা হইবে। ৯।

বিশ্বনাথ। অংশৈর্জানিবলাদিভির্ভজনম্ অন্তর্বর্তনং যুভক্তে যন্ত তেন সর্বথা পরিপূর্ণস্বরূপেণেতি ভাবার্থ-

দীপিকায়াং অংশানাং ভাগঃ ভজনং প্রবেশো যত্র তেন
পূর্বেন স্বরূপেণেতি অংশানাং ব্রহ্মাদীনাং ভাগেন ভাগ-
ধেয়েন হেতুনেতি দ্বয়ং বৈষ্ণবতোষণ্যাম্। যত্র অংশ-
ভাগেন অংশাংশেন পুত্রতাঃ পুত্রভাবঃ প্রাপ্যামি ন তু
সর্বাংশেনেত্যতঃ সা দেবকী ময়ি বাৎসল্যমৈশ্বর্যভাবময়ং
করিষ্যতীত্যর্থঃ। তেন ভাবান্তরশৃঙ্খং সম্পূর্ণমেব বাৎসল্য-
স্বথং শ্রীযশোদায়ামেব প্রাপ্যামীতি ছোতিতম্। বৃত্ত
যশোদায়াং ভবিষ্যসি উৎপত্তসে মাত্রং যশোদায়াং পুত্রীত্বং
সম্বাপ্যাসীতাত্ত্বক্বেষ্যি স্তুতায়ামপি সা বাৎসল্যং ন করি-
ষ্যতে। অলঙ্কাবিগ্রহভেদৈব তব ব্রজে বর্তিষ্ঠমাণত্বাদিতি
ভাবঃ। ২।

তথ্য। অংশভাগেন—১। (ক) ‘অংশ’ অর্থাৎ শক্তি-
বর্গের দ্বারা ব্রহ্মাদিস্তম্ভ পর্যন্ত সকলকে ভজন্য করেন
অর্থাৎ আত্রক্ষস্তম্ভ সকল বস্তুতেই অংশরূপে অধিষ্ঠান করেন
বলিয়া ভগবান্কে ‘অংশভাগ’ বা ‘পরিপূর্ণরূপ’ বলা
হইয়াছে। ইহার মর্মার্থ এই যে ভগবান্—পরিপূর্ণস্বরূপ,
তাহারই আংশিক প্রকাশ ‘পরমাছা’ নিখিল বস্তুতে
অধিষ্ঠিত। গীতায় যথা—“বিষ্টভাহমিদং কৃৎস্নমেকাশেন
স্থিতো জগৎ।” (১০।৪২); (খ) ‘অংশ’ অর্থাৎ জ্ঞান,
ঐশ্বর্য ও বলাদির দ্বারা স্বীয় অংশগণকে যোজনা করেন
বলিয়া তিনি “অংশভাগ”; (গ) অংশের দ্বারা অর্থাৎ
কারণাবশ্যায়ী পুরুষাবতারের দ্বারা মায়া ভজন অর্থাৎ
মায়া প্রতি ঐক্য যাহার, তিনিই অংশভাগ; (ঘ)
‘অংশ’ অর্থাৎ মায়া দ্বারা গুণাবতারা দি রূপ ‘ভাগ’ অর্থাৎ
ভেদ যাহার, তিনি অংশভাগ; (ঙ) ‘অংশ’ সমূহ অর্থাৎ
মৎস্যকূর্মাদিরূপ অংশ অবতারগণ ভজনীয় হইলেও যাহার
সাক্ষাৎ স্বরূপ নহেন, তিনিই ‘অংশভাগ’ অর্থাৎ লীলা-
পুরুষোত্তম শ্রীকৃষ্ণই স্বরূপ ভগবান্; মৎস্যকূর্মাদি নৈমিত্তিক
অবতারগণ সকলেই তাহার অংশবিলাস; (চ) ‘অংশ’
অর্থাৎ জ্ঞান বলাদির দ্বারা ভক্তগণে ভজন অর্থাৎ অনুবর্তন
যাহার, মর্মার্থ এই যে, ভগবান্ ভক্তগণের হৃদয়ে জ্ঞান-
বলাদি ঐশ্বরের প্রকট করিয়া স্বয়ং আবির্ভূত হন। স্তবরাং
“অংশভাগের” বিভিন্ন ব্যাখ্যাদ্বারা ইহা বুঝা যাইতেছে
যে, তিনি সর্বপ্রকারে পরিপূর্ণস্বরূপ। শ্রীমদ্ভাগবতেও উক্ত

হইয়াছে যে, ‘কৃষ্ণই স্বরূপ ভগবান্’। (শ্রীধর); ২।
আমার অংশের অংশ স্বরূপ সঙ্করণের সহিত (শ্রীবীর-
রাঘব); ৩। বিজয়ধ্বজ তীর্থপাদ অংশভাগেন এই পাঠ
করিয়াছেন। নিজ অংশাংশের সহিত অথবা অংশের
স্বীকার অংশভাগ অর্থাৎ স্বীয় অংশগণকে অঙ্গীকার করিয়া
পূর্ণস্বরূপে (বিজয়ধ্বজ); ৪। (ক) অংশ সমূহের অর্থাৎ
অংশাবতারগণের ভাগ অর্থাৎ প্রবেশ যাহাতে অর্থাৎ পূর্ণ-
স্বরূপে; (খ) ‘অংশ’ অর্থাৎ ব্রহ্মাদির ভাগধেয় বা ভাগা-
বশতঃ যাহার আবির্ভাব (তোষণী); ৫। অংশাংশরূপে;
জ্ঞানবলাদি ঐশ্বরের দ্বারা অর্থাৎ ঐশ্বর্যপ্রকট করিয়া ভগবান্
ভক্তগণের হৃদয়ে স্বয়ং আবির্ভূত হইয়া থাকেন অর্থাৎ
সর্বতোভাবে পরিপূর্ণ স্বরূপে, ইহাই ‘ভাবার্থদীপিকা’য় উক্ত
হইয়াছে। অংশসমূহের অর্থাৎ অংশাবতারগণের ‘ভাগ’
অর্থাৎ প্রবেশ যাহাতে অর্থাৎ পূর্ণস্বরূপে, ‘অংশ’ অর্থাৎ
ব্রহ্মাদির ভাগধেয় অর্থাৎ ভাগ্যবশতঃ যাহার আবির্ভাব।
বৈষ্ণব-তোষণীতে ‘অংশভাগ’ শব্দটি এই দুই প্রকারে
ব্যাখ্যাত হইয়াছে। অথবা অংশভাগে অর্থাৎ অংশাংশ-
রূপে দেবকীর পুত্রত্ব স্বীকার করিব, সর্বাংশে নহে। এই
জন্তই সেই দেবকী আমাতে ঐশ্বর্যভাবময় বাৎসল্য করিবেন
—ইহাই ভাবার্থ। ঐশ্বর্যনিখিল প্রেমে আমার সম্পূর্ণ প্রীতি
হয় না। স্তবরাং ঐশ্বর্যভাবশূন্য সম্পূর্ণ বাৎসল্য গুণ আমি
একমাত্র শ্রীযশোদাতেই প্রাপ্ত হইব ইহাই সূচিত হইয়াছে।
“যশোদায়াং পুত্রীত্বং সম্বাপ্যাদি” অর্থাৎ ‘যশোদার গর্ভে
সমাগ্নরূপে পুত্রীত্ব প্রাপ্ত হইবে’—ইহা না বলিয়া ‘যশো-
দায়াঃ ভবিষ্যামি’ অর্থাৎ ‘যশোদাতে উৎপন্ন হইবে মাত্র’—
ইহা বলিবার কারণ এই যে, তুমি (যোগমায়া) যশোদার
হুহিতা হইলেও যশোদা তোমাকে বাৎসল্য করিবেন না,
যেহেতু তুমি অলঙ্কা বিগ্রহ স্বরূপেই ব্রজে বর্তমান থাকিবে
ইহাই ভাবার্থ। (চক্রবর্তী); ৬। বাস্তবদেব, সঙ্করণ, প্রহ্লাদ,
অনিরুদ্ধ—এই চতুর্বিভাগের তৃতীয় বিভাগগত প্রহ্লাদাংশ
অনিরুদ্ধ ক্ষীরোদশায়ী বিষ্ণুর সহিত দেবকীর পুত্রত্ব প্রাপ্ত
হইব—ইহাই ‘ভাগেন’ এই এক বচন দ্বারা প্রকাশিত
হইল। (বল্লাভাচার্য্য)। ২।

অর্চিস্থিতি মনুষ্যাস্তাঃ সর্বকামবরেশ্বরীম্ ।

ধূপোপহারবলিভিঃ সর্বকামবরপ্রদাম্ ॥ ১০ ॥

অর্থঃ । মনুষ্যাঃ (মানবাঃ) সর্বকামবরেশ্বরীঃ (সর্বান্ পুত্রাদীন্ কামবন্তে যে তেষাং বরাঃ ঈশ্বরীং শ্রেষ্ঠাঃ নিয়ন্ত্রীঃ) সর্বকামবরপ্রদাঃ (সর্বান্ কামবরান্ প্রদদাসি যা তাং) তাং (তবাংশভূতাং বিমুখমোহিনী-ভুভুমায়াং) ধূপোপহারবলিভিঃ (উপহরণৈঃ) অর্চয়িস্থিতি (পূজয়িস্থিতি) ॥ ১০ ॥

অনুবাদ । প্রাকৃত মনুষ্যগণ তোমাকে অর্থাৎ তোমার বিমুখমোহনকারী স্বরূপকে সর্ববিধ প্রাকৃত কাম ও বরের অধিশ্বরী এবং সর্বভোগ ও বর-প্রদাত্রীরূপে বিবিধ উপহার ও বলির দ্বারা পূজা করিবে ॥ ১০ ॥

বিশ্বনাথ । তবাংশভূতাং মায়াস্ত বহুদেবেনানেন্দ্ৰমাণাঃ কংসং বধয়িত্বা বিজ্ঞাদিস্থানেষু প্রভবিষ্যন্তীং নরা আরাধয়িস্যন্তীত্যাহ,—অর্চিস্থিতি । যতঃ সর্বকামানাং লোকানাং বরাঃ শ্রেষ্ঠায়াশ্বরীম্ ॥ ১০ ॥

তথ্য । যাহারা আপনাদিগকে মনুষ্য বলিয়া অভিমান মাত্র করে কিংবা আত্ম অনাত্ম বা পরমাত্ম ভেদবিদ্য নহে, তাহারাই বহুবিধ প্রাকৃত ভোগের বাসনা করে, তুমি তাহাদেরই বরদেখরী হইবে (শ্রীশুকদেব) ॥ ১০ ॥

নামধেয়ানি কুর্বন্তি স্থানানি চ নরা ভুবি ।

তুর্গেতি ভদ্রকালীতি বিজয়া বৈষ্ণবীতি চ ॥ ১১ ॥

কুমুদা চণ্ডিকা কৃষ্ণা মাধবী কন্তকেতি চ ।

মায়া নারায়ণীশানী শারদেত্যস্বিকেতি চ ॥ ১২ ॥

অর্থঃ । ভুবি (ভূতলে) নরাঃ (জনাঃ) স্থানানি (তবাবাসস্থানানি) (অপি চ) তুর্গা ইতি ভদ্রকালী ইতি বিজয়া ইতি বৈষ্ণবী ইতি চ কুমুদা, চণ্ডিকা, কৃষ্ণা, মাধবী, কন্তকা ইতি চ মায়া, নারায়ণী, ঈশানী, শারদা ইতি অধিকা ইতি চ নামধেয়ানি (তব অভিধানানি) কুর্বন্তি (করিষ্যন্তি ইত্যর্থঃ) ॥ ১১-১২ ॥

অনুবাদ । ভূতলে নরগণ তোমার স্থান নির্দেশ এবং তুর্গা, ভদ্রকালী, বিজয়া, বৈষ্ণবী, কুমুদা, চণ্ডিকা,

কৃষ্ণা, মাধবী, কন্তকা, মায়া, নারায়ণী, ঈশানী, শারদা ও অধিকা প্রভৃতি নামকরণ করিবে ॥ ১১-১২ ॥

বিশ্বনাথ । কুর্বন্তি করিষ্যন্তি তদেবমিদানীং যদবতারেণ তদবতারেণ চ লোকাঃ কেচিৎকৈশ্বরাঃ কেচিচ্ছাস্ত্রান্ত ভবিষ্যন্তীতি ভাবঃ ॥ ১১-১২ ॥

তথ্য । কৃষ্ণের নিত্য নামাদি নরলোকের প্রদত্ত বা রচিত নহে; তাঁহার নাম, ধাম, রূপ, গুণ ও লীলা নিত্য। কৃষ্ণনাম ও কৃষ্ণস্বরূপে কোনও মায়ার ব্যবধান নাই, কৃষ্ণের ধাম কৃষ্ণ হইতে অভিন্ন অর্থাৎ তাঁহার বৈভব প্রকাশ। কৃষ্ণের সন্ধিনীশক্তিই কৃষ্ণকে ধামরূপে বিস্তার করেন, কিন্তু যিনি কৃষ্ণের ছায়াশক্তি—যাহা জড় ভগতের লোকের নানাবিধ কামপ্রদাত্রীরূপে কৃষ্ণবিমুখ জীবগণকে মোহিত করিবার জন্য প্রকাশিত, তাঁহার নাম নরলোকের রচিত ও প্রদত্ত; তাঁহার ধামও নরলোকের দ্বারা নির্দিষ্ট ইহাই এই শ্লোকে স্পষ্ট ভাবে সূচিত হইয়াছে। তোষণী বলেন, মায়াদেবীর তুর্গা, ভদ্রকালী, বিজয়া, কুমুদা প্রভৃতি নামগুলি তত্পাসকগণের ভিন্ন ভাবানুযায়ী ভোগবাসনানুসারে কল্পিত হইয়াছে অথবা ভিন্ন ভিন্ন স্থানে মায়াদেবী ঐসকল বিভিন্ন নামে প্রসিদ্ধা আছেন। তিনি কোন্ কোন্ স্থানে কি কি নামে প্রসিদ্ধা, তাহা বল্লভাচার্য্য সুবোধিনী টীকায় লিপিবদ্ধ করিয়াছেন। কাশীতে তুর্গা, অবন্তীতে ভদ্রকালী, উৎকলে বিজয়া, কুলহাপুরে বৈষ্ণবী অর্থাৎ মহালক্ষ্মী, কামরূপদেশে চণ্ডিকা, উত্তরদেশে মায়া ও শারদা, অশ্বিনাবনে অধিকা, কন্তাকুমারীতে কন্তকা, এইরূপ অসংখ্য যোগপীঠে মায়াদেবী বিভিন্ন নামে পরিচিতা। বিজয়ধ্বজতীর্থপাদ পদ্মভাবলী টীকায় মায়াদেবীর ঐসকল নামের বিভিন্ন অর্থ করিয়াছেন, যথা—তুরগিণীমায়া বলিয়া তুর্গা, ভদ্রা অর্থাৎ মঙ্গলা, নীলবর্ণ বিশিষ্টা বলিয়া কালী, সর্বাঙ্গবিজয়িনী বলিয়া বিজয়া, বিষ্ণুশক্তি বলিয়া বৈষ্ণবী, ভূমণ্ডলে আনন্দবিলাস করেন বলিয়া কুমুদা, শত্রুগণের প্রতি অত্যন্ত ক্রোধ করিয়া থাকেন বলিয়া চণ্ডিকা, সদানন্দময়ী বলিয়া কৃষ্ণা, বিষ্ণুর রূপাঙ্গী বলিয়া মাধবী অথবা যদুবংশীয় রাজা দেবশক্তের পুত্র যদু, তাঁহার বংশে জাতা বলিয়া মাধবী, নিত্য কুমারী অথবা স্থগপ্রদাত্রী বলিয়া কন্তকা, সকলের নিকট পরিচিতা বলিয়া

মায়া, সর্বজীবের আশ্রয় বলিয়া নারায়ণী, সকলের অভীষ্টদেবী বলিয়া ঈশানী, সংসার খণ্ডন করেন বলিয়া শারদা এবং জগন্মাতা বলিয়া অধিকা। এই দুই শ্লোকের অর্থ-তাৎপর্য বিচার করিতে গিয়া বলিয়াছেন—“নামধেয়ানি কুর্বন্তি স্থানানি চ নরা ভূবি”—অর্থাৎ ভগবান্ মায়াদেবীকে বলিতেছেন, “হে দেবি, পৃথিবীতে তুমি এবং আমি অবতীর্ণ হইলে লোকে কেহ বা বৈষ্ণব, কেহ বা শাক্ত হইবে অর্থাৎ ভোগাসক্ত ব্যক্তিগণ শাক্ত এবং অকাম ও সর্বকাম হইয়া মদুপাসকগণ বৈষ্ণব নামে পরিচিত হইবেন। শাক্তগণ পৃথিবীতে তোমার ভিন্ন ভিন্ন স্থান ও বিভিন্ন নামের কল্পনা করিবেন। (তুমিও সেই সেই নামে সেই সেই স্থানে বিরাজ করিবে)।” ইহাই এই শ্লোকের তাৎপর্যার্থ ॥ ১১-১২ ॥

গর্ত্তসঙ্কর্ষণাং তং বৈ প্রাহুঃ সঙ্কর্ষণং ভূবি ।

রামেতি লোকরমণাঙ্ঘলভঙ্গং বলোচ্ছুয়াৎ ॥ ১৩ ॥

অর্থ। (অপি চ) ভূবি (পৃথিব্যাং) গর্ত্তসঙ্কর্ষণাং (দেবক্যাঃ গর্ত্তাকর্ষণাং হেতোঃ) সঙ্কর্ষণং (তন্নাম্না) তং (রোহিণী-কুমারং) প্রাহুঃ (কথয়িষ্যন্তি ইতি) লোকরমণাং (লোকানাং রমণাং আনন্দবিধানাং) রাম ইতি (তন্নাম্না) বলোচ্ছুয়াৎ (বলন্ত বীৰ্যন্ত উচ্ছুয়াৎ আধিক্যাং) বলভঙ্গ ইতি চ (তন্নাম্না চ) প্রাহুঃ ॥ ১৩ ॥

অনুবাদ। গর্ত্ত-সঙ্কর্ষণহেতু রোহিণীনন্দন এই ভূতলে ‘সঙ্কর্ষণ’-নামে অভিহিত হইবেন। আরও গোকুলবাসী লোকসমূহের আনন্দবিধান হেতু ‘রাম’ এবং বলাধিক্য হেতু অর্থাৎ সন্ধিনী শক্তির শক্তিমদ্ বিগ্রহস্ত-নিবন্ধন ‘বলভঙ্গ’ নামে কীৰ্ত্তিত হইবেন ॥ ১৩ ॥

বিশ্বনাথ। রামেতি সহস্রপেতি সমাসঃ ॥ ১৩ ॥

তথ্য। “লোকরমণাঙ্ঘলং বলবদুচ্ছুয়াৎ” ইতি পর্যাশ্রয়ম্ ॥ ১৩ ॥

সন্দিষ্টৈব ভগবতা তথৈত্যাশ্রয়মিতি তদ্বচঃ ।

প্রতিগৃহ্য পরিক্রম্য গাং গতাতং তথাকরোৎ ॥ ১৪ ॥

অর্থ। ভগবতা (বিষ্ণুনা) এবং (পূর্বোক্তরূপঃ) সন্দিষ্টা (আদিষ্টা) ‘ওম্’ (তথাস্ত) ইতি তদ্বচঃ (ভগবদ্বাক্যঃ) প্রতিগৃহ্য (স্বীকৃত্য) পরিক্রম্য (ভগবন্তঃ প্রদক্ষিণীকৃত্য সা যোগমায়া) গাং (পৃথিবীং, নন্দগোকুলম্ ইত্যর্থঃ) গতাতং (প্রাপ্তা সতী) তং (ভগবদাদিষ্টং) তথা (যথোক্তরূপং) অকরোৎ (দেবকীগর্ভাকর্ষণাদিকং কার্যং সম্পাদয়ামাস ইত্যর্থঃ) ॥ ১৪ ॥

অনুবাদ। ভগবানের এইরূপ আদেশ প্রাপ্ত হইয়া ‘তাহাই করিব’ বলিয়া যোগমায়া ভগবানের বাক্য স্বীকার পূর্বক তাহাকে প্রদক্ষিণ করিলেন এবং নন্দগোকুলে আগমন করিয়া ভগবন্নির্দেশানুযায়ী কার্য করিলেন অর্থাৎ দেবকীর গর্ভাকর্ষণ করিয়া রোহিণীতে স্থাপন করিলেন ॥ ১৪ ॥

বিশ্বনাথ। তথৈতি পুনরপ্যোমিতি অত্যাশ্রয়েণ তদীয়ং বচঃ প্রতিগৃহ্য গাং পৃথিবীং তত্তদনন্তরম্ ॥ ১৪ ॥

গর্ত্তে প্রণীতে দেবক্যা রোহিণীং যোগনিদ্রয়া ।

অহো বিস্রংসিতো গর্ত্তং ইতি পৌরা বিচুক্ৰুশুঃ ॥ ১৫ ॥

অর্থ। যোগনিদ্রয়া (যোগমায়য়া) দেবক্যাঃ গর্ত্তে (সস্থানে) রোহিণীং প্রণীতে (প্রাপিতে সতি) পৌরাঃ (পুরবাসিনো জনাঃ) অহো (দেবক্যাঃ) গর্ত্তঃ বিস্রংসিতঃ (পাতিতঃ অভূৎ) (কংসেনৈব কেনচিৎ উপায়েন ভয়াত্তু তদহুতিঃ) ইতি বিচুক্ৰুশুঃ (উচৈঃ আত্মস্বরেণ বিলেপুঃ) ॥

অনুবাদ। যোগমায়াদ্বারা দেবকীর গর্ভে আকৃষ্ট হইয়া রোহিণীতে সংস্থাপিত হইবার পর পুরবাসিগণ “হায়! দেবকীর গর্ভে ভ্রষ্ট হইল”—এই বলিয়া উচৈঃস্বরে বিলাপ করিতে লাগিলেন ॥ ১৫ ॥

বিশ্বনাথ। বিস্রংসিতঃ কংসেনৈব কেনচিন্মন্ত্রোষধা-
দ্যুপায়েনেত্যর্থঃ । বিচুক্ৰুশুঃ দেবক্যাঃ স্নেহবস্ত্রয়া বিলেপুঃ ॥

তথ্য। অনন্তর, দেবকীর সপ্তম গর্ত্তে আমার যে সৌম্য-অংশ জন্মগ্রহণ করিবেন, তুমি আমার সেই অগ্রজকে সপ্তমমাসে রোহিণীর গর্ত্তে সংক্রামিত করিবে। ভগবানের আদেশে যোগমায়া সঙ্কর্ষণকে রোহিণীর গর্ত্তে কিরূপে সংক্রামিত করিলেন, তাহা বলিতেছেন; রোহিণী অর্দ্ধরাত্রে গাঢ়নিদ্রায় অভিভূতা হইয়া শয়ন করিলে তাহার

গর্তনিপতিত হয়। রোহিণী স্বপ্নাবস্থায় স্বীয় গর্ভকে নিপতিত হইতে দেখিলেন এবং কিয়ৎক্ষণ পরে জাগরিত হইয়া সত্যাসত্যই তাহা দেখিতে পাইয়া অত্যন্ত ব্যথিত হইলেন। রোহিণী উদ্ভিগ্না হইলে, নিদ্রাদেবী (যোগমায়া) তাঁহাকে বলিলেন,—“হে শুভে, দেবকীর গর্ভ আকর্ষিত হইয়া তোমার গর্ভে স্থাপিত হইল, অতএব তোমার এই পুত্র সর্কষণ নামে খ্যাত হইবেন।” (হরিবংশ বিষ্ণুপর্বে ৪র্থ অঃ ৩-৬ শ্লোক) যোগনিদ্রয়া—১। আত্মাহুত্বি লক্ষণই যোগ, আত্মাহুত্বি দ্বারা বাহ্যাহুত্বি বিলুপ্ত হয় বলিয়া তাঁহাকে নিদ্রার সহিত তুলনা করা হইয়াছে। তৎকর্তৃক (শ্রীধর স্বপ্নকাশ্যাকা) ২। যোগমায়াই যোগনিদ্রা, তাঁহার দ্বারা (যেহেতু তিনি নিদ্রার দ্বারা সকলের চেতন-বৃত্তি হরণ করিয়া থাকেন)। (তোষণী); ৩। ভগবানের যোগনিদ্রাষিষ্টাত্মী শক্তির দ্বারা (বীররাঘব) ॥ ১৪-১৫ ॥

ভগবানপি বিশ্বাত্মা ভক্তানাং ভয়ঙ্করঃ।

আবিবেশাংশভাগেন মন আনকহ্নুভেঃ ॥ ১৬ ॥

অর্থঃ। ভক্তানাং (সেবকানাং) ভয়ঙ্করঃ (ভীতি-নাশনঃ) বিশ্বাত্মা (বিশ্বস্ত প্রেমাস্পদী ভবিষ্যন্) ভগবান্ (সর্বৈশ্বর্যপরিপূর্ণত্বপ্রাপ্তিপ্রায়েণ শ্রীভগবান্) অপি অংশভাগেন (পূর্ণস্বরূপেণ) অংশেন পুরুষাত্মবতারবৃন্দেন সহ, (ভাগেন ভাগসমূহেন ষড়ৈশ্বর্যেণ সহিত এব) আনক-হ্নুভেঃ (বহুদেবস্ত) মনঃ (মনসি) আবিবেশ (আবি-বভূব জীবান্যামব ন তস্য ষাভুসম্বন্ধঃ) ॥ ১৬ ॥

অনুবাদ। (এদিকে) দেবকগণের ভীতি-বিনাশন বিশ্বের প্রেমাস্পদ সর্বৈশ্বর্যপূর্ণ ভগবানও তাঁহার পূর্ণস্বরূপে অর্থাৎ পুরুষাবতারাদি অংশ এবং ভগ অর্থাৎ ষড়ৈশ্বর্যের সহিত বহুদেবের চিত্তে আবিস্তৃত হইলেন ॥ ১৬ ॥

বিশ্বনাথ। বিশ্বাত্মা বিশ্বৈশ্ব প্রেমাস্পদীভবিষ্যন্ অংশেন পুরুষাত্মবতারবৃন্দেন সহ ভাগেন ভাগসমূহেন ষড়ৈ-শ্বর্যে সহিত এব মন আবিবেশ মনস্ত্রাবিবভূব। “পর-বরেশো মহদংশযুক্তো হজ্রোহপি জাতো ভগবান্” ইতি তৃতীয়োক্তেঃ ॥ ১৬ ॥

তথ্য। ‘আবিবেশ’—১। চিত্তে আবিস্তৃত হইয়া ছিলেন, জীবের দ্বারা তাঁহার ষাভুসম্বন্ধ ঘটে নাই। (শ্রীধর ও চক্রবর্তী); ২। ভাববিশেষে চিত্তে সম্যক স্ফূর্তি হইয়াছিল, (তোষণী); ৩। ঋতিবাক্য হইতে দেবতাগণের ভগবদংশ জ্ঞান যায়, সেই দেবতা অংশে আনকহ্নুভির উৎপত্তি, সেই আনকহ্নুভির চিত্তে ভগবান্ সর্বরূপ জ্ঞানের দ্বারা আবিস্তৃত হইয়াছিলেন। (বীররাঘব) ॥ ১৬ ॥

স বিভ্রং পৌরুষং ধাম ভ্রাজমানো যথা রবিঃ।

হুরাসদোহতিদুর্ধ্বো ভূতানাং সম্ভূব হ ॥ ১৭ ॥

অর্থঃ। (ভগবদাবেশানন্তরং) সঃ (বহুদেবঃ) পৌরুষং ধাম (শ্রীভগবত্তেজঃ) বিভ্রং (ধারয়ন্) রবিঃ যথা (স্বর্ষ ইব) ভ্রাজমানঃ (দীপ্তিশালী সন্) ভূতানাং (প্রাণিনাং) হুরাসদঃ (দুঃখেন আসাদঃ নিকটে গচ্ছং অশক্যোহপি চক্ষু-রাত্যগ্রাহ্যো বা) অতিদুর্ধ্বঃ (দুঃখেনাপি সোঢ়ুং অশক্যঃ) সম্ভূব হ (জাতঃ কিল) ॥ ১৭ ॥

অনুবাদ। বহুদেব শ্রীভগবৎ-সম্বন্ধি-তেজ ধারণ করিয়া সূর্যের দ্বারা দীপ্তিশালী হইলেন। কংসপ্রমুখ কোন জীবগণের তাঁহার নিকটস্থ হইবার সামর্থ্য ছিল না বলিয়া তিনি হুরাসদ এবং ঐ তেজঃ কংসাদি জীবমাত্রেরই দুঃসহ হইয়াছিল বলিয়া তিনি অতি দুর্ধ্ব হইয়াছিলেন ॥ ১৭ ॥

বিশ্বনাথ। পৌরুষং ধাম পুরুষোত্তমস্ত প্রাহুর্ভাব-দধানঃ স্বশ্বিন্ প্রাহুর্ভূতং কৃষ্ণং পশুন্নিত্যর্থঃ। ধাম দেহে গৃহে রশ্মৌ স্থানে জন্ম প্রভাবয়োরিতি বিখঃ। হুরাসদঃ প্রাণিভিরাসন্নীভবিতুমশক্যঃ অতএবাতিদুর্ধ্বঃ কংসাদিভি-রূপ্যভিভবিতুমশক্যঃ ॥ ১৭ ॥

তথ্য। পৌরুষং ধাম—১। শ্রীভগবৎসম্বন্ধীয় তেজঃ (শ্রীবীর রাঘব); ২। বিষ্ণুতেজঃ (শ্রীবিজয়ধ্বজ); ৩। বিষ্ণুর মনোহর অশেষকল্যাণ-গুণ-বিগ্রহযুক্ত ভগবৎ-স্বরূপ (শ্রীশুকদেব); ৪। শ্রীভগবানের তেজঃ প্রভাব বা আবিস্তাব (তোষণী); ৫। ভাগবতীতহু অর্থাৎ অপ্ৰাকৃত কলেবর অথবা গ্রন্থভাগবত ও ভক্তভাগবত, এই দুই ভাগবত ধাঁহার কলেবর। ৬। পুরুষ উত্তমের প্রাহুর্ভাব (চক্রবর্তী) ॥ ১৭ ॥

ততো জগন্মূলমচ্যুতাংশং
সমাহিতং শূরশ্রুতেন দেবী ।
দধার সর্বাঙ্কমাঙ্কভূতং
কাষ্ঠা যথানন্দকরং মনস্তঃ ॥ ১৮ ॥

অর্থঃ । ততঃ (অনন্তরং) দেবী (দেবকী) শূরশ্রুতেন (বহুদেবেন) সমাহিতং (সমাগভূতমেব আহিতং বেদ-দীক্ষয়া অর্পিতং) জগন্মূলং সর্বলোককল্যাণকরং) অচ্যুতাংশং (অচ্যুতাঃ চ্যুতরহিতাঃ অংশাঃ ঐশ্বর্যদয়ঃ যস্য তম্) আঙ্কভূতং (সর্বমূলস্বরূপং) সর্বাঙ্কং (সর্বময়ং বিষ্ণুং) মনস্তঃ (মনসা এব) কাষ্ঠা (পূর্বাদিক্) আনন্দকরং (আহ্লাদজনকং চন্দ্রমিব) দধার (ধারণামাস ॥ ১৮ ॥

অনুবাদ । অনন্তর পূর্বদিক্ ধারণ আনন্দপ্রদ চন্দ্রকে ধারণ করে, দেবকীও তদ্রূপ বহুদেবদ্বারা বৈধদীক্ষাবিধানে সমর্পিত, জগন্মূল, অক্ষয়ঐশ্বর্যশালী, সর্বমূলস্বরূপ সর্বাঙ্ক বিষ্ণুকে মনের দ্বারা ধারণ করিলেন ॥ ১৮ ॥

বিশ্বনাথ । ততো ভগবাংস্তদেহাদেবকীদেহে প্রবিষ্ট ইত্যাহ তত ইতি জগতাং মূর্তিমূলং চ্যুতিরহিতা অংশা নারায়ণনৃসিংহাদয়ো যত্র তৎ । সর্বেষাং ভক্তানাং সর্বশ্চ শক্তোর্বী আঙ্কনো মনসঃ কং স্থং যত্র তৎ আঙ্কভূতং আঙ্কনৈব ভূতং স্বয়মাবিভূতং ন তু যোগিবদ্ব্যতেন ধারণয়া মনস্তানীতং মনস্তো মনসা দধার তেন জীববজ্জনীজঠর-সম্বন্ধো বারিতঃ । অতএবানুরূপং দৃষ্টান্তমাহ কাষ্ঠা প্রাচী দিক্ আনন্দকরং চন্দ্রঃ যথেন্তি । কিয়দ্দিনানন্তরং তন্তু সা স্বকৃক্ষিমধোহপি কক্ষঃ পশুন্তী বভূবেতি জেয়ম্ । “দৃষ্ট্যস্ব তে কৃক্ষিগতঃ পরঃ পুমানি”ত্যাগ্রিমোক্তেঃ ॥ ১৮ ॥

সা দেবকী সর্বজগন্নিবাস-
নিবাসভূতা নিতরাং ন রেজে ।
ভোজেন্দ্রগেহেহগ্নিশিখিব রুদ্ধা
সরস্বতী জ্ঞানথলে যথা সতী ॥ ১৯ ॥

অর্থঃ । সা (দেবকী) সর্বজগন্নিবাস-নিবাস-ভূতা (সর্বেষাং নিখিলানাং জগতাং ভুবনানাং নিবাসঃ আশ্রয়ঃ ভগবান্) তন্তু নিবাসভূতা আশ্রয়স্বরূপা অপি) দেবকী

ভোজেন্দ্রগেহে (ভোজেন্দ্রশ্চ কংসস্ত গেহে কারাগৃহে) অগ্নিশিখা ইব (ঘটাদিমধাগত প্রদীপশিখা ইব) রুদ্ধা (আবদ্ধা) জ্ঞানথলে (জ্ঞানবঞ্চকজনে) সতী সরস্বতী যথা (বিদ্যাদেবী ইব) নিতরাং (আতিশয়ো ন রেজে (ন শোভিতা বভূব) (অবরুদ্ধতয়া কেবলং সমীপস্থ বস্তু-দেবাত্মজ্ঞানানামেব সমীপে শোভিতা, ন তু সর্বজনানা-মিত্যর্থঃ) ॥ ১৯ ॥

অনুবাদ । সর্বজগতের আশ্রয়ভূত শ্রীভগবানের আশ্রয়স্বরূপী হইয়াও শ্রীদেবকীদেবী কংসগৃহে অবরুদ্ধা হইয়া ঘটরুদ্ধ অগ্নিশিখা ও জ্ঞানবঞ্চক জনে আবদ্ধ বিদ্যা-দেবীর ত্যায় সর্বজনের আনন্দপ্রদরূপে শোভা পান নাই ॥ ১৯ ॥

বিশ্বনাথ । প্রাকৃতাপ্রাকৃত সর্বজগন্নিবাসস্ত শ্রীহরে-নিবাসরূপা সত্যপি নিতরাং সর্বজনস্বাহাদকতয়া ন রেজে কিন্তু তত্রতা স্বান্তরঙ্গ-দ্বিত্বজন-সহিতস্ত সন্তৈবেত্যর্থঃ । যতঃ কংসস্ত গৃহে রুদ্ধা অগ্নিশিখা ইবেতি সা যথা গৃহে রুদ্ধা নগরং ন প্রকাশয়তি কিন্তু গৃহাস্থতবস্ত্বেব তথা স্বসমীপবর্তিনাং দ্বিত্বজনানাং শীতাদিনাশিকা চ তথৈবেত্যর্থঃ । যথা চ সা প্রবলা সতী রোধকস্ত গৃহং দহতি তথৈব দেবক্যপি কংসস্তৈ-শ্বর্যং ধক্ষ্যতীত্যর্থঃ । জ্ঞানথলে জ্ঞানবঞ্চকে রুদ্ধা সরস্বতী সরস্বতী সর্বলোকানুরূপকারিণী সতী যথা ন রাঙতে পাপাতি-শয়েন স্বরোধকঞ্চ কালেন যথা নাশয়তি তথৈব স্বাপরাধেন কংসমপি দেবকী নাশয়িষ্যতীত্যর্থঃ ॥ ১৯ ॥

তাং বীক্ষ্য কংসঃ প্রভয়াজিতান্তরাং
বিরোচয়ন্তীং ভবনং শুচিস্মিতাম্ ।
আহৈষ মে প্রাণহরো হারিগুহাং
ধ্রুবং শ্রিতো যন্ন পুরেয়মীদৃশী ॥ ২০ ॥

দুইটিতে যে ভগবানের দেহত্যাগের বিষয় বর্ণিত হইয়াছে, উহা তন্ত্র ভাগবতানুসারে অন্তর্দীপনার্থ প্রকাশক বলিয়া অসহায় হইতে পারে অর্থাৎ শ্রীভগবান্ দেহত্যাগ করেন না, পরন্তু তিনি কখনও লোক-লোচনের গোচরে কখনও বা অগোচরে অবস্থান করেন মাত্র। অতএব উপরিউক্ত শ্লোক দুইটিতে যে দেহত্যাগের কথা উল্লেখ আছে, উহার অর্থ—অন্তর্দান, তন্ত্র-ভাগবত-বচনানুসারে ভগবানের দেহত্যাগের অর্থ এই প্রকার হইতে পারে, কিন্তু ১। ১।৩৩-৩৪ শ্লোকে কথিত হইয়াছে যে, জন্মরহিত ভগবান্ যদ্বারা পৃথিবীর ভার হরণ করিয়াছিলেন, সেই তন্তুটিকে কণ্টকের দ্বারা কণ্টক উন্মোচনপূর্বক উভয় কণ্টকই পরিত্যাগের স্থায় ত্যাগ করিয়াছিলেন, কেননা ভগবানের ভূভার-হরণ ও তন্তুত্যাগ—ইহাই সমান। একই নট যেরূপ বিশেষ বিশেষ চরিত্র অভিনয়ের জন্য বহুবিধ সজ্জা গ্রহণ করে, ভগবান্ও সেইরূপ মংস্তাদিরূপ ধারণ করিয়া থাকেন, পরে সেই শরীরদ্বারা ভূভার হরণপূর্বক তাহাও পরিত্যাগ করেন। নৈমিষারণ্য-বাসী ঋষিগণের প্রতি শ্রীশ্রুতগোস্বামীর এই বাক্যদ্বয় শ্রীকৃষ্ণের হিড়ম্বুরূপের নিত্যজ-বিষয়ক সন্দেহের পরিপোষক, আবার ১০।৮।১২০ শ্লোকে শ্রীব্রহ্মদেবের বাক্য সেই সন্দেহের পরিপোষণ করিতেছে। শ্রীব্রহ্মদেবের বাক্য যথা—স্মৃতিকা-গৃহে ভগবান্ অজ আমান্নিকে বলিয়াছেন যে, তিনি নিজ ধর্ম-পালনার্থ প্রতি যুগেই ভ্রমগ্রহণ করেন, হে উরুগায়, তুমি আকাশের স্থায় অসঙ্গ হইয়ানানা তন্তু গ্রহণ ও ত্যাগ কর, তোমার মায়া-বিভূতি কে জানিতে পারে? এখন উপরিউক্ত পূর্বপক্ষের মীমাংসা বিচারিত হইতেছে—এই শ্লোকের ‘আত্মায়া’ ও ‘প্রাকৃত শিশু’পদদ্বয়ের উল্লেখ থাকায় শ্রীকৃষ্ণ-রূপ সম্বন্ধে সন্দেহ উপস্থিত হইলেও ঐ দুইটি পদের যথার্থ অর্থ বিচারের দ্বারা তাহা নিরস্ত হয়। ‘আত্মায়া’ অর্থে—নিজ ইচ্ছা, ইহা মহাসংহিতায় উক্ত হইয়াছে। ‘প্রাকৃত’ শব্দের অর্থ—প্রকৃতি অর্থাৎ স্বরূপ, তদ্বারা ব্যক্ত বা প্রকাশিত যিনি, তিনি প্রাকৃত; অর্থাৎ নরাকৃতি-বিগ্রহই ভগবানের নিজ-স্বরূপ, উহা ঔপাধিক বা প্রাকৃত নহে, তাদৃশ ভগবদ্বিগ্রহে শিশুআদি বিচিত্র ধর্ম স্বাভাবিক, পরিণামশীল নহে। শ্রীমদ্ভগবদগীতায় “প্রকৃতিঃ স্বামবষ্টভ্য সন্ততাম্যাত্ম-

মায়া”-শ্লোকের ব্যাখ্যায় শ্রীপাদ রামানুজ, আত্মায়া অর্থে—নিজ সংকল্পরূপজ্ঞানদ্বারা এবং ‘প্রকৃতিঃ স্বামবষ্টভ্য’ অর্থে—স্বভাবে অবস্থান করিয়া অর্থাৎ নিজ স্বভাবে অবস্থান করিয়া নিজ সংকল্পরূপ জ্ঞানের দ্বারা আবির্ভূত হই—এইরূপ অর্থ করিয়াছেন; মহাভারতেও ভগবদবতারের অপ্রাকৃতত্ব কথিত হইয়াছে। অতএব শ্রীকৃষ্ণ-বিগ্রহ যে অপ্রাকৃত, তাহা সর্বত্রই স্বীকার্য, কিন্তু শ্রীমদ্ভাগবতে শ্রীকৃষ্ণের যে তন্তুত্যাগের কথা আছে, তাহার অর্থ কিরূপ হইবে? এই পূর্ব পক্ষ নিরাসনের জন্য পূর্বোক্ত ১।১।৩৪—৩৫ শ্লোক-দ্বয়ের সুসঙ্গত অর্থ করা যাইতেছে। এই শ্লোক দুইটিতে যে তন্তু, রূপ ও কলেবর—এই তিনটি শব্দ দেখা যায়, তদ্বারা ভগবানের দেহ নির্দিষ্ট হয় নাই, কিন্তু তদীয় ভাব কথিত হইয়াছে, অর্থাৎ তদ্বারা ভগবানের ভূভার-হরণেচ্ছা-লক্ষণ এবং দেবতা-প্রতিপালনেচ্ছারূপ ভাব বুঝিতে হইবে। শ্রীমদ্ভাগবতের তৃতীয় স্কন্ধ বিংশতিতম অধ্যায়ে ‘তন্তু’ প্রভৃতি শব্দের অর্থে ব্রহ্মার ভাব কথিত হইয়াছে। অতএব ভগবানের সম্বন্ধেও ‘তন্তু’, ‘কলেবর’ প্রভৃতির অর্থ ঐ প্রকারই করিতে হইবে। ভারহরণাদি কার্যও স্বয়ং ভগবানের নহে, উহা পালনকর্তা বিষ্ণুর। স্বয়ং ভগবান্ আবির্ভূত হইলে যুগাবতারাদির কর্ম ভার-হরণাদি স্বয়ং ভগবানের দ্বারাই হইয়া থাকে বলিয়া তাঁহাতে ঐ ভাবের আভাসমাত্র ছিল। অতএব স্বয়ং ভগবানের পক্ষেও ভূভারহরণেচ্ছা ও তৎপরিত্যাগ—এই দুইটি তাঁহার কর্তব্য নহে বলিয়া উভয়ই সমান। মংস্তাদি-অবতারে পৃথিবীর ভার-হরণ বিষয়ক ভাবগ্রহণ ও ত্যাগ বুঝিতে হইবে; বিশেষতঃ এই শ্লোকের দৃষ্টান্ত স্বরূপ ‘নট’-শব্দের উল্লেখ দেখা যায়, অর্থাৎ নট যেরূপ নিজ বেশে নিজ স্বরূপে থাকিয়াই পূর্ববৃত্তান্ত অভিনয় সহকারে গান করিবার জন্য নায়ক-নায়িকাদির ভাব গ্রহণ ও ত্যাগ করেন, ভগবান্ও তদ্রূপ স্বরূপে অবিকৃত থাকিয়াই বিভিন্ন-রূপ প্রকটন করেন—ইহাই পূর্বোক্ত (১।১।৩৪-৩৫) ভগবানের দেহত্যাগ-বিষয়ক শ্লোক দুইটির প্রকৃত অর্থ। এখন ১০।৮।১২০ শ্লোকে ব্রহ্মদেব-বাক্যের অর্থ বিচারিত হইতেছে—শ্রীব্রহ্মদেবের ভক্তি ভগবদ্ব্যাহম

জানপ্রধান, স্বতরাং তিনি বিমুক্ত সত্ত্বের প্রাধ-
 ত্য-স্বরূপ আপনার (ভগবানের) মনুষ্যলীলাকে অত্যন্ত
 দৈন্তবশতঃ প্রাকৃত যজ্ঞ চেষ্টারূপে স্থাপন (অনুমান) করিয়া
 শ্রীভগবানে পুত্র-বুদ্ধির প্রতি আক্ষেপ বা নিন্দা করিতে-
 ছেন। সেই প্রসঙ্গে “যদি আমি তোমাদের পুত্র না হই,
 তবে আমার প্রতি কেন পুত্রবুদ্ধি করিতেছ?” শ্রীভগবানের
 এইরূপ প্রশ্ন আশঙ্কা করিয়া শ্রীবহুদেব বলিলেন—আপনি
 জন্মরহিত হইয়াও আমাদের পুত্ররূপে জন্মগ্রহণ করেন—
 একথা আপনি নিজেই স্মৃতিকাগৃহে বলিয়াছেন—ইহাই
 ১০।৮।২০ শ্লোকে বহুদেব-উক্তির তাৎপর্য। অতএব
 ‘প্রাকৃত শিশু’ অর্থে—স্বভাবসিদ্ধ নিজ মিত্য-স্বরূপ—এই
 অর্থই সুসঙ্গত। কৃষ্ণসন্দর্ভোক্ত ব্যাখ্যা ॥ ৪৬ ॥

ইতি শ্রীভাগবত-দশঃস্কন্ধে তৃতীয় অধ্যায়ের তথ্য সমাপ্ত।

ততশ্চ শৌরির্ভগবৎপ্রচোদিতঃ

সুতং সমাদায় স স্মৃতিকাগৃহাৎ।

যদা বহির্গন্তমিয়েষ তত্বর্জা

যা যোগমায়াজনি নন্দজায়য়া ॥ ৪৭ ॥

অনুব্র। ততঃ চ (অনন্তরঃ) সঃ শৌরিঃ (বহুদেবঃ)
 ভগবৎপ্রচোদিতঃ (অন্তর্ধামিনা ভগবতা প্রেরিত সন) যদা
 (যাবদেব) সুতং (বালকং) আদায় (গৃহীত্বা) স্মৃতিকা-
 গৃহাৎ (জন্মাগারাতঃ) বহিঃ গন্তং (নিগমনায়) ইয়েষ
 (অভিল্লাষ) তর্হি (তদৈব) অজা (জন্মরহিতা) যা
 যোগমায়া (ভগবদাত্মশক্তিস্বরূপিণী) নন্দজায়য়া (নন্দপত্ন্যা
 যশোদয়া অংজনি প্রসূত্যা) ॥ ৪৭ ॥

অনুব্র। অনন্তর বহুদেব ভগবানের প্রেরণায় যে
 সময়ে বালককে ক্রোড়ে গ্রহণপূর্বক স্মৃতিকাগৃহ হইতে
 বহির্গমনের অভিলাষ করিলেন তখনই যশোদা ভগবানের
 আত্মশক্তিরূপিণী জন্মরহিতা যোগমায়াকে প্রসব করিলেন ॥

বিশ্বনাথ। ভগবতা প্রচোদিতঃ। যদি বিবেচি তর্হি
 মাং গোকুলং নম্র যশোদায়াশ্চ তাং কন্তাং যন্মায়ামানয়ে-
 ত্যাদিষ্টঃ স বহুদেবঃ স্বপাদ-নিগড়ঃ স্বয়মেব প্রসূতঃ বীক্ষ্য
 যদা গন্তুমৈচ্ছৎ তদা সা নন্দজায়য়া নিমিত্তভূতয়া অংজনি

জাতা। কিঞ্চ গর্ভকালে ত্বসংপূর্ণে অষ্টমে মাসি তে
 জ্মিয়ৌ। দেবকী চ যশোদা চ স্মৃষ্বাত্তে সমঃ তদেতি হরি-
 বংশবাক্যে সমঃ সহ সমকালমেব স্মৃষ্বাত ইতি ভদ্রাবগমা-
 দত্র তু দেবকী প্রসবোত্তরকাল এব যশোদা প্রসবদর্শনাচ্ছ
 ভয়োরেব শাস্ত্রবাক্যায়োরতিপ্রামাণ্যাদেবমবসীতে। যদৈব
 দেবকী কৃষ্ণং স্মৃষুবে তদৈব যশোদাপি কৃষ্ণং স্মৃষুবে তদনন্তর
 সময়ে যোগমায়াঞ্চ স্মৃষুবে ইতি কালভেদেন তস্মা দ্বিঃ প্রসব
 এবত্যেতাত এব অদৃশ্যতানুজ্ঞা বিক্ষোঃ সায়ুধাষ্ট মহাভূজৈতি
 বক্ষ্যতে। কিঞ্চ যশোদা প্রসূতস্ম কৃষ্ণস্ত চতুর্ভূজা গুহ্যভূজৈ
 নরাকৃতি পরব্রহ্মাক্ষ দ্বিভূজতমেব বুদ্ধোত ইতি ॥ ৪৭ ॥

তয়া হ্রতপ্রত্যয়সর্ববৃত্তিষু

দ্বাঃস্বেষু পৌরেষপি শায়িতেষথ।

দ্বারশ্চ সর্বাঃ পিহিতা ছরতায়।

বৃহৎকপাটায়সকীলশৃঙ্খলৈঃ ॥ ৪৮ ॥

তাঃ কৃষ্ণবাহে বহুদেব আগতে

স্বয়ং বাবর্ষস্ত যথা তমো রবেঃ।

ববর্ষ পর্জন্ত উপাংগুগর্জিতঃ

শেষোহবগাদ্ধারি নিবারয়ন্ ফটৈঃ ॥ ৪৯ ॥

অনুব্র। তয়া (যোগমায়া) দ্বাঃস্বেষু (দ্বাররক্ষকেষু
 সর্বেষু) হ্রতপ্রত্যয়সর্ববৃত্তিষু (হ্রতঃ প্রত্যয়ার্থাঃ সর্বাঃ বৃত্তিষো
 যেষাং তেষু অপহৃতসর্বেন্দ্রিয়বৃত্তিষু সংস্রু ইত্যর্থঃ) অথ
 (অনন্তরঃ) পৌরেষু (পূর্ববাসিষু) শায়িতেষু (নিদ্রয়া
 অভিভাবিতেষু সংস্রু) বৃহৎকপাটায়সকীলশৃঙ্খলৈঃ (বৃহৎসু-
 কপাটেষু লোহকীলকযুক্তৈঃ শৃঙ্খলৈঃ) ছরতায়। (দুস্পারঃ)
 তাঃ সর্বাঃ দ্বারশ্চ কৃষ্ণবাহে (কৃষ্ণং ক্রোড়ে আদায়) বহু-
 দেব আগতে (সতি) রবেঃ (স্বর্ঘস্য আগমনাতঃ) তমঃ
 যথা (অন্ধকার ইব) স্বয়ং বাবর্ষস্ত উদ্ঘাটিতাঃ বভূবুঃ
 উপাংগুগর্জিতঃ (মন্দঃ মন্দঃ গর্জন্) পর্জন্তঃ (মেঘঃ)
 ববর্ষ (বৃষ্টঃ অভূৎ) দ্বারি (দ্বারাদারভা) শেষঃ (শমনঃ)
 ফটৈঃ (ভোঁগৈঃ) নিবারয়ন্ (ধারাপাতং বারয়ন্) অবগাৎ
 (বহুদেবমভূগতঃ) ॥ ৪৮-৪৯ ॥

অমুবাদ । সেই যোগমায়াবলে দ্বাররক্ষকগণ সমস্ত ইন্দ্রিয় বৃত্তিরহিত ও পৌরজন নিদ্রাভিভূত হইলে রবির উদয়ে অন্ধকার যেরূপ স্বতঃই নিবৃত্ত হয় সেইরূপ রক্ষ-বাহক বসুদেব সমাগত হইবামাত্র বৃহৎ কপাটসমূহে লৌহকীলকযুক্ত শৃঙ্খলদ্বারা আবদ্ধ দুপ্পার দ্বার সকল স্বয়ংই উদ্ঘাটিত হইয়া গেল । মেঘ মন্দ মন্দ গর্জন সহকারে বর্ষণ করিতে লাগিল এবং অনন্তনাগ দ্বারদেশ হইতে আরম্ভ করিয়া কণাদ্বারা বৃষ্টিপাত নিবারণ করিতে করিতে বসুদেবের অঙ্গুগমন করিলেন ॥ ৪৮-৪৯ ॥

বিশ্বনাথ । তথা যোগমায়ায়া হুতাঃ যন্ত জ্ঞানস্ত সৰ্বা বৃত্তয়ো যেমাং তেষু দ্বাঃস্বেষু দ্বারপালেষু শায়িতেষু সংস্থিতি জ্ঞানহরণঃ যোগমায়াংশ ভূতায়ামায়ায়াঃ কার্যম্ । যা দ্বারঃ পিহিতাস্তাব্যাবৰ্ধন্ত ব্যত্রিয়ন্ত বিবৃত্তা ইত্যর্থঃ । বৃহৎ কপাট-গতৈরায়সকলৈ শৃঙ্খলৈর্হরিতায়াঃ দুরতিক্রমাঃ । রবে-নিমিত্তাৎ । উপাঃশু মন্দ মন্দং গজিতং যন্ত সঃ । ফণৈ-শ্ছত্রীকৃতৈরিত্যর্থঃ । শয্যাসন-পরীধান-পাতৃকা-ছত্র-চামরৈঃ । কিং নাতুস্তস্ত কৃষ্ণস্ত মৃতিভেদৈশ্চ মৃতিষিতি ব্রহ্মাণ্ড-পুরাণাৎ ॥ ৪৮-৪৯ ॥

মঘোনি বর্ষতাসকুদ্যমানুজা

গন্তীরতোয়ৌঘজবোর্মিফেনিলা ।

ভয়ানকাবর্তশতাকুলা নদী

মার্গং দদৌ সিদ্ধুরিব শ্রিয়ঃ পতেঃ ॥ ৫০ ॥

অম্বর । অসকুৎ (নিরন্তরং) মঘোনি (ইন্দ্রদেবে) বর্ষতি (বারিপাতং কুর্ষতি সতি) গন্তীরতোয়ৌঘজবোর্মি-ফেনিলা (গন্তীরো যঃ তোয়ৌঘঃ জলরাশিঃ তন্ত জবেন বেগেন যা উর্ময়ঃ তরঙ্গাঃ তৈঃ ফেনিলা ফেনব্যাপ্তা ভয়ানকা-বর্তশতাকুলা (ভয়ানকৈঃ ভীষণৈঃ আবর্তশতৈঃ ভ্রমিসমূহৈঃ আকুলা যুক্তা অপি) যমানুজা (যমুনা) নদী সিদ্ধুঃ (সমুদ্রঃ) শ্রিয়ঃ পতেঃ (রামচন্দ্রস্য ইব বসুদেবস্ত) মার্গং (পন্থানং) দদৌ (দত্তবতী) ॥ ৫০ ॥

অমুবাদ । নিরন্তর ইন্দ্রদেবের বর্ষণে যমুনা নদী গভীর জলরাশির বেগজাত তরঙ্গে ফেনিল এবং ভয়ানক আবর্ত-সমূহে আবুল হইল ; কিন্তু সমুদ্র যেরূপ রামচন্দ্রকে

পথ প্রদান করিয়াছিল যমুনাও সেইরূপ বসুদেবকে পথ প্রদান করিল ॥ ৫০ ॥

বিশ্বনাথ । তৌয়ৌঘ স্তোয়সমূহঃ শ্রিয়ঃপতেঃ সীতা-পতেঃ ॥ ৫০ ॥

নন্দব্রজং শৌরিকপেতা তত্র তান্
গোপান্ স্তম্ভপ্তানুপলভ্য নিদ্রয়া ।
সুতং যশোদাশয়নে নিধায় তৎ-
সুতামুপাদায় পুনর্গৃহানগাৎ ॥ ৫১ ॥

অম্বর । (অথ) শৌরিঃ (বসুদেবঃ) নন্দব্রজং (নন্দ-পুরং) উপেত্য (গতা) তত্র (পুরে) তান্ গোপান্ (পুর-বাসিনঃ গোপসমূহান্) নিদ্রয়া (যোগনিদ্রয়া) স্তম্ভপ্তান্ (নিদ্রিতান) উপলভ্য (জাত্বা) শিশুঃ (বালকং ক্রীকৃষ্ণং) যশোদাশয়নে (নন্দপত্ন্যাঃ শয্যায়াং) নিধায় (স্থাপয়িত্বা) তৎসুতং (যোগমায়াস্বরূপাং সাত্বজাতাং যশোদাকন্যাং) উপাদায় (গৃহীত্বা) পুনঃ গৃহান্ (কংসকারালয়ান্) অগাৎ (আগতঃ) ॥ ৫১ ॥

অমুবাদ । অতঃপর বসুদেব নন্দপুরে গমন করিয়া সেখানে গোপগণকে যোগনিদ্রাবলে স্তম্ভপ্ত দেখিয়া শিশুকে যশোদার শযায় স্থাপনপূর্বক যোগমায়াকৃপিনী তদীয় কন্যাকে গ্রহণ করিয়া পুনরায় কংস-কারাগারে উপস্থিত হইলেন ॥ ৫১ ॥

বিশ্বনাথ । তৎসুতামুপাদায়েতি কংসাৎ স্বপুত্রস্ত রক্ষণং মিত্রপুত্র্যা বধং জ্ঞানতোহপি পরমধার্মিকস্তাপি বসুদেবস্তায়মক্ৰায়ে ন দূষণং প্রত্যত ভৃষণমেব পুত্রীভূতে ভগবতি বর্দ্ধিস্থেন্নেহেনৈব তাদৃশ বিবেকাপহারাৎ ॥ ৫১ ॥

দেবকাঃ শয়নে স্তম্ভ বসুদেবোহথ দারিকাম্ ।

প্রতিমুচ্য পদোলৌহমাস্তে পূর্ববদাবৃতঃ ॥ ৫২ ॥

অম্বর । অথ (আগমনানন্তরং) বসুদেবঃ দ্বারিকাং (কন্যাং) দেবকাঃ শয়নে (স্বপত্নীশয্যায়াং) স্তম্ভ (স্থাপয়িত্বা) পদোঃ (নিজচরণয়োঃ) লোহং (লৌহশৃঙ্খলং) প্রতিমুচ্য (বদ্ধ্বা) পূর্ববৎ আবৃতঃ (বদ্ধঃ) আস্তে (স্থিতঃ) ॥ ৫২ ॥

অনুবাদ । পরে বহুদেব সেই কন্যাকে দেবকীর শয্যায় স্থাপনপূর্বক নিজ পদযুগলে লৌহশৃঙ্খল বন্ধন করিয়া পূর্বের স্থায় আবদ্ধভাবে অবস্থান করিলেন ॥৫২॥

বিশ্বনাথ । প্রতিযুচ্য বদ্ধা পদয়ো লৌহং নিগড়ঃ আবৃতঃ আস্তে স্বঃ ৫২ ॥

যশোদা নন্দপত্নী চ জাতং পরমবুধ্যত ।

ন তল্লিঙ্গং পরিশ্রাস্তা নিজয়াপগতস্মৃতিঃ ॥ ৫৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে ব্রহ্মসূত্রভাষ্যে পারমহংস্তাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে কৃষ্ণজন্মনি তৃতীয়োহধ্যায়ঃ ।

অনুবাদ । নিহরা (যোগমায়া) অপগতস্মৃতিঃ (অপ-হৃতস্মৃতিশক্তিঃ) পরিশ্রাস্তা (প্রসবেন ক্রাস্তা) নন্দ-পত্নী যশোদা চ পরং (কেবলং) জাতং অবুধ্যত কিঞ্চিৎপ্রাপ্তং ইতি জ্ঞাতবতী তল্লিঙ্গং (কন্যাপূজাদি-রূপবিশেষধর্মঃ) ন (ন জ্ঞাতবতী) ॥ ৫৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবত-দশমস্কন্ধে তৃতীয়োহধ্যায়স্যন্বয়ঃ ।

অনুবাদ । প্রসব বশতঃ পরিশ্রাস্তা যশোদাদেবী যোগ-মায়াবলে স্মৃতিশক্তিশূন্যা হইয়া পড়ায় কেবলমাত্র সন্তান প্রাপ্ত হইয়াছে এইমাত্র জানিতে পারিলেন ; কিন্তু পুত্র কিম্বা কন্যা তাহা বিশেষরূপে জানিতে পারেন নাই ॥ ৫৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতের দশমস্কন্ধে তৃতীয় অধ্যায়ের
অনুবাদ সমাপ্ত ।

বিশ্বনাথ । পরং কেবলং জাতমবুধ্যত ন তু পুত্রঃ কন্যাবেতি । তস্মৈ জাতস্তু চিহ্নম্ । তত্র হেতুঃ পরি-শ্রাস্তা অতিসৌকুমার্যাং প্রসবোথ শ্রমযুতা প্রসবান্তে চানন্দেন শ্রোগোপশাস্ত্যা চ নিদ্রয়েতি । কিঞ্চাত্ চকার উক্ত সমুচ্চয়ে । যথা বহুদেবপত্নী তথা নন্দপত্নী চ জাতং স্বগর্ভাভূৎপন্ন-মপত্যং পরং সর্বোৎকৃষ্টং অবুধ্যত তন্মাধুর্ঘ্যাদ-শক্যৈব তদন্তয়া তদীয়স্বরূপভূতানন্দমল্পভবগোচরী চকারেত্যর্থঃ । কিন্তু তস্মৈ লিঙ্গং পরমেখরোহমেব ইতি লিঙ্গং বিশেষঃ ন অবুধ্যতেতি ভেদঃ । নহু তস্মৈ গর্ভজঃ কৃষ্ণ ইতি ন প্রসিদ্ধং তত্রাহ যশোদা তদ্ যশো দদাতি দেবকৌ সখীভাবাৎ যো নারী নন্দভার্যায়া যশোদা দেবকৌতি চ । অতঃ সখ্যাম-ভূতস্তা দেবক্যা শৌরী জায়য়েত্যাদি-পুরাণবচনাবগতাদি-ত্যাঃ । ব্যাখ্যানমিদং ভাগবতায়ত-বৈষ্ণবতোষণ্যানন্দ-বৃন্দাবনাদি সংমতৈবেতি নোপেক্ষণীয়ম্ ॥ ৫৩ ॥

ইতি সারার্থদর্শিত্বাং হৃষিগ্যাং ভক্তচেতসাম্ ।

তৃতীয়ো দশমে স্কন্ধে সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্ ।

ইতি শ্রীবিশ্বনাথচক্রবর্তি-ঠাকুরকৃতা শ্রীমদ্ভাগবত-দশমস্কন্ধে
তৃতীয়োহধ্যায়স্য সারার্থদর্শিনী-টীকা সমাপ্তা ।

ইতি শ্রীমদ্ভাগবতের দশমস্কন্ধে তৃতীয় অধ্যায়ের
গৌড়ীয়-ভাষ্য সমাপ্ত ।

চতুর্থোহধ্যায়ঃ

গৌড়ীয় ভাষ্য ।

চতুর্থ অধ্যায়ের কথাসার ।

এই অধ্যায়ে চণ্ডিকাবাক্য শ্রবণে অভিভয়াকুল কংসের দুষ্টমদ্রিগণের বালাদি-হিংসনরূপ অহিত পরামর্শকে হিত বলিয়া বহুমানন বর্ণিত হইয়াছে ।

বহুদেব পূর্ববৎ শৃঙ্খলাবদ্ধ হইবার পর কংসপুত্রীর বহি-র্ধার, অন্তঃপুরদ্বার ও পুরদ্বার সকলই মায়াপ্রভাবে পূর্ববৎ

আবৃত হইল । কন্যাকাণ্ড সময় বুঝিয়া ক্রন্দন করিয়া উঠিলে প্রহরিগণ জাগরিত হইল এবং কংসকে দেবকীর প্রসববাতী জ্ঞাপন করিল । গুনিবামাত্র কংস ভীমবেগে স্মৃতিকাগৃহে উপনীত হইল এবং দেবকীর অনেক অচুনয়-বিনয় সঙ্কেত ভগ্নীর হস্ত হইতে বলপূর্বক কন্যাটিকে লইয়া সঙ্কোরে শিলা-পৃষ্ঠে নিক্ষেপ করিল । কন্যাটী কংস-হস্তচ্যুত হইবামাত্র উল্লেগমন করিয়া অষ্টভুজা মূর্তিতে দৃষ্ট হইলেন এবং কংসকে

সম্বোধন করিয়া কহিলেন যে, তাহার অন্তকারী পূর্বশত্রু নিশ্চয়ই কোন না কোন স্থানে জন্মগ্রহণ করিয়াছেন সুতরাং তাঁহাকে বা অশ্রু দীন শিশুগণকে হত্যা করা তাহার পক্ষে নিশ্চল। দেবীর এই প্রকার কথা-শ্রবণে কংস 'দৈববাণীও কিরূপে অসত্য হয়' ইহা ভাবিয়া আশ্চর্য্যবিত্ত হইল। সে দেবকী ও বহুদেবের বন্ধন মুক্ত করিয়া দিল এবং তাঁহাদিগের নিকট নিজেদের অন্তায় স্বীকার করিয়া তাঁহারা যাহাতে নিজ নিজ প্রারব্ধ-ভোগকারী সন্তানগণের নিমিত্ত আর শোক না করেন এবং তাহার (কংসের) দৌরাভ্যা ক্ষমা করেন, সে জন্য তাঁহাদের পদধারণ করিল। বহুদেব ও দেবকী কংসের সমস্ত অপরাধ ক্ষমা করিলেন। তাঁহাদিগকে প্রসন্ন দেখিয়া কংস স্ব-গৃহে প্রবেশ করিল এবং রাজ্যশেষে তাহার মন্ত্রিগণকে আহ্বান করিয়া যোগমায়ায় সমস্ত কথা তাহাদিগকে বলিল। কংসের সেই সকল কথা শ্রবণ করিয়া মন্ত্রিগণ পরামর্শ দিল যে, "পুরপ্রাণ ব্রজাদি স্থানে দশদিনের নান অথবা অধিক বয়স্ক শিশু দেখিলেই তাহাকে হনন করিতে হইবে। আর দেবতারা যদিও সকলেই কংস-ভয়ে ভীত, তথাপি তাহারা শত্রু সুতরাং তাহারাও উপেক্ষণীয় নহে। উহাদের মূলোৎপাটন করা আবশ্যক, সুতরাং তাহাদের মূল যে বিষ্ণু, তাঁহারই প্রতি বিরুদ্ধাচরণ করা কর্তব্য। ব্রাহ্মণ, গো, বেদ, তপঃ, সত্য, দম, শম, শ্রদ্ধা, দয়া, তিতিক্ষা ও যজ্ঞ সকলই হরির শরীর। ব্রহ্মা-শিবাদি সকল দেবতার মূল বিষ্ণু; সুতরাং দেব, ঋষি, গো বিপ্রাদির হিংসাই বিষ্ণুর বধোপায়। দুর্গতি কংস দৃষ্ট মন্ত্রীদিগের ঐ পরামর্শ অনুমোদন করিয়া ব্রহ্ম-হিংসাকেই হিতজনক মনে করিল। দৈত্যগণও কংসাদিষ্ট হইয়া নানা উপদ্রব আরম্ভ করিল।

শ্রীশুক উবাচ।

বহিরন্তঃপুরদ্বারঃ সর্বাঃ পূর্ববদাবৃত্তাঃ।

ততো বালধ্বনিং শ্রুত্বা গৃহপালাঃ সমুখিতাঃ ॥ ১ ॥

অনুবাদ। শ্রীশুক উবাচ (পরীক্ষিতং প্রতি কথ্যমাস) ততঃ (অনন্তরং) সর্বাঃ পুরদ্বারঃ (সর্বাণি নগরদ্বারাণি) পূর্ববৎ বহিঃ অন্তঃ (অন্তর্ভাহ্যতঃ) আবৃত্তাঃ (রুদ্ধাঃ জাতাঃ) গৃহপালাঃ (কারাগার-রক্ষকশ্চ) বালধ্বনিং (সন্তোজাত-

শিশুকন্দনশব্দং) শ্রুত্বা (আকণ্য) সমুখিতাঃ (প্রকারতঃ উখিতাঃ বভূবুঃ) ॥ ১ ॥

অনুবাদ। শ্রীশুকদেব কহিলেন,—হে রাজন্, অনন্তর পুরদ্বার সকল পূর্বের জায় ভিতর ও বাহির দিকে বন্ধ হইয়া গেল। তখন কারাগাররক্ষকগণ সন্তোজাত বালকের জন্ম-ধ্বনি শ্রবণ করিয়া শয্যা হইতে উখিত হইল ॥ ১ ॥

বিশ্বনাথ। মায়াবাক্যে কংসস্তানুভাপো দেবকী ক্ষমা। দুর্গম্ভিভিন্নব্রজা চ চতুর্থে কথ্যতে কথা। বাল-ধ্বনিং জাতমাত্র বালক-রোদনশব্দম্। গৃহপালাঃ শান ইব ॥ ১ ॥

তে তু তূর্ণমুপব্রজ্য দেবক্যা গর্ভজন্ম তৎ।

আচখ্যার্ভোজরাজায় যদুদ্বিগ্নঃ প্রতীক্ষতে ॥ ২ ॥

অনুবাদ। তে তু (কারারক্ষিণঃ) তূর্ণং (শীঘ্রং) উপব্রজ্য (গত্বা) ভোজরাজায় (কংসায়) দেবক্যাঃ কন্-গর্ভজন্ম (সন্তানোৎপত্তিং) আচখ্যঃ (নিবেদয়ামাসঃ) যৎ (যস্যং সঃ কংসঃ) উদ্বিগ্নঃ (উৎকণ্ঠিতঃ সন্) প্রতীক্ষতে (শিশুজন্ম অপেক্ষতে) ॥ ২ ॥

অনুবাদ। অতঃপর তাহারা সত্তর কংসের নিকট উপস্থিত হইয়া তাহাকে দেবকীর সন্তান-জন্মবার্তা নিবেদন করিল, যেহেতু কংস তজ্জন্ত উৎকণ্ঠিত-ভাবে অপেক্ষা করিতেছিলেন ॥ ২ ॥

বিশ্বনাথ। তদষ্টমং গর্ভজন্ম ॥ ২ ॥

স তন্নাৎ তূর্ণমুখ্যায় কালোহয়মিতি বিহ্বলঃ।

স্বতীগৃহমগাৎ তূর্ণং প্রস্থলনুভুক্তমুদ্বিজঃ ॥ ৩ ॥

অনুবাদ। সঃ (কংসঃ) তূর্ণং (শীঘ্রং) তন্নাৎ (শয্যাভ্যঃ) উখ্যায় (উখিতঃ) অয়ং (জাতঃ শিশুঃ) কালঃ ইতি (মম মৃত্যুরূপ ইতি) বিহ্বলঃ (অস্থিরঃ) প্রস্থলন (ইতঃসত্তো নিপতন্) মুক্তমুদ্বিজঃ (মুক্তাঃ বন্ধনচ্যুতাঃ মুদ্বিজাঃ কেশাঃ যন্ত সঃ) তূর্ণং (সত্তরং) স্বতীগৃহং (স্বতিকালয়ং) অগাৎ (জগাম) ॥ ৩ ॥

অনুবাদ। তখন কংস সত্ত্বর শয্যা হইতে উখিত হইয়া ‘এই শিশু আমার যত্নস্বরূপ’—এইরূপ মনে করিয়া অলিতপদে যুক্তকেশে নীচ স্মৃতিকাগৃহে আগমন করিল ॥

বিশ্বনাথ। কালঃ বালকঃ হস্তময়মেব সময় ইতি । যদা মনুত্ময়িতি ভয়েন । ৩ ॥

তমাহ ভ্রাতরং দেবী কৃপণা করুণং সতী ।

স্নুষেয়ং তব কল্যাণ স্ত্রিয়ং মা হস্তমর্হসি ॥ ৪ ॥

অন্বয়। কৃপণা (দীনা) সতী দেবী (দেবকী) তং ভ্রাতরং (কংসঃ) করুণং (কাতর-ভাবেন) আহ (উবাচ) হে কল্যাণ (মঙ্গলবুদ্ধে), ইয়ং (কন্তা) তব স্নুষা (তব ভাবিনঃ পুত্রস্ত বধুঃ ভবিষ্যতি অবঃ) স্ত্রিয়ং (স্ত্রীজাতিঃ ইমাঃ) হস্তং (মারয়িতুং) মা অর্হসি (ন শকোসি) ॥ ৪ ॥

অনুবাদ। দীনভাষণী দেবকী তৎকালে ভ্রাতাকে কাতরভাবে বলিতে লাগিলেন,—হে কল্যাণ, এই কন্তা তোমার ভাবী পুত্রবধু হইবে, অতএব স্ত্রীজাতীয়া এই কন্তা হত্যা করা উচিত হয় না ॥ ৪ ॥

বিশ্বনাথ। দেবী স্বপুত্রস্ত গোপিতত্বাদন্তদোত্তমানা । সখ্যাঃ কল্যেয়মপি জীবন্তি কৃপণা সতী তৎপ্রত্যাহনে কোবিদা । স্নুষা তব ভাবিনঃ পুত্রশ্চেয়ং বধুর্ভবিষ্যতীতি বুদ্ধ্যা । তদপি বলাদাচ্ছিত্ত জিঘৃক্সন্ত তমাহ স্ত্রিয়ং পশ্চেয়-মবলা হে কল্যাণেতি স্ত্রীবধোথাপাপেন তবাকল্যাণং মাভব-স্বিতি ভাবঃ ॥ ৪ ॥

বহবো হিংসিতা ভ্রাতঃ শিশবঃ পাবকোপমাঃ ।

তয়া দৈবনিশ্চেষ্টেন পুত্রিকৈকা প্রদীয়তাম্ ॥ ৫ ॥

অন্বয়। হে ভ্রাতঃ, (কংসঃ) দৈবনিশ্চেষ্টেন (দৈব-প্রেরিতেন) তয়া পাবকোপমাঃ (অনলতুল্যোজ্জলকান্তয়ঃ) বহবঃ (অনেকে) শিশবঃ (মহা শূভাঃ) হিংসিতাঃ (বিনাশিতাঃ) একা পুত্রিকা (ইয়ং কন্তকা) প্রদীয়তাঃ (অস্তাং বিনাশঃ মা কুরু) ॥ ৫ ॥

অনুবাদ। হে ভ্রাতঃ, তুমি দৈবের প্রেরণায় আমার অগ্নিতুল্য সমুজ্জল বহুপুত্রকে হত্যা করিয়াছ, এই একমাত্র কন্তাটী আমাকে প্রদান কর ॥ ৫ ॥

বিশ্বনাথ। বহব ইতি । নির্দয়ত্বমুক্তা শঙ্কমানাহ দৈবেতি মর্মেবৈতদুরদৃষ্টং তব কো দোষ ইতি ভাবঃ প্রদীয়-তামিত্যনেন ত্বয়পি মাঃ শূন্তকোড়াঃ মাকুর্ভিতি দৈন্তম্ ॥

নবহং তে হবরজা দীনা হতসুতা প্রভো ।

দাতুমর্হসি মন্দায়া অঙ্গৈমাং চরমাং প্রজাম্ ॥ ৬ ॥

অন্বয়। অঙ্গ (হে ভ্রাতঃ) প্রভো (পালক), নহ (নিশ্চিতং) হতসুতা (নিহততনয়া) দীনা (নিঃসহায়া) অহং (দেবকী) তব অবরজা হি (কনিষ্ঠা ভগিনী এব ভবামি অতঃ) মন্দায়াঃ (দুর্ভাগ্যায়াঃ) ইমাং চরমাং প্রজাং (শেষসম্পত্তিং কন্তারূপাং) দাতুং (পালনায় মহং প্রদাতুম্) অর্হসি (শকোসি) ॥ ৬ ॥

অনুবাদ। হে প্রভো, হে ভ্রাতঃ, নষ্টপুত্রা দীনা আমি তোমার কনিষ্ঠা ভগিনী; অতএব মন্দভাগিনীকে এই শেষ সম্ভানটি প্রদান করা উচিত ॥ ৬ ॥

বিশ্বনাথ। অঙ্গ হে ভ্রাতঃ ॥ ৬ ॥

শ্রীশুক উবাচ ।

উপগৃহ্যাত্মজামেবং রুদত্যা দীনদীনবৎ ।

যাচিতস্তাং বিনির্ভৎস্ত হস্তাদাচিচ্ছিদে থলং ॥ ৭ ॥

অন্বয়। শ্রীশুকঃ উবাচ—এবং (পূর্বোক্তক্রমেণ) আত্মজাং (কন্তাং) উপগৃহ্য (সংবৃত্য) দীনদীনবৎ (অতীব-কাতরবৎ) রুদত্যা (ক্লন্দত্যা দেবক্যা) যাচিতঃ (প্রার্থিতঃ) থলং (দুরাত্মা কংসঃ) তাং (দেবকীং) বিনির্ভৎস্ত (নিন্দিত্বা) হস্তাং আচিচ্ছিদে (দেবকীহস্তাং কন্তাং বলেন আচকর্ব) ॥ ৭ ॥

অনুবাদ। শ্রীশুকদেব কহিলেন,—দেবকী এইরূপে কন্তাকে সংগোপনপূর্বক অতিশয় দীনদীন হুয়ায় রোদন করিতে করিতে প্রার্থনা করিলেও দুরাত্মা কংস তাঁহাকে ভৎসনা করিয়া তাঁহার হস্ত হইতে কন্তাটীকে বলপূর্বক আকর্ষণ করিল ॥ ৭ ॥

বিশ্বনাথ। এবমেনে প্রকারেণাত্মজাং স্বকন্তামিবে-তার্থঃ । দীনদীনবৎ দীনাদপি দীনজন ইব ন তু তথা

তস্তাঃ স্বাপত্যভাবাৎ । তাং দেবকীম্ । আচিচ্ছিদে
আকৃষ্ণ জগ্রাহ ॥ ৭ ॥

তাং গৃহীত্বা চরণয়োর্জাতমাত্রাং স্বশুঃ স্মৃতাম্ ।
অপোথয়চ্ছিলাপৃষ্ঠে স্বার্থোন্মূলিতসৌহৃদঃ ॥ ৮ ॥

অনুবাদ । স্বার্থোন্মূলিতসৌহৃদঃ (স্বার্থেন স্বার্থবুদ্ধা)
উন্মূলিতঃ দূরীকৃতঃ সৌহৃদঃ আত্মীয়ভাবঃ যেন সঃ কংসঃ)
জাতমাত্রাং (সন্তোজাতাং) তাং স্বশুঃ স্মৃতাম্ (ভাগিনেয়ীং)
চরণযোঃ গৃহীত্বা (চরণদ্বয়ং ধৃত্বা উত্তোলা) শিলাপৃষ্ঠে
(প্রস্তরখণ্ডোপরি) অপোথয়ৎ (বলেন চিক্কেপ) ॥ ৮ ॥

অনুবাদ । স্বার্থবুদ্ধিতে কংসের আত্মীয়ভাব দূরীভূত
হইয়াছিল । তখন সে সন্তোজাতা ভাগিনেয়ীকে চরণ-
যুগলে ধারণপূর্বক সবলে শিলাপৃষ্ঠে নিক্ষেপ করিল ॥ ৮ ॥

বিশ্বনাথ । অপোথয়ৎ বলেন চিক্কেপ ॥ ৮

সা তদ্রস্তাং সমুৎপত্যা সন্তো দেবাস্বরং গতাম্ ।
অদৃশ্যতানুজা বিষ্ণোঃ সায়ুধাষ্টমহাভূজা ॥ ৯ ॥

অনুবাদ । সা বিষ্ণোঃ অনুজা (শ্রীকৃষ্ণস্ত কনিষ্ঠাভগিনী)
দেবী (যোগমায়া) তদ্রস্তাং (তস্ত কংসস্ত ইত্যং) সমুৎপত্যা
(উৎপন্ন উৎপত্তিতা) সন্তঃ (তৎকণাং) অস্বরং গতাম্
(আকাশং প্রাপ্তা সন্তী) সায়ুধাষ্টমহাভূজা (সায়ুধাঃ শূল-
দ্বন্দ্বযুক্তাঃ অষ্ট মহাভূজাঃ মহাবাহবঃ যন্তাঃ সা তথা সন্তী)
অদৃশ্যত (দৃষ্টা) ॥ ৯ ॥

অনুবাদ । ভগবান্ বিষ্ণুর কনিষ্ঠা যোগমায়াদেবী
কংস হস্ত হইতে উৎপাদিত উৎপত্তি হইয়া তৎকণাং
আকাশে গমনপূর্বক শূল প্রভৃতি অস্ত্রযুক্ত অষ্টমহাভূজ-
শালিনীরূপে লক্ষিতা হইলেন ॥ ৯ ॥

বিশ্বনাথ । সমুৎপত্যা অধঃক্ষিপ্যমাণাপি বলাহুৎপত্যা ।
কংসাস্বরস্তোত্তমোপদং দস্তা গতাদিবিমতি ভবিষ্যোক্ত-
রম্ । অনুজা বিষ্ণোরিতি কৃষ্ণস্ত যশোদাগর্ভজন্তং সূচয়তি ।
সায়ুধাষ্টেত্যাদি কংসস্ত ভীষণার্থম্ । স্ববাচি বন্ধাসোৎ-
পত্যার্থক ॥ ৯ ॥

দিব্যাস্রগন্ধরালেপ-রত্নাভরণভূষিতা ।

ধনুঃশূলেষুচর্মাসি-শঙ্খচক্রগদাধরা ॥ ১০ ॥

সিন্ধচারণগন্ধর্বৈরপ্সরঃকিন্নরোরগৈঃ ।

উপাহতোরুবলিভিঃ স্তূয়মানেন্দমব্রবীৎ ॥ ১১ ॥

অনুবাদ । (সা দেবী) দিব্যাস্রগন্ধরালেপ-রত্নাভরণভূষিতা
(অশ্বেচমালা চ অঙ্গরক বসনক আলেপক অঙ্গবিলেপনক
রত্নাভরণক রত্নামণ্ডলকারক তানি অঙ্গরবন্দনালেপ-
ভরণানি । দিব্যান্ অলৌকিকানি অস্রাদীনি যন্তাঃ সা)
ধনুঃশূলেষুচর্মাসিশঙ্খচক্রগদাধরা (ধনুঃ চ শূলং চ ইযং বাণং
চ চর্ম চ অসিং খড়্গং চ শঙ্খক চক্রক গদাক ধারণতি ইতি
সা) উপাহতোরুবলিভিঃ (উপাহতাঃ প্রদত্তাঃ উরবঃ মহান্তঃ
বলয়ঃ পূজোপকরণানি যৈঃ তৈঃ) অপ্সরঃকিন্নরোরগৈঃ (স্বর্গ-
গায়িকা কিস্পুকুমানগগণৈঃ) সিন্ধচারণগন্ধর্বৈঃ (তত্তদেব-
যোনিসমূহৈশ্চ) স্তূয়মানা (বন্দ্যামানা সন্তী) ইদং (বক্ষ্যমাণং
বাক্যং) অবব্রবীৎ (উবাচ) ॥ ১০-১১ ॥

অনুবাদ । সেই দেবী দিব্যামালা, বসন, অঙ্গবিলেপন
ও রত্নাভরণে বিভূষিতা ; তিনি (হস্তে) ধনু, শূল, বাণ,
চর্ম, খড়্গ, শঙ্খ, চক্র ও গদা ধারণ করিয়াছিলেন এবং
অপ্সরা, কিন্নর, উরগগণ ও সিন্ধ, চারণ, গন্ধর্বগণ পূজার
জন্তু মহা উপকরণ রাশি প্রদানপূর্বক তাঁহার বন্দনা করিতে-
ছিল । তিনি বলিতে লাগিলেন— ॥ ১০-১১ ॥

কিং ময়া হতয়া মন্দ জাতঃ খলু তবাস্তকুং ।

যত্র ক বা পূর্বশক্রমা হিংসীঃ কৃপণান্ বৃথা ॥ ১২ ॥

অনুবাদ । রে মন্দ, (মূঢ়,) ময়া হতয়া কিং (যম
বিনাশেন তব কিং ফলং ভবতি, কিমপি ন ইত্যর্থঃ) তব
পূর্বশক্রঃ (পূর্ববৈরী) অস্তকুং (বিনাশকঃ) যত্র ক বা
(কৃত্রচিং স্থানে) জাতঃ (উৎপন্নঃ) বৃথা (নিরর্থকং)
কৃপণান্ (দীনান্ বালকান্) যা হিংসীঃ (যা বধীঃ) ॥ ১২ ॥

অনুবাদ । রে মূঢ়, আমাকে বধ করিয়া তোর কি
ফল হইবে, যিনি তোর পূর্ব শত্রু এবং বিনাশক, তিনি
কোনও স্থানে উৎপন্ন হইয়াছেন । অতএব নিরর্থক দীন
শিশুগণকে হত্যা করিস্ না ॥ ১২ ॥

বিশ্বনাথ । ময়া হতয়া কিমিতি যতঃ হতাপা-
ডবিষ্টমিত্যর্থঃ যত্র কচিং বক্তুমনর্হে দেশে ইত্যর্থঃ ।
কৃপণাং দেবকীং কৃপণানিতি পাঠে অন্যান্ শিশূন্ ॥ ১২ ॥

ইতি প্রভাশ্চ তং দেবী মায়া ভগবতী ভূবি ।

বহ্নামনিকেতেষু বহ্ননামা বভূব হ ॥ ১৩ ॥

অম্বয় । ভগবতী (ভগবচ্ছক্তিঃ) মায়া দেবী
(যোগমায়া) তং (কংসং) ইতি (পূর্বোক্তং) প্রভাশ্চ
(উক্তা) ভূবি (ভূতলে) বহ্ননামনিকেতেষু (বারাণশ্চাদি-
বহ্ননামধারিক্ষেত্রেষু) বহ্ননামা (অনেকনামভিঃ অন্নপূর্ণাদিভিঃ
খ্যাতা) বভূব হ (জাতা কিল) ॥ ১৩ ॥

অনুবাদ । ভগবতী যোগমায়া কংসকে এইরূপ বলিয়া
ভূতলে বারাণসী প্রভৃতি বিবিধ প্রসিদ্ধ ক্ষেত্রসমূহে, অন্ন-
পূর্ণাদি বিবিধ নামে বিখ্যাতা হইলেন ॥ ১৩ ॥

বিশ্বনাথ । বহ্ননামনিকেতেষু বারাণশ্চাদি-
স্থলেষু ॥ ১৩ ॥

তয়াতিহিতমাকর্ণ্য কংসঃ পরমবিস্মিতঃ ।

দেবকীং বশুদেবঞ্চ বিমুচ্য প্রশ্রিতোহব্রবীৎ ॥ ১৪ ॥

অম্বয় । তয়া (দেব্যা) অতিহিতং (উক্তং বাক্যং)
আকর্ণ্য (শ্রুত্বা) পরমবিস্মিতঃ (অতীবাস্থ্যবিস্মিতঃ) কংসঃ
দেবকীং (ভগিনীং) বশুদেবং চ বিমুচ্য (বন্ধনাং নিঃসার্য)
প্রশ্রিতঃ (বিনীতঃ সন্) অব্রবীৎ (উবাচ) ॥ ১৪ ॥

অনুবাদ । সেই দেবীর কথিত বাক্যশ্রবণে অতিশয়
আশ্চর্যবিস্মিত হইয়া কংস দেবকী এবং বশুদেবকে বন্ধন মুক্ত
করিয়া বিনীতভাবে বলিয়াছিলেন ॥ ১৪ ॥

বিশ্বনাথ । পরমবিস্মিতঃ কথং মাহুয়া দেবক্যা গর্তে
দুর্গাদেবী জাতা কথং বা দৈবী বাগনৃতাত্ত্বদ্বিতি ॥ ১৪ ॥

অহো ভগিন্তহো ভাম ময়া বাং বত পাপুনা ।

পুরুষাদ ইবাপত্যং বহবো হিংসিতাঃ সূতাঃ ॥ ১৫ ॥

অম্বয় । অহোবত (খেদে) ভগিনি, (দেবকি),
অহো ভাম, (ভগিনীপতে, বশুদেব), পুরুষাদঃ অপত্যং
ইব (রাক্ষসঃ যথা স্বাপত্যং এব হিনস্তি তথা) পাপুনা

(পাপাত্মনা) ময়া বাং (যুবয়োঃ) বহবঃ (অনেকে সূতাঃ
(পুত্রাঃ) হিংসিতাঃ (বিনাশিতাঃ) ॥ ১৫ ॥

অনুবাদ । হায় ভগিনি, হায় ভগিনীপতে, রাক্ষস
যে রূপ নিজ সন্তান হিংসা করে সেইরূপ পাপাত্মা আমিও
তোমাদের অনেক সন্তান বিনষ্ট করিয়াছি ॥ ১৫ ॥

বিশ্বনাথ । হে ভাম হে ভগিনীপতে, পুরুষাদো
রাক্ষসো যথা স্বাপত্যং হিনস্তি তদ্বৎ ॥ ১৫ ॥

স ত্বং তাক্তাকরুণাস্ত্যক্তজ্ঞাতিসুহৃৎ খলঃ ।

কাল্লোকান্ বৈ গমিষ্যামি ব্রহ্মহেব মৃতঃ শ্বসন্ ॥ ১৬ ॥

অম্বয় । তাক্তাকরুণাঃ (নির্দয়ঃ) ত্যক্তজ্ঞাতিসুহৃৎ
(তাক্তাঃ দুরীকৃতাঃ জ্ঞাতয়ঃ সুহৃদশ্চ যেন সঃ) খলঃ (ক্রুরঃ)
সঃ অহং তু (কংসঃ) মৃতঃ (দেহত্যাগানন্তরং ব্রহ্মহা ইব
(ব্রহ্মহত্যাকারী ইব) শ্বসন্ (সর্বদা অনুশোচনাগ্রস্তঃ)
কান্ লোকান্ বৈ গমিষ্যামি (ন জানে পাপাত্মনো মম কুত্র
গতির্ভবিষ্যতি) ॥ ১৬ ॥

অনুবাদ । আমি অতিশয় নির্দয় এবং ক্রুর । নিজে
জ্ঞাতি ও সুহৃদগণকে দূর করিয়া দিয়াছি । অতএব মৃত্যুর
পর ব্রহ্মঘাতীর স্থায় সর্বদা অততপ্ত হইয়া কোন্ লোকে
গমন করিব, তাহা বুঝিতে পারিতেছি না ॥ ১৬ ॥

দৈবমপানুতং বক্তি ন মর্ত্যা এব কেবলম্ ।

যদিশ্রম্ভাদহং পাপঃ স্বশুনিহতবান্ শিশূন্ ॥ ১৭ ॥

অম্বয় । (অহো) দৈবঃ অপি অনুতং বক্তি (দৈবী-
বাণী অপি মিথ্যা ভবতি) কেবলং মর্ত্যাঃ (মহুয়াঃ) ন
(মহুয়া এব কেবলং মিথ্যা বদতি ইতি ন কিন্তু দৈবম্
অপি) পাপঃ (পাপাত্মা) অহং যদিশ্রম্ভাৎ (যদৈব-
বিশ্বাসাৎ) স্বশুঃ (ভাগিন্যঃ) শিশূন্ (পুত্রান্) নিহতবান্
(বিনাশিতবান্) ॥ ১৭ ॥

অনুবাদ । হায়, কেবল মানবগণই মিথ্যা বলে না,
পরন্তু দৈবও মিথ্যা বলিয়া থাকে । পাপাত্মা আমি ঐ
দৈবের উপর বিশ্বাস করিয়াই ভগিনীর শিশুগণকে বিনষ্ট
করিয়াছি ॥ ১৭ ॥

মা শোচতং মহাভাগাবাত্মজান্ স্বকৃতং ভুজঃ।

জাস্তবো ন সর্দৈকত্র দৈবাধীনাঃ স্তদাসতে ॥ ১৮ ॥

অনুবাদ। হে মহাভাগো, (মহাজ্ঞানো) স্বকৃতং ভুজঃ (স্বাদৃষ্টানুযায়িকর্মফলভোগপরায়ণান্) আত্মজান্ (পুত্রান্) মাশোচতং (তেষাং বিষয়ে শোকঃ ন কার্যঃ) দৈবাধীনাঃ (অদৃষ্টপরতন্ত্রাঃ) জস্তবঃ (প্রাণিনঃ) সর্দা (সর্বদা চিরকালং) একত্র (একস্মিন্ স্থানে চ) ন আসতে (ন তিষ্ঠন্তি) ॥ ১৮ ॥

অনুবাদ। হে মহাভাগ দম্পতি, সেই শিশুগণ নিজ নিজ অদৃষ্টের অনুরূপ কর্মফল ভোগ করিয়াছে অতএব তাহাদের জন্য শোক করিও না। দৈবাধীন প্রাণিগণ সর্বদা একত্র অবস্থান করিতে পারে না ॥ ১৮ ॥

বিশ্বনাথ। ভুজ ইতি ক্রিবৎ স্বকৃতমিতি সঠ্যভাব আর্থঃ। মহাভাগাবিতি দুর্গাদেবোব আবধোরাত্মজাত্বং কিমনৈঃ স্মৃতেঃ স্বকৃতভুগ্ভিরিতি বিমর্শেন মাশোচতম্। কিঞ্চ বিমর্শান্তরমপ্যাহ জস্তব ইত্যাদি ॥ ১৮ ॥

মধব। পুতনাকংসনরকশিশুপালাদিষু দ্বিধা। জীবাঃ সন্ততঃসন্ততঃ তত্র বক্ষাদিকপিণঃ ॥ বিষ্ণোঃ সন্ততঃসন্ততঃ অসন্ততঃ শত্রুকপিণঃ। শুভজীবপ্রকাশেন কদাচিচ্ছূভ বুদ্ধয়ঃ। বিপর্যয়েঃস্তুত্যা চ স্তাঃ শুভাস্তত্র হরিং যযুঃ ॥ অহরাস্ত তমোঘোরং যদি তত্রৈব মধ্যমাঃ। মধ্যমাং গতিমেবাপুরেকদেহগতা অপি। ইতি গারুড়ে ॥ ১৮ ॥

ভুবি ভৌমানি ভূতানি যথা যাস্ত্যাপযাস্তি চ।

নায়মাত্মা তথৈতেষু বিপর্যেতি যথৈব ভূঃ ॥ ১৯ ॥


অনুবাদ। ভুবি (ভূতলে) ভৌমানি (মুনির্ষিতানি ঘটাদীনি বস্তুনি) যথা (যদ্বৎ) যাস্তি অপযাস্তি চ (উৎপত্তন্তে নশন্তি চ তথা) ভূতানি (দেহা এব যাস্তি অপযাস্তি) অয়ং আত্মা (জীবঃ) এতেষু (পঞ্চভূতাত্মকশরীরেষু নশন্তঃ) যথা ভূঃ (ঘটাদিষু নষ্টেষু যথা পৃথিবী ন নশতি) তথা ন বিপর্যেতি (ন বিকৃতিং প্রাপ্নোতি) ॥ ১৯ ॥

অনুবাদ। ইহলোকে মৃত্তিকাজাত ঘটাদি বস্তু যেকপ উৎপন্ন ও বিনষ্ট হয় সেইরূপ পঞ্চভূতাত্মক দেহ উৎপন্ন

এবং বিনষ্ট হয়। ঘটাদি নষ্ট হইলেও মৃত্তিকা বেক্ষণ নষ্ট হয় না সেইরূপ এই পঞ্চভূতাত্মক শরীর নষ্ট হইলে জীবাত্মা অয়ং বিরূপ হয় না ॥ ১৯ ॥

বিশ্বনাথ। আত্মানাত্মবিবেকেনাপি মাশোচতমিত্যাহ ভুবি ভূমৌ আশ্রিতানি ভৌমানি ঘটাদীনি আযাস্তি জায়ন্তে অপযাস্তি নশন্তি চ। যথা তথৈব ভূতানি দেহা এব জায়ন্তে নশন্তি চ। তথা এতেষু ভূতেষু দেহেষু বিপর্যয়ঃ স্ত জন্মানেনেকবিকারং প্রাপ্নুবৎস্বপি অয়মপরোকতয়া জায়মান আত্মান বিপর্যেতি জন্মাদিবিকাররূপং বিপর্যয়ং নাপ্নোতি একরূপ এব বর্তত ইত্যর্থঃ। যথৈব ভূর্ন বিপর্যেতি ভৌমেষু ঘটাদিনেনেকবিপর্যয়ং প্রাপ্নুবৎস্বপীত্যর্থঃ ॥ ১৯ ॥

মধব। অয়মাত্মা পরমাত্মা ॥ ১৯ ॥



যথানেবংবিদো ভেদো যত আত্মবিপর্যয়ঃ।

দেহযোগবিয়োগো চ সংসৃতির্ন নিবর্ততে ॥ ২০ ॥

অনুবাদ। যথা (যথাবৎ) অনেবংবিদঃ (এবং অজ্ঞানতঃ) আত্মবিপর্যয়ঃ (দেহাত্মবুদ্ধিঃ ভবতি) যতঃ (আত্মবিপর্যয়ং) ভেদঃ (দেহাহকারেণ আত্মনি পরিচ্ছিন্নে ইদকারাস্পদং ভিন্নং ভবতি) দেহযোগবিয়োগো চ (পুত্রাদি দেহৈঃ যোগঃ বিয়োগশ্চ ভবতি) সংসৃতিঃ (সংসারঃ স্রবচ্ছঃ ইত্যর্থঃ) ন নিবর্ততে (যাবদজ্ঞানং ন বিরমতি) ॥ ২০ ॥

অনুবাদ। যে ব্যক্তি যথাযথভাবে ইহা অবগত নহে, তাহারই দেহাত্মবুদ্ধি ঘটয়া থাকে এবং তাহা হইতে ভেদজ্ঞান ও পুত্রাদির দেহের সঙ্গে যোগ, বিয়োগ হইয়া থাকে। সেই অজ্ঞানের অবস্থানকাল পর্যন্ত সংসার জনিত স্রবচ্ছঃের নিবৃত্তি হয় না ॥ ২০ ॥

বিশ্বনাথ। অনেবংবিদ এব আত্মতত্ত্বমজ্ঞানতঃ শরীরমেবাশ্রয়েন জ্ঞানত ইত্যর্থঃ। যথাযথাবদেব প্রথমং ভেদো ভবতি পৃথক্ পৃথক্ শরীরাত্মেব পৃথক্ পৃথগাত্মান ইতি ভেদজ্ঞানং ভবতীত্যর্থঃ যতো ভেদাদেব আত্মনো বিপর্যয়ঃ জন্মাদিবিকাররূপবিপর্যয়প্রাপ্তিঃ। দেহজন্মমরণাত্মামেবাশ্রা জাতো যত ইতি জ্ঞানং ভবতীত্যর্থঃ। ততশ্চ দেহৈরেব

পুত্রাদিভির্যোগঃ স্তুত্বকারণং বিয়োগে হুত্বকারণঞ্চ ইয়মেব
সংসৃতিঃ ॥ ২০ ॥

অথব। যতঃ পরমাত্মনো নৈকবিধমৈক্যং বিপরীত-
জ্ঞানেন যতশ্চ সংসৃতির্ন নিবর্ততে। স এব ন বিপর্যেতি।
পুত্রাদিকং তু বিপর্যেতি ॥ ২০ ॥

তস্মাদ্ভক্তে স্বতনয়ান্ ময়া ব্যাপাদিতানপি।

মানুষোচ যতঃ সর্বঃ স্বকৃতং বিন্দতেহবশঃ ॥ ২১ ॥

অথয়। অয়ি ভক্তে, (কল্যাণি, দেবকি,) যতঃ
(হেতোঃ) সর্বঃ (জীবঃ) অবশঃ (দৈবাবধীনঃ সন্) স্বকৃতং
বিন্দতে (স্বকর্মজ্ঞঃ ফলং লভতে) তস্মাৎ ময়া ব্যাপাদি-
তান্ অপি (নিহতান্ অপি) স্বতনয়ান্ (নিজপুত্রান্) মা
অনুশোচ (তেষামর্থং শোকং মা কুরু) ॥ ২১ ॥

অনুবাদ। অয়ি ভক্তে, যেহেতু সকল জীবই দৈবাবধীন
হইয়া নিজকৃত কর্মফল ভোগ করে, সেই জন্তু আমাকর্তৃক
নিহত নিজ পুত্রগণের জন্তু অনুশোচনা করিও না ॥ ২১ ॥

বিশ্বনাথ। তনয়ান্ দেহানামনাত্মন্যং তনুবুধ্য-
তান্ বহির্দৃষ্ট্যা ময়া হতানপি মানুষোচেত্যর্থঃ। ময়া পঞ্চ-
ভূতাত্মকা দেহা এব হতা ইত্যতো ময়াপি দোষদৃষ্টির্ন
কার্যেতি ভাবঃ। মমৈবমাত্মতত্ত্বজ্ঞানং নাস্তীতি চেৎ তদপি
মানুষোচেত্যাহ যত ইত্যাদি অজ্ঞানাত্ময়ে কর্মবাদের্যোব্য-
বিচারেণ ন শোকাবকাশ ইতি ভাবঃ ॥ ২১ ॥

অথব। তস্মাত্তস্মিন্নেব স্থিতিঃ কৃত্বা মানুষোচঃ। অহং
ব্রহ্মস্মি দেবোহস্মি নাস্মি কেবলমানুষঃ। জাতোহস্মি বর্ধে
ধনবান্ স্ত্রিয় ইত্যাদিকাঃ সঙ্গা। দেহাদিযু চ দেবেষু পরে
ব্রহ্মণি চাভিলা। মোহাদ্যন্যায়য়া নিত্যং দৃশ্যতেহধমমধ্যমে।
স ঈশো ন বিপর্যেতি সর্বশক্তাৎ কদাচন। পুত্রাদিকং
বিপর্যেতি পিতৃাদিশ্চ যতো ভবেৎ। ইতি ব্রাহ্মে।
তল্লক্ষণৈর্বিহীনঃ সন্ ব্রহ্মদেবোহস্মি চেতি তু। অস্তুরাঃ
প্রতিপত্তন্তে জন্মানীন্ মানুষা জনাঃ ॥ ইতি চ। পরব্রহ্মণ
একস্ত ব্রহ্মাস্মীতি বিচিন্তনম্। পরব্রহ্মেতি রামাদিলক্ষণৈর-
বধারণয়েৎ। দেবোহস্মীতি চ দেবানাং তচ্চ জ্ঞেয়ং স্বলক্ষণৈঃ ॥
মর্ত্যানাং মানুষোহস্মীতি প্রতিপত্তির্বিধীয়তে। অন্তথা

প্রতিপত্ত্যা তু তমো যাতি বিনিশ্চয়াৎ। অন্তথা প্রতি-
পত্তন্তে আসুরা নিয়তঃ জনাঃ। ঘোরং তমশ্চ তে বাপ্তি
তথা জ্ঞানাৎ পরং সুরাঃ। ইতি চ ॥ ২১ ॥

যাবদতোহস্মি হস্তাস্মীত্যাত্মানং মন্ততেহস্বদৃক্।

তাবৎ তদভিমান্যজ্ঞো বাধ্যবোধকতামিয়াৎ ॥ ২২ ॥

অথয়। যাবৎ (যৎকালপর্যন্তং) অস্বদৃকঃ (অনাত্মজ্ঞঃ
জীবঃ হতঃ অস্মি (অহমন্তেন নাশিতঃ অস্মি) হস্তা অস্মি
(অহং অন্তেষাং বিনাশকঃ অস্মি) ইতি (এবম্প্রকারেণ)
আত্মানং (স্বং) মন্ততে (জানান্তি অজ্ঞতাবশাৎ হতস্ত-
হস্তত্বাদিভাবে) আস্মি আয়োপয়তি) তাবৎ (তৎকাল
পর্যন্তং) তদভিমानी (দেহাত্মাত্মভিমানী) অজ্ঞঃ (মূঢ়ঃ)
বাধ্যবোধকতাং (আত্মনঃ বাধ্যবোধকতাবাৎ) ইয়াৎ
(লভেত) ॥ ২২ ॥

অনুবাদ। যতকাল পর্যন্ত আত্মজ্ঞানশূন্য জীব “আমি
হত হইয়াছি, আমি বিনাশ করিয়াছি” এইরূপে আত্মার
উপর বিনাশ-বিনাশকতাব কর্ত্তব্য করে, ততকাল পর্যন্ত
দেহাদিতে আত্মাভিমানী মূঢ়জন আত্মার বাধ্যবোধক ভাব
অর্থাৎ ইনি বধ্য, ইনি ঘাতক এইরূপ কর্ম-কর্ত্তব্য প্রাপ্ত
হইয়া তৎকালস্বরূপ স্তুত্ব-হুত্বাদি লাভ করে ॥ ২২ ॥

বিশ্বনাথ। মম তু তৎপুত্র হস্তত্বমেব তাবদ্যাপ্তি
জ্ঞানিত্বাদিতাহ। যাবদতি অস্বদৃক্ ন সমাত্মানং পশ্যতি
কিন্তু দেহমেব পশ্যত্যতোহজ্ঞঃ। তেন মম দেহাভিমানী-
ভাবে। ইতাপি স ইমান্ লোকান্ ন হস্তি ন নিবন্ধাত
ইতি বচনান্ন তৎপুত্র হস্তত্বং নাপি বন্ধ ইতি ভাবঃ ॥ ২২ ॥

ক্ষমধ্বং মম দৌরাত্ম্যং সাধবো দীনবৎসলাঃ।

ইত্যুক্তাশ্রমুখঃ পাদৌ শ্রালঃ স্বশ্রোথাগ্রহীৎ ॥ ২৩ ॥

অথয়। দীনবৎসলাঃ (দীনেষু দুর্গতেষু বৎসলাঃ
কৃপাযুক্তাঃ) সাধবঃ (মহাত্মানঃ ভবন্তঃ) মম দৌরাত্ম্যং
(পুত্রহননকারাবন্ধনাদিকং দুর্বাবহারং) ক্ষমধ্বং (মর্শয়ত)
শ্রালঃ (বস্ত্রদেবশ্রালকঃ কংসঃ) ইত্যুক্তা অথ (পশ্চাৎ)
অশ্রমুখঃ (অশ্রজলপ্রাবিতবদনঃ সন্), স্বশ্রোঃ (ভগিনী-
ভগিনীপত্যোঃ) পাদৌ অগ্রহীৎ (চরণৌ ধারণামাস) ॥ ২৩ ॥

অনুবাদ। আপনারা দীনজনের প্রতি কৃপাশীল মহাজন। অতএব আমার দৌরাণ্য কমা করুন। কংস এই বলিয়া অশ্রুমুখে ভগিনী ও ভগিনীপতির চরণ ধারণ করিলেন ॥ ২৩ ॥

বিশ্বনাথ। তদপি যয়ি পুত্রহন্তুমারোপ্যাধিকং চেদ্রোদিষি তর্হি সত্যমহং দুষ্ট এব বুদ্ধিপূর্বকং পাপমকরব-মেব তত্র নিকৃতি যুস্মৎকটৈবেত্যাহ কামধর্মমিতি। স্থানঃ কংসঃ স্বশ্রোয়িত্তি দ্বিবচনানুপপত্ত্যা স্বশব্দেন স্বশপতি-লক্ষ্যতে ইত্যেকঃ স্বশব্দো লক্ষকঃ অস্ত্রো বাচকঃ। তয়ো-রেকশেষাৎ স্বশ্রোব্দদেবদেবক্যোঃ পাদৌ প্রত্যেকং পাদম-গ্রহীদিত্যর্থঃ ॥ ২৩ ॥

মোচয়ামাস নিগড়াৎ বিশক্রঃ কন্যাকাগিরা।

দেবকীং বহুদেবঞ্চ দর্শয়ন্নাসৌহৃদম্ ॥ ২৪ ॥

অনুবাদ। কন্যাকাগিরা (দেবীবাক্যেন) বিশক্রঃ (বিশন্তঃ) আনুশৌহদং (স্বকীয়াত্মীয়তাং) দর্শয়ন্ (প্রকাশয়ন্) দেবকীং বহুদেবং চ নিগড়াৎ (বন্ধনাৎ) মোচয়ামাস (মোচিতবান্) ॥ ২৪ ॥

অনুবাদ। যোগমায়ায় বাক্যে বিশন্ত কংস এইরূপে আত্মীয়তা প্রকাশ করিয়া দেবকী ও বহুদেবকে বন্ধন-মুক্ত করিলেন ॥ ২৪ ॥

বিশ্বনাথ। নিগড়াৎ লোহশৃঙ্খলতঃ ॥ ২৪ ॥

ভ্রাতুঃ সমনুতপ্তস্ত ক্ষান্তুরোষা চ দেবকী।

বাস্তজহুদেবশ্চ প্রহস্ত তমুবাচ হ ॥ ২৫ ॥

অনুবাদ। দেবকী সমনুতপ্তস্ত (অনুশোচনাং কুর্বতঃ) ভ্রাতুঃ (কংসস্ত বিষয়ে) ক্ষান্তুরোষা (পরিত্যক্তক্রোধা সতী) বাস্তজং (শোকং তত্যজ) বহুদেবঃ চ প্রহস্ত (হাসং কুর্বন্) তং (কংসং) উবাচ হ (কথয়ামাস) ॥ ২৫ ॥

অনুবাদ। দেবকী অত্যন্ত অমৃতপ্ত ভ্রাতার সম্বন্ধে ক্রোধ পরিভ্যাগপূর্বক শোক-নিবৃত্তা হইলেন। বহুদেব তখন হাস্যমুখে কংসকে বলিতে লাগিলেন ॥ ২৫ ॥

বিশ্বনাথ। ভ্রাতুরপরাধঃ ক্ষান্তা রোষঃ শোকঞ্চ ॥ ২৫ ॥

এবমেতদ্ব্যভাগ যথা বদসি দেহিনাম্।

অজ্ঞানপ্রভবাহংধীঃ স্বপরেতি ভিদা যতঃ ॥ ২৬ ॥

অনুবাদ। হে মহাভাগ, (মহাজন) দেহিনাং (প্রাণিনাং) অহং ধীঃ (অহং বুদ্ধিঃ) অজ্ঞানপ্রভবা (আত্মবিষয়জ্ঞান-নিমিত্তা) যথা বদসি (ইতি যৎ ত্বং কথয়সি) এতৎ এবং (এতৎ সত্যমেব) যতঃ (অহংবুদ্ধিবশাৎ) স্বপরা ইতি (আত্মপরবিষয়া) ভিদা (ভেদবুদ্ধিঃ বর্ততে) ॥ ২৬ ॥

অনুবাদ। হে মহাভাগ, দেহিগণের অহংবুদ্ধি আত্ম-তত্ত্ব-বিষয়ক অজ্ঞান হইতে জাত, ইহা যে বলিয়াছ তাহা বস্তুতই সত্য। কেননা, সেই অহংবুদ্ধি হইতেই আত্মপর-বিষয়ক ভেদজ্ঞান হইয়া থাকে ॥ ২৬ ॥

বিশ্বনাথ। যতোহহং ধিয় এব হেতোরয়ং স্বঃ অয়ং পর ইতি ভিদা সহ স্বপেতি সমাসঃ ॥ ২৬ ॥

অর্থ। দেহিনামজ্ঞানপ্রভবায়তনাঃ। স্বপরেতি ভিদা হস্তি। দেবোহহং যাত্নুষো বেতি বিশেষঃ তত্র চাপি তু। তথৈব পরমাত্মানং বিশেষং ব্রহ্মজীবম্বোঃ। সমাগ্ভেদেন যঃ পশ্যেৎ সংহতাজ্ঞানসম্ভবাঃ। যাতনাঃ পরমাত্মানং তৎ প্রসাদাচ্চ গচ্ছতি। ইতি ব্রহ্মাণ্ডে ॥ ২৬ ॥

শোকহর্ষভয়দ্বेष-লোভমোহমদাষিতাঃ।

মিথো ব্রহ্মং ন পশ্যন্তি ভাবৈর্ভাবং পৃথগ্দৃশঃ ॥ ২৭ ॥

অনুবাদ। পৃথগ্দৃশঃ (ভেদদর্শিনঃ জনাঃ) শোকহর্ষ-ভয়-দ্বেষ-লোভমোহমদাষিতাঃ (শোকাদিভিঃ অধিতাঃ যুক্তাঃ সম্বতঃ) মিথঃ (পরস্পরং) ভাবৈঃ (নিমিত্তভূতৈঃ) ভাবং ব্রহ্মং (ভাবান্তরং নাশব্রহ্মং পরমেশ্বরং) ন পশ্যন্তি (ন জানন্তি) ॥ ২৭ ॥

অনুবাদ। ভেদদৃষ্টি-পরায়ণ জীবগণ শোক, হর্ষ, ভয়, দ্বেষ, লোভ, মোহ এবং মদযুক্ত হইয়া পরস্পর নিমিত্ত-ভূত পদার্থদ্বারা পদার্থের বিনাশকর্তা (অর্থাৎ নিমিত্তভূত নূপ-ব্যাস্ত্র রোগাদিগারা যস্য গো অব প্রভৃতির বিনাশ-হেতু) পরমেশ্বরকে জানিতে পারে না; (কিন্তু অহংকার-বিমূঢ় ব্যক্তি আপনাকে কর্তা অভিমান করে, ঈশ্বরের কর্তৃত্ব দেখিতে পায় না) ॥ ২৭ ॥

বিশ্বনাথ । মিথঃ পরস্পরং ভাবৈনুপবাস্ত্রযোগা-
দিভিত্তাং মনুজগবানাদিকং স্তম্ভমীশ্বরমিতি শেষঃ । পৃথগ্-
দৃশো বহির্দৃষ্টয়ঃ ॥ ২৭ ॥

অম্বর । ভগবদর্শনাদ্ যন্ত বিরোধাদর্শনং পৃথক্ ।
পৃথগ্দৃষ্টিঃ সবিজ্ঞেয়োন তু সন্তেদদর্শনঃ ইতি চ ভবিষ্যৎ-
পুরাণে । স্বরূপভেদো হি পরজীবয়োজীবগোমিথঃ ।
পরস্পরেণ বস্তুনাং বিশেষঃ শাস্ত্রদর্শিতঃ ॥ সন্তেদোহয়ং
সমুদ্ভিষ্টসন্তেদং চ য়ে শৃণু । স্বরূপাণাং গুণানাঞ্চ বিক্ষো-
ভেদঃ পরস্পরাৎ । সর্বস্ত বিমুক্তস্তম্ভং শত্রুমিত্রাদি ভেদিতা ।
যচ্চাত্তচ্ছাত্রবিদ্বষ্টমসন্তেদঃ স ইরিতঃ ॥ সন্তেদদর্শনান্মোক্শ-
সন্তেদান্তমো ব্রজেৎ । সন্তেদাদর্শনাক্ষেব তমো যোক্শ-
স্তথেষতরাৎ ইতি চ ॥ ২৭ ॥

ইতি শ্রীশ্রীমদানন্দতীর্থভগবৎপাদাচার্য-বিরচিত্তে শ্রীভাগবত-
দশমস্কন্ধ-তাৎপৰ্য্যে চতুর্থোহধ্যায়ঃ ।

শ্রীশুক উবাচ ।

কংস এবং প্রসন্নাত্মাং বিশুদ্ধং প্রতিভাষিতঃ ।

দেবকীবহুদেবাত্মামনুজ্ঞাতোহবিশদৃগৃহম্ ॥ ২৮ ॥

অম্বর । শ্রীশুকঃ উবাচ—এবং (পূর্বোক্তবাক্যে) প্রস-
ন্নাত্মাং) দেবকীবহুদেবাত্মাং বিশুদ্ধং (নিষ্কপটং) প্রতি-
ভাষিতঃ (উক্তঃ) কংসঃ অনুজ্ঞাতঃ (তাত্মাং অনুমতঃ সন)
গৃহং (নিজমন্দিরং) অবিশং (প্রবিবেশ) ॥ ২৮ ॥

অনুবাদ । শ্রীশুকদেব বলিলেন,—দেবকী ও বহুদেব
প্রসন্ন হইয়া এইরূপ বাক্যে নিষ্কপটে কংসকে সম্ভাষণ
করিলে কংস তাঁহাদের অনুমতি অনুসারে নিজালয়ে প্রবেশ
করিলেন ॥ ২৮ ॥

বিশ্বনাথ । বিশুদ্ধমকপটং যথা স্তাৎ বিশুদ্ধমিতি পাঠে
সবিশ্বাসম্ ॥ ২৮ ॥

তস্তাং রাত্র্যাং ব্যতীতয়াং কংস আহুয় মস্ত্রিণঃ ।

তেভ্য আচষ্ট তৎ সর্বং যদুক্তং যোগনিদ্রয়া ॥ ২৯ ॥

অম্বর । (অনন্তরং) তস্তাং রাত্র্যাং ব্যতীতয়াং
(গতয়াং প্রাতঃ) মস্ত্রিণঃ (সচিবান্) আহুয় (আমন্ত্রয়িত্বা)

কংসঃ যোগনিদ্রয়া (আকাশস্থিতয়া দেব্যা) যৎ উক্তং (তব
হস্তা কুত্রাপি জাতঃ ইত্যাদিবচনং) সর্বং তৎ তেভ্যঃ
(মস্ত্রিভ্যঃ) আচষ্ট (জ্ঞাপয়ামাস) ॥ ২৯ ॥

অনুবাদ । অতঃপর সেই রাত্রি অতীত হইলে কংস
মস্ত্রিগণকে আহ্বানপূর্বক—“তোমার বিনাশক কোন স্থানে
উৎপন্ন হইয়াছে” ইত্যাদি বাক্য—যাহা যোগমায়া বলিয়া-
ছিল, তৎসমুদয় জ্ঞাপন করিলেন ॥ ২৯ ॥

আকর্ণ্য ভতুর্গদিতং তমুচুর্দেবশত্রবঃ ।

দেবান্ প্রতি কৃতামর্ষা দৈতেয়া নাতিকোবিদাঃ ॥ ৩০ ॥

অম্বর । ভতুঃ (স্বামিনঃ কংসস্ত) গদিতং (তদ্বচনং)
আকর্ণ্য (শ্রুত্বা) দেবান্ প্রতি কৃতামর্ষাঃ (দেবঘেবপরায়াণাঃ)
নাতিকোবিদাঃ (দৃষ্টমাত্রমতয়ঃ ন কোবিদা ইত্যর্থঃ) দেব-
শত্রবঃ (স্বররিপবঃ) দৈতেয়াঃ (অগ্ররাঃ মস্ত্রিণঃ) তং
(কংসং) উচুঃ (কথয়ামাহঃ) ॥ ৩০ ॥

অনুবাদ । প্রভু কংসের বাক্য শ্রবণ করিয়া দেব ধেনী,
দৃষ্ট-বিষয়েমাত্রবিচক্ষণ অতএব অনিপুণ দেবরিপু অশ্বর
মস্ত্রিগণ বলিতে লাগিল ॥ ৩০ ॥

বিশ্বনাথ । নাতিকোবিদাঃ ন কোবিদা ইত্যর্থঃ । অতি
ইত্যনধিকার্থম্ ॥ ৩০ ॥

এবং চেৎ তর্হি ভোজেন্দ্রপুরগ্রামব্রজাদিষু ।

অনির্দশান্নির্দশাংশচ হনিষ্যামোহন্ত বৈ শিশূন্ ॥ ৩১ ॥

অম্বর । হে ভোজেন্দ্র, (ভোজনরপতে,) এবং চেৎ
(যদি কুত্রচিৎ তব হস্তা জাতঃ) তর্হি (তদা) পুর-
গ্রামব্রজাদিষু (নগরজনপদগোষ্ঠাদিষু) অন্ত অনির্দশান্
(দশদিনেভাঃ অনির্গতান্) নির্দশান্ (দশদিবসাতিক্রান্তান্
চ) শিশূন্ (বালকান্) হনিষ্যামঃ (মারয়িষ্যামঃ) ॥ ৩১ ॥

অনুবাদ । হে ভোজরাজ, যদি বস্তুত এরূপই হইয়া
থাকে, তাহা হইলে আমরা অন্ত নগর, গ্রাম এবং জনপদস্থ
দশদিনের অনধিক বয়স্ক এবং দশদিনের অধিক বয়স্ক সকল
শিশুকে হত্যা করিব ॥ ৩১ ॥

বিশ্বনাথ। অনির্দশান্ দশদিনেভ্যো ন নির্গতান্
নির্গতাংশ্চ ॥ ৩১ ॥

কিমুতমৈঃ করিষ্যন্তি দেবাঃ সমরভীরবঃ ।

নিতামুদ্বিগ্নমনসো জ্যাঘোষৈধ্বনুস্তুব ॥ ৩২ ॥

অনুয়। নিত্যং (সর্বদা) তব ধ্বংসঃ জ্যাঘোষৈঃ
(গুণাকর্ষণ-নির্দৈঃ) উদ্বিগ্ন-মনসঃ (অস্থিরচিত্তাঃ) সমর-
ভীরবঃ (যুদ্ধভীতাঃ) দেবাঃ (অমরাঃ) উত্তমৈঃ (চেষ্টাভিঃ)
কিং করিষ্যন্তি (তব কিং অনিষ্টং বিধাশ্যন্তি) ॥ ৩২ ॥

অনুবাদ। দেবগণ সমরে ভীক, তাহারা সর্বদা
আপনার ধ্বংস গুণাকর্ষণ শব্দে উদ্বিগ্নচিত্ত, অতএব উহারা
চেষ্টা দ্বারা আপনার কি অনিষ্ট করিবে ? ৩২ ॥

অস্ততস্তে শরব্রাতৈর্হনুমানাঃ সমন্ততঃ ।

জিজীবিষব উৎসৃজ্য পলায়নপর্য যযুঃ ॥ ৩৩ ॥

অনুয়। অস্ততঃ (বাণান্ ক্ৰিপতঃ) তে (তব)
শরব্রাতৈঃ (বাণসমূহৈঃ) হনুমানাঃ (আহতাঃ কেচিং
দেবাঃ) জিজীবিষবঃ (জীবিতুমিচ্ছন্তঃ উৎসৃজ্য (রণং ত্যজ্য)
পলায়নপর্য (পলায়নরতাঃ) যযুঃ (জগুঃ) ॥ ৩৩ ॥

অনুবাদ। আপনার বাণ নিক্ষেপকালে কতিপয়
দেবতা বাণসমূহ দ্বারা আহত হইয়া বাঁচিবার আশায় পলায়ন-
রত হইয়াছিল ॥ ৩৩ ॥

বিশ্বনাথ। অস্ততঃ বিধাতঃ সতঃ । উৎসৃজ্য রণং
ত্যাক্ত্বা ॥ ৩৩ ॥

কেচিং প্রাজ্ঞলয়ো দীনা গুস্তশস্ত্রা দিবৌকসঃ ।

মুক্তকচ্ছশিখাঃ কেচিদ্বীতাঃ স্য ইতি বাদিনঃ ॥ ৩৪ ॥

অনুয়। কেচিং (কতিপয়ে) দিবৌকসঃ (দেবাঃ)
দীনাঃ (দুর্বলাঃ সন্তঃ) গুস্তশস্ত্রাঃ (গুস্তানি তব সমীপে
পরিত্যক্তানি শস্ত্রাণি যৈঃ তাদৃশাঃ) প্রাজ্ঞলয়ঃ (তব স্তূপার্থঃ
বন্ধাজলয়ঃ বভূবুঃ) কেচিং (অপরে দিবৌকসঃ) মুক্তকচ্ছাঃ
(মুক্তাঃ ত্যক্তাঃ কচ্ছাঃ যৈঃ তে তাদৃশাঃ) ভীতাঃ স্য
(বয়ং ভবতো ভয়াক্রান্তাঃ) ইতি বাদিনঃ ইতি বদন্তঃ
বভূবুঃ) ॥ ৩৪ ॥

অনুবাদ। কতিপয় দেবতা দুর্বল হইয়া অস্ত্র পরি-
ত্যাগপূর্বক আপনার নিকট কৃতাজলি হইয়াছিল। অস্ত্র
কেহ কেহ মুক্তকচ্ছ হইয়া “আমরা আপনার ভয়ে ভীত
হইয়াছি” এরূপ বলিয়াছিল ॥ ৩৪ ॥

ন হং বিশ্বতশস্ত্রাস্ত্রান্ বিরথান্ ভয়সংবৃতান্ ।

হংস্ত্রাস্ত্রাসক্তবিমুখান্ ভগ্নচাপানযুধ্যাতঃ ॥ ৩৫ ॥

অনুয়। অং (চ) বিশ্বতশস্ত্রাস্ত্রান্ (বিশ্বতানি শস্ত্রাণি
অস্ত্রাণি চ যৈঃ তান্) বিরথান্ (রথহীনান্) ভয়সংবৃতান্
(ভয়াক্রান্তান্) অস্ত্রাসক্তবিমুখান্ (অস্ত্রেষু বিষয়েষু আসক্তান্
অতএব বিমুখান্ যুদ্ধেচ্ছারহিতান্) ভগ্নচাপান্ (ভগ্নধনুযঃ)
অযুধ্যাতঃ (যুদ্ধং অকুর্বতঃ দেবান্) ন হংসি (ন
মারয়সি) ॥ ৩৫ ॥

অনুবাদ। আপনিও তখন রথশূন্য অস্ত্রশস্ত্র-বিশ্মরণ-
শীল, ভয়াক্রান্ত, বিষয়াসক্তি বশতঃ যুদ্ধবিমুখ, ভগ্নধনুঃ এবং
যুদ্ধে বিরত দেবগণকে বধ করেন নাই ॥ ৩৫ ॥

বিশ্বনাথ। তব ধার্মিকত্বমেব ভেষাং বৃদ্ধৌ হেতুরি-
ত্যাছঃ । নত্মমিতি । তেনাতঃপরং ধার্মিকত্বং ত্যজাতাম্ ।
ধর্মস্তা নাযং কাল ইতি ভাবঃ ॥ ৩৫ ॥

কিং ক্ষেমশূরৈর্বিবুধৈরসংযুগবিকথনৈঃ ।

রহোজুষা কিং হরিণা শস্ত্রুনা বা বনৌকসা ।

কিমিল্লেনাগান্নবীর্ষেণ ব্রহ্মণা বা তপশ্চতা ॥ ৩৬ ॥

অনুয়। অসংযুগবিকথনৈঃ (সংযুগাৎ যুদ্ধাৎ অন্তঃ
বিকথনং প্রৌঢ়বাদো যেষাং তৈঃ) ক্ষেমশূরৈঃ (ক্ষেমে
নির্ভয়ে দেশে শূরৈঃ বীরৈঃ) বিবুধৈঃ (তাদৃশৈঃ দেবৈঃ) কিং
(তব, কিং ভয়মন্তি, কিমপি ভয়ং ন দেবেভ্যঃ ইত্যর্থঃ)
রহোজুষা (রহঃ নিভৃতং সর্বস্ত অস্তঃকরণং জুষ্টে সেবতে
তেন, নিভৃতস্থিতেন) হরিণা (বিষ্ণুনা) কিং (কিং ভয়ম্)
বা (অথবা) বনৌকসা (বনবাসিনা) শস্ত্রুনা (শিবেন)
কিং (ভয়মন্তি) অন্নবীর্ষেণ (হীনশক্তিনা) ইল্লেন কিং
তপশ্চতা (সর্বদা তপস্ত্যরতেন) ব্রহ্মণা (বিদ্যাজ্ঞা বা কিং
ভয়ম্) ॥ ৩৬ ॥

অনুবাদ । দেবগণ যুদ্ধক্ষেত্রে ভিন্ন অস্ত্রই স্পর্ধা বাক্য প্রয়োগ করিবার থাকে এবং নির্ভয় প্রদেশেই বীরত্ব প্রকাশ করিতে পারে, এতাদৃশ দেবগণ হইতে আপনার ভয় কি? বিষ্ণু সর্বদা সকলের নিভৃত অন্তঃকরণেই বাস করেন, শিব সর্বদা বনেই অবস্থান করেন, ইন্দ্র নিতান্তই হীনবীৰ্য এবং ব্রহ্মা সর্বদা তপস্শায়ই রত; অতএব তাহা-দিগের দ্বারা আপনার কোনও ভয় নাই । ৩৬ ॥

বিশ্বনাথ । বরুণ তেভ্যঃ কদাহপি ন বিভীষ ইত্যাহঃ । কেমে নির্ভয়ে দেশে শূরৈঃ সংযুগাদস্ত্রৈব বিকখনং প্রৌঢ়িযাদো যেষাং তৈঃ । ন চ হরৈঃ শঙ্কোৰ্বা ভেতব্যং তয়োঃপি ভক্তুল্যবলভাবাদিত্যাহঃ । রহো-জুযেতি । যদি বলং স্ত্রাস্তদা কিমিতি প্রকটীভূয় ন যুধাতে কিমিতি লোকানামন্তঃকরণেষু প্রবিষ্টা নিহুযত ইতি ভাবঃ । বনৌকমা পুরুষপ্রবেশরহিতমিলাবৃতবনমোকো যন্ত তেন । ৩৬ ।

তথাপি দেবাঃ সাপত্ন্যান্নোপেক্ষ্যা ইতি মন্যহে ।

ততস্তন্মূলখননে নিযুক্ত্যশ্মাননুভ্রতান্ ॥ ৩৭ ॥

অনুবাদ । তথাপি (দেবেভ্যঃ সর্বথা ভয়াভাবেহপি) সাপত্ন্যাং (বৈরনিবন্ধনাং) দেবাঃ ন উপেক্ষ্যাঃ (ন পরি-ভ্রাজ্যাঃ) ইতি মন্যহে (বয়ং বিচারয়ামঃ) তন্তঃ (তস্যাং) তন্মূলখননে (তেষাং মূলোৎপাটনে) অনুভ্রতান্ (অনু-চরান্) অশ্মান্ নিযুক্ত্য (আজ্ঞাপয়) ॥ ৩৭ ॥

অনুবাদ । তথাপি বৈরনিবন্ধন দেবতাগণকে উপেক্ষা করা উচিত নহে বলিয়া মনে করি । অতএব তাহাদের মূল উৎপাটনে অনুচর আশাদিগকে নিযুক্ত করুন ॥ ৩৭ ॥

বিশ্বনাথ । তদপি কুত্রাপি শত্রবো নোপেক্ষণীয়া ইতি নীতিশাস্ত্ররীতিরনুসরণীয়েবেত্যাহস্তথাপিতি ॥ ৩৭ ॥

যথাময়োহঙ্গে সমূপেক্ষিতো নৃভি-
র্ন শক্যতে রূঢ়পদশ্চিকিৎসিতুम् ।

যথেন্দ্রিয়গ্রাম উপেক্ষিতস্তথা

রিপূর্মহান্ বন্ধবলো ন চালাতে ॥ ৩৮ ॥

অনুবাদ । যথা (যদ্বৎ) নৃভিঃ (জ্ঞৈনঃ) সমূপেক্ষিতঃ (প্রথমাবস্থায়ঃ অগণিতঃ) আময়ঃ (রোগঃ পশ্চাৎ) অঙ্গে (শরীরে) রূঢ়পদঃ (বন্ধমূলঃ) চিকিৎসিতুঃ (প্রতিকর্তৃঃ) ন শক্যতে (রোগবৃদ্ধৌ যথা প্রতীকারাসম্ভবঃ ভবতি) যথা (বা) ইন্দ্রিয়গ্রামঃ (ইন্দ্রিয়সমূহঃ) উপেক্ষিতঃ (প্রথমঃ অনিগৃহীতঃ সন্ পশ্চাৎ নিগ্রহণাযোগ্যো ভবতি) তথা (তদ্বৎ) বন্ধবলঃ (আদৌ উপেক্ষিতঃ পশ্চাৎ সক্ষিতশক্তিঃ সন্) মহান্ রিপুঃ ন চালাতে (ন পরাজিতুং শক্যতে) ॥ ৩৮ ॥

অনুবাদ । যেরূপ রোগ প্রথম অবস্থায় উপেক্ষিত হইয়া পশ্চাৎ বন্ধমূল অর্থাৎ শরীরে বিশেষভাবে প্রতিষ্ঠা লাভ করিলে প্রতীকারের অযোগ্য হইয়া পড়ে কিম্বা ইন্দ্রিয়সমূহ প্রথম অবস্থায় নিগৃহীত না হইলে পরে নিগ্রহের অযোগ্য হইয়া থাকে, সেইরূপ প্রথমে উপেক্ষিত শত্রু পরে শক্তি সঞ্চয়পূর্বক প্রবল হইলে তাহার পরাজয় অসাধ্য হইয়া থাকে ॥ ৩৮ ॥

বিশ্বনাথ । রূঢ়পদো বন্ধমূলঃ ॥ ৩৮ ॥

মূলং হি বিষ্ণুর্দেবানাং যত্র ধর্মঃ সনাতনঃ ।

তস্ত চ ব্রহ্মগোবিপ্রাস্ত্রপোষজ্ঞাঃ সদক্ষিণাঃ ॥ ৩৯ ॥

অনুবাদ । বিষ্ণুঃ হি (নারায়ণ এব) দেবানাং মূলং (আশ্রয়ঃ) যত্র সনাতনঃ (অনাদি সিদ্ধঃ) ধর্মঃ (তত্র বর্ততে) তস্ত চ (ধর্মস্ত) ব্রহ্মগো-বিপ্রাঃ (বেদ-গো-ব্রাহ্মণাঃ) সদক্ষিণাঃ (দক্ষিণাযুক্তাঃ) ত্রপো যজ্ঞাঃ (তপসা-যাগাদয়ঃ মূলম্) ॥ ৩৯ ॥

অনুবাদ । বিষ্ণুই দেবতাগণের মূল, যেখানে অনাদি-সিদ্ধ বেদ-প্রসিদ্ধ সনাতন ধর্ম, সেইখানেই তিনি অবস্থান করেন । বেদ, গো, ব্রাহ্মণ, তপস্যা ও দক্ষিণাযুক্ত যজ্ঞাদিই সেই ধর্মের মূলস্বরূপ ॥ ৩৯ ॥

বিশ্বনাথ । ধর্মঃ সনাতন ইতি ধর্ম এব তং জীবয়ন্তস্ত মূলমিত্যর্থঃ । তস্ত ধর্মস্ত মূলং বেদাদয়ঃ ॥ ৩৯ ॥

তস্মাৎ সর্বাশ্রনা রাজন্ ব্রাহ্মণান্ ব্রহ্মবাদিনঃ ।

তপস্বিনো যজ্ঞশীলান্ গাশ্চ হন্যো হবির্হৃৎঘাঃ ॥৪০॥

অর্থঃ । হে রাজন্, তস্মাৎ (হেতোঃ) সর্বাশ্রনা (সর্বতোভাবেন বয়ং) ব্রহ্মবাদিনঃ ব্রাহ্মণান্ (বেদজ্ঞান্ বিপ্রান্) যজ্ঞশীলান্ (যাজ্ঞিকান্) তপস্বিনঃ (মুনীন্) হবি-
হৃৎঘাঃ (যজ্ঞাহুতিসাধকহবিঃপ্রদায়িনীঃ) গাঃ চ (ধেহুশ্চ) হন্যঃ (বিনাশয়ামঃ) ॥ ৪০ ॥

অনুবাদ । হে রাজন্, অতএব আমরা সর্বতোভাবে বেদজ্ঞ-ব্রাহ্মণ, যাজ্ঞিক-তপস্বী এবং যজ্ঞের হবি-প্রদায়িনী ধেহুগণকে বিনাশ করিব ॥ ৪০ ॥

বিপ্রা গাবশ্চ বেদাশ্চ তপঃ সত্যং দমঃ শমঃ ।

শ্রদ্ধা দয়া তিতিক্ষা চ ক্রতবশ্চ হরেস্তনুঃ ॥ ৪১ ॥

অর্থঃ । বিপ্রাঃ (ব্রাহ্মণাঃ) গাবঃ চ (ধেনবশ্চ) বেদাঃ চ (ঋগাদয়ঃ) তপঃ (তপস্তা) সত্যং (ঋতং) দমঃ (বাহেস্ত্রিয়নিগ্রহঃ) শমঃ (অস্ত্রবিস্ত্রিয়নিগ্রহঃ) শ্রদ্ধা (দেব-
গুরুব্রাহ্মণশাস্ত্রাদিভূ বিশ্বাসঃ) দয়া (পরদুঃখহরণেচ্ছা) তিতিক্ষা (সহিষ্ণুতা) ক্রতবঃ চ (যজ্ঞাশ্চ) হরেঃ (বিষ্ণোঃ) তনুঃ (শরীরং আশ্রয় ইত্যর্থঃ) ॥ ৪১ ॥

অনুবাদ । ব্রাহ্মণ, ধেহু, বেদ, তপস্তা, সত্য, দম, শম, শ্রদ্ধা, দয়া, সহিষ্ণুতা এবং যজ্ঞ এই সমস্ত বিষ্ণুর শরীর ॥ ৪১ ॥

বিশ্বনাথ । তেষামপি মধ্যে ব্রাহ্মণবধেইব সর্বে নজ্ঞাতীত্যাহঃ । তস্মাদিতি কিঞ্চ যজ্ঞানাং কারণং হবি-
শুস্ত্র গাব ইতি তাস্চ বধা ইত্যাহর্গাশ্চেতি ॥ ৪১ ॥

স হি সর্বসুরাধাক্ষো হ্রস্বরদিভৃগুহাশয়ঃ ।

তন্মূলা দেবতাঃ সর্বাঃ সেশ্বরাঃ সচতুর্মুখাঃ ।

অয়ং বৈ তদ্বোধোপায়ো যদৃষীণাং বিহিংসনম্ ॥ ৪২ ॥

অর্থঃ । সঃ গুহাশয়ঃ (সর্বাস্তর্ধ্যামী বিষ্ণুঃ) হ্রস্বর-
দিভৃ (দৈত্যশত্রুঃ) হি (নিশ্চিতং) সর্বসুরাধাক্ষঃ (সর্ব-
দেবপ্রধাননায়কঃ ভবতি) সেশ্বরাঃ (ঈশ্বরেণ মহেশেন
সহিতাঃ) সচতুর্মুখাঃ (চতুর্মুখেন ব্রহ্মণা সহ বর্তমানাঃ)

সর্বাঃ (সকলাঃ) দেবতাঃ তন্মূলাঃ (স বিষ্ণুঃ মূলং আশ্রয়ঃ
যাসাং তাদৃশাঃ বিষ্ণুঃ আশ্রিত্যেব সর্বে দেবাঃ স্থিতাঃ
ইত্যর্থঃ) যৎ (এতৎ) ঋষীণাং (তপস্বিনাং) বিহিংসনং
(হিংসা) অয়ং বৈ (এব এব) তদ্বোধোপায়ঃ (তস্ত বিষ্ণোঃ
বোধোপায়ঃ বিনাশপ্রণালী ভবতি) ॥ ৪২ ॥

অনুবাদ । সর্বাস্তর্ধ্যামী সেই বিষ্ণু দৈত্যগণের শত্রু
এবং সমস্ত দেবতাগণের প্রধান নায়ক । মহেশ্বর এবং
ব্রহ্মার সহিত সকল দেবতা সেই বিষ্ণুকে আশ্রয় করিয়াই
বর্তমান রহিয়াছে । এই যে তপস্বীগণের হিংসা, ইহাই
সেই বিষ্ণুর বধের উপায়স্বরূপ ॥ ৪২ ॥

বিশ্বনাথ । ব্রাহ্মণবধ এব তস্ত শরীরপাতো ভাবী-
ত্যাহঃ বিপ্রা ইতি । ঋষীণাং বিহিংসনমিতি সর্বমূল্য
বিষ্ণোরপি মূলত্বাদিতি ভাবঃ ॥ ৪২ ॥

শ্রীশুক উবাচ ।

এবং হ্রমস্তিভিঃ কংসঃ সহ সম্যগ্ভ্যা হ্রমতিঃ ।

ব্রহ্মহিংসাং হিতং মেনে কালপাশাবৃতোহনুরঃ ॥৪৩॥

অর্থঃ । শ্রীশুকঃ উবাচ,—কালপাশাবৃতঃ (বশপাশ-
বদ্ধঃ আসন্নমৃত্যুঃ ইত্যর্থঃ) অনুরঃ (দৈত্যঃ) হ্রমতিঃ
(হ্রবৃদ্ধিঃ) কংসঃ হ্রমস্তিভিঃ সহ (হুইবুদ্ধিভিরমাতোঃ সহ)
এবং (পূর্বোক্তরূপং) সম্যগ্ভ্যা (আলোচয়িত্বা) ব্রহ্মহিংসাং
(যাজ্ঞিকব্রাহ্মণবধঃ এব) হিতং (আশ্রয়ঃ শ্রেয়ঃ সাধনো-
পায়ঃ) মেনে (নির্ধারয়ামাস) ॥ ৪৩ ॥

অনুবাদ । শ্রীশুকদেব বলিলেন,—কাল-পাশে আবদ্ধ
হ্রমতি দৈত্য কংস হুই মঙ্গিগণের সহিত এইরূপ মন্ত্রণা
করিয়া যাজ্ঞিক ব্রাহ্মণগণের বধই নিজের মঙ্গলসাধনের
উপায় বলিয়া নির্ধারণ করিলেন ॥ ৪৩ ॥

সন্দিগ্ধ সাধুলোকস্ত কদনে কদনপ্রিয়ান্ ।

কামরূপধরান্ দিক্ষু দানবান্ গৃহমাবিশং ॥ ৪৪ ॥

অর্থঃ । (অথ কংসঃ) কদনপ্রিয়ান্ (জনোৎপীড়-
নামুগ্রাগিনঃ) কামরূপধরান্ (অভিলষিতরূপগ্রহণসমর্থান্)
দানবান্ (অমুরান্ দৈত্যান্) দিক্ষু (সর্বত্র) সাধুলোকস্ত

(সজ্জনশ্চ) কদনে (উৎপীড়নে) সন্নিশ্চ (আদিশ্চ) গৃহং
(নিজাগারং) আবিশং (প্রবিবেশ) ॥ ৪৪ ॥

অনুবাদ । অনন্তর কংস পরপীড়নপ্রিয় এবং বাহ্য-
যায়ী রূপধারণে সমর্থ দানবগণকে সর্বত্র সজ্জনের উৎ-
পীড়নের জন্তু আদেশ করিয়া নিজগৃহে প্রবেশ করিলেন ॥ ৪৪ ॥

তে বৈ রজঃপ্রকৃতয়ন্তমসা মূঢ়চেতসঃ ।

সতাং বিদেষমাচেরুরাদাগতমৃত্যবঃ ॥ ৪৫ ॥

অর্থ । আরাং আগতমৃত্যবঃ (আসন্নমৃত্যবঃ)
ভমসা (তমোগুণেন) মূঢ়চেতসঃ (হিতাহিতবিবেকরহিত-
চিত্তাঃ) রজঃ-প্রকৃতয়ঃ (স্বভাবতঃ রজোগুণপ্রধানাঃ) তে
বৈ (তে চ কংসাহুচরাঃ) সতাং (সাধুনাং ব্রাহ্মণাদীনাং)
বিদেষঃ (উৎপীড়নং) আচেরুঃ (আচরিতবন্তঃ) ॥ ৪৫ ॥

অনুবাদ । আসন্ন মৃত্যু, তমোগুণ বশতঃ হিতাহিত-
বিবেকশূন্যচিত্ত, রজঃপ্রকৃতি কংসাহুচরগণ তখন সজ্জনগণের
উৎপীড়ন আরম্ভ করিল ॥ ৪৫ ॥

বিশ্বনাথ । ভীতঃ রাজানমাস্থাপয়তি আরাদিত্যা-
দিনা ॥ ৪৫ ॥

ইতি সারার্থদর্শিত্যাং হবিগ্যাং ভক্তচেতসাম্ ।

চতুর্থো দশমে স্কন্ধে সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্ ।

ইতি শ্রীবিষ্ণুনাথচক্রবর্তি-ঠাকুরকৃতা শ্রীমদ্ভাগবত-দশমস্কন্ধে
চতুর্থোহধ্যায়স্ত সারার্থদর্শিনী-টীকা সমাপ্তা ।

আয়ুঃ শ্রিয়ং যশোধর্মং লোকানাশিষ এব চ ।

হস্তি শ্রেয়াংসি সর্বাণি পুংসো মহদতিক্রমঃ ॥ ৪৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে ব্রহ্মসূত্রভাষ্যে
পারমহংস্তাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
চতুর্থোহধ্যায়ঃ ।

অর্থ । হে রাজন্ (পরীক্ষিৎ) মহদতিক্রমঃ
(মহতাং সাধুনাং অতিক্রমঃ উৎপীড়নং ইত্যর্থঃ) পুংসঃ
(উৎপীড়কজনশ্চ) আয়ুঃ (জীবিতং) শ্রিয়ং (সৌভাগ্যঃ)
যশঃ (কীর্তিঃ) ধর্মং (পুণ্যং) লোকান্ (স্বর্গাদিলোকান্)
আশিষঃ এব চ (কল্যাণানি চ) সর্বাণি শ্রেয়াংসি (সর্ববিধ-
শুভ-বিষয়ান্) হস্তি (নাশয়তি) ॥ ৪৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবত-দশমস্কন্ধে চতুর্থোহধ্যায়সমাপ্তঃ ।

অনুবাদ । (হে রাজন্,) সাধুগণের উৎপীড়ন,
উৎপীড়নকারীর আয়ু, সৌভাগ্য, যশঃ, ধর্ম, স্বর্গাদিলোক,
মঙ্গলসমূহ এবং সর্ববিধ শুভ বিষয় বিনাশ করিয়া
থাকে ॥ ৪৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতের দশমস্কন্ধে চতুর্থ অধ্যায়ের

অনুবাদ সমাপ্ত ।

ইতি শ্রীমদ্ভাগবতের দশমস্কন্ধে চতুর্থ অধ্যায়ের
গৌড়ীয়-ভাষ্য সমাপ্ত ।

পঞ্চমোহধ্যায়ঃ

গৌড়ীয় ভাষ্য ।

পঞ্চম অধ্যায়ের কথাসার ।

এই অধ্যায়ে শ্রীনন্দমহারাজের পুত্র-জন্মোৎসব সম্পাদন
করিয়া যথুরায় গমন ও তথায় বহুদেব-সহ মিলনোৎসব
বর্ণিত হইয়াছে ।

শ্রীকৃষ্ণের আবির্ভাবে ব্রজের সর্বত্র আনন্দের উৎস
প্রবাহিত—ব্রজ সর্বগম্যস্থিতে পরিপূর্ণ । ব্রজরাজ মহানন্দে

বিভোর হইয়া পুত্রের জাতকর্যাদি সমাপনপূর্বক মহামহোৎসবের
অহুষ্ঠান করিলেন । যিনি যাহা অভিলাষ করিলেন, নন্দমহারাজ তাঁহাকে তাহাই প্রদান করিয়া তাঁহার যথোচিত
পূজা বিধান করিলেন । অনন্তর গোপদিগকে গোকুল
রক্ষায় নিযুক্ত করিয়া নন্দমহারাজ কংসকে বার্ষিক কর-
প্রদানার্থ যথুরায় গমন করিলেন । তথায় করপ্রদান কার্য
সমাধা হইয়াছে জানিয়া বহুদেব নন্দমহারাজের সহিত
সাক্ষাৎ করিলেন এবং ভ্রাতা নন্দের সৌভাগ্যের প্রশংসা

করিয়া তাঁহাদের পুত্র কৃষ্ণসহ ব্রহ্মের সর্ববিধ কুশলবার্তা জিজ্ঞাসা করিলেন। নন্দমহারাজ ব্রহ্মের কুশল জ্ঞাপনদ্বারা বহুদেবকে সাস্বনা প্রদানপূর্বক দেবকীগর্ভজাত পুত্রগণের অপ্রাকট্যে হৃৎপ্রকাশ করিয়া কহিলেন,—অদৃষ্টই স্বথ-হঃথের কারণ; যিনি ইহা জানেন তাঁহাকে আর কাতর হইতে হয় না। নন্দমহারাজের বাক্যে বহুদেব প্রীত হইলেন। তদনন্তর গোকুলে নানা উৎপাতের সম্ভাবনা জানিয়া নন্দমহারাজকে আর অধিক বিলম্ব না করিয়া শীঘ্রই ব্রহ্মে যাইবার কথা বলিলেন। নন্দমহারাজও বহুদেবের নিকট হইতে বিদায় লইয়া গোপগণসহ শকটযোগে গোকুল যাত্রা করিলেন।

শ্রীশুক উবাচ।

নন্দস্তাত্ত্বজ উৎপন্নো জাতাহ্লাদো মহামনাঃ।

আহুয় বিপ্রান্ বেদজ্ঞান্ স্নাতঃ শুচিরলঙ্কৃতঃ ॥ ১ ॥

বাচয়িত্বা স্বস্তায়নং জাতকর্ম্মজ্ঞস্ত বৈ।

কারয়ামাস বিধিবৎ পিতৃদেবার্চনং তথা ॥ ২ ॥

অনুব্র। মহামনাঃ (উদারচিত্তঃ) নন্দঃ তু (নন্দ-মহারাজস্ত) আত্মজে উৎপন্নো (আত্মজাতেন উৎপন্নো সতি) জাতাহ্লাদঃ (অত্যনন্দিতঃ) স্নাতঃ শুচিঃ (শুকঃ) অলঙ্কৃতঃ (ভূষণৈর্ভূষিতঃ সন্) বেদজ্ঞান বিপ্রান্ (ব্রাহ্মণান্) আহুয় (আমন্ত্রণং) স্বস্তায়নং (স্বস্তিবাচনং—স্বস্তিবাচ্যঃ) বাচয়িত্বা (পাঠয়িত্বা) বিধিবৎ (যথাবিধি) আত্মজস্ত (পুত্রস্ত) জাতকর্ম্ম (জন্মান্তরকর্তব্য কার্যঃ) তথা (তদ্বৎ) পিতৃদেবার্চনং (দেবতা-পিতৃপুরুষপূজনক) কারয়ামাস (ব্রাহ্মণৈঃ সম্পাদয়ামাস) ॥ ১-২ ॥

অনুবাদ। শ্রীকৃষ্ণ পুত্ররূপে আবির্ভূত হইলে উদার-চেতা নন্দমহারাজ অতিশয় আনন্দিত হইলেন এবং স্নাত, শুদ্ধ ও অলঙ্কৃত হইয়া বেদজ্ঞ ব্রাহ্মণগণকে আহ্বানপূর্বক স্বস্তিবাচন করাইয়া যথাবিধি পুত্রের জাতকর্ম্ম, দেবতা ও পিতৃপুরুষের অর্চনা সম্পাদন করাইলেন ॥ ১-২ ॥

বিশ্বনাথ। কৃষ্ণজন্মোৎসবো দাতুং করং শ্রীমথুরা-গমঃ। নন্দস্ত বহুদেবেন সংলাপঃ পঞ্চমেহভবৎ। নন্দস্তুতি তুকারেণ বহুদেব আত্মজে উৎপন্নো জাতাহ্লাদোহপি কংস-ভয়াৎ সঙ্কুচিতমনা জাতকর্ম্মাদিকং কতুঃ ন প্রাভূৎ। নন্দস্ত

আত্মজে উৎপন্নো জাতাহ্লাদো মহামনাঃ অতিবিস্মিতমনাঃ স্বস্তিবাচনপূর্বকং জাতকর্ম্ম কারয়ামাসেতি তুকারাদেবৈত-ন্যাজে বহুদেবান্তেদে প্রাপ্তে নন্দগৃহেহপি কৃষ্ণোৎপত্তিঃ শ্রীমথুরানীলাভিপ্রেতাবগম্যতে। গর্ত্তকালেতসম্পূর্ণে ইতি পূর্বোক্তে বৈশম্পায়ন-সম্মতাপি ন চ তুকারোহয় পাদপূরণার্থ ইতি বাচ্যম্। নন্দ আত্মজ উৎপন্নো জাতাহ্লাদো মহামনা ইতি বিনাপি তুকারেণ পাদপূর্তেঃ। ন চ তদপি তুকারোহ-নর্থক এব আত্মনো জাত আত্মজ শুশ্রিষিত্তি জনিষাতু-প্রয়োগাদেবাভীপ্সিতমিচ্ছেরিতি বাচ্যম্। উপগুহ্যাত্ম-জামেবমিত্যাত্মানোরম্যপতোহপ্যাআত্মশব্দপ্রয়োগাৎ। কিঞ্চ নাভীচ্ছেদাৎ পূর্বমেব জাতকর্ম্মোপক্রমশ্রবণাৎ নাভীচ্ছেদশ্চ গর্ত্তজন্মং বিনা কথং সম্ভবেৎ। কিঞ্চ কৃষ্ণস্ত নন্দপুত্রঃ খলু নৈকদ্বাঃ প্রয়োগঃ কিন্তু বহব এব ন তে সর্ব এবামুখ্যার্থী ভবিতুমর্হস্তু তথাহি অদৃষ্টতাত্মজা বিষ্ণোরিতি প্রাগম্ বহুদেবস্ত কচিজ্জাতস্তবাত্মজ ইতি। নৌমীড়াত ইত্যাদৌ পশুপাদ্ভজায়েতি। দেহিনাং গোপিকাহত ইতি। গৌতমীয়ে বহুবী নন্দনং বন্দে ইতি। ক্রমদীপিকায়ামপি দেবতাসকললোকমল্লো নন্দগোপতনয়ঃ সমীরিত ইতি। মন্ত্ৰেহপি নন্দপুত্রপদং ভেদস্তমিত্যাদয়ঃ। কেচিত্তু কৃষ্ণস্ত বহুদেবপুত্র-বিজয়সথ-কল্পিকাস্তাদিভ্যোহপি প্রেম-মিশ্রসম্বন্ধ-মূলকেভ্যঃ সকাশাৎ নন্দপুত্রত্বস্বলসথস্বগোপী-কাস্তানি প্রেমৈকমূলকানি কৃষ্ণস্ত নন্দাত্মত্বস্বব্যঞ্জ-কাস্তার্থবচনপরঃশতেন মহাত্মভাব-সহস্রাত্মভবেন চ পরমোৎ-কৃষ্টানীতাত্ত্বদৃশভাবতারম্যেন এব তত্ত্বদ্ব্যপদেশ-ভার-তম্যমন্তথা বরাহদেবস্ত ব্রহ্মপুত্রত্বং কৃষ্ণস্ত চোত্তরাগর্ত্তগত্বে-নোত্তরা-পুত্রত্বমপি প্রসিদ্ধোভেতি ত্রবাণা যশোদা-গর্ত্ত-জাতত্বাভাবমেব স্বাভীষ্টসাধকং মন্ত্ৰস্তে ন চ নন্দযশোদয়োঃ কৃষ্ণে স্বপুত্রত্ববুদ্ধ্যৈব তত্রাপি সম্বন্ধস্ত-উপাধিভ্যং বাচ্যম্। ন হি বস্ত্বশক্তির্বুদ্ধ্যা পরাহন্তত ইতি জ্ঞায়াৎ। ন হি নির্হেতুবঃ প্রেমা হেতুবুদ্ধ্যৈব সর্বেতুকো ভবতি ন হীশ্বরে জীববুদ্ধ্যৈবে-খরো জীবো ভবতি কিন্তু কৃষ্ণস্ত মুক্তকণাদাবনৃতভাষণস্তাপি সত্যত্বমেব কৃষ্ণপ্রিয়পরিকরাণামপি জ্ঞানভাষণাদেবানৃতস্তাপি সত্যত্বমাত্মারামৈরপ্যপাদেয়ত্বমুপাস্তত্বং প্রেমদম্বকোত সিদ্ধান্তঃ। জাতাহ্লাদ ইতি পুত্রেন সহাহ্লাদোহপি জাত

ইতি সহোক্ত্যলঙ্কারঃ পুত্রব্যাভেনাঙ্ল্লাদ এব জাত ইত্যং-
প্রেক্ষা চ । কারয়ামাসেত্যঙ্ল্লাদেখ-জাভেন স্বয়ং করণা-
সামর্থ্যাৎ ॥ ১-২ ॥

ধেনুনাং নিযুতে প্রাদাদ বিপ্রৈভ্যাঃ সমলঙ্কৃতে ।

তিলাজীন্ সপ্ত রত্নৌঘ-শাতকৌস্তাধরাবৃত্তান ॥ ৩ ॥

অনুবাদ । বিপ্রৈভ্যাঃ (ব্রাহ্মণৈভ্যাঃ) সমলঙ্কৃতে (বস্ত্র-
রত্নাদিভূষিতে) ধেনুনাং (পয়স্বিনীনাং গবাং) নিযুতে
(দ্বৈদশ লক্ষে তথা) রত্নৌঘশাতকৌস্তাধরাবৃত্তান (রত্নৌঘৈঃ
রত্নসমূহৈঃ শাতকৌস্তাধরৈঃ স্ববর্ণরসাক্তৈঃ অথরৈশ্চ আবৃত্তান
আচ্ছাদিতান) সপ্ত তিলাজীন্ (তিলপর্বতান) প্রাদাৎ
(দদৌ) ॥ ৩ ॥

অনুবাদ । তিনি ব্রাহ্মণগণকে বস্ত্ররত্নাদি বিভূষিত
তথ্য । শ্রীপাদ জীবগোস্বামিপ্রভু ক্রম-সন্দর্ভে এই শ্লোকের অর্থ এই প্রকার করিয়াছেন,—প্রতিযুগে স্বীয় কলেবর-প্রকটনকারী ভগবানের গুরু, রক্ত, পীত বর্ণজয় এই বালকের পূর্বে ছিল । সম্প্রতি তোমার পুত্ররূপে একটি হইয়া রূপ-গুণাদিতে নারায়ণতুল্যতা প্রাপ্ত হইয়াছে । উপা-সনামার্গে এই মাধুর্যবিগ্রহের পরম উৎকর্ষতা-নিবন্ধন ইহার মুখ্য নাম শ্রীকৃষ্ণ—ইহাই তাৎপৰ্য্য ॥ ১০ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে অষ্টম অধ্যায়ের
গৌড়ীয়-ভাষ্য সমাপ্ত ।

নবমোহিধ্যায়ঃ

গৌড়ীয়-ভাষ্য ।

নবম অধ্যায়ের কথাসার ।

এই অধ্যায়ে মা যশোদা কৃষ্ণকে শুভ্রপান করাইতে করাইতে ক্রোড়দেশ হইতে ভূমিতলে অবতারণ করাইয়া চুল্লীস্থ দুগ্ধরক্ষার্থে গমন করিলে, কৃষ্ণের ক্রুদ্ধ হইয়া দধিভাণ্ড ভঙ্গন ও মা যশোদার কৃষ্ণকে রঞ্জুদ্বারা বন্ধনাদি লীলা বর্ণিত হইয়াছে ।

একদা দাসীগণ কর্মান্তরে ব্যস্ত হইলে মা যশোদা স্বয়ং দধিমহন কার্য আরম্ভ করিয়াছেন, এমন সময় কৃষ্ণ শুভ্র-পানের জন্ত আসিয়া মাতার কাঁধে বাধা প্রদান করিতে থাকিলে মা তাঁহাকে ক্রোড়ে লইয়া শুভ্রপান করাইতে থাকেন, ইত্যবসরে চুল্লীস্থিত দুগ্ধ উথলিয়া পড়িবার উপক্রম হইলে, মাতা যশোদা কৃষ্ণকে ভূমিতে রাখিয়া দুগ্ধ রক্ষণার্থে ধাবিত হইলেন । বালকৃষ্ণের দুগ্ধপানে অতৃপ্তি হেতু অত্যন্ত ক্রোধ হইল । তিনি একখণ্ড শিলা লইয়া দধিভাণ্ড ভাঙ্গিয়া ফেলিলেন, এবং গৃহ মধ্যে প্রবেশ করিয়া নির্জনে তত্রস্থ সম্ভ্রান্ত নবনীত ভক্ষণ করিতে লাগিলেন । মাতা দুগ্ধ রক্ষণাক্ষে দধিমহনস্থানে আসিয়া দেখেন, দধিভাণ্ড ভগ্ন, উহা কৃষ্ণেরই কার্য মনে করিয়া গৃহ মধ্যে প্রবিষ্ট হইয়া দেখিলেন, কৃষ্ণ উদুখলের উপর দাঁড়াইয়া সচকিতনেত্রে লিক্কাহ নবনীত বানরগণকে দান করিতেছেন । মাতা যষ্টি হস্তে ব্রীরে ধীরে বালকের পশ্চাতে দণ্ডায়মান হইলেন । কৃষ্ণ মাতাকে দেখিবামাত্র পলায়ন করিতে লাগিলেন, মাতাও বালকের অনুসরণ করিলেন । কিম্বদূর গমন করিয়া কৃষ্ণকে ধারণ করিলেন, দেখিলেন—কৃষ্ণ কৃত্যপরাধ জন্ত ক্রন্দন করিতেছেন । মাতা ভগ্ন প্রদর্শনপূর্বক তনয়কে ভৎসিত করিয়া রঞ্জুদ্বারা উদুখে বন্ধন করিতে উত্তত হইলেন, কিন্তু যে রঞ্জুদ্বারা বন্ধন করিতেছিলেন, উহা দুই অঙ্গুলি কম হইয়া পড়ায়, তাহাতে আর একগাছি রঞ্জু যোগ করিলেন, তথাপি রঞ্জু দুই অঙ্গুলি কম পড়িল ; এইরূপে যতবার বন্ধন করিতে যান, ততবারই কম হইতে লাগিল, পরিশেষে মাতাকে পরিভ্রান্ত দেখিয়া ভক্তবৎসল

ভগবান্ কৃপাপূর্বক স্বয়ং বন্ধনগ্রস্ত হইলেন । বৎসল-রসরসিকা জননীর মাধুর্য-জ্ঞানে কৃষ্ণের ঐশ্বর্য ক্ষুণ্ণ হইল না ; বাহা হউক তিনি গৃহ-কর্মে ব্যস্ত হইলে নারদশাপ-ভ্রষ্ট ধমলাজ্জ্বল-রূপে পরিণত নলকবর ও মণিগ্রীব নামক কুবের পুত্রদ্বয়ের প্রতি উদুখলবদ্ধ কৃষ্ণের দৃষ্টি পতিত হইল ।

শ্রীশুক উবাচ ।

একদা গৃহদাসীষু যশোদা নন্দগেহিনী ।

কর্মাস্তরনিযুক্তাসু নির্মমস্থ স্বয়ং দধি ॥ ১ ॥

যানি যানীহ গীতানি তদ্বালচরিতানি চ ।

দধিনির্মম্বনে কালে স্মরন্তী তান্ত্রগায়ত ॥ ২ ॥

অর্থঃ । শ্রীশুকঃ উবাচ,—একদা নন্দগেহিনী (নন্দ-মহিষী) যশোদা গৃহদাসীষু । নিজগৃহপরিচারিকাস্ত (কর্মাস্তর-নিযুক্তাসু) (অল্পকর্মস্থ রতাস্ত সতীষু) স্বয়ং দধি নির্মমস্থ (মথিতবতী) তদ্বালচরিতানি (শ্রীকৃষ্ণস্য বালালীলা ঘটতানি) যানি যানি গীতানি (বর্তন্তে) দধি-নির্মম্বনে কালে তানি (গীতানি) স্মরন্তী (সতী) অগায়ত চ ॥ ১-২ ॥

অনুবাদ । শ্রীশুকদেব বলিলেন,—গৃহ-পরিচারিকাগণ অল্পকর্মে নিযুক্ত হইলে একদিন যশোদা দেবী স্বয়ং দধি মহন করিতে লাগিলেন এবং তৎকালে শ্রীকৃষ্ণের বাল্য-লীলা-বিষয়ক গীতিসমূহ স্মরণপূর্বক গান করিতে-ছিলেন ॥ ১-২ ॥

বিশ্বনাথ । নিষিদ্ধমহনঃ গীত্বা স্তনকাতৃপ্তিমান্ ক্রুধা । ভাণ্ডং ভিষা ক্রতঃ যাত্রা নবমে বদ্ধ ঈশ্বরঃ ॥ চৌর্ধ-ক্রোধাদিমজ্জীবান্ গুণৈর্বদ্ধৈব বোদয়েঃ । চৌর্ধক্রোধাদি-মান্ যাত্রা বদ্ধস্বঃ কৃষ্ণ রোদিষি । অতিচমৎকারকথা-সাধারণস্ত শ্রীকৃষ্ণবিষয়কনন্দযশোদাশ্রয়কমহাবাৎসল্যাপ্রেমঃ সাধনমপ্যসাধারণমপূর্বং শ্রেয়ো ভবিতুমর্হতীতি তদনাকর্ণি-তবতঃ প্রগ্নকতুঃরাজোহপি চিত্তং নাতিপ্রসন্নমালক্ষ্য তত্র মুখ্যং সিদ্ধাস্তমভিব্যঞ্জয়িতুং দিনান্তরগতাং দামবন্ধনলীলাং বক্তুমুপক্রমতে একদেতি । দীপমালিকামহোৎসবদিন ইতি শ্রীবৈষ্ণবতোষণী অত্র শ্রীমৈককর্ণতুরঙ্গমবৎ পরাধ-

সংখ্যাস্থপি গোম্ যথো ব্রজরাজস্ত যাঃ পদ্মগন্ধিগাতা অতি-
স্বসাহু স্বেগন্ধিপয়সঃ স্বেগন্ধিতৃণমাত্রচারিণ্যঃ সখ্যাপ্তা এব গাবো
বর্তন্তে তাসামেব হৃদ্বদধ্যাদিকং মৎপুত্রস্ত রোচকং ভবিষ্য-
তীতি বিচারয়ন্তী শ্রীযশোদা নির্মমহ । স্বয়মিতি স্বপুত্র-
যোচনীয়নবনীতোৎক্রমণহৃদ্ববর্তনাদৌ বাৎসল্যাপ্রেমোথ-
হঠাদেব দাসীনাং বিস্তম্ভমস্তাব্যম্ অস্তারভ্য বালকস্য
ভক্ষ্যনবনীতহৃদ্বাদিকং সর্বমহমেব সাধু সাধয়িষ্যামি যথা
তত্তদেব রোচয়ন্ কৃষ্ণশ্চৌধার্যঃ পরগৃহং ন যাস্ততীতি ভাবঃ
দধীত্যানন্তানাং দধ্নাং যথো যদেকং সারভূতং পূর্বেভ্যঃ
স্বধমেব সাধিতং তদেবেতি ভাবঃ । নির্মমহেত্যপলক্ষণং
হৃদ্বমপ্যাবর্তয়ামাস ॥১॥ সপ্রসিক্তো যো বালঃ কৃষ্ণস্তস্ত চরি-
তানি যানি গীতানি গীতচ্ছন্দসা কবিপুরুষীভিঃ স্বয়ং বা
নিবন্ধানি তানি শ্রবন্তী অতুসন্দধতী অগায়ত । গৃহান্তঃ
শয়িতরুক্ষাদর্শনোথস্ত স্বান্তঃ কোভস্তোপশান্তয়ে ইতি
ভাবঃ ॥ ১-২ ॥

কৌমং বাসঃ পৃথুকটিতে বিভ্রতী সূত্রনকং

পুত্রস্নেহস্তু কুচযুগং জাতকম্পকং সুভ্রঃ ।

রজ্জ্বাকর্ষশ্রমভূজচলৎকঙ্কণৌ কুণ্ডলে চ

শ্রিন্নং বক্তুং কবরবিগলম্মালতী নির্মমহ ॥ ৩ ॥

অর্থঃ । পৃথুকটিতে (বিশালনিত্যে) সূত্রনকং
(কাঞ্চীবন্ধং) কৌমং (কৌশেয়ং তচ্চ পীতমিতি জ্ঞেয়ং)
বাসঃ (বস্ত্রঃ) (তথা) রজ্জ্বাকর্ষশ্রমভূজচলৎ কঙ্কণৌ (রজ্জ্বারা-
কর্ষণে প্রমো যয়োস্তয়োভূজয়োচ্চলন্তৌ কঙ্কণৌ) কুণ্ডলে
চ (অঙ্গসঞ্চালনাং দোহ্যামানে কুণ্ডলে চ) জাতকম্পং
(শরীর-চালনাং কম্পিতং) পুত্রস্নেহস্তু কুচযুগং (পুত্র-
স্নেহাৎ সুভ্রঃ ক্রিয়তং কুচয়োঃ যুগং স্তনদ্বয়ং চ) শ্রিন্নং বক্তুং
(পরিশ্রমজন্ত ঘর্মাক্তং বদনং) বিভ্রতী (সতী) কবরবি-
গলম্মালতী (কবরাৎ কেশসন্ধাৎ বিগলন্ত্যা মালত্যা যন্তাঃ
সা তাদৃশী) সুভ্রঃ (মনোরম ক্রয়ুগলশালিনী সা) নির্মমহ
(দধিমহন) চকার ॥ ৩ ॥

অনুবাদ । স্বরম্য ক্রয়ুগশালিনী যশোদা দেবী বিশাল
নিতম্বদেশে কাঞ্চীদ্বারা আবদ্ধ করিয়া সুস্ন কোশেয় বসন
পরিধানপূর্বক দধি মহন করিতেছিলেন । তৎকালে মহন

দণ্ডের রজ্জ্ব আকর্ষণজন্ত পরিশ্রান্ত বাহ্যুগলে কঙ্কণদ্বয়
শস্যমান এবং (সর্বাঙ্গ চালিত হওয়ায়) শ্রবণযুগলে
কুণ্ডল দুইটি দোহ্যামান হইতেছিল । তাঁহার সর্বাঙ্গ
কম্পিত এবং পুত্রস্নেহবশতঃ পয়োধরযুগল হইতে হৃদ্ব ক্রিয়ত
হইতেছিল । তাঁহার মুখমণ্ডল ঘর্মাক্ত হইয়া পড়িয়াছিল
আর কবরী হইতে মালতীমালা ভ্রষ্ট হইতেছিল ॥ ৩ ॥

বিশ্বনাথ । বাৎসল্যাপ্রেমী রূপগুণাভ্যাং চ কৃষ্ণস্ত
যশোদৈবাতরূপা মাতেতি জ্যোতয়ন্ বাৎসল্যরসোপাসকানাং
অবশ্য-কর্তব্যং শ্রীকৃষ্ণমাতুর্ধ্যানাহ—কৌমমতসীতন্তু থং
পীতচিহ্নমাতস্বক্ষং ভবেৎ । তেনাস্তাঃ শ্রামবর্ণিতং ক্রম-
দীপিকোক্তং ধনিতম্ । সূত্রনকং নীবা নিবন্ধম্ । পৃথু-
কটিতে স্বেজক্ৰিয়তাভ্যাং সর্বাঙ্গ সৌন্দর্যদ্বয় ব্যঞ্জিতং রজ্জ্বা-
রাকর্ষণে প্রমো যয়োস্তয়োভূজয়োচ্চলন্তৌ কঙ্কণৌ বক্ত-
মিত্যন্তানাং বিভ্রতীত্যানেন সম্বন্ধঃ । মেঘতুল্যাং কবরাদ্বি-
গলন্তী জলবিন্দুশ্রেণীব মালতী যন্তাঃ সা । কপ্রত্যয়াভাব
আর্গঃ ॥ ৩ ॥

তাং স্তন্যকাম আসাত্ত মথুস্তীং জননীং হরিঃ ।

গৃহীত্বা দধিমহানং স্তবেধৎ প্রীতিমাবহন ॥ ৪ ॥

অর্থঃ । স্তন্যকামঃ (স্তনকীর-পানান্তিলাষী) হরিঃ
(কৃষ্ণঃ) তাং মথুস্তীং জননীং (যশোদাং) আসাত্ত
(প্রাপ্য) দধিমহানং (দধিমহনদণ্ডং) গৃহীত্বা প্রীতিং
(মাতুর্হর্ষং) আবহন (জনয়ন্) স্তবেধৎ (মহনাং নিবা-
রয়ামাস) ॥ ৪ ॥

অনুবাদ । তখন শ্রীকৃষ্ণ স্তনদ্বয় পান করিবার অভি-
লাষে মহনরতা জননীর সমীপে উপস্থিত হইয়া তাঁহার
আনন্দোৎপাদন সহকারে মহন-দণ্ড ধারণপূর্বক দধিমহন
নিবেধ করিতে লাগিলেন ॥ ৪ ॥

বিশ্বনাথ । আসাত্ত প্রাতরস্তগৃহাৎ প্রবৃত্তা বহির্নিঃসৃত্য
ক্ষুধা রুদমুখঃ সন্নিভ্যর্থঃ । মহানং মহানদণ্ডং গৃহীত্বৈতি মাত-
র্মামথানেতি স্ববচনং মানসিগন্তীঃ মাতরমভিজ্ঞায়েতি ভাবঃ ।
অতঃপুচ্ছাতুর্হং জ্ঞাত্বা বা মাতুঃ প্রীতিস্তাং আবহন ॥ ৪ ॥

তমক্ষমাক্রুতমপায়য়ৎ স্তনং

স্নেহস্তুতং সন্নিভমীক্ষতী মুখম্ ॥

অতৃপ্তমুংসৃজ্য জবেন সা যবা-

বুংসিচ্যামানে পরসি অধিশ্রিতে ॥ ৫ ॥

অর্থঃ । সা (যশোদা) সশ্রিতং মুখং (সহাস্তবদনং) দ্বৈতী (পতন্তী সতী) অকম্ আকুটং (ক্রোড়স্থিতং) তং স্নেহমুতং (স্নেহবশাৎ স্বয়মেব করিতং) স্তনং অপায়য়ৎ (পায়য়ামাস) (অনন্তরং) তু (কিন্তু) অধিশ্রিতে (চুল্লীমারোপিতে) পরসি (হৃৎ) উংসিচ্যামানে (অতিতাপেন উদ্গিচ্যামানে) অতৃপ্তং (হৃৎপানে অতৃপ্তং) (বালকং) উংসৃজ্য (ত্যাগ্য) জবেন (বেগেন) যবো (গতা) ॥ ৫ ॥

অনুবাদ । তখন যশোদা দেবী অক্কে আকুট তনয়ের সহাস্ত বদনমণ্ডল নিরীক্শ করিতে করিতে স্নেহে স্বতঃ-করিত স্তন পান করাষ্টতে লাগিলেন, কিন্তু তৎকালে চুল্লীর উপর আরোপিত হৃৎভাণ্ড হইতে অগ্নিসস্তাপে হৃৎ উচ্ছলিত হইয়া পড়ায় তিনি স্তনপানে অতৃপ্ত বালককে পরিত্যাগ করিয়া বেগে প্রস্থান করিলেন ॥ ৫ ॥

বিশ্বনাথ । অহো বালস্তাস্ত বুধ্বিরিত্যুক্তা মথনাবি-রম্যোপবিষ্টা স্বয়মেবাক্ষ্মাকুটং তং উংসৃজ্য ইত্যত্র হেতুঃ অবেনেতি । তত্রাপি হেতুঃ । উংসিচ্যামানে অতিতাপে-নোজিচ্যামানে সতি পরসি উত্তারণার্থমিত্যর্থঃ । অধিশ্রিতে চুল্লীমারোপিতে । নহ কৃষ্ণাদপি তত্র হৃৎমতিমমস্বাস্পদ-মভূৎ বদনরোষেনাতৃপ্তঃ কৃষ্ণোহপ্যুপেক্ষিতঃ সত্যম্ । “তন্তক্য-পেয়াদিষু কাপ্যাপেক্ষ্যতা যয়া পুনঃ সোহপি সমেতু্যপেক্ষ-তাম্ । প্রেয়া বিচিহ্না পরিপাট্যদীরিতা বোধ্যা তথা প্রেমবতীভিরেব যা” ॥ ৫ ॥

সঞ্জাতকোপঃ ক্ষুরিতাক্রুণাধরং

সন্দশ্য দন্তির্দধিমন্তভাজনম্ ।

ভিষা যুবার্দ্ধদৃষদশ্যনা রহো

জঘাস হৈয়ঙ্গবমস্তরং গতঃ ॥ ৬ ॥

অর্থঃ । সঃ সঞ্জাতকোপঃ (ক্রোধাবিষ্টঃ) যুবার্দ্ধঃ (যুবা মিথ্যা অশ্রু নেত্রজলং বস্ত তাদৃশঃ) ক্ষুরিতাক্রুণাধরং (ক্রোধবশাৎ কল্পিতক্ অকুণায়মানোষ্ঠঃ) দন্তিঃ (দন্তৈঃ) সন্দশ্য (আক্রম্য) দৃষদশ্যনা (লেশ্যশ্যনানিলাপুত্রেন বা)

দধিমন্ত-ভাজনং (মস্থন পাত্রং) ভিষা (ভিষং কৃৎসা) অন্তরং গতঃ (গৃহমধ্যং গতঃ সন্) রহঃ (নির্জনে) হৈয়ঙ্গবং (সন্তো-জাতনবনীতং) জঘাস (ভক্ষিতবান্) ॥ ৬ ॥

অনুবাদ । তখন শ্রীকৃষ্ণ ক্রুদ্ধ হইয়া কপট অশ্রুপাত-পূর্বক দন্তদ্বারা কল্পবান অকুণবর্ণ ওষ্ঠদেশে দংশন করিয়া শিলাপুত্র (হুড়ি) দ্বারা দধিমস্থনের পাত্র ভগ্ন করিলেন । অতঃপর গৃহমধ্যে গমন করিয়া নির্জনে সন্তোজাত নবনীত ভক্ষণ করিতে লাগিলেন ॥ ৬ ॥

বিশ্বনাথ । যুবা বুথাপি বাল্যস্বভাবাদেবাক্ষ্মশ্রু সঃ । দৃশদশ্যনা শিলাপুত্রেণ নিঃশব্দচ্ছিত্রার্থঃ ততলে ইতি জ্ঞেয়ম্ । অন্তরং গৃহাভ্যন্তরং হৈয়ঙ্গবং হোগোদোহস্ত সন্তো নব-নীতম্ ॥ ৬ ॥

উত্তার্য গোপী স্মৃতাং পয়ঃ পুনঃ

প্রবিষ্ট্য সংদৃশ্য চ দধ্যমত্রকম্ ।

ভগ্নং বিলোকা স্মৃতাং কৰ্ম ত-

জ্জহাস তকাপি ন তত্র পশুতী ॥ ৭ ॥

অর্থঃ । গোপী (যশোদা) স্মৃতাং (অতিতৃপ্তং) পয়ঃ (হৃৎ) উত্তার্য (চুল্লীতঃ অবতার্য) পুনঃ প্রবিষ্ট্য (পূর্ব-স্থানং আগত্য) দধ্যমত্রকং (দধিভাণ্ডং) ভগ্নং বিলোকা চ তং চ (কৃষ্ণং চ) তত্র ন পশুতী (ন আলোকা) তং (ভাণ্ডভগ্নং) স্মৃতাং (কৃষ্ণশ্চৈব) কৰ্ম (ইতি) জ্জহাস (অহসং) ॥ ৭ ॥

অনুবাদ । এদিকে যশোদাদেবী চুল্লী হইতে অতি উষ্ণ হৃৎ নামাইয়া রাখিয়া পুনরায় পূর্বস্থানে প্রবেশ করিয়া দেখিলেন যে, দধিভাণ্ড ভগ্ন হইয়াছে, কৃষ্ণকেও তথায় দেখিতে পাইলেন না । তখন যশোদা দেবী ইহা কৃষ্ণেরই কৰ্ম নিশ্চয় করিয়া হাস্ত করিতে লাগিলেন ॥ ৭ ॥

বিশ্বনাথ । স্মৃতাং স্মৃপকম্ । দধিমস্থনস্থানং প্রবিষ্ট্য দধ্যমত্রকং দধিপাত্রং অতিচিক্ণৎসেন অতিদূঢ়ভেনাকম্পায়াং কন্ । ভগ্নং বিলোক্যতি বায় তর্জত্যা নাসাগ্রং স্পৃষ্টেতি জ্ঞেয়ম্ ॥ ৭ ॥

উলুখলাঙ্ঘ্যে রূপরি ব্যবস্থিতং

মর্কায় কামং দদতং শিচি স্থিতম্ ।

হৈয়ঙ্গবং চৌৰ্যবিশুদ্ধিতেক্ষণং

নিরীক্ষা পশ্চাৎ স্মৃতমাগমচ্ছনৈঃ ॥ ৮ ॥

অনুবাদ । (স) উলুখলাঙ্ঘ্যে উপরি ব্যবস্থিতং (বিপরীত ভাবেন স্তম্ভস্ত উলুখলস্ত উপরি উপবিষ্টং) শিচি-স্থিতং (শিক্যস্থং) হৈয়ঙ্গবং (নবনীতাদি) কামং (যথেষ্টং) মর্কায় দদতং (বানরায় বিভজ্য দদানং) চৌৰ্যবিশুদ্ধিতেক্ষণং (চৌৰ্য্যং বিশুদ্ধিতে ভীতিগ্রস্তে ঈক্ষণে নয়নে যন্ত তং) স্মৃতং (কৃষ্ণং) নিরীক্ষা শনৈঃ (মন্দগত্য) পশ্চাৎ (বালকস্ত পৃষ্ঠদিশি) আগমং (আগতা) ॥ ৮ ॥

অনুবাদ । শ্রীকৃষ্ণ তখন গৃহমধ্যে বিপরীতভাবে বিস্তৃত উলুখলে উপবিষ্ট হইয়া শিক্যস্থিত নবনীত প্রভৃতি দ্রব্য বানরগণকে যথেষ্টরূপে বিভাগ করিয়া দিতেছিলেন। চৌৰ্য বশতঃ তাঁহার নয়নযুগল শঙ্কাগ্রস্ত ছিল। যশোদা তাঁহাকে এ অবস্থায় দেখিয়া ধীরে ধীরে পশ্চাদ্ভাগে উপস্থিত হইলেন ॥ ৮ ॥

বিশ্বনাথ । দধিক্রিষ্ট চরণচিহ্নেন কিক্বিলীশকেন চ তচ্চালিতভাণ্ডাদিশকেন চ গৃহান্তঃস্থিতং নবনীতং ভুজানং অহুমায় হসন্তী কিক্বিলিখ্য ব্যবস্ত্রজ যিযাসতি স্ম তাবদেব পক্ষদ্বারেণ নিঃসৃত্য বহিঃপ্রাক্ষগাস্তরে কাকাদিভয়াদধোমুখী-কৃতোদুখলস্তোপরি কৃষ্ণে স্বস্তিকাসনেনোপবিষ্টে সতি যদ-ভৃত্তদাহ। উদুখলেতি শিচি শিক্যে স্থিতং তত্তশোরযিত্বা আনীতমিত্যর্থঃ। চৌৰ্য্যদ্বৈতোর্মাতৃতাড়নভয়াবিশুদ্ধিতে তদা গমনাহুসন্ধানপরে ঈক্ষণে যন্ত তম্। গৃহান্তর্গতৈত্তরতির্গ-গ্রীবং নিরীক্ষ্য পশ্চাৎ তদুপস্থিতবন্ধনং স্তংপৃষ্ঠতন্তং জিহ্বকণ্ঠী শনৈরিত্তি স্বচরণশব্দাভাবার্থঃ ॥ ৮ ॥

তামান্তযষ্টিং প্রসমীক্ষ্য সত্তর-

স্ততোহবরুহাপসসার ভীতবৎ ।

গোপাধধাবন্ন যমাপ যোগিনাং

ক্ষমং প্রবেষ্টুং তপসেরিতং মনঃ ॥ ৯ ॥

অনুবাদ । (কৃষ্ণঃ) তামান্তযষ্টিং (যষ্টিহস্তাং) তাং

(যশোদাং) প্রসমীক্ষ্য (দৃষ্ট্বা) সত্তরঃ (স্বরায়ুক্তঃ) ততঃ (উলুখলাং) অবরুহ ভীতবৎ (ভয়ানতঃ ইব) অপসসার (পলায়িতঃ)। যোগিনাং মনঃ তপসা দৈরিত্যং (প্রেরিত-মপি) প্রবেষ্টুং (ব্রহ্মণি লীনীভবিতুং) ক্ষমং (সমর্থমপি-যঃ ন আপ (লব্ধবান) (তং) গোপী (যশোদা) অধধাবৎ (অহুসসার) ॥ ৯ ॥

অনুবাদ । শ্রীকৃষ্ণ মাতাকে যষ্টিহস্তে উপস্থিত দেখিয়া সত্তর উলুখল হইতে অবতরণপূর্বক ভয়ানত ব্যক্তির স্থায় পলায়ন করিলেন। যোগিগণের তপোবলে প্রেরিত চিত্ত ব্রহ্মে লীন হইবার যোগ্য হইলেও ধাহাকে পাইতে পারে না, সেই পুত্র কৃষ্ণকে ধরিবার জন্ত যশোদা দেবী তাঁহার পশ্চাৎ ধাবিত হইলেন ॥ ৯ ॥

বিশ্বনাথ । পুত্রভীষণার্থমাতৃযষ্টিং ভীতবদিত্তি সাহজিক-মাতৃস্নেহভর জ্ঞানেন তত্ততোহস্ততর্জয়াভাবাৎ। যদ্বা ভীত-বদিত্তি যতুবন্তঃ ভয়যুক্তঃ যদ্বা স্তাত্তথাপসসার হুত্বেবেত্যর্থঃ। “ভয়ভাবনয়া স্থিতশ্চেতি” কুস্তান্তেঃ। গোপী যশোদা। যোগি-সমাধিসুদৃঢ়তাং মনঃ তপসা জ্ঞানেনৈরিতমপি প্রবেষ্টুং ব্রহ্মণি লীনী ভবিতুং ক্ষমমপি যঃ নাপ নায়ঃ স্বধাপ ইত্যন্যকৌ স্পষ্টীভাবিত্যং ॥ ৯ ॥

চরিত্রঃ

১৪৩

১৪৩

অবরুহমানা জননী বৃহচ্চল-

চ্ছেদীভরাক্রান্তগতিঃ সুমধ্যমা।

জবেন বিশ্রাসিতকেশবন্ধন-

চ্যুতপ্রস্থনানুগতিঃ পরামুশং ॥ ১০ ॥

অনুবাদ । অবরুহমানা (কৃষ্ণা অহুগচ্ছন্তী) সুমধ্যমা (কীর্ণকটিঃ বৃহচ্চলচ্ছেদীভরাক্রান্তগতিঃ (বিশ্রান্তনিত-ভারেণ মন্থরগতিঃ) জবেন (বেগেন) বিশ্রাসিত-কেশবন্ধন-চ্যুতপ্রস্থনানুগতিঃ (বিশ্রাসিতাং কেশবন্ধনাং চ্যুতৈঃ পতিতৈঃ প্রস্থনৈঃ পুট্পৈঃ অহুগতিঃ অহুগমনঃ যত্নাঃ স।) জননী পরামুশং (কৃষ্ণা যতবতী) ॥ ১০ ॥

অনুবাদ । কৃষ্ণের অহুধাবনকারিণী সুমধ্যমা যশোদা দেবীর চঞ্চল নিতম্বভরে গতি মন্থর হইল। জড়গমন-হেতু কেশবন্ধন হইতে পুট্প সকল খলিত হইয়া তাঁহার অহুগমন

করিতে লাগিল। এইরূপে গমন করিতে করিতে তিনি কৃষ্ণকে ধরিয়া কেলিলেন ॥ ১০ ॥

বিশ্বনাথ । ন চ যোগিহুপ্রাপং তমহুধাবনেন সা ন
প্রাপেতি বাচ্যমিত্যাহ অস্বক্কেতি । বিস্মংসিতাৎ কেশ-
বদ্যাং চ্যুতৈঃ প্রস্থনৈরহুগতিরহুগমনং যশ্চাঃ সা । পরা
পৃষ্ঠতোহমুঘং তং ধৃতবতী ॥ ১০ ॥

কৃতাগসং তং প্রকৃদন্তুমক্ষিণী

কষন্তমঞ্জস্যসিণী স্বপাণিনা ।

উদীক্ষমাণং ভয়বিহ্বলেক্ষণং

হস্তে গৃহীত্বা ভিষয়ন্তাবাগুরং ॥ ১১ ॥

অঙ্কুর । কৃতাগসং (কৃতাপরাধং) প্রকৃদন্তং (ক্রন্দন্তং)
অজ্ঞাসিনী (অজ্ঞন্তী সর্বতঃ প্রসন্নস্তী মসী যযোঃ তে)
অক্ষিণী (নয়নে) স্বপাণিনা (নিজহস্তেন) কষন্তং (ঘর্ষয়ন্তং)
উদীক্ষমাণং (যশোদয়া নিরীক্ষমাণং) ভয়বিহ্বলেক্ষণং
(ভয়েন কাতর দৃষ্টিং) তং (কৃষ্ণং) হস্তে গৃহীত্বা (ধৃত্বা)
ভিষয়ন্তী (ভয়ং প্রদর্শয়ন্তী) অবাগুরং (অন্তঃসমং) ॥ ১১ ॥

অনুবাদ । (যশোদা দেখিলেন যে) অপরাধী বালক
তখন রোদন করিতে করিতে নিজহস্তে নয়নযুগল ঘর্ষণ
করিতেছেন । তাঁহার নেত্রস্থ অঙ্গন অশ্রুজলে সর্বত্র প্রসৃত
হইতেছে, যশোদাকে দর্শন করিয়া তাঁহার নেত্রদ্বয় ভয়ে
বিহ্বল । এরূপ পুত্রকে যশোদা হস্তে ধারণপূর্বক ভয় প্রদর্শন
সহকারে ভৎসনা করিতে লাগিলেন ॥ ১১ ॥

বিশ্বনাথ । যোগিহুপ্রাপং তং ন কেবলং ধৃতবত্যেব
কিন্তু ব্রহ্মকাদিভিরনিশং স্তূয়মানং তমভ্যংসয়ং অপি
মহাকালযমাদীনামপি ভয়হেতুং তং যষ্টিমাত্রেণাপ্যভায়দ-
পীত্যাহ কৃতাগসমিতি অজ্ঞাসিনী অজ্ঞন্তী সর্বতঃ প্রসন্নস্তী
মসী যযোস্তে অক্ষিণী স্বপাণিনা স্বায়পাণিপৃষ্ঠেনৈব সং-
বর্দয়ন্তঃ দক্ষিণপার্শ্বমাতৃগৃহীত্বাং ভিষয়ন্তী যষ্টা ভায়য়ন্তী ।
হুধুগাবার্বী । যদা ভীষয়মাণা তদা হুধুপর্যায়পদে আর্ধে ।
অবাগুরং ভো অশান্তপ্রকৃতে বানরবন্ধো মনুনীক্ষোটক অচ-
নবনীতাদিকং কুতঃ প্রাপ্যসি তথা বরাহাশ্চ যথা সহচর-
বালকৈঃ সহ খেলিতুং নবনীতমপহতুং ন প্রভবিষ্যসি ।

ইদানীং যষ্টিভাড়াং কিং বিভেদীতি তর্জয়ন্তী যষ্ট্যুখানেন
তাড়নোত্তমং চকার ন তু ততাড় । গুরী উত্তমে ॥ ১১ ॥

তাক্তা যষ্টিং স্মৃতং ভীতং বিজ্ঞায়ার্কবৎসলা ।

ইয়েষ কিল তং বন্ধুং দান্নাহতদীর্ঘকোবিদা ॥ ১২ ॥

অঙ্কুর । অর্কবৎসলা (পুত্রস্নেহাকান্তা অতঃ)
অতদীর্ঘকোবিদা (তৎপ্রভাবানুসন্ধানরহিতা স্নেহভারাকান্ত-
চিত্তভেনাত্মাশ্রুতৈঃ) স্মৃতং ভীতং বিজ্ঞায় যষ্টিং তাক্তা
(রজ্জা) বন্ধুং (আবদ্ধীকর্তৃং) ইয়েষ কিল (ঐচ্ছত) ॥ ১২ ॥

অনুবাদ । যশোদাদেবীর চিত্ত পুত্রস্নেহে আক্রান্ত,
স্মৃতির তাহা তিনি পুত্রের অসীম প্রভাব জ্ঞাত ছিলেন না ।
অর্থাৎ তাঁহার মাধুর্য জ্ঞানে কৃষ্ণের ঐশ্বর্য স্মৃতি হইত না—
পুত্রকে ভীত জানিয়া যশোদা দেবী যষ্টি পরিত্যাগপূর্বক
তাঁহাকে রজ্জ্বারা বন্ধন করিতে ইচ্ছা করিলেন ॥ ১২ ॥

বিশ্বনাথ । মাতর্যং মা তাড়য়েত্যুক্তে তাড়নে যদি
তবাতিশয়া ভীতং কিমন্ত দধিভাণ্ডমভাজ্ঞীঃ । মাতরেব
মথনৈব করিষ্যে পাতয় স্বকরতো বত যষ্টিমিতি পুত্রোক্তি-
কাতর্যবিক্রমণা হস্ত কদাচিদয়ং মন্থানা বনং প্রবিশেদিতি
শঙ্কয়া তন্নিরোধার্থমুণ্যং নিশ্চিন্তায়েত্যাহ তাক্তেতি ।
তদীর্ঘশ্চ সর্বব্যাপকত্বলক্ষণশ্চ তদৈশ্বর্যশ্চ ন কোবিদো । শুদ্ধ-
তন্মাদুর্যৈকনিমগ্নতাদিতি ভাবঃ ॥ ১২ ॥

ন চাস্তর্ন বহির্য়ন্ত ন পূর্বং নাপি চাপরম্ ।

পূর্বাপরং বহিস্তাস্তর্জগতো যো জগচ্চয়ঃ ॥ ১৩ ॥

তং মত্বাশ্রমব্যাক্তং মর্ত্যালিঙ্গমধোক্ষজম্ ।

গোপিকোলুখলে দান্না ববন্ধ প্রাকৃতং যথা ॥ ১৪ ॥

অঙ্কুর । যন্ত বহিঃ ন অন্তঃ ন পূর্বং ন অপরং চ অপি
ন (বর্ততে) যঃ জগতঃ (ব্রহ্মাণ্ডশ্চ) পূর্বাপরং বহিঃ অন্তঃ
চ (ভবতি) (যশ্চ) জগচ্চয়ঃ (জগৎ সমষ্ট্যাশ্রয়ক এব
ভবতি) । তং (কৃষ্ণং) অব্যাক্তং (অপ্রকাশ্যং) অধোক্ষজং
(প্রাকৃত জ্ঞানাবিষয়ং) মর্ত্যালিঙ্গং (মৃতশ্চ লক্ষণং) আশ্রম-
(স্বপুত্রং) মত্বা গোপিকা (যশোদা) প্রাকৃতং যথা (সাধারণ
জনমিব) দান্না (রজ্জা) উলুখলে ববন্ধ (অবরোধ) ॥

অনুবাদ। যাহার অন্তর্বাহ নাই অর্থাৎ যিনি সর্ব-
ব্যাপক, পূর্ব-পশ্চাৎ কালের ব্যবধান যাহার নাই অর্থাৎ
যিনি সর্বকালেই একই স্বরূপে নিত্য বর্তমান, যিনি জগ-
তের পূর্ব ও অপূর্ব অর্থাৎ কার্য ও কারণ, সর্বব্যাপক বলিয়া
যিনি জগতের অন্তর ও বাহ্য এবং কার্যকারণের অভেদ
বিচারে যিনি জগৎস্বরূপ সেই অব্যক্ত ইন্দ্রিয়জ জ্ঞানের
অগোচর মহত্ত্বাকৃতিবিশিষ্ট কৃষ্ণকে স্বপূত্র মনে করিয়া
যশোদা দেবী সাধারণ বালকের স্তায় তাঁহাকে রজ্জু দ্বারা
উদ্ধৃথলে বন্ধন করিয়াছিলেন। ১৩-১৪ ॥

বিশ্বনাথ। ব্রহ্মাদি স্তম্ভপর্বস্তং স্বমায়াগুণৈর্নিবন্ধস্তমপি
সর্বব্যাপকমপি মহামহেশ্বরং তং প্রেমবলাদেব পটুময় দাম্না
ববন্ধাপীত্যাহ ন চেতি দ্বাভ্যাং বন্ধনং হি বহিঃ পরীতেন দাম্না
আবৃত্তস্ত পরিচ্ছিন্নস্ত বন্ধনঃ সম্ভবতি যন্ত তু বিভূত্বাঘহি ন
বিগতে তৎপ্রতিযোগিতাদন্তশ্চ ন বিগতে তত্র ক বা দাম্না
স্বাতব্যম্। কিম্বা তেনাবরীতবামিতি ভাবঃ। সর্বদেশ-
ব্যাপকত্বমুক্ত্য প্রসঙ্গাৎ সর্বকালব্যাপকত্বমাহ—ন পূর্বং নাপি
চাপরমিতি। যন্তাৎ প্রাক্ পশ্চাৎ কালৌ নন্ত ইত্যর্থঃ।
কিঞ্চ ব্যাপকেন ব্যাপ্যস্ত বন্ধো ভবতি তচ্ছাত্র বিপরীত-
মিত্যাহ পূর্বাপরমিতি। জগচ্চ য ইতি তচ্ছক্তিকার্যত্বাদি-
ত্যর্থঃ। ততশ্চ সম্পূর্ণেন জগতাপি তদ্বন্ধো ন সম্ভবেৎ
কিং পুনর্জগদঃশাংশভূতেন দাম্নেত্যর্থঃ। নচ সাকারত্বেন তন্ত
বিভূত্বং সম্ভবেদिति বাচ্যং সাকারত্বৈব তন্তোদরে সর্বজগত
ইদন্ত্যাম্পদস্ত যশোদয়া দৃষ্টত্বাৎ। তর্হি সা কথং ববন্ধ তত্রাহ
তং আত্মজং যন্তা অসাধারণবাৎসল্যপ্রেমবিষয়ীকৃত্যেত্বার্থঃ। তন্ত
প্রেমাধীনত্বাৎ বিভূত্বৈহপ্যচিন্ত্যশক্যৈব বন্ধনমিতি ভাবঃ।
অব্যক্তং প্রেমবস্ত্বাদেব প্রচ্ছন্নীভূত-মহৈশ্বর্যং মর্তালিঙ্গং
মহত্ত্বাকারং তদপ্যখোক্জমতীক্ৰিয়ম্। যথা প্রাকৃতং বধ্যতি
তথৈব চিৎপুঞ্জমপি তং ববন্ধেত্যাহো প্রেমবলং তন্তা
ইতি ভাবঃ ॥ ১৩-১৪ ॥

তদামবধ্যমানস্ত স্বাভিকস্ত কৃতাগসঃ।

দ্ব্যঙ্গুলোনমভূতেন সন্দেহেহত্মচ্চ গোপিকা ॥ ১৫ ॥

অর্থঃ। কৃতাগসঃ (অপরাধিনঃ) বধ্যমানস্ত স্বাভিকস্ত
(স্বহৃদস্ত) তৎ দাম (বন্ধনরজ্জুঃ) দ্ব্যঙ্গুলোনঃ অভূৎ (অঙ্গুলী-

দ্বয় পরিমাপেন হৃদ্বঃ জাতম্) তেন (হেতুনা) গোপিকা
(যশোদা) অস্ত্রং চ (দাম) সন্দেহে (পূর্বদাম্না যোজয়া-
মাস) ॥ ১৫ ॥

অনুবাদ। তখন অপরাধী বালকের বন্ধনকালে সেই
বন্ধন রজ্জু দুই অঙ্গুলি পরিমাণ হৃদ হওয়ার যশোদা তাহার
সহিত অস্ত্র রজ্জু যোগ করিলেন ॥ ১৫ ॥

বিশ্বনাথ। প্রেম্না সম্ভবিয়াত্মপি তন্ত বন্ধনে প্রথমং
তদাকারস্ত মাতকোড়পরিচ্ছিন্নত্মপি বিভূতমাহ ত্রিভিঃ।
তদামেতি। সহচরৈঃ সহ খেলনং পয়গৃহেষু দধিচৌর্যং
চাবজ্ঞকং প্রাতাহিকং কৃত্যং চিকীর্ষোর্ময় বন্ধনং মা ভব-
ত্বিতি তদিচ্ছায়াং জাতায়াং যৎপ্রভুং কা বধ্যাদিতি তদৌহ-
সত্যসঙ্কলিতাশক্ত্যা প্রেরিতা বিভূতাশক্তিঃ সহসৈব তদেহে
প্রাহুরভূদিত্যাহ ; দ্ব্যঙ্গুলোনং দ্বাভ্যামঙ্গুলীভ্যামপূর্ণম্।
ততশ্চ তেন দাম্না সহ অস্ত্রদাম সন্দেহে গ্রহিৎ দম্বা
জুগুক্ষেত্যর্থঃ ॥ ১৫ ॥

যদাসীৎ তদপি নানং তেনান্তদপি সন্দেহে।

তদপি দ্ব্যঙ্গুলং নানং যদ্যদাদন্ত বন্ধনম্ ॥ ১৬ ॥

অর্থঃ। যৎ (গৃহীতং দাম) তৎ অপি দ্ব্যঙ্গুলং নানং
(হৃদ্বঃ) আসীৎ তেন অস্ত্রং অপি সন্দেহে তৎ অপি দ্ব্যঙ্গুলং
নানং এবং যৎ যৎ বন্ধনং (দাম) আদন্ত (গৃহীতবতী
সর্বমেব দ্ব্যঙ্গুলং নানং জাতম্) ॥ ১৬ ॥

অনুবাদ। সেই রজ্জুও দুই অঙ্গুলি হৃদ্ব হইল।
তখন অস্ত্র রজ্জু যোগ করিলেন। তাহাও সেইরূপ হৃদ্ব
হইল। এইরূপে যত রজ্জু গ্রহণ করিতেছিলেন সেই
সমস্তই দুই অঙ্গুলি হৃদ্ব হইতে লাগিল ॥ ১৬ ॥

বিশ্বনাথ। বধ্যভেহেনেনেতি বন্ধনং দাম ॥ ১৬ ॥

এবং স্বগেহদামানি যশোদা সন্দেহত্মপি।

গোপীনাং স্নানস্তনীনাং স্নানস্তী বিন্মিতাভবৎ ॥ ১৭ ॥

অর্থঃ। এবং (প্রকারেণ) স্বগেহদামানি (নিম্ন
গৃহস্থিতসর্বরজ্জুঃ) সন্দেহতী অপি যশোদা (বধ্যমানস্তাঃ)
স্নানস্তনীনাং (হাসংকূর্বতীনাং) গোপীনাং (সমুখে) স্নানস্তী
(স্বয়মপিহাসং কূর্বতী) বিন্মিতা (শাস্তার্থা) অভবৎ ॥ ১৭ ॥

অনুবাদ। এইরূপে নিজগৃহের সমস্ত রজ্জু গ্রহণ করিয়াও যখন যশোদা তাঁহাকে বন্ধন করিতে পারিলেন না তখন গোপীগণ হস্ত করিতে লাগিলেন এবং যশোদাও হস্ত করিতে করিতে বিশ্বমাপন্ন হইলেন । ১৭ ॥

বিশ্বনাথ। গোপীনাং গোপীষু প্রতিবেশি পুরন্দ্রীষু স্বশ্রমমানাসু সতীষু বিশ্বিতেত্যাহো মুষ্টিপরিমিতমশ্রোদরং স্ততঃস্তুপরিমিতেন দাম্যাপি ন বেষ্টাতে । তজ্জোদরং তিল-মাত্রমপি ন বিপুলীভবতি, দাম্যাপ্যঙ্গুলিমাত্রমপি ন ন্যূনীভবতি, তদপি বেষ্টনং ন পূৰ্ণত ইত্যেকো বিশ্বমঃ । প্রতি-সারমেব বেষ্টনে দ্ব্যঙ্গুলন্যূনতৈব নতু ত্র্যঙ্গুল চতুরঙ্গুলাদি ন্যূনত্বেনৈতি দ্বিতীয়চ্চ বিশ্বমঃ । ১৭ ॥

স্বমাতুঃ স্বিন্নগাত্রায়া বিশ্বস্তকবরশ্রজঃ ।

দৃষ্টঃ। পরিশ্রমঃ কৃষ্ণঃ কৃপয়াসীৎ স্ববন্ধনে ॥ ১৮ ॥

অর্থ। (অথ প্রমাৎ) স্বিন্নগাত্রায়াঃ (ঘর্মান্তরী-
য়ায়াঃ) বিশ্বস্তকবরশ্রজঃ (বিশ্বস্তা পতিতা কবরশ্রজ্ কেশ-
বন্ধনং মালাং বস্ত্রাঃ তস্তাঃ) স্বমাতুঃ (যশোদায়াঃ) পরিশ্রমঃ
(ক্লান্তিঃ) দৃষ্টঃ কৃষ্ণঃ কৃপয়া স্ববন্ধনে (স্বয়মেব বন্ধনে)
আসীৎ ॥ ১৮ ॥

অনুবাদ। তৎকালে পরিশ্রমে তাঁহার শরীর ঘর্মান্ত
এবং কেশবন্ধনস্থিত মালা অলিত হইতেছিল। বালক
তখন মাতাকে পরিশ্রান্তা দেখিয়া কৃপাপূর্বক স্বয়ং বন্ধনগ্রস্ত
হইলেন । ১৮ ॥

বিশ্বনাথ। ততশ্চাহো যুগ্মিয়ানতিদীর্ঘকিঙ্কি-
রেষুতাবলগ্রহস্ত গৃহস্থিতসর্বদামাড়িরপি স্ববন্ধনং ন
নিশাশ্রুতে তদন্ত ওভং, যৎ বালকস্ত ললাটপঞ্চে বিধাতা
বন্ধনং ন লিখিতমিত্যাহমীষতে তদিত উত্তমাৎ “প্রিয়সখি
যশোদে বিরম্যতাম্” ইতি পুরন্দ্রীজনপ্রবোধিতয়াপি যশো-
দয়াস্ত সন্ধ্যাপৰ্যন্তমপ্যেতদঙ্গীমষ্টৈরপি দাম্যভিগ্রথিতৈরেত-
দহরস্তবেশিরিমজ্জিধজিবদীর্ঘ ইতি প্রৌঢ়বাদনত্যা পুত্রোভিমত্যা
পঞ্চদশবরমদ্যোক্তমেতদপরিভ্যাজে সতি ভক্তভগবতোৰ্মধ্যে
ভ্যক্তহৃতাঃ প্রসঙ্গিতৈসিভ্যতো মকতুঃ অম্মমালক্য স্বাত্ববৎসলো
ভগবান্বেদে স্বহৃৎ প্রত্যাভ্যাহোহঃ—স ইতি স্বমাতুরিতি চ
পাঠঃ । কৃষ্ণয়েতি সৰ্বপক্ষিচক্রমণ্ডিনী পরমভাষতী ভগ-

বচিভ্যং নবনীতমিব বিক্রতীকৃত্য তত্র স্বয়ং প্রাহুর্ভূয়
পূর্বোক্ততে সত্যমঙ্করতা বিভূতাশক্তী তত্র সহসৈবাত্তর্ধাপয়া-
মাসেত্যর্থঃ । অত্র পরিশ্রমমিতি রূপয়েত্যাভ্যাং দ্ব্যঙ্গুল-
ন্যূনতা-সমাহিতা ভক্তনিষ্ঠা ভক্তনোথা শ্রান্তিস্তদর্শনোথা
অনিষ্ঠা কৃপাচেতি দ্ব্যভ্যায়েব ভগবান্ বন্ধো ভবেৎ । তে
দে যাবদ্ব্যভ্যং তাবদ্ব্যঙ্গুলন্যূনতা আসীৎ । তয়োৰুভূতয়োস্ত
বন্ধোহভূদिति প্রেন্না স্ববন্ধন-প্রকার স্বমাতরি স্বয়মদাহতো
ভগবতোঁত জ্ঞেয়ম্ ॥ ১৮ ॥

এবং সন্দর্শিতা হৃদ্য হরিণা ভূতাবশ্রুতা ।

স্ববশেনাপি কৃষ্ণেন যশোদং সেশ্বরং বশে ॥ ১৯ ॥

অর্থ। যশু বশে (আধিতে) সেশ্বরং (সমহেশ্বরং)
ইদং (বিশ্বং বর্ততে) অত্র (সদোধনে তেন) স্ববশেন
(আধীনেন) হরিণা কৃষ্ণেন এবং (পূর্বপ্রকারেণ) ভূতা-
বশ্রুতা (ভক্তাধীনতা) সন্দর্শিতা (প্রকাশিতা) ॥ ১৯ ॥

অনুবাদ। হে রাজন, মহেশ্বরের সঙ্গিত এই নিখিল
বিশ্ব বাহার বশীভূত, সেই স্বতন্ত্র হরি শ্রীকৃষ্ণ এইরূপে
নিজের ভক্তের বশ্রুতা প্রদর্শন করিলেন ॥ ১৯ ॥

বিশ্বনাথ। ভগবতঃ পরমপারমেশ্বরে সত্যপি প্রেম-
বশ্রুতা-নিবন্ধনং বন্ধনমিদং পরমচমৎকারিত্বাদ্ভ্যুৎপন্নমেব নতু
দুষ্প্রমিত্যাহ,—এবং হরিণা স্বশ্রু আত্মারামাত্ত্বেহপি বৃভূক্ষয়া
পূর্ণকাম্যত্বেহপ্যতৃপ্ত্যা শুদ্ধসত্ত্বরূপত্বেহপি কোপেন স্বারাজ্য-
লক্ষ্মীমত্বেহপি চৌর্ধ্বেণ । মহাকালযমাদিভয়দেহপি ভয়-
পলায়নাত্যাং মনোহগ্রযানত্বেহপি মাত্রা বলাদ্যুৎপন্নেন
আনন্দময়ত্বেহপি হৃৎখরোদনেন সর্বব্যাপকত্বেহপি বন্ধনেন
ভক্তবশ্রুতা স্বাভাবিকোব স্বশ্রু সম্যক্ দর্শিতা । অজ্ঞান
প্রতিদর্শনার উপযোগাভাবাৎ ব্রহ্মভব-সনৎকুমারাদীন
বিজ্ঞানপ্যতিচমৎকারং প্রাপ্যাহুভাবিতেতি নেদমহকরণ-
মাত্রত্বেন ব্যাখ্যায়ম্ । “দর্শয়ন্তুদ্বিধাং লোকে আত্মনো
ভক্তবশ্রুতাম্” ইত্যত্র তদ্বিধামিতি প্রয়োগাদিতি ভাবঃ ।
স্ববশেন স্বাধীনেনাপি । নহু তর্হি কৃতঃ স্বাধীনত্বং, তত্রাহঃ
—যন্তেতি চিহ্নিত্তিসারভূতেন প্রেন্নৈব তত্ত্রানন্দাভিশয়া-
মেব ভক্তবশ্রুতঃ নিষ্পাত্যত ইতি প্রাক্ প্রপঞ্চিতম্ ॥ ১৯ ॥

নেমং বিরিক্ণো ন ভবো ন শ্রীরপাঙ্গসংশ্রয়া।

প্রসাদং লেভিরে গোপী যত্ত্বং প্রাপ বিমুক্তিদাং ॥২০॥

অর্থঃ। গোপী (যশোদা) বিমুক্তিদাং (জগন্মুক্তি-প্রদায়কাং কৃষ্ণাং) তৎ যৎ প্রাপঃ (যাদৃশমভুগ্রহং প্রাপ্তা) বিরিক্ণঃ ন (ব্রহ্মা ন) ভবঃ (শঙ্করঃ) ন অঙ্গ সংশ্রয়া (সর্বদা ভগবদর্ধাঙ্গবিলাসিনী) শ্রীঃ (লক্ষ্মীঃ) অপি ন ইমং (যশোদা-সদৃশং) প্রসাদং (অভুগ্রহং) লেভিরে (ন প্রাপ্তা) ॥২০॥

অনুবাদ। গোপী যশোদা জগতের মুক্তিদাতা শ্রীকৃষ্ণের নিকট হইতে যে রূপ অভুগ্রহ লাভ করিয়াছিলেন ব্রহ্মা, মহেশ্বর এমন কি, সর্বদা ভগবানের অর্ধাঙ্গবিলাসিনী লক্ষ্মী-দেবীও তাদৃশ অভুগ্রহ প্রাপ্ত হন নাই ॥ ২০ ॥

বিশ্বনাথ। ভক্তবশস্ত তস্ত ভক্তেষপি মধ্যে ব্রজেশ্বর্য আধিক্যমপারং বশ্তাত্তিশয়দর্শনেন সরোমাক্ষমাহ;—
নেমমিতি। বিশিষ্টা মুক্তিঃ বিমুক্তিঃ, প্রেমা তৎ প্রদাদপি কৃষ্ণাং যৎ প্রসাদং গোপী শ্রীযশোদা প্রাপ্ত তৎ তৎ প্রসাদং বিরিক্ণো ভবঃ শ্রীরপি ন লেভিরে ন লেভিরে ন লেভির ইত্যর্থঃ। নঞ্ ত্রয়েণ লেভিরে ইত্যস্ত ত্রিরাবৃত্ত্যা প্রাপ্ত্য-ভাবাতিশয় উক্তঃ। যদ্বা বিরিক্ণোভবঃ শ্রীরপি প্রসাদং ন লেভিরে অপি তু প্রসাদং লেভির এব। কিন্তু গোপী যৎ প্রসাদং প্রাপ ইমং ন লেভিরে ইত্যর্থঃ। বিরিক্ণঃ পুত্রো-হপি স “আদিদেবোজগতাং পরো গুরু”রিত্যুক্তেভক্তানা-দিগুরুরপি ভবঃ স্বাত্মাপি “বৈষ্ণবানাং যথা শঙ্কু”রিত্যুক্তে-স্ততোহপ্যুৎকর্ষবানপি শ্রীর্জায়াপি অঙ্গসংশ্রয়েন সখ্যভক্তি-রসবত্যাং দাসাভ্যাং তাভ্যামুৎকর্ষবতাপি বশ্তাঃ সকাশাং প্রেমা ন্যূনা এব সা যশোদা সাধনসিদ্ধা পূর্বজন্মনি ব্রহ্মদত্ত-বরা ধরা আসীদিতি মহানেবানয়ঃ নহি ব্রহ্মণো বরদান-লভ্যমেতাদৃশং প্রেমমৌভাগ্যং ভবিতুমর্হতি স ব্রহ্মাপি “তদ্বিরিভাগ্যমিহ জন্মকিমপ্যটব্যম্”মিতি প্রার্থয়মানোহস্তা ন্যূনাতিন্যূন কক্ষায়ামেব গণ্যত ইত্যতঃ শ্রুতি-স্মৃত্যাগম-প্রসিদ্ধে নিত্যসিদ্ধে এব নন্দ যশোদে জয়া জ্ঞেয়ে। “নন্দঃ কিসকরোহুঙ্ক শ্রেয় এবঃ মহোদয়ম্” যশোদা বেত্যল্লবিমর্শে স্বদীয় প্রেমে যদ্যপি স্বল্প প্রায়ে জ্ঞোণো বহুনাং প্রবর ইতি তদেকাংশাশ্রয়ং প্রত্যুত্তরং দৃষ্টমিতি ভাবঃ ॥ ২০ ॥

নায়াং সুখাপো ভগবান্ দেহিনাং গোপিকাসুতঃ।

জ্ঞানিনাঞ্চাত্মভূতানাং যথা ভক্তিমতামিহ ॥ ২১ ॥

অর্থঃ। অয়ং ভগবান্ গোপিকাসুতঃ ইহ (জগতি) ভক্তিমতাং (ভক্তানাং) যথা (যাদৃক্) সুখাপঃ (সুখ-লভ্যঃ) দেহিনাং (দেহাভিমানিনাং তাপসাদীনাম্) আত্ম-ভূতানাং (আত্মদর্শিনাং) জ্ঞানিনাং (নিবৃত্তাভিমানানাঞ্চ) ন (তাদৃক্ সুখলভ্যঃ ভবতি) ॥ ২১ ॥

অনুবাদ। গোপিকাসুত ভগবান্ শ্রীকৃষ্ণ ভক্তগণের পক্ষে যে রূপ সুখভ, দেহাভিমानी তাপস কিম্বা আত্মদর্শ জ্ঞানীগণের পক্ষে সে রূপ নহেন। (অর্থাৎ তপস্বী বা জ্ঞানী অতি কষ্টে ভগবানকে লাভ করিবার পরিবর্তে তাঁহার অসম্যক্ বা আংশিক প্রভাবকে লাভ করে) ॥ ২১ ॥

বিশ্বনাথ। কিঞ্চ শ্রীভাগবতেহস্মিন্ ভগবৎ প্রেমেব সর্বপুরুষার্থশিরোমণিভেনোদযুগ্মতে তস্ত মূলভূতাপ্রয়াগাং ভক্তানাং মধ্যে নিত্যসিদ্ধিঃ এব তস্ত নিত্যস্থিতিঃ সম্ভবেৎ, তেষপি মধ্যে গোকুলবর্তিনস্তন্যাত্মদয় এব শ্রেষ্ঠাঃ যেযাং বাৎসল্যাদিভাববিষয়ীভূতঃ কৃষ্ণস্তদভুগমন-ভক্তিমন্তিরেব স্থলভো নান্তৈরিত্যাহ—নাযমিতি। অয়ং গোপিকাসুতো ন সুখাপঃ কেযাং দেহিনাং দেহাধ্যাসবতাং ভক্তিমতাং জ্ঞানিনাং দেহাধ্যাপরহিতানাং আত্মারামভক্তানাং তথা-ভূতেষু সতোব প্রাপ্তিযোগ্যতায়াম্ নিষেধসম্ভবাং আত্ম-ভূতানাং পূর্বলোকনির্দিষ্টানাং বিরিক্ণভবপ্রিয়াং তত্র বিরিক্ণ-ভবয়োঃ স্বাবতারেন লক্ষ্ম্যাঃ স্বরূপশক্তিভেনাত্মভূতত্বং এবং ত্রিবিধজনানাং গোপিকাসুতো ভগবান্ ন সুখাপঃ। কিং তদिति বিকৃষ্টকৌশল্যাদিসুত এব দুঃখমেবাভিব্যঞ্জয়তি। যথা ইহ শ্রীযশোদায়ামেতদুপলক্ষিতেষু বাৎসল্যসখ্যাক্ত-ভাবাশ্রয়েষু ব্রজলোকেষু যা ভক্তিঃ ত্রিষ উরগেজ্রভোগভূ-দণ্ডেত্যাদিনা যথা তল্লোকবাগিষ্ঠ ইত্যাদিনা চ ব্যঞ্জিতা। শ্রুত্যাদিভিন্নভুগতিময়ী তদ্বতাং যথা সুখাপস্তথা নেতি তেন গোপিকাসুতভুগতিময়স্বন্যতা-দুঃখাদীকারস্ত বিরিক্ণ-ভব-লক্ষ্যাদিভিন্নীয্যাভিমানিভিঃ স্বল্প-লোকস্থিতৈর্দুঃখক এব অজ্ঞেয়ান্ত তাদৃশোপদেশস্তলাভানরোচকত্বাচ্চ তদভুগতাভাব এবৈতি ভাবঃ। তত্র সুখাপ দুঃখাপশব্দাভ্যাং প্রাপ্ত্যপ্রাপ্তী এবোচ্যতে ইতি কেচিদাহঃ ॥ ২১ ॥



কৃষ্ণস্ত গৃহকৃত্যেষু ব্যগ্রায়াং মাতরি প্রভুঃ ।

অত্রাকীদৰ্জুনো পূৰ্বং গুহ্যকৌ ধনদাঅজৌ ॥ ২২ ॥

অর্থঃ । মাতরি (বশোদায়াং) গৃহকৃত্যেষু (গৃহ-
কার্যেষু) ব্যগ্রায়াং (ব্যস্তায়াং সত্যং) প্রভুঃ কৃষ্ণঃ পূৰ্বং
(পূৰ্বজন্মনি) ধনদাঅজৌ (কুবের পুত্রৌ) গুহ্যকৌ (দেব-
যোনিবিশেষৌ) অজুনৌ (ইহ জন্মনি অজুনবৃক্ষরূপেণ
জাতৌ) অত্রাকীং (অপত্যং) ॥ ২২ ॥

অনুবাদ । মাতা গৃহকার্যে ব্যস্ত থাকিলে প্রভু শ্রীকৃষ্ণ
পূৰ্বজন্মে কুবেরের পুত্র গুহ্যকষয় যাহারা ইহ জন্মে অজুন-
বৃক্ষ বৃগলে পরিণত হইয়াছেন তাহা দেখিতে পাইলেন ॥ ২২ ॥

বিশ্বনাথ । ভক্তৈৰ্বহুস্তাপান্তমোচকত্বং বক্তুমাহ কৃষ্ণ-
স্থিতি ॥ ২২ ॥

পুরা নারদশাপেন বৃক্ষতাং প্রাপিতৌ মদাং ।

নলকুবরমণিগ্রীবাবিতি খ্যাতৌ শ্রিয়্যামিতৌ ॥ ২৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে ব্রহ্মসূত্রভাষ্যে পারম-

হংস্তাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে

উল্খলবন্ধনং নাম নবমোহধ্যায়ঃ ।

অর্থঃ । (তৌ) পুরা (পূৰ্বকালে) নলকুবরমণি-
গ্রীবৌ ইতি খ্যাতৌ (নাম্না প্রসিকৌ) শ্রিয়্যামিতৌ
(সৌভাগ্যযুক্তৌ সৌন্দর্যযুক্তৌ বা আস্তাং পশ্চাৎ) মদাং
(গৰ্বহেতোঃ) নারদশাপেন (নারদমুনেরাভিসম্পাতেন)
বৃক্ষতাং প্রাপিতৌ (গমিতৌ অভবতাম্) ॥ ২৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে নবমাধ্যায়স্যায়ম্ ।

অনুবাদ । তাঁহারা পূৰ্বজন্মে নলকুবর ও মণিগ্রীব
নামে খ্যাত এবং সৌভাগ্যশালী ছিলেন । পরে গৰ্বহেতু
নারদমুনির অভিসম্পাতে বৃক্ষত্ব প্রাপ্ত হইয়াছিলেন ॥ ২৩ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে নবম অধ্যায়ের
অনুবাদ সমাপ্ত ।

বিশ্বনাথ ।

ঋণিত্বাদেব বন্ধোহহং মাত্ৰা তদনুভবন ।

কিং কুৰ্ব ইতি সংচিন্ত্য মোচয়ত্বং পুরজমৌ ॥ ২৩ ॥

ইতি সারার্থদর্শিত্বাং হর্ষিণ্যাং ভক্তচেতসাম্ ।

দশমে নবমোহধ্যায়ঃ সঙ্কতঃ সঙ্কতঃ সত্যম্ ॥

ইতি শ্রীবিশ্বনাথচক্রবর্তীচক্রকৃতা শ্রীভাগবতে দশমস্কন্ধে
নবমাধ্যায়স্ত সারার্থদর্শিনৌ টীকা সমাপ্তা ।

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে নবম অধ্যায়ের
গৌড়ীয়-ভাষ্য সমাপ্ত ।

দশমোহধ্যায়ঃ

গৌড়ীয়-ভাষ্য ।

দশম অধ্যায়ের কথাগার ।

এই অধ্যায়ে কৃষ্ণের যমলাজুনভঞ্জন-রহস্ত ও যমলা-
জুনবৃক্ষ হইতে নির্গত কুবেরাস্ত্রজঘের দিব্যদেহ ধারণপূর্বক
কৃষ্ণস্ততি বর্ণিত হইয়াছে ।

কুসাহচর হইয়াও ঐশ্বর্যমদমত্ত যথেক্ষাচাররত কুবের-
পুত্রজয় একদিন যম্মাকিনী-ভটে বিবস্ত্র স্ত্রীগণসহ নগাবস্থায়
বিহার করিতেছিল, যথেক্ষাক্রমে ভ্রমণ করিতে করিতে
দেবর্ষি নারদ ওধায় উপস্থিত হইলেন কিন্তু তাহারা এতদূর

ঐশ্বর্যমদে মত্ত হইয়াছিল যে, দেবর্ষিকে দেখিয়াও তাহাদের
চৈতন্য হইল না । ঐশ্বর্য-মদে উহাদের জ্ঞানচক্ষু নষ্ট
হইয়াছিল । ঐশ্বর্যই যাবতীয় অনর্থের মূল । ঐশ্বর্যভি-
মানী অসংযতেজ্জিয় ব্যক্তিদিগকে সাধুগণও উপেক্ষা করিয়া
থাকেন । ঐ সকল ঐশ্বর্যমদমত্তের পক্ষে দারিদ্র্যই
পরম অঞ্জন-স্বরূপ, দারিদ্র্যক্লেশ ইঞ্জির সংযম করিবার
উপায় । দরিদ্রব্যক্তিগণের অভিমান অপেক্ষাকৃত স্বল্প
বলিয়া তাহারা পরস্বত্বত্বপে সহ্যভূতিবিশিষ্ট এবং সাধু-
দিগের কৃপার পাত্র । সুতরাং মহাভাগবত নারদ ঐ
কুবেরাস্ত্রজঘের পক্ষে আচ্ছাদিত-চেতন স্বাবর দেহ লাভই

সমীচীন বিবেচনা করিয়া উহাদিগকে অভিসম্পাত করিয়া শতবর্ষান্তে শাপমুক্ত হইবে বলিয়া দিলেন। কৃপায় বৈষ্ণবের দণ্ডে জীবের পরম মঙ্গল সাধন করে সুতরাং বৈষ্ণবের দণ্ডই দয়া, জীবহিংসা নহে। দেবর্ষির শাপে কুবের-পুত্র নলকুবের ও মণিগ্রীব গোকুলে যমলাজুন বৃক্ষরূপে জন্মগ্রহণ করিল। নারদ-কৃপায় তাহাদের পূর্বস্থিতি জাগরক ছিল। শতবর্ষ পরে শ্রীকৃষ্ণ ভক্ত-বাক্য রক্ষার্থ বাল্যলীলায় উল্লুখল বন্ধাবস্থায় ঐ বৃক্ষদ্বয় উৎপাটিত করিলে উহা হইতে দিবা দেহধারী কুবের পুত্রদ্বয় নির্গত হইয়া সর্বকল্যাণ-বিধাতা সর্বেশ্বরের শ্রীকৃষ্ণকে পরমতত্ত্বপূর্ণ বাক্য স্তুতি করিলেন, পরে নিজদিগের প্রতি দেবর্ষি নারদের শাপ প্রদানরূপ অনুগ্রহ জ্ঞাপনপূর্বক কৃষ্ণ-সকাশে ভক্ত ও ভগবানে রতি প্রার্থনা করিলেন। ভগবানও তাহাদিগের নিকট ভক্ত-মাহাত্ম্য এবং ভক্ত-কৃপায় ভগবদর্শন লাভ প্রভৃতি বর্ণন করিলে কুবের-পুত্রদ্বয় ভগবানকে বাহ্যতঃ প্রদক্ষিণপূর্বক উত্তরাভিমুখে প্রস্থান করিলেন।

শ্রীরাজোবাচ ।

কথ্যতাং ভগবন্তেতত্ত্বয়োঃ শাপস্ত কারণম্ ।

যৎ তদ্ বিগর্হিতং কর্ম যেন বা দেবর্ষেস্তমঃ ॥ ১ ॥

অন্বয় । শ্রীরাজা উবাচ—(মহারাজঃ পরীক্ষিৎ শুক-দেবঃ প্রতি কথয়ামাস) হে ভগবন্, (মুনিবর), তথ্যোঃ (কুবেরপুত্রয়োঃ) শাপস্ত এতৎ কারণং কথ্যতাং যৎ বিগর্হিতং (নিদ্ভিতং) কর্ম (ভাভ্যাং কৃতং) তৎ বা (কথ্যতাং) যেন (কর্মণা) দেবর্ষেঃ (পরম ভাগবতশ্রুতি নারদমুনেঃ) তমঃ (ক্রোধঃ ভাতঃ) ॥ ১ ॥

অনুবাদ । মহারাজ পরীক্ষিৎ বলিলেন—হে পরমারাধ্য মুনিবর, সেই কুবের-পুত্রদ্বয়ের শাপের কারণ কি? তাহারা এমন কি নিদ্ভিত কর্মই বা করিয়াছিল যাহাতে দেবর্ষি নারদেরও ক্রোধোৎপত্তি হইয়াছিল? এ সকল কথা আমাকে বলুন । ১ ॥

বিবৃণনাথ ।

কুবেরাভ্যয়োঃ শাপকথ্যক্রোদ্ধা পুরাতনৌ ।

তদ্বিমোচয়িতা কৃষ্ণস্তাভ্যাস্ত দশমে স্ততে ॥

তথ্যোবিগর্হিতং যৎ কর্ম যেন বা কর্মণা দেবর্ষেয়পি তমঃ ক্রোধ এতত্ত্বয়োঃ শাপস্ত কারণং কথ্যতা-মিত্যবয়ঃ ॥ ১ ॥

শ্রীশুক উবাচ ।

রুদ্রাস্তানুচরৌ ভূষা শূদৃণৌ ধনদাত্তজৌ ।

কৈলাসোপবনে রম্যে মন্দাকিন্তাং মদোৎকটৌ ॥ ২ ॥

বারুণীং মদিরাং পীত্বা মদাঘূর্ণিতলোচনৌ ।

শ্রীজনৈরনুগায়ন্তিচেরতুঃ পুষ্পিতে বনে ॥ ৩ ॥

অন্বয় । শ্রীশুক উবাচ—(তৌ) ধনদাত্তজৌ (কুবের-পুত্রৌ) শূদৃণৌ (গবিতৌ সন্তৌ) রুদ্রস্ত (মহাদেবস্ত) অনুচরৌ (সহচরৌ) ভূষা (অপি) রম্যে (সুন্দরে) কৈলাসোপবনে (কৈলাসপর্বতস্থে উপবনে) মন্দাকিন্তাং (গঙ্গায়াং) মদোৎকটৌ (অতীব মদযুক্তৌ) বারুণীং (ভরাগ্নীং) মদিরাং পীত্বা মদাঘূর্ণিতলোচনৌ (মত্তত্ত্বা ঘূর্ণিতনেজৌ) অনুগায়ন্তিঃ (গায়ন্তৌ তৌ অনু সহ পশ্চাদ্ গানং কুর্বন্তিঃ) শ্রীজনৈঃ (নারীভিঃ সহ) পুষ্পিতে বনে চেরতুঃ ॥ ২-৩ ॥

অনুবাদ । শ্রীশুকদেব কহিলেন,—(হে রাজন্,) কুবের-পুত্রদ্বয় অতীব গবিত হইয়াছিল। রুদ্রের অনুচর হইয়াও উৎকট মদমত্ত সেই দুইজন কৈলাস পর্বতস্থ সুরমা উপবনে মন্দাকিনীতে বারুণী নাম্নী মদিরা পান করিয়া মদঘূর্ণিত লোচনে নারীগণের সহিত পুষ্পশোভিত বনে বিচরণ করিত। তৎকালে তাহারা গান করিলে নারীগণও সঙ্গে সঙ্গে গান করিত ॥ ২-৩ ॥

অন্তঃ প্রবিষ্ট গঙ্গায়ামন্তোজবনরাজিনি ।

চিক্রীড়তুযুর্বতিভির্গজাবিব করেণুভিঃ ॥ ৪ ॥

অন্বয় । অন্তোজবনরাজিনি (অন্তোজানাং পদ্মানাং বনানি তেষাং রাজয়ঃ বহু তস্মিন্) গঙ্গায়াং অন্তঃ (গঙ্গায়াঃ মধ্যে) প্রবিষ্ট গজৌ (মত্তহস্তিনৌ) করেণুভিঃ ইব (হস্তিনীভিঃ সহ যথা ক্রীড়তঃ তৎ) যুবতীভিঃ (সহ) চিক্রীড়তুঃ (ক্রীড়াং চকৃতুঃ) ॥ ৪ ॥

অনুবাদ । তাহারা পদ্মবন-হ্রদোভিত গঙ্গা-মধ্যে

প্রবেশপূর্বক মন্তহন্তী যেরূপ হস্তিনীগণের সঙ্গে ক্রীড়া করে সেইরূপ ধুবতীগণের সঙ্গে বিহার করিতেছিল । ৪ ।

বিশ্বনাথ । গন্ধায়াং চিক্রীড়তুঃ কিং কৃত্বা অন্তর্মধ্যে প্রবিষ্ট কীদৃশে অন্তোজানাং বনরাজির্জিহ্ব তস্মিন্ । ৪ ।

যদৃচ্ছয়া চ দেবর্ষির্ভগবাংস্তত্র কৌরব ।

অপশ্চন্নারদো দেবো ক্রীবাণৌ সমবুধ্যত ॥ ৫ ॥

অর্থ । হে কৌরব, (পরীক্ষিং), ভগবান্ দেবর্ষিঃ নারদঃ যদৃচ্ছয়া (তয়োঃ কেনাপি ভাগ্যোদয়েনৈত্যর্থঃ) তত্র (উপস্থিতঃ সন্) (ভৌ) দেবো (কুমারৌ) অপশ্চৎ (দৃষ্ট-বান্) ক্রীবাণৌ (যদমন্তৌ ইতি চ) সমবুধ্যত (জ্ঞাতবান্) ॥ ৫ ॥

অনুবাদ । হে পরীক্ষিং, তৎকালে পরমপূজ্য দেবর্ষি নারদ তাহাদের ভক্ত্যনুগৃহী কোন প্রকার স্মৃতি ফলে তথায় উপস্থিত হইয়া সেই কুমারদ্বয়কে দেখিতে পাইলেন এবং মনমন্ত বলিয়া বুঝিতে পারিলেন । ৫ ।

বিশ্বনাথ । দৃষ্টা চ ক্রীবাণৌ মন্তৌ সমবুধ্যতেতি মন্তোরনন্যোর্থম্ কৃপা ন ফলবতী ভবিষ্যতীতি তয়োর্মদা-পনোদনার্থং দধ্যাবিতি ভাবঃ । ৫ ॥

তং দৃষ্টা ত্রীড়িতা দেবো বিবজ্রাঃ শাপশক্তিতাঃ ।

বাসাংসি পর্যধুঃ শীঘ্রং বিবজ্রৌ নৈব গুহ্যকৌ ॥ ৬ ॥

অর্থ । তং (নারদং) দৃষ্টা বিবজ্রাঃ (নগ্নাঃ) দেব্যাঃ (দেবকন্তকাঃ) ত্রীড়িতাঃ (লজ্জিতাঃ) শাপশক্তিতাঃ (অভিষাপ ভয়যুক্তাঃ সত্যঃ) শীঘ্রং বাসাংসি পর্যধুঃ (পরিদধানঃ বভূবুঃ) বিবজ্রৌ (নগ্নৌ) গুহ্যকৌ (কুবের-পুত্রৌ) ন (বাসাংসি ন পরিহিতবস্তৌ) ॥ ৬ ॥

অনুবাদ । নারদকে দেখিয়া নগ্নাদেবকন্তাগণ লজ্জিতা এবং অভিষাপভয়ে ভীতা হইয়া সত্তর বস্ত্র পরিধান করিলেন কিন্তু নগ্ন কুবের-পুত্রদ্বয় বস্ত্র পরিধান করিলেন না । ৬ ।

ভৌ দৃষ্টা মদিরামন্তৌ শ্রীমদাকৌ সুরাস্বজৌ ।

তয়োঃপুত্রগ্রহার্থায় শাপং দাস্ত্রন্নিদং জগৌ ॥ ৭ ॥

অর্থ । ভৌ সুরাস্বজৌ (দেবপুত্রৌ) শ্রীমদাকৌ (ঐশ্বর্য-গর্বিতৌ) মদিরামন্তৌ (চ) দৃষ্টা তয়োঃ অহ-

গ্রহার্থায় (ভবিষ্যন্নক্সলায়) শাপং দাস্ত্রন্ (দাতুং ইচ্ছন্) ইদং (বক্ষ্যমাণং) জগৌ (উবাচ) ॥ ৭ ॥

অনুবাদ । দেবর্ষি সেই দেবপুত্রদ্বয়কে ঐশ্বর্যমদে এবং মদিরামদে মন্ত দেখিয়া তাহাদের প্রতি অহুগ্রহ করিবার জন্য শাপ প্রদানে ইচ্ছুক হইয়া একরূপ বলিয়াছিলেন । ৭ ॥

বিশ্বনাথ । অহুগ্রহস্ত অর্থঃ ফলং ভগবৎসাক্ষাৎকার-সুদর্থং শাপং দাস্ত্রন্বিতি যথা ; অতিবৎসলঃ পিত্রাদিকোহতি-মধুরং ক্রীরাদিকং ভোজয়িষ্ণু পুত্রাদিকমতিনিদ্রাণমালক্ষ্য তন্নিদ্রাভঙ্গার্থং নখদ্বাঘাতং করোতি তদ্বদিত্যর্থঃ । জগা-বিত্যন্তেহপি শ্রদ্ধা স্বহিতং জানত্বিতি ভাবঃ । ৭ ॥

শ্রীনারদ উবাচ ।

হস্তৌ জুষতে জ্যোত্যান্ বুদ্ধিভ্রংশো রজোগুণঃ ।

শ্রীমদাদাভিজাত্যাদির্যত্র স্ত্রী দূতমাসবঃ ॥ ৮ ॥

অর্থ । শ্রীনারদ উবাচ—জ্যোত্যান্ (প্রিয়ান্ বিষয়ান্) জুষতঃ (সেবমানস্ত পুংসঃ) শ্রীমদাং (ধনগর্বাং) অস্ত্রঃ (ভিন্নঃ) অভিজাত্যাদিঃ (সংকুলবিজ্ঞাদিজনিতমদঃ) রজো-গুণঃ (রজঃ কার্ণং) ন হি (ন তথা) বুদ্ধিভ্রংশঃ (বুদ্ধিনাশকঃ ভবতি) যত্র (শ্রীমদে) স্ত্রী (স্ত্রীসন্তোগঃ) দূতং (অক্ষ-ক্রীড়া দি) আসবঃ (মদিরাচ নিয়তভাবেন বর্ততে) ॥ ৮ ॥

অনুবাদ । শ্রীনারদ বলিলেন,—প্রিয় উপভোগ্য বিষয় সকলের সেবায় আসক্ত পুরুষের ধনগর্ব যেরূপ বুদ্ধি নাশ করিয়া থাকে সংকুল কিস্বা বিদ্যা প্রভৃতি হইতে উৎপন্ন গর্ব তাদৃশ বুদ্ধিনাশ করে না। যেহেতু ঐ ধনগর্ব জন্মিলে জীমন্তোগ, অক্ষক্রীড়া দি এবং মন্তপান অবিরত চলিতে থাকে ॥ ৮ ॥

বিশ্বনাথ । জ্যোত্যান্ প্রিয়বিষয়ান্ জুষতঃ সেবমানস্ত পুংসঃ শ্রীমদাদস্ত্র অভিজাত্যাদিবুদ্ধিভ্রংশকো হি নিশ্চয়েন ন ভবতি । যথা শ্রীমদঃ অবশ্যমেব বুদ্ধিং ভ্রংশয়তীত্যর্থঃ । অভিজাতিঃ সংকুলং তদুত্তরঃ আদিশকাংখিতাদি মদঃ । রজোগুণোত্তরবজ্রজো গুণঃ শ্রীমদে সতি যথা পাপানি জায়ন্তে তথা নাশ্ত্রেত্যাহ যত্রৈতি চতুর্ভিঃ ॥ ৮ ॥

হস্তান্তে পশবো যত্র নির্দয়েরজিতাশ্চিঃ।

মন্ত্যমানৈরিমং দেহমজরামৃত্যু নশ্বরম্ ॥ ৯ ॥

অনুবাদ। যত্র (ত্রীমদে সতি) অজিতাশ্চিঃ (অজিতেন্দ্রিয়ৈঃ) নির্দয়েঃ (জর্নৈঃ) ইমং নশ্বরং দেহং অজরামৃত্যু (অজরশ্চ অমৃত্যুশ্চ যথা তথা) মন্ত্যমানৈঃ (চিন্তয়ন্তিঃ)। পশবঃ (উপভোগার্থং চিত্তবিনোদার্থং বা) হস্তান্তে ॥ ৯ ॥

অনুবাদ। ঐ ধনগর্ব উৎপন্ন হইলে অজিতেন্দ্রিয় নির্দয় পুরুষগণ এই নশ্বর দেহকে জরা-মৃত্যুরহিত মনে করিয়া উপভোগ বা চিত্তবিনোদনের জন্য পশুগণকে হত্যা করিয়া থাকে ॥ ৯ ॥

বিশ্বনাথ। জরামৃত্যুভ্যাং দৃষ্টাভ্যামপি ইমং দেহং ন নশ্বরং মন্ত্যমানৈঃ ॥ ৯ ॥

দেবসংজিতমপ্যন্তে কুমিবিড়্ ভস্মসংজিতম্।

ভূতধ্বক্ তৎকৃতে স্বার্থং কিং বেদ নিরয়ো যতঃ ॥ ১০ ॥

অনুবাদ। দেবসংজিতং (দেবতাখ্যায়ুক্তং) অপি (যৎ শরীরঃ) অন্তে (বিনাশে সতি) কুমিবিড়্ ভস্মসংজিতং (কুকুমাদিভক্ষিতং বিটসংজ্ঞায়ুক্তং দধ্মঃ সং ভস্মসংজিতং পুতিভাবাদিনা কুমিসংজিতং ভবতি) তৎকৃতে (তস্মৈ বিনশ্বরশ্চ শরীরশ্চ তদ্ব্যর্থঃ) ভূতধ্বক্ (প্রাণিত্রোহীজনঃ) স্বার্থং কিং বেদ (ন হি কশ্চিৎ স্বার্থং জানাতি) যতঃ (যশ্চাং ভূতত্রোহাং) নিরয়ঃ (নরকঃ এব জায়তে) ॥ ১০ ॥

অনুবাদ। জীবিতকালে যে শরীর দেবতা নামে কথিত হয় (অর্থাৎ দেবগণের শরীরও) মৃত্যুর পর তাহাও কুমি, বিট বা ভস্মরূপে পরিণত হইয়া থাকে। এতাদৃশ বিনশ্বর শরীরের তৃপ্তির জন্য যে ব্যক্তি প্রাণি হিংসা করে সে স্বার্থ কিছুমাত্র অবগত নহে। বেহেতু ঐ প্রাণি হিংসা হইতে অন্তিমকালে নরক-প্রাপ্তিই হইয়া থাকে ॥ ১০ ॥

বিশ্বনাথ। নরদেব ভূদেবসংজিতমপি অন্তে মরণ-নস্তরং শ্বাদিভিরভক্ষিতং পুত্রাদিভিরদধ্মঃ চেৎ কুমিসংজিতং ভক্ষিতক্ষেৎ বিটসংজিতং দধ্মক্ষেৎ ভস্মসংজিতং ভবেৎ, তস্মৈ দেহশ্চ কৃতে যো ভূতধ্বক্, যতো ভূতত্রোহাং ॥ ১০ ॥

দেহঃ কিমন্নদাতুঃ স্বং নিষেক্তুর্মাতুরেব চ।

মাতুঃ পিতুর্বা বলিনঃ ক্রেতুরগ্নেঃ শুনোহপি বা ॥ ১১ ॥

অনুবাদ। (ইদানীং দেহে অহং সমাচ্ছদ্ভিম্যানোহপি ন যুক্ত ইত্যাহ) (অয়ং) দেহঃ (শরীরঃ) কিং অন্নদাতুঃ (অন্নদানেন রক্ষকশ্চ) নিষেক্তুঃ (ভুক্তনিষেকেন অন্নদিতুঃ পিতুঃ) মাতুঃ (গর্ভধারিণীঃ) মাতুঃ পিতুঃ বা (মাতা-মহন্ত বা পুত্রিকা জননেন) বলিনঃ ক্রেতুঃ (ক্রয়কর্তৃঃ) আগ্নেঃ বা শুনঃ (ভক্ষকশ্চ কুকুরশ্চ বা) স্বং (অধিকৃত-বস্ত্র ভবতি) ॥ ১১ ॥

অনুবাদ। এই শরীর (জীবিতকালে) অন্নদাতার, ভুক্ত নিষেককারী পিতার, গর্ভধারিণী মাতার, কি মাতা-মহের, মূল্য দ্বারা ক্রয়কারীর, কিম্বা বলপূর্বক গ্রহণকারীর, অথবা (প্রাণান্তে) দাহনকারী অগ্নির, ভক্ষণকর্তা কুকুরের কি নিষেক্ত, তাহা কিছু স্থির করা যায় না। (অন্তএব দেহে 'অহং মম' অভিমান কর্তব্য নহে) ॥ ১১ ॥

বিশ্বনাথ। দেহে মমতা নির্ধারণমপি ন ঘটতে বহু-বিপ্রতিপত্তেরিত্যাহ—দেহ ইতি। নিষেক্তুঃ পিতুঃ স্বং ধনম্। মাতুঃ পিতুর্মাতামহন্ত বা পুত্রিকাকরণে সতি। বলিনো বলাধিষ্ঠ্যর্থং গুহুতঃ ॥ ১১ ॥

এবং সাধারণং দেহমব্যক্তপ্রভবাপায়ম্।

কো বিদ্বানাত্মসাংকৃত্য হস্তি জন্তুনুতেহসতঃ ॥ ১২ ॥

অনুবাদ। অসতঃ স্বতে (দুর্জনান্ বিনা) কঃ বিদ্বান্ (পণ্ডিতঃ জনঃ) এবং (পূর্বোক্ত ক্রমেণ) অব্যক্ত প্রভঃ বাপায়ম্ (অব্যক্তাং প্রকৃতেঃ প্রভবন্তশ্চিহ্নেবাণায়ো দত্ত তৎ)। সাধারণং (সর্বাধিকারভূক্তং) দেহং (শরীরং) আত্মসাং কৃত্য (আত্মেতি মত্যা তদর্থঃ) জন্তুন হস্তি (জীবান্ নাশয়ন্তি) ॥ ১২ ॥

অনুবাদ। অব্যক্ত বা প্রকৃতি হইতে এই দেহের উৎপত্তি এবং প্রকৃতিতেই ইহার লয় হইয়া থাকে। এবমিধ সাধারণের ভোগ্য ভুভদেহে আত্মবুদ্ধি করিয়া তাহাও প্রীতির নিমিত্ত জীবহিংসা দুর্জন ব্যভীত কোন্ পণ্ডিত ব্যক্তি করিয়া থাকেন? ১২ ॥

বিশ্বনাথ । অব্যক্তাৎ প্রভবন্তুশ্চৈবাপায়ে যন্ত তম্ ।
আত্মসংক্ৰান্তা আত্মত্বেনাকীকৃত্য অসতোহজ্ঞানং বিনা ॥১২॥

অসতঃ শ্রীমদাক্ষশ্চ দারিদ্র্যং পরমজ্ঞানম্ ।

আত্মোপমোন ভূতানি দরিদ্রঃ পরমীকৃতে ॥ ১৩ ॥

অর্থঃ । শ্রীমদাক্ষশ্চ (ধনগর্বেন প্রমত্তশ্চ) অসতঃ
(দুর্জনশ্চ) দারিদ্র্যং (নিঃস্বতা) পরঃ (প্রকৃষ্টঃ) অজ্ঞানঃ
(গর্বাঙ্কতানাশাৎ অজ্ঞান স্বরূপম্) দরিদ্রঃ আত্মোপমোন
(নিজতুল্যতয়া) পরঃ (প্রকৃষ্টঃ যথা তথা) ভূতানি (প্রাণিনঃ)
ইকৃতে (পশুতি) ॥ ১৩ ॥

অনুবাদ । ধনগর্বে যন্ত দুর্জন ব্যক্তির পক্ষে দরিদ্রতাই
প্রকৃষ্ট-অজ্ঞান-স্বরূপ । কারণ দরিদ্রতা লোকের গর্বাঙ্কতাব-
দূর করিয়া যথার্থদৃষ্টি প্রদান করিয়া থাকে । দরিদ্র ব্যক্তি
প্রাণিগণকে নিজের মত প্রকৃষ্টরূপে দর্শন করিয়া থাকে ॥১৩॥

বিশ্বনাথ । শ্রীমদরোগপ্রতীকারঃ নিশ্চিনোতি—অসত
তি । পরং কেবলম্ ॥ ১৩ ॥

যথা কণ্টকবিদ্ধাক্ষো জন্তোনেচ্ছতি তাং ব্যাথাম্ ।

জীবসাম্যং গতৌ লিঙ্গৈর্ন তথাবিদ্ধকণ্টকঃ ॥ ১৪ ॥

অর্থঃ । কণ্টকবিদ্ধাক্ষঃ (কণ্টকক্ষতশরীরঃ জনঃ)
লিঙ্গৈঃ (মুখমালিঙ্গাদিভিঃ লক্ষণৈঃ) জীবসাম্যং গতঃ
(সর্বেষাং জীবানাং সুখদুঃখে সম্যে ইতি জ্ঞাতবানিত্যর্থঃ)
জন্তোঃ (অপরশ্চ) তাং ব্যাথাং যথা (যদ্যৎ) ন ইচ্ছতি (ন
বাহতি) অবিদ্ধকণ্টকঃ (কদাচিদপি অনহতকণ্টকক্ষত-
বেদনঃ জনঃ) তথান্ (তথান ভবতি) ॥ ১৪ ॥

অনুবাদ । যাহার শরীর কখনও কণ্টকে বিদ্ধ
হইয়াছে, সেই ব্যক্তি অপর কণ্টকবিদ্ধ ব্যক্তির মুখ-
মালিঙ্গাদি চিহ্ন দর্শনে বৃদ্ধিতে পারেন যে, জীবমাত্রেয়ই
দুঃখ সমান । সুতরাং কণ্টকবিদ্ধজনিত ব্যথা অপরে ভোগ
করক—এরূপ বাসনা তিনি করেন না । কিন্তু যে কখনও
কণ্টকবিদ্ধ হয় নাই, সে সেরূপ নহে অর্থাৎ সে অস্ত্রের ক্লেশ
বৃদ্ধিতে পারে না ॥ ১৪ ॥

বিশ্বনাথ । লিঙ্গৈর্মুখমালিঙ্গাদিভির্দুর্দৈর্ঘ্যে পরস্মিন্

সাম্যং গতঃ । পূর্বাহুভূতস্বাখাসাদৃশ্যং তত্রাহুমিমান ইত্যর্থঃ ।
অবিদ্ধকণ্টকঃ কণ্টকেনাবিদ্ধঃ রাজদস্তাদিঃ ॥ ১৪ ॥

দরিদ্রো নিরহঃস্তম্ভো মুক্তঃ সর্বমদৈরিহ ।

কৃচ্ছ্রং যদৃচ্ছয়াপ্রোতি তদ্ধি তস্য পরং তপঃ ॥ ১৫ ॥

অর্থঃ । নিরহঃস্তম্ভঃ (নির্গতঃ অহঙ্কাররূপঃ স্তম্ভঃ
গর্বো যস্মাৎ) সর্বমদৈঃ (সর্ববিধৈঃ ঔদ্ধত্যভাবৈঃ) মুক্তঃ
দরিদ্রঃ (জনঃ) ইহ যদৃচ্ছয়া (স্বভাবতঃ) কৃচ্ছ্রং (আহার-
বজ্রাত্ত্যভাবজন্তাৎ যৎ কষ্টং) আপ্রোতি হি (নিশ্চিতং) তস্য
তৎ (কষ্টং) পরং তপঃ (উত্তমা তপস্তা ভবতি) । তপঃ
যথা জনান্ নির্গবান্ করোতি তথা দারিদ্র্যোনাপি তৎ
করণাৎ তপস্তল্যতা ॥ ১৫ ॥

অনুবাদ । অহঙ্কাররূপ গর্বশূন্য সর্বপ্রকার ঔদ্ধত্য-
ভাব-মুক্ত দরিদ্র ব্যক্তি ইহলোকে স্বভাবতঃই আহার ও
বজ্রাদির অভাব জনিত কষ্ট অল্পভব করিয়া থাকে । তাহার
পক্ষে সেই কষ্ট পরম তপস্ভাস্বরূপ, যেহেতু তপস্যার জ্বা
ঐ দারিদ্র্যই তাহাকে গর্বহীন করিয়া থাকে ॥ ১৫ ॥

বিশ্বনাথ । দারিদ্রে সতি মোক্ষসাধনানি স্বতএব
ভবন্তীত্যাহ—দরিদ্র ইতি ত্রিভিঃ । অহঙ্কারেণ বনিতাদি-
গর্বেণ যঃ স্তম্ভঃ নম্রত্বাভাবঃ স নির্গতো যস্মাৎ সঃ । সর্ব-
মদৈর্মুক্ত ইতি দরিদ্রশ্চ সর্বৈরনাদৃতত্বাৎ সংকুলমদাদয়োহপি
প্রায়ো নশন্তীতি ভাবঃ ॥ ১৫ ॥

নিতাং ক্ষুংক্ষামদেহশ্চ দরিদ্রস্তান্নকাজ্জিগ্ৰহ ।

ইন্দ্রিয়ানুশুশ্রুন্তি হিংসাপি বিনিবর্ততে ॥ ১৬ ॥

অর্থঃ । (পুনরপি দারিদ্র্যশ্চ তপস্তল্যতাঃ দর্শয়তি)
নিতাং (সর্বদা) ক্ষুংক্ষামদেহশ্চ (ক্ষুধয়া ক্ষীণশরীরশ্চ)
অন্নকাজ্জিগ্ৰহঃ (ভোজ্যাভিলাষিণঃ) দরিদ্রশ্চ ইন্দ্রিয়ানি
অনুশুশ্রুন্তি (ক্রমশঃ উত্তেজনাবিনাশেন নৈর্ধঃ লভন্তে
ইত্যর্থঃ) হিংসাপি বিনিবর্ততে ॥ ১৬ ॥

অনুবাদ । সর্বদা ক্ষুধায় ক্ষীণকলেবর অন্নভিলাষী
দরিদ্রের ইন্দ্রিয় সকল ক্রমশঃ উত্তেজনাশূন্য হইয়া স্থির হইয়া
থাকে এবং তৎকালে হিংসাও নিবৃত্ত হইয়া থাকে । (অতএব
দারিদ্র্য বস্ততঃই তপস্ভাস্বরূপ) ॥ ১৬ ॥

দরিদ্রশ্চৈব যুজ্যন্তে সাধবঃ সমদর্শিনঃ ।

সন্তিঃ ক্ষিপেতি তং তর্ধঃ তত আরাধিত্বাতি ॥১৭॥

অনুবাদ । সমদর্শিনঃ (সর্বত্র সমভাবাপন্নঃ) সাধবঃ (মহাত্মানঃ) দরিদ্রশ্চৈব যুজ্যন্তে (দরিদ্রাণাং এব সঙ্গং গচ্ছন্তি দরিদ্রশ্চ) সন্তিঃ (সাধুভিঃ সঙ্গাৎ) তং তর্ধঃ (বিষয়-তুষাং) ক্ষিপেতি (নাশয়তি) ততঃ চ আরাৎ (শীঘ্রং) বিজ্ঞাপ্যতি (অন্তর্চিহ্নিতো ভবতি) ॥ ১৭ ॥

অনুবাদ । সমদর্শী সাধুগণও দরিদ্রের সঙ্গই করিয়া থাকেন । দরিদ্রও সংসঙ্গ বশতঃ বিষয়-বাসনা-নাশে সমর্থ হয় এবং শীঘ্রই তাহার চিত্তশুদ্ধি হইয়া থাকে ॥ ১৭ ॥

বিশ্বনাথ । নচ দরিদ্রশ্চৈব তৃষ্ণেব সর্বদোষময়ীতি বাচ্যঃ, তস্মা অপি প্রতীকারসম্ভবাদিত্যাহ—দরিদ্রশ্চৈবেতি । ধনিত্তদারিদ্র্যয়োস্তল্যাদশিষ্যেনোভয়গৃহান্ কুপয়া গচ্ছন্তোহপি সাধবো দরিদ্রশ্চৈব যুজ্যন্তে দরিদ্রেণৈব ত্বন্দন সন্তোষণ সমাদাদি সম্ভবাৎ তশ্চৈব তে স্বয়ং সংযোগজনিত কলদারকা ভবন্তীত্যর্থঃ । নতু ধনিনো মদাক্ষস্ত অত্রানয়োঃ সগিধৌ বর্তমানোহহমেব প্রমাণমিতি ভাবঃ । ততশ্চ সন্তিঃ সংযোগ মহিষ্যেব তং তর্ধঃ তুষাং দরিদ্রঃ স্বয়মেব ক্ষিপেতি ক্ষিপীকরোতি । তৎকৃপালক্স ভক্ত্যমৃতস্ত তুষাহরম্ভাবত্যাং অতএব পূর্বমুক্তং কচ্ছং যদৃচ্ছয়াপ্নো-তীত কচ্ছস্ত যাদৃচ্ছিকত্বং নতু কর্মজনিতত্বং ভক্তস্ত কর্ম-নঙ্গীকারাৎ ॥ ১৭ ॥

সাধুনাং সমচিত্তানাং মুকুন্দচরণৈষিণাম্ ।

উপেক্ষ্যঃ কিং ধনস্তন্তৈরসন্তিরসদাশ্রয়ৈঃ ॥ ১৮ ॥

অনুবাদ । (নহু সাধুনাংপি ধনিম এব প্রায়েণ প্রিয়াঃ ভবন্তি ন দরিদ্রাঃ ইত্যাহ) মুকুন্দচরণৈষিণাং (অনন্তচেতসা কেবলমাং ভগবৎপাদপদ্মাভিলাষিণাং) সমচিত্তানাং (অতএব সর্বত্র সমদর্শিনাং) সাধুনাং (মহাপুরুষাণাং) ধনস্তন্তৈঃ (ধনগর্বিভৈঃ) অসদাশ্রয়ৈঃ (দুর্জন-সঙ্গঅরায়ণৈঃ) উপেক্ষ্যঃ (ঔদাসীন্যেন ত্যজ্যঃ) অসন্তিঃ (হুঁষ্টৈঃ ধনিভিঃ) কিং (কিং প্রয়োজনং কিমপি ন ইত্যর্থঃ) ॥ ১৮ ॥

অনুবাদ । যাহারা অনন্তচিত্তে একমাত্র ভগবানের

পাদপদ্মই অভিলাষ করিয়া থাকেন, তাদৃশ সমদর্শী সাধু-গণের ধনগর্বিত, হুঃসঙ্গরত উপেক্ষণীয়, অসৎ, ধনবান্ ব্যক্তির সহিত কি প্রয়োজন? ১৮ ॥

বিশ্বনাথ । নচ সাধুনাং ধনোপাধিকো ধনিকসংযোগঃ সম্ভবতীত্যাহ—সাধুনাংমিতি । ধনেন শুভ্তো গর্বো যেষাং তৈঃ । অসন্তিরবৈষ্ণবৈঃ অসদাশ্রয়ৈরবৈষ্ণবসেবিতৈঃ তেন গর্বরহিতো দরিদ্রা বৈষ্ণবসেবিনো ধনিনোহপি সাধুভিঃ সংযুজ্যন্ত এবৈতি ভাবঃ ॥ ১৮ ॥

তদহং মন্তর্যোর্মাক্ষ্যা বাকুণ্যা শ্রীমদাক্ষ্যোঃ ।

তমোমদং হরিণ্যামি শ্রৈণয়োরজিতাশ্রনোঃ ॥ ১৯ ॥

অনুবাদ । তৎ (তস্যাং) অহং মাক্ষ্যা (মাক্ষীনায়া) বাকুণ্যা (মদিরয়া) মন্তর্যোঃ শ্রীমদাক্ষ্যোঃ (ধনগর্বিতয়োঃ) শ্রৈণয়োঃ (কামিনীজনাসক্তয়োঃ) অজিতাশ্রনোঃ (অজিতে-শ্রিয়য়োঃ যুবচোঃ) তমোমদং (অজ্ঞানজন্মং মদং) হরিণ্যামি (দূরীকরিণ্যামি) ॥ ১৯ ॥

অনুবাদ । অতএব আমি মাক্ষী নামী মদির্য পানে মত্ত এবং বিষয় মদাক্ত শ্রৈণ, অজিতেশ্রিয় ইহাদের দুইজনের অজ্ঞানজনিত মত্ততা দূর করিব ॥ ১৯ ॥

বিশ্বনাথ । তদনয়োগর্ভরোগস্ত কাং চিকিৎসাং করোমীতি মনসি বিচার্শ নিশ্চিনোতি—তদহমিতি চতুর্ভিঃ । মাক্ষ্যা মধুময়্যা তমোহজ্ঞানম্ ॥ ১৯ ॥

যদিমৌ লোকপালস্ত পুত্রৌ ভূবা তমঃপুত্রৌ ।

ন বিবাসমাত্মানং বিজানীতঃ সুহর্মদৌ ॥ ২০ ॥

অতোহহং তং স্থাবরতাং স্মাতাং নৈবং যথা পুনঃ ।

স্মৃতিঃ স্মাত্মংপ্রসাদেন তত্রাপি মদনুগ্রহাৎ ॥ ২১ ॥

বাসুদেবস্য সান্নিধ্যং লক্ণা দিব্যশরচ্ছতে ।

বৃন্তে স্বলৌকিতাং ভূয়ো লক্কভক্তী ভবিষ্যতঃ ॥ ২২ ॥

অনুবাদ । যৎ (যস্যাং) ইমৌ (যুবাং) লোকপালস্ত (কুবেরস্ত) পুত্রৌ ভূবা তমঃপুত্রৌ (মদির্যমত্তৌ) সুহর্মদৌ (অতিগর্বিতৌ সন্তৌ) আত্মানং (স্বশরীরঃ) বিবাস-সং (নগ্নঃ) ন বিজানীতঃ (ন জ্ঞাতবন্তৌ) অতঃ (অপ-

রাধাং) স্বাবরতাং অর্হতঃ (লকুং যোগ্যো ভবতঃ) তত্র
অপি (স্বাবরতলাভাং পরমপি) যথা (যেন প্রকারেণ)
পুনঃ এবং ন স্মাতাং (এতাদৃশঃ অপরাধঃ ভবেৎ তদর্থং)
মৎপ্রসাদেন (যম প্রসন্নতয়া হেতুনা) স্মৃতিঃ (স্মরণং) স্মাতং
(ভবেৎ) মদনুগ্রহাং দিব্যশরচ্ছতে (দৈবশতবর্ষেষু) বৃন্তে
(গতেষু) বাহুদেবশ্চ (কৃষ্ণশ্চ) সান্নিধ্যং (নৈকট্যং) লক্ণা
লক্ণভক্তী (প্রাপ্তকৃষ্ণানুগ্রহাগৌ সন্তৌ) ভূয়ঃ (পুনঃ) স্বর্লোক-
কতাং (দেবত্বং গর্তৌ) ভবিষ্যতঃ ॥ ২০-২২ ॥

অনুবাদ । যে হেতু এই দুইজন লোকপাল কুবেরের
পুত্র হইয়া যদিরাশত এবং অতিশয় গর্বিত হইয়া নিজ-
শরীর নয় বলিয়াও জানিতে পারিতেছেন। এই অপরাধে
ইহারা স্বাবরত লাভের উপযুক্ত । ঐ স্বাবরত লাভের
পরেও বাহাতে পুনরায় এরূপ অপরাধ না ঘটে তজ্জন্ত
আমার অনুগ্রহে ইহাদের পূর্বস্মৃতি বর্তমান থাকিবে ।
অতঃপর আমার প্রসাদে দৈব শতবর্ষ গত হইলে ইহারা
দুইজন শ্রীকৃষ্ণের সান্নিধ্যলাভ করিষ্যৎ এবং কৃষ্ণভক্তিপরায়ণ
হইয়া পুনরায় দেবত্ব প্রাপ্ত হইবে ॥ ২০-২২ ॥

বিশ্বনাথ । স্বাবরতামিতি নিরাবরণয়োঃ স্তব্ধমোরজ-
বাণয়োবনয়োঃ স্বাবরতমেবোচিভূমিতি ভাবঃ । স্বাবরত-
ইপি মৎপ্রসাদেন স্মৃতিরন্ত । স্মৃতৌ সত্যামপি মদনুগ্রহা-
দিত্যাदि । দেবমানেন শরচ্ছতে বর্ষশতে বৃন্তে সতি বাহু-
দেবশ্চ সান্নিধ্যং লক্ণা লক্ণভক্তী সন্তৌ স্বর্লোকতাং ভবিষ্যতঃ
প্রাপ্যতঃ । ভূপ্রাপ্তৌ পরশ্চৈ পদমার্ষম্ ॥ ২০-২২ ॥

শ্রীশুক উবাচ ।

এবমুক্ত্বা স দেবর্ষির্গতো নারায়ণাশ্রমম্ ।

নলকুবেরমণিগ্রীবাবাসতুর্ধমলাজুনৌ ॥ ২৩ ॥

অর্থ । শ্রীশুক উবাচ, —সঃ দেবর্ষিঃ (নারদঃ) এবং
উক্ত্বা নারায়ণাশ্রমং গতঃ । নলকুবেরমণিগ্রীবৌ যমলাজুনৌ
(সহজাতৌ অজুনবৃক্ষৌ) আসতুঃ (অভবতাম্) ॥ ২৩ ॥

অনুবাদ । শ্রীশুকদেব বলিলেন, —দেবর্ষি নারদ এইরূপ
বলিয়া নারায়ণাশ্রমে গমন করিলেন এবং নলকুবের ও মণি-
গ্রীব যমজ অজুনবৃক্ষ হইলেন ॥ ২৩ ॥

ঋষের্ভাগবতমুখ্যাস্ত সত্যং কতুং বচো হরিঃ ।

জগাম শনকৈস্তত্র যত্রাস্তাং যমলাজুনৌ ॥ ২৪ ॥

অর্থ । হরিঃ (কৃষ্ণঃ) ভাগবতমুখ্যাস্ত (পরমভগ-
বদুক্তাস্ত ঋষেঃ (নারদশ্চ) বচঃ সত্যং কতুং (বাক্যাস্ত
যথার্থতাং জনয়িতুং) যত্র যমলাজুনৌ তত্র শনকৈঃ (ধীরং)
জগাম ॥ ২৪ ॥

অনুবাদ । শ্রীকৃষ্ণ পরমভাগবত নারদ মুনির বাক্যের
সত্যতা সম্পাদনের জন্ত যেখানে যমজ অজুনবৃক্ষ ছিল
ধীরে ধীরে তথায় গমন করিলেন ॥ ২৪ ॥

দেবর্ষির্মে প্রিয়তমো যদিমৌ ধনদাত্তজৌ ।

তৎ তথা সাধয়িষ্যামি যদগীতং তন্মহাশ্রনা ॥ ২৫ ॥

অর্থ । যৎ (যস্মাৎ) দেবর্ষিঃ (নারদঃ) মে (মম)
প্রিয়তমঃ ইমৌ (চ) ধনদাত্তজৌ (ভবতঃ) তৎ (তস্মাৎ)
মহাশ্রনা (নারদেন) যৎ গীতং (পুরা উক্তং) তথা (তেন
রূপেণ) তৎ (অনয়োক্তদ্বারং) সাধয়িষ্যামি (করিষ্যামি) ॥

অনুবাদ । যেহেতু দেবর্ষি নারদ আমার প্রিয়তম
ভক্ত এবং ইহারাও দুইজন কুবেরের পুত্র সেইজন্ত মহাত্মা
নারদ পূর্বে যেরূপ বলিয়াছিলেন সেইরূপে ইহাদের উদ্ধার
সাধন করিব ॥ ২৫ ॥

বিশ্বনাথ । প্রস্তুতমাহ ঋষেরিতি যদ্যস্মাদেবর্ষির্মে
প্রিয়তমস্তস্মাদিমৌ তথা সাধয়িষ্যামি যদ্যথা তেন মহাশ্রনা
গীতমিত্যর্থঃ ॥ ২৫ ॥

ইত্যন্তরেণাজুনয়োঃ কৃষ্ণস্ত যময়োর্ব্যৌ ।

আত্মনিবেশমাত্রেন তির্থগ্গতমূলখলম্ ॥ ২৬ ॥

অর্থ । ইতি (উক্ত্বা) কৃষ্ণ যময়োঃ অজুনয়োঃ (অজুন-
বৃগলশ্চ) অন্তরেণ (মধ্যপ্রদেশে) যযৌ (গতঃ) আত্ম-
নিবেশমাত্রেন (আত্মনঃ কৃষ্ণশ্চ তরয়াপ্রবেশমাত্রেন) উলখলং
তির্থগ্গতং (বক্রভাবেন স্থিতং অজুং) ॥ ২৬ ॥

অনুবাদ । এই বলিয়া শ্রীকৃষ্ণ অজুনবৃক্ষদ্বয়ের মধ্য-
ভাগে গমন করিলেন । তাঁহার প্রবেশমাত্রেই উলখল
বক্রভাবে তথায় সংলগ্ন হইল ॥ ২৬ ॥

বিশ্বনাথ । ইতি বিচার্ঘ যমযোঃ সহজাতয়োদ্বয়ো-
রন্তরেণ মধো যযৌ । ততশ্চ আত্মনঃ প্রবেশমাশ্রয়ে উদ্-
খলং তিৰ্ঘগ্গতং তিরশ্চীনমভূৎ ॥ ২৬ ॥

বালেন নিষ্কর্ষয়তাম্‌গলুখলং তৎ
দামোদরেণ তরসোংকলিতাজ্জিবকৌ ।
নিষ্পেততুঃ পরমবিক্রমিতাতিবেপ-
স্কন্ধপ্রবালবিটপৌ কৃতচণ্ডশকৌ ॥ ২৭ ॥

অনুবাদ । অবক্ (অকু অক্ষতি গচ্ছতি ইতি অবক্)
তৎ (তিৰ্ঘগ্গতং) উলুখলং তরসা (বালেন) নিষ্কর্ষয়তা
(আকর্ষতা) দামোদরেণ (উদরে দামা নিবন্ধেন) বালেন
(কৃষ্ণেন) উৎকলিতাজ্জিবকৌ (উৎকলিতঃ উৎপাটিতঃ
অজ্জিবক্ মূলবন্ধনঃ যযৌ তৌ) পরমবিক্রমিতাতিবেপ-
স্কন্ধপ্রবালবিটপৌ (পরমশ্চ শ্রীকৃষ্ণশ্চ বিক্রমিতেন অতিবেপ-
স্কন্ধঃ যেষু তাদৃশাঃ স্কন্ধ প্রবালবিটপাঃ কাণ্ডপল্লবশাখাঃ
যযৌ তৌ) কৃতচণ্ডশকৌ (কৃতঃ চণ্ডঃ ভীষণঃ শব্দঃ যাভ্যাং
তৌ অর্জুনৌ) নিষ্পেততুঃ (ভ্রমৌ পতিতৌ) ॥ ২৭ ॥

অনুবাদ । উদরে রজ্জুদ্বারা আবদ্ধ বালক শ্রীকৃষ্ণ
তখন স্বীয় পশ্চাদ্গত, বক্রভাবে বৃক্ষদ্বয়ে সংলগ্ন উলুখলকে
বলপূর্বক আকর্ষণ করিলেন তাহাতে বৃক্ষদ্বয়ের মূল উৎ-
পাটিত হইল । পরমপুরুষের বিক্রমে বৃক্ষদ্বয়ের কাণ্ড,
পল্লব ও শাখা সকল অতিশয় কম্পিত হইতে হইতে প্রচণ্ড
শব্দসহকারে ভূমিতে পতিত হইল ॥ ২৭ ॥

বিশ্বনাথ । তন্তিরশ্চীনমেবোদখলং অবক্ স্বাকুলং
যথাস্থাস্থা নিঃশেষেণ কর্ত্তা বালেন উৎকলিত উৎ-
পাটিতোহজ্জিবকৌ যযৌস্তৌ । পরমবিক্রমিতেন অতি-
বলেনাকর্ষণেনাতিবেপা অতিকম্পমানাঃ স্কন্ধাদয়ো যযৌস্তৌ
দামোদরেণেতি “স চ তেনৈব নাম্না তু কৃষ্ণো বৈ দাম-
বন্ধনাং । গোষ্ঠে দামোদর ইতি গোপীভিঃ পরিগীযতে”
ইতি হরিবংশোক্তা প্রসিদ্ধিঃ স্মরিতা ॥ ২৭ ॥

তত্র শ্রিয়া পরময়া ককুভঃ ক্ষুরস্তৌ
সিদ্ধাবুপেত্য কুজয়োরিব জাতবেদাঃ ।

কৃষ্ণং প্রণম্য শিরসাখিললোকনাথং
বদ্ধাজলী বিরজসাবিদমূচতুঃ স্ম ॥ ২৮ ॥

অনুবাদ । (বৃক্ষপতনান্তরং) তত্র (স্থানে) পরময়া
শ্রিয়া (শোভয়া) ককুভঃ ক্ষুরস্তৌ (দ্বিগুণলং প্রকাশয়ন্তৌ
জাতবেদাঃ (অগ্নিঃ) ইব সিদ্ধৌ (যৌ মহাপুরুষৌ) কুজয়োঃ
(তয়োঃ বৃক্ষয়োঃ মধ্যাং) উপেত্য (বহির্গতা) শিরসা
খিল লোকনাথং (সর্বলোকেশ্বরং) কৃষ্ণং প্রণম্য বদ্ধাজলী
(কৃতাজলী) বিরজসৌ (বিগতগর্বৌ সন্তৌ) ইদং (বক্ষ্য-
মাণং) উচতুঃ স্ম ॥ ২৮ ॥

অনুবাদ । অনন্তর সেই স্থানে বৃক্ষযুগলের মধ্য
হইতে অগ্নিতুল্য দুই মহাপুরুষ নির্গত হইয়া স্বকীয় পরম
শোভাদ্বারা দ্বিগুণ প্রকাশপূর্বক অবনত মস্তকে অখিল
লোকনাথ শ্রীকৃষ্ণকে প্রণাম করিলেন এবং কৃতাজলি হইয়া
নিরহঙ্কারে বলিতে লাগিলেন ॥ ২৮ ॥

বিশ্বনাথ । ককুভো ব্যাপ্য ক্ষুরস্তৌ কুজয়োর্বক্ষয়োঃ,
জাতবেদা অগ্নির্মিথো জ্যোতির্মিলনাদেক এব জাতবেদা ইব
ক্ষুরস্তাবিত্যর্থঃ ॥ ২৮ ॥

কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিস্ত্রুমাণ্যঃ পুরুষঃ পরঃ ।

বাক্তাব্যাক্তমিদং বিশ্বং রূপং তে ব্রাহ্মণা বিদুঃ ॥ ২৯ ॥

অনুবাদ । হে কৃষ্ণ কৃষ্ণ মহাযোগিন্, (হে অচিন্ত্য-
প্রভাব) ত্বং আত্মাঃ (কারণভূতঃ) পরঃ পুরুষঃ (অসি)
ব্যাক্তাব্যাক্তং (স্থূলসূক্ষ্মাত্মকং) ইদং বিশ্বং তে (তব) রূপং
(ইতি) ব্রাহ্মণাঃ বিদুঃ (পণ্ডিতাঃ জানন্তি) ॥ ২৯ ॥

অনুবাদ । হে কৃষ্ণ, হে কৃষ্ণ, আপনার প্রভাব
অচিন্ত্য, আপনি পরমপুরুষ এবং জগতের মূলনিমিত্ত ও
উপাদান কারণ । ব্রহ্মবিদগণ (“সর্বঃ যবিদং ব্রহ্ম তজ্জলান্”
প্রভৃতি বেদবাক্যাবলম্বনে) এই স্থূল-সূক্ষ্মাত্মক জগৎ
আপনারই (প্রাকৃত) রূপ বলিয়া থাকেন ॥ ২৯ ॥

বিশ্বনাথ । উলুখলে বন্ধং গোপালবালং মাং যুবাং
দেবৌ কিমিতি প্রণতাবিত্যত আহতুঃ—কৃষ্ণ কৃষ্ণেতি ।
দ্বিত্বং দ্বয়োরেব যুগপদ্ব্যক্তেঃ । ত্বং পরঃ পুরুষো ভগবান্
তত্রাপ্যাত্মঃ স্বয়ং ভগবান্ অতস্বং গোপালবালো ভবন্তেবেতি

ভাবঃ। হে মহাযোগিরচিস্ত্যপ্রভাব, অশ্মনোচকস্ত তবৈ-
তৎকনকারণমতক্যমিতি ভাবঃ। সর্বস্বরূপস্ত তব কেন
বন্ধনঃ সম্ভবেদিত্যাহতুঃ। — ব্যক্তাব্যক্তং কার্যকারণাত্মকম্ ॥

অমেকঃ সর্বভূতানাং দেহাস্থায়েন্দ্রিয়েশ্বরঃ।

তমেব কালো ভগবান্ বিষ্ণুরব্যয় ঈশ্বরঃ ॥ ৩০ ॥

অং মহান্ প্রকৃতিঃ সৃষ্টি রজঃসত্ত্বতমোময়ী।

তমেব পুরুষোহধ্যক্ষঃ সর্বক্ষেত্রবিকারবিন্ ॥ ৩১ ॥

অর্থঃ। একঃ (কেবলঃ) অং সর্বভূতানাং দেহাস্থা-
য়েন্দ্রিয়েশ্বরঃ (দেহঃ অসবঃ প্রাণাঃ আত্মা অহঙ্কারঃ ইন্দ্রিয়ানি
তেষাং ঈশ্বরঃ নিয়ন্তা ভবসি) অং এব ভগবান্ বিষ্ণুঃ অব্যয়ঃ
ঈশ্বর (ভবসি) অং কালঃ (নিমিত্তকারণং) রজঃসত্ত্ব-
তমোময়ী (ত্রিগুণাত্মিকা) সৃষ্টি প্রকৃতিঃ (ভবসি) অং
মহান্ (মহত্ত্বং) অং এব সর্বক্ষেত্রবিকারবিন্ (সর্বক্ষেত্রেষু
বিকারান্ মন আদীন বেত্তি) অধ্যক্ষঃ (অন্তর্ধামী) পুরুষঃ
(ভবসি) ॥ ৩০-৩১ ॥

অনুবাদ । প্রমাণমূল্যায় (চক্ষুরাদীনাং চক্ষুরাদি রূপায় ভাগবত স্বরূপায় বা) কথয়ে (স্বয়ং তন্নিরপেক্ষ জ্ঞানায় বেদব্যাস-স্বরূপায় বা) নমঃ শাস্ত্রযোনয়ে (প্রাচুর্তাবকায়) প্রবৃত্তায় নিবৃত্তায় (তন্মূলনিগম-শাস্ত্রায় তুভ্যং) নমঃ নমঃ ॥ ৪৪ ॥

অনুবাদ । আপনি চক্ষু প্রভৃতি ইন্দ্রিয়ের ইন্দ্রিয়-স্বরূপ ও স্বয়ং স্বতঃসিদ্ধ জ্ঞানস্বরূপ, অথবা আপনি শ্রীমদ্ভাগবতস্বরূপ ও ভাগবত-প্রকাশক বেদব্যাসস্বরূপ । আপনাকে হইতেই সমস্ত শাস্ত্রের উৎপত্তি হইয়াছে বলিয়া আপনি শাস্ত্রযোনি অথবা শাস্ত্র-প্রবর্তক, প্রবৃত্তি ও নিবৃত্তি-মূলক নিগম-শাস্ত্রস্বরূপ । আপনাকে নমস্কার, নমস্কার ॥ ৪৪ ॥

বিশ্বনাথ । শিষ্টশব্দমাত্ৰ প্রামাণ্যেহপি শ্রীভাগবতস্ত সর্বাধিক্যমাত্ৰঃ । প্রমাণমূল্যায় শ্রীভাগবতস্বরূপায় কথয়ে তৎকর্ত্রে বেদব্যাসরূপায় স প্রামাণ্যার্থমেব ব্যাসরূপো ভব-সীত্যাছঃ । শাস্ত্রযোনয়ে অতএব শাস্ত্রস্ত যোনয়ে প্রাচু-র্তাবকায় শাস্ত্রঃ শ্রীভাগবতমেব যোনিঃ প্রমাণঃ যন্ত “শাস্ত্র-যোনিভ্যা”দিত্যত্রৈব ব্যাখ্যানাৎ । তথা চতুর্বিধ প্রতি-পাদিকং শাস্ত্রমপি প্রমাণমিত্যাছঃ । প্রবৃত্তশাস্ত্রায় নিবৃত্ত-শাস্ত্রায় তন্মূলনিগম-শাস্ত্রায় ॥ ৪৪ ॥

নমঃ কৃষ্ণায় রামায় বসুদেবসুতায় চ ।

প্রহ্মায়ানিরুদ্ধায় সাত্বতাং পতয়ে নমঃ ॥ ৪৫ ॥

অনুবাদ । বসুদেবসুতায় (বাসুদেবায়) রামায় (সকর্ষণ-গায়) প্রহ্মায় আনরুদ্ধায় সাত্বতাংপতয়ে কৃষ্ণায় নমঃ ॥

অনুবাদ । বাসুদেব, সকর্ষণ, প্রহ্মায় ও অনিরুদ্ধ—এই চতুর্বিধাত্মক সাত্বতপতি কৃষ্ণকে নমস্কার ॥ ৪৫ ॥

বিশ্বনাথ । সর্বশাস্ত্রপ্রতিপাদিতসারস্বরূপাণি তু তব চত্বার্ষেবেত্যাহ্নম ইতি । চকারানন্দসুতায় চ । সাত্বতাং সাত্বতবংশোৎপন্নশূরাদীনাং পতয়ে পালকায় ॥ ৪৫ ॥

নমো গুণপ্রদীপায় গুণাবচ্ছাদনায় চ ।

গুণবৃত্ত্যুপলক্ষ্যায় গুণদ্রষ্ট্রে স্বসংবিদে ॥ ৪৬ ॥

অনুবাদ । গুণপ্রদীপায় (গুণাঃ অন্তঃকরণানি তানি প্রদীপয়তি প্রকাশয়তি তথা তস্মৈ চিত্তাভিষ্টাত্বেন চতু-র্মূর্তিতেত্যর্থঃ) গুণাবচ্ছাদনায় (গুণৈঃ উপাসকানাং ফল-বৈচিত্র্যায়ান্ধানমাচ্ছাদ্য নানাভেন প্রকাশমানায়) গুণবৃত্ত্যু-পলক্ষ্যায় (চিত্তাদীনাং চেতনাধ্যবসায়বৃত্তিভিঃ উপলক্ষ্যায়) গুণদ্রষ্ট্রে (তৎসাক্ষিণে) স্বসংবিদে । অগোচরায় ইত্যর্থঃ তুভ্যং) নমঃ ॥ ৪৬ ॥

অনুবাদ । আপনি বুদ্ধাদির অধিষ্ঠাতৃস্বরূপ সকর্ষণ প্রভৃতি চতুর্মূর্তিতে চিত্ত প্রভৃতির প্রকাশক, আপনি উপাসকগণের প্রতীতি অনুসারে ফল বৈচিত্র্য প্রদানার্থ স্ব-স্বরূপ আচ্ছাদিত করিয়া নানারূপে প্রকাশমান হন । চিত্তাদির অধ্যবসায় প্রভৃতি বৃত্তিদ্বারা আপনি কথঞ্চিং অহুমিত হন, যেহেতু আপনি গুণ-সমূহের দ্রষ্টা ও প্রত্যক্ষাদি জ্ঞানের অগোচর, অতএব আপনাকে নমস্কার ॥ ৪৬ ॥

বিশ্বনাথ । যতন্তেষেব গুণানাং প্রেমবশত্বাদীনাং প্রকর্ষণে প্রকাশকায় । তথা প্রকাশিতেন প্রেমবশত্বগুণেন আচ্ছাদনায় আবৃত নৈজৈশ্বর্যায় । তদপি তং ভক্তিতত্ত্বজ্ঞে-জ্ঞাতৃস্বরূপ এব ভবসীত্যাছঃ । গুণস্ত ভক্তবাৎসল্যাতি-শয়ন্ত বৃত্ত্যা অসাধারণমতয়া উপলক্ষ্যায় স্বয়ং ভগবন্তঃ বিনা কোহপ্যেবং ন ভবতীতি জ্ঞেয়ায় । যতো গুণদ্রষ্ট্রে স্বভক্তস্ত গুণমেব পশ্যতি নতু দোষগন্ধমপি বস্তুস্মৈ । অত-এব স্বেষু ভক্তেষেব সন্নিদহুভবো যন্ত তস্মৈ ॥ ৪৬ ॥

অব্যাকৃতবিহারায় সর্বব্যাকৃতসিদ্ধয়ে ।

হৃদীকেশ নমস্তেহস্ত মুনয়ে মৌনশীলিনে ॥ ৪৭ ॥

অনুবাদ । অব্যাকৃত বিহারায় (অতর্ক্য মহিম্ব ইত্যর্থঃ) সর্বব্যাকৃতসিদ্ধয়ে (সর্বকার্যোৎপত্তিপ্রকাশহেতুত্বেন উপলক্ষণ-যোগ্যায়) (হে) হৃদীকেশ (করণপ্রবর্তক) মুনয়ে মৌন-শীলিনে তে নমঃ অন্তঃ ॥ ৪৭ ॥

অনুবাদ । আপনার মহিমা অতর্ক্য । সর্ব-কার্যের উৎপত্তি ও প্রকাশের হেতুরূপে আপনি অহুমিত হন (পরন্তু সাক্ষাৎকার হন না) । হে হৃদীকেশ, “আবাক্যানা-দর”—এই ঋতি-বচনানুসারে আপনি মৌন ও আত্মারাম-আপনাকে নমস্কার ॥ ৪৭ ॥

বিশ্বনাথ । লীলা পুরুষোত্তমস্ত তব লীলামাধুর্ঘাধিক্য-
মিত্যাহঃ—অব্যাকৃতঃ অনির্বাচ্যবাদব্যুৎপাদিতঃ প্রাকৃতো
বা বিহারো যন্ত তন্মৈ । যদ্বা, ন ব্যাকৃতো বিবাহাদি-
ব্যাকাররহিত এব বিহারো যন্ত সং । সর্বেষাং ভক্ত-
বিশেষাণামেব ব্যাকৃতানাং তৎসম্বেচিত্ত বিশিষ্টাকৃতীনাং
সিদ্ধির্ন্যস্তৈশ্চৈ । অতএব হৃদীকেশ ভক্তসর্বেন্দ্রিয়াকর্ষক,
ভক্তিহীনেষু মুনয়ে আত্মারামায় অতএব তেষু স্বাভিপ্সিত-
প্রার্থকেষু সংস্র মৌনশীলিনে ন কিমপি ক্রবতে তেভ্যঃ
স্বং দুঃখাভাবঞ্চ ন দদতে ॥ ৪৭ ॥

পরাবরগতিজ্ঞায় সর্বাধ্যক্ষায় তে নমঃ ।

অবিশ্বায় চ বিশ্বায় তদ্ভ্রষ্টেহস্ত চ হেতবে ॥ ৪৮ ॥

অনুবাদ । পরাবরগতিজ্ঞায় (স্থূল সূক্ষ্ম গতিবিদে)
সর্বাধ্যক্ষায় (সর্বস্বাধিষ্ঠাত্রে) অবিশ্বায় (ন বিশ্বং যস্মি-
ন্তন্নিষেধবিধয়ে) বিশ্বায় (তদ্বিবর্তাধিষ্ঠানায়) তদ্ভ্রষ্টে
(অধ্যাপনবাদসাক্ষিণে) অস্ত (বিশ্বাধ্যাসস্ত তদণবাদস্ত
চ বিভাবিভাব্যোঃ চ) হেতবে (মূলকারণায়) তে (তুভ্যং)
নমঃ ॥ ৪৮ ॥

অনুবাদ । আপনি স্থূল-সূক্ষ্ম ভূতসমূহের গতি
অবগত আছেন । আপনি সর্বাধিষ্ঠাত্রীস্বরূপ, আপনি
অবিশ্ব ও বিশ্বস্বরূপ অর্থাৎ পণ্ডিতগণ 'ইহা নয়', 'ইহা নয়'
বলিয়া অতঃ নিরসন করিতে করিতে অবশেষে তৎস্বরূপ
আপনাকে প্রাপ্ত হইয়া থাকেন ; আবার "সর্বং খবিদং ব্রহ্ম"—
এই পরিদৃশ্যমান বিশ্বই ব্রহ্ম—এইরূপ বিশ্বের বিবর্তস্থল
অর্থাৎ বিবর্তবাদিগণ অতঃস্বরূপ বিশ্বকে তৎস্বরূপ ব্রহ্ম
বলিয়া থাকেন । (যে বস্তু যাহা নয়, তাহাকে সেই বলিয়া
সিদ্ধান্ত করাই বিবর্ত) বস্তুতঃ আপনি এই প্রকার অধ্যা সও
অপবাদের * সাক্ষীস্বরূপ ও মূলকারণ, আপনাকে
নয়স্বায় ॥ ৪৮ ॥

বিশ্বনাথ । যতঃ পরেষামুক্তাণাং ভক্তানাং অবরেষাং
নিকৃষ্টানাং ভক্তানাং গতিং প্রাপ্য জ্ঞানতে । সর্বাধ্যক্ষায়

সর্বফলাধ্যক্ষায় সর্বফলাধ্যক্ষাত্মং জ্ঞাত্বা তত্তৎসমুচিতফলশ-
দাত্রে ইত্যর্থঃ । কর্মফলদাত্ত্বেহপি ন তব কর্মসম্বন্ধঃ ।
যতোহবিশ্বায় প্রপঞ্চাতীতায় তদপি মায়াশক্ত্যা বিশ্বায়
সময়ে বিশ্বঃ স্রষ্টুং তস্ত বিশ্বস্ত ভ্রষ্ট্রে তথৈবাস্ত বিশ্বস্ত হেতুং
প্রধানঞ্চ চেতয়িতুং বিকারিতুং বা তস্ত ভ্রষ্ট্রে । "ক্রিয়ার্থোপ-
পদস্তে"ত্যাदिমা চতুর্থী ॥ ৪৮ ॥

ত্বং হস্ত জন্মস্থিতিসংযমান্ বিভো

গুণৈরনীহোহকৃতকালশক্তিধৃক্ ।

তত্তৎস্বভাবান্ প্রতিবোধয়ন্ সতঃ

সমীক্ষয়ামোঘবিহার ঈহসে ॥ ৪৯ ॥

অনুবাদ । (হে) বিভো, অনীহঃ (নিষ্ক্রিয়ঃ অপি)
ত্বং অকৃতকালশক্তিধৃক্ (অনাদিকালশক্তিধারী সন্) সতঃ
(প্রধানস্ত) সমীক্ষয়া (ঈক্ষণেন) গুণৈঃ (সত্ত্বরজস্তমোভিঃ)
অমোঘবিহারঃ (অব্যর্থচেষ্টঃ) অস্ত (বিশ্বস্ত) তত্তৎ-
স্বভাবান্ (শাস্ত্রঘোরমূঢ়ত্বাদীন্ স্বভাবান্) প্রতিবোধয়ন্
(কল্পান্তে পুনঃ উদ্বোধয়ন্) হি জন্মস্থিতিসংযমান্ (সৃষ্টি-
স্থিতিসংহারান্) ঈহসে (করোষি) ॥ ৪৯ ॥

অনুবাদ । অনাদিকাল-শক্তিধারী আপনি নিরীহ
হইয়াও প্রধানের প্রতি ঈক্ষণপূর্বক গুণের দ্বারা পূর্ব কল্পান্তে
লয়প্রাপ্ত বিশ্বগত জীব সমূহের শাস্ত, ঘোর, মূঢ় প্রভৃতি
সেই সেই পূর্ব স্বভাব জাগরিত করিয়া এই বিশ্বের সৃষ্টি,
স্থিতি, সংহারাদি করিয়া থাকেন ; প্রকৃত-ঈক্ষণরূপ আপনার
লীলা অব্যর্থ ॥ ৪৯ ॥

বিশ্বনাথ । স্বসৃষ্টা প্রধানং চেতনযুক্তং বিকৃতঞ্চ কৃত্বা
মম কিং কলমিতি চেতনাহস্তমিতি । সতঃ প্রধানস্ত
সমীক্ষয়া অস্ত বিশ্বস্য পূর্বং কল্পান্তে তত্রৈব লীনসা তত্তৎ-
স্বভাবান্ তাস্তান্ সংসাররূপেণ সতঃ স্বভাবান্ ঘোরত্বাদীন্
প্রতিবোধয়ন্ জন্মাদীন্ গুণৈরজআদিভিরীহসে করোষি ।
গুণানাং কর্তৃত্বস্য অধ্যাপচারাদিস্তত্ত্বং ত্বয়নীহঃ, অকৃত-
কর্ণাদির্বা কালশক্তিপ্তাঃ ধারয়তীতি সং, এবঞ্চ প্রধানগত-
ঈক্ষণরূপস্তব বিহারোহমোঘঃ ॥ ৪৯ ॥

* অধ্যাস—অবস্ততে বস্তুর আরোপ, যথা—রজ্জুতে সর্পের আরোপ
অপবাদ—অনিত্য বলিয়া কার্যের মিথ্যা ও কারণের নিত্যত্ব ।

তশ্চৈব তেহমুস্তনবস্ত্রিলোকাং
শাস্তা অশাস্তা উত মূঢ়যোনয়।
শাস্তাঃ প্রিয়াস্তু হৃদুনাবিতুং সতাং
স্বাতুশ্চ তে ধর্মপরীপ্সয়েহতঃ ॥ ৫০ ॥

অনুবাদ। তত্র এব তে (জগৎস্রষ্টুঃ) ত্রিলোকাং শাস্তাঃ
অশাস্তাঃ উত (অপিচ) মূঢ়যোনয়ঃ তনবঃ (অংশাঃ ভবন্তি
তেষু মধ্যে) ধর্মপরীপ্সয়া (ধর্মরক্ষণেচ্ছয়া) ঈহতঃ (প্রবর্ত-
মানস্) সতাং (সাধুনাং) অবিতুং (রক্ষণায়) অধুনা স্বাতুঃ
চ (বর্তমানস্ চ) তে (তব) হি (নিশ্চিতং) তে শাস্তাঃ
(শাস্তস্বভাবাঃ এব) প্রিয়াঃ (ভবন্তি) ॥ ৫০ ॥

অনুবাদ। এই ত্রিলোক মধ্যে শাস্ত, অশাস্ত এবং
মূঢ় সকলেই আপনার অংশ, তথাপি সম্প্রতি ধর্মরক্ষা-
বাসনায় চেষ্টাযুক্ত এবং সজ্জন-পালনার্থ অবস্থিত আপনার
নিকট শাস্তগণই প্রিয় হইয়া থাকেন ॥ ৫০ ॥

বিশ্বনাথ। কেনাভিপ্রায়েণৈবং স্তধেইতি চেত্তত্রাহঃ,
—তশ্চৈব পূর্বোক্তলক্ষণস্ব ভব বিশ্বহেতুস্বাদ্বিধরূপস্ব অমুঃ
শাস্তাচ্ছানবঃ শাস্তাদি স্বভাবান্ অমেব প্রতিবোধয়সি
চেত্তত্র ঘোরস্বভাবোহয়ং কালিয়ঃ স্বস্বভাবং ক্রোধং কথং
ভ্যক্তুং শক্লোস্তিতি ভাবঃ। তথাপি তবধুনা শাস্তাঃ
প্রিয়াঃ। কৃতঃ সতাং ধর্মপালনেচ্ছয়া ঈহতঃ প্রবর্তনানস্ব
অতত্ত্ববিতুং স্বাতুঃ স্থিতস্ব ॥ ৫০ ॥

অপরাধঃ স্কন্ধত্রী সোঢব্যঃ স্বপ্রজাকৃতঃ।
ক্ষন্তমহঁসি শাস্তান্ন মূঢ়স্ব হামজানতঃ ॥ ৫১ ॥

অনুবাদ। হে শাস্তান্ন, ভত্রী, (পোষকেণ) স্ব প্রজা-
কৃতঃ (স্বস্ব প্রজয়া পোষণে কৃতঃ) অপরাধঃ স্কন্ধ (এক-
বারং) সোঢব্যঃ (সোঢুং যোগ্যঃ মূঢ়স্ব (তমোহ্যতি স্বভা-
বেন জ্ঞানহীনস্ব অতএব) ত্বাং অজ্ঞানতঃ (ত্বদ্বক্তৃতলীলা-
দিনা ত্বাং জ্ঞাতুমশক্লুবতঃ কালিয়স্ব অপরাধঃ) ক্ষন্তং অহঁসি
(যোগ্যঃ ভবসি) ॥ ৫১ ॥

অনুবাদ। হে শাস্তান্ন, আমাদের ভর্তা বা পালক
ও আপনার পুত্রতুল্য পাল্য এই সর্প যে অপরাধ করিয়াছে,

তাহা একবার সহ করা উচিত ; কেন না, সে মূঢ় ভবদীর্ঘ-
প্রভাব জানে না, তাহার অপরাধ ক্ষমার্থ ॥ ৫১ ॥

বিশ্বনাথ। অতঃ শাস্তলোকবিপ্রিয়কারিত্বলক্ষণোহস্তা-
পর্যবোধভূদেব সচ স্কন্ধ সোঢব্য ইতি। অধুনা দণ্ডয়িত্বা
শিক্ষিতোহপ্যয়ং ত্বদীয়শাস্তজনেষু যদি পুনরপ্যপরাধ্যতি তদা
ন সোঢব্য ইতি ভাবঃ। ক্ষন্তমহঁসীত্যর্থপৌনরুকৃত্যতিবৈঘ্র্যা
ব্যঞ্জকঃ ক্ষন্তমিত্যপরাধমিতি শেষঃ। শাস্তান্নমিতি ক্ষন্তু-
হেতুঃ, মূঢ়স্বজানত ইতি ক্ষন্তব্যত্বে হেতুঃ ॥ ৫১ ॥

অনুগ্রহীষ ভগবান্ প্রাণাংস্ত্যজতি পরগঃ।

স্ত্রীণাং নঃ সাধুশোচ্যানাং পতিঃ প্রাণঃ প্রদীয়তাম্ ॥

অনুবাদ। (হে) ভগবন্, অনুগ্রহীষ (অনুগ্রহং কুরু)
পরগঃ (তব ভার নিপীড়িতঃ অয়ং সর্পঃ) প্রাণান্ ত্যজতি।
সাধুশোচ্যানাং (সাধুভিঃ শোচ্যানাং অনুকম্পনীয়ানাং)
স্ত্রীণাং নঃ (অম্মাকং) প্রতিপ্রাণঃ (পতিরূপঃ প্রাণঃ)
প্রদীয়তাম্ ॥ ৫২ ॥

অনুবাদ। হে ভগবন্, অনুগ্রহ করুন। আপনার
ভারে নিপীড়িত হইয়া এই সর্প প্রাণত্যাগ করিতেছে।
সাধুগণের অনুকম্পার পাত্রী এই স্ত্রীগণকে পতিরূপ প্রাণ
প্রদান করুন ॥ ৫২ ॥

বিশ্বনাথ। নহু চিকিৎসাস্ব সাধেব কৃত্য রোগোগত
এব, কিন্তু রোগশেষদূরীকরণার্থং সপ্তাষ্টাঃ পার্শ্বপ্রহারী
অবশিষ্টন্তে তেষু সন্মতির্দীয়তামিত্যত আহঃ,—অনুগ্রহী-
ষেতি। সদোষশেষোহনুগ্রহামৃতপ্রদানেনৈব নাশনীয়ো নতু
দণ্ডতীরোধপায়নেন। যতোহঁসৌ সম্প্রতি প্রাণাংস্ত্যজতি,
নহু ত্যজতু প্রাণান্ কিমেন বিগীতেন সর্পশরীরেণ অতঃ
পরং দিব্যদেহো যন্তু এব ভবিষ্যতি তত্রাহঃ,—স্ত্রীণা-
মিতি। স্ত্রীণামম্মাকং বৈধব্যে সতি কশ্চিদন্তঃ পার্শ্বঃ
সর্পো বলাৎ কাময়িত্য ভবিষ্যতীত্যতঃ শোচ্যানামম্মাক-
ময়মেব সম্প্রত্যুৎপন্নবৈষ্ণবতাকহ্মাং প্রাণঃ স্নেহাম্পদীভবন্
প্রাণতুল্যঃ ॥ ৫২ ॥

বিধেহি তে কিঙ্করীণামনুষ্ঠেয়ং তবাজ্ঞয়া।

যচ্ছু দ্বয়ানুতিষ্ঠন্ বৈ মুচ্যতে সর্বতো ভয়াৎ ॥ ৫৩ ॥

অনুবাদ । তব আজ্ঞা (আদেশ) শ্রদ্ধা যৎ (কর্ম)
অহুতিষ্ঠন্ (আচরন্) (জনঃ) বৈ (নিশ্চিতং) সর্বতঃ
ভয়াং মুচ্যতে তে (তব) কিস্করীণাং (দাসীভূতানাং
অশ্বাকং) অহুষ্ঠেয়ং (তদাচরণং) বিধেহি (আজ্ঞাপয়) ॥ ৫৩ ॥

অনুবাদ । আপনার আদেশে জীব শ্রদ্ধাপূর্বক যে
কর্মের অহুষ্ঠান করিয়া সর্ব ভয় হইতে মুক্ত হয়, আপনার
দাসীস্বরূপ আমাদের প্রতি তাদৃশ কার্যের আদেশ করুন ॥ ৫৩

বিশ্বনাথ । ভবত্বয়ং যুযুভ্যং পতির্দত্ত এব কিন্তু
যন্নাদিগ্ধতে তৎকর্তব্যমিতি তত্র সসম্মমবশমেবেত্যাহঃ—
বিধেহীতি । তচ্চ ইত্যুঃস্থানাদন্ত শীঘ্রং যাতেত্যগ্রে ব্যাক্তী-
ভবিষ্যতি । ৫৩ ॥

শ্রীশুক উবাচ ।

ইথং স নাগপত্নীভির্ভগবান্ সমভিষ্টুতঃ ।

মুচ্ছিতং ভগ্নশিরসং বিসসর্জ্যজিহ্বকুট্টনৈঃ ॥ ৫৪ ॥

অনুবাদ । শ্রীশুকঃ উবাচ—সঃ ভগবান্ নাগপত্নীভিঃ
ইথং (পূর্বোক্তরূপং) সমভিষ্টুতঃ (সমাক্ স্ততঃ সন্)
অজিহ্বকুট্টনৈঃ (পাদপ্রহারৈঃ) ভগ্নশিরসং (অতএব)
মুচ্ছিতং (কালিয়ং) বিসসর্জ (তত্ভাজ) ॥ ৫৪ ॥

অনুবাদ । শ্রীশুকদেব কহিলেন,—নাগপত্নীগণ এরূপ
স্তব করিলে ভগবান্ পাদপ্রহারে ভগ্নমস্তক এবং মুচ্ছিত
কালিয়কে পরিত্যাগ করিলেন ॥ ৫৪ ॥

বিশ্বনাথ । অজিহ্বাং কুট্টনৈঃ প্রহারৈর্ভগ্নশিরসং
কালিয়ং তত্ভাজ, তচ্ছীর্ষেভ্যঃ সহসৈবাবপ্লুত্যা তদগ্রে
তস্থাবিত্যর্থঃ ॥ ৫৪ ॥

প্রতিলকেন্দ্রিয়প্রাণঃ কালিয়ঃ শনকৈর্হরিম্ ।

কৃচ্ছ্রাৎ সমুচ্ছ্রসন্ দীনঃ কৃষ্ণং প্রাহ কৃতাজ্জলিঃ ॥ ৫৫ ॥

অনুবাদ । দীনঃ (দুর্বলঃ) কালিয়ঃ শনৈঃ (ক্রমশঃ)
প্রতিলকেন্দ্রিয়প্রাণঃ (লকেন্দ্রিয়প্রাণশক্তিঃ সন্) কৃচ্ছ্রাৎ
সমুচ্ছ্রসন্ (কষ্টেন নিঃস্রসন্) কৃতাজ্জলিঃ কৃষ্ণং প্রাহ ॥ ৫৫ ॥

অনুবাদ । দুর্বল কালিয় ক্রমশঃ ইন্দ্রিয় এবং প্রাণের
শক্তিলাভ করিয়া অতিকষ্টে নিশ্বাস পরিত্যাগ পূর্বক
কৃতাজ্জলি সহকারে শ্রীকৃষ্ণকে বলিতে লাগিল । ৫৫ ॥

বিশ্বনাথ । কৃচ্ছ্রাদিতি কষ্টাদেব কথঞ্চিং কৃতাজ্জলিঃ
সর্বদ্রব্যথাবস্থাং ন তু ভূমৌ দণ্ডবদ্বিপত্য প্রণামসমর্থ ইতি
ভাবঃ ॥ ৫৫ ॥

বয়ং খলাঃ সহোৎপত্ত্যা তামসা দীর্ঘমন্তবঃ ।

স্বভাবো দুস্ত্যজো নাথ লোকানাং যদসদগ্রহঃ ॥ ৫৬ ॥

অনুবাদ । (হে) নাথ, বয়ং (সর্পাঃ) খলাঃ (ক্রুরাঃ)
উৎপত্ত্যা (জন্মনা) সহ তামসাঃ (তমঃপ্রকৃতয়ঃ) দীর্ঘ-
মন্তবঃ (চিরকোষাশ্চ ভবামঃ) লোকানাং (প্রাণিনাং)
স্বভাবঃ যদসদগ্রহঃ (যতঃ অসদগ্রহস্বরূপঃ) (অতঃ) দুস্ত্যজঃ
(দুস্পরিহার্যঃ ভবতি) ॥ ৫৬ ॥

অনুবাদ । হে নাথ, আমরা সর্প জাতি, জন্ম হইতেই
খল, তমঃপ্রকৃতি এবং কোষশীল । প্রাণিগণের স্বভাব
দুঃপ্রহ স্বরূপ, সূতরাং উহা দুস্পরিহার্য ॥ ৫৬ ॥

বিশ্বনাথ । যদ্যতোহসতো বিকল্পভেদে জাতস্তাপি
রাগদ্বेषাদেগ্রহো গ্রহণং বিহুষামপি কিং পুনর্মূঢ়ানামস্মাক-
মিতি ভাবঃ ॥ ৫৬ ॥

তয়া সৃষ্টমিদং বিশ্বং ধাতগুণবিসর্জনম্ ।

নানাস্বভাববীৰ্যৌজো-যোনিবীজাশয়াকৃতি ॥ ৫৭ ॥

অনুবাদ । (হে) ধাতঃ, (সৃষ্টিপতে,) তয়া নানা-
স্বভাববীৰ্যৌজো-যোনিবীজাশয়াকৃতি (বিবিধস্বভাবাদি-
বিশিষ্টং) গুণবিসর্জনং (গুণজাতং) ইদং বিশ্বং সৃষ্টম্ ॥ ৫৭ ॥

অনুবাদ । হে বিধাতঃ, আপনিই বিভিন্ন স্বভাব,
বীৰ্য, ওজ, যোনি, বীজ, আশয় এবং আকৃতিযুক্ত এই
গুণজাত বিশ্বের সৃষ্টি করিয়াছেন ॥ ৫৭ ॥

বিশ্বনাথ । গুণৈববিধং সজ্জনং সৃষ্টিযত্র তৎ ।
বিবিধত্বমাহ,—নানাস্বভাবাদয়ো যন্ত তৎ ॥ ৫৭ ॥

বয়ঞ্চ তত্র ভগবন্ সর্পা জাত্যাক্রমন্তবঃ ।

কথং তাজামন্তুয়ায়াং দুস্ত্যজাং মোহিতাঃ স্বয়ম্ ॥ ৫৮ ॥

অনুবাদ । (হে) ভগবন্, সর্পা, তত্র (বিচিত্রগতি)
বয়ং জাত্যাক্রমন্তবঃ (জন্মনৈব বহুকোপাঃ) (অতএব)
মোহিতাঃ স্বয়ং কথং দুস্ত্যজাং তন্মায়াং তাজামঃ ॥ ৫৮ ॥

কালুবাদ । হে ভগবান্, হে সর্বময়, সেই বিচিত্র জগতে আমরা সর্প জাতি জন্মাবধি অতিশয় কোপন-স্বভাব, অতএব মুঞ্চচিত্ত আমরা কিরূপে আপনার দুস্ত্যজ-মায়া ত্যাগ করিব ॥ ৫৮ ॥

বিশ্বনাথ । জাত্যা জন্মনৈব বহুকোপাঃ ॥ ৫৮ ॥

ভবান্ হি কারণং তত্র সর্বজ্ঞো জগদীশ্বরঃ ।

অনুগ্রহং বিগ্রহং বা মন্তসে তদ্বিধেহি নঃ ॥ ৫৯ ॥

অনুগ্রহ । তত্র (মায়াদূরীকরণে) সর্বজ্ঞঃ জগদীশ্বরঃ ভবান্ হি কারণং (প্রভবতি) । অনুগ্রহং নিগ্রহং বা (যং যুক্তং) মন্তসে নঃ (অস্মাকম্ বিষয়ে) তৎ বিধেহি ॥ ৫৯ ॥

অনুবাদ । মায়া পরিত্যাগ বিষয়ে আপনিই একমাত্র কারণ অর্থাৎ আপনার কৃপা ভিন্ন কেহই মায়া পরিত্যাগ করিতে সমর্থ নহে । অতএব আমাদের প্রতি অনুগ্রহ বা নিগ্রহ-যাহা করিতে হয় করুন ॥ ৫৯ ॥

বিশ্বনাথ । তত্র মায়াত্যাগে ॥ ৫৯ ॥

শুক উবাচ ।

ইত্যাকর্ণা বচঃ প্রাহ ভগবান্ কার্যমানুষঃ ।

নাত্র স্বেয়ং ত্বয়া সর্প সমুজং যাহি মা চিরম্ ।

স্বজাত্যপত্যাদারাঢ্যো গোনুভিত্ত্ব জাতে নদী ॥ ৬০ ॥

অনুগ্রহ । শ্রীশুকঃ উবাচ,—কার্যমানুষঃ (কার্যং ক্রীড়া-তর্য়েব মানুষঃ, লীলাময়মানুষরূপঃ) ভগবান্ ইতি বচঃ (সর্পবাক্যং) । আকর্ণা প্রাহ (উবাচ) । (হে) সর্প, ত্বয়া অত্র (হৃদে) ন স্বেয়ং (স্বাত্ব্যং) স্বজাত্যপত্যাদারাঢ্যঃ (সবান্ধব-পুত্রকলত্রঃ) মা চিরং (সত্বরং) সমুজং যাহি । গোনুভিঃ নদী (ইয়ং যমুনা) ভূজ্যতে (সেব্যতে) ॥ ৬০ ॥

অনুবাদ । শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন, নরলীলা-দ্বারা মনুষ্যরূপে প্রতীয়মান ভগবান্ এই সর্পবাক্যে শ্রবণ-করিয়া বলিলেন—হে সর্প, তুমি, আমার, এখানে অত্র থাকিও না । সত্বরই স্বজাতি, পুত্র ও স্ত্রীগণের সহিত

সমুজ্রে যাত্রা কর । গো-এবং মনুষ্যগণ সর্বদা এই যমুনার জল উপভোগ করিয়া থাকে ॥ ৬০ ॥

বিশ্বনাথ । কার্যেণ ব্রহ্মরূপাদিত্যেবাপি কালিয়-নিগ্রহাদি কর্মসু মানুষ এব নতু তত্তৎকৃত্যসমুচিত্তক্রপাণ্য-দিক্রপাইত্যর্থঃ । যদা, কার্যং ক্রীড়া-লীলা তর্য়েব মানুষঃ ক্রীলাময়মানুষরূপ ইত্যর্থঃ । যদা, কত্র ব্রহ্মগোহপ্যাকর্ষ-শ্যাসৌ মানুষশ্চেতি সঃ । যদা, কার্যং মানুষশ্চেব যত্র সঃ । যতোগোভিন্ ভিচ্চ নদী-ভূজ্যতে তটপ্রবাহাগত ঘাসপত্র-ফলজনানাং ভোগোচিত্যং ॥ ৬০ ॥

যৎ এতৎ সংস্মরেন্ন্যত্যন্তভ্যাং মদনুশাসনম্ ।

কীর্তয়ন্নুভয়োঃ সঙ্কোচ্য যুগ্মদ্বয়মাপ্নুয়াৎ ॥ ৬১ ॥

অনুগ্রহ । যঃ মর্ত্যঃ (মহুশ্যঃ) উভয়োঃ সঙ্কোচ্যঃ (সায়ং প্রাতঃ) তুভ্যাং (ত্বাং প্রতি) এতৎ মদনুশাসনং (মম আদেশং) সংস্মরেৎ কীর্তয়ন্ (গায়ন্ চ) যুগ্মদ্বয়ং ন আপ্নুয়াৎ ॥ ৬১ ॥

অনুবাদ । যে মহুশ্য প্রাতঃ ও সায়ংকালে তোমার প্রতি আমার এই আদেশ বাক্য স্মরণ এবং কীর্তন করিবে সে তোমা হইতে কোন ভয়প্রাপ্ত হইবে না ॥ ৬১ ॥

বিশ্বনাথ । তবপাদম্পর্শে মম চ হৃদগু ইত্যাবল্লোঃ কীর্তিরাচল্লার্কং স্থাস্ত্রতীতাহ,—য ইতি । ন যুগ্মতো ভয়-মাপ্নুয়াদিত্যি, তেন পশুদ্বয়মিদং সর্পোচ্ছাটনে মন্ত্র এব জ্ঞেয়ম্ । তথাচ ঋগ্বেদশ্চ মন্ত্রান্তরং “যমুনাহুত্রে হি সো বাতো যো নারায়ণবাহনঃ । যদি কালিক দত্তশ্চ যদি কাকালিকান্তয়ম্ । অন্নভূমিপরিব্রাজন্তো নির্বিষো বাতি কালিকঃ” ইতি ॥ ৬১ ॥

যোহস্মিন্ স্নাত্বা মদাক্রৌড়ে দেবাদীঃ স্তপয়েজ্জলৈঃ ।

উপোষ্য মাং স্মরন্নর্চেৎ সর্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৬২ ॥

অনুগ্রহ । যঃ অস্মিন্ মদাক্রৌড়ে (মম বিহারস্থানে হৃদে) স্নাত্বা জলৈঃ দেবাদীন (দেববিপিত্তমহুশ্যাদীন) তর্পয়েৎ উপোষ্য (উপবাসং কৃষক) মাং স্মরন্ নর্চেৎ (পূজয়েচ্চ সঃ) সর্বপাপৈঃ প্রমুচ্যতে (মুক্তঃ ভবতি) ॥ ৬২ ॥

অনুবাদ । যিনি আমার বিহারস্থান এই হৃদে স্থান করিয়া জলদ্বারা দেবতা প্রভৃতির তর্পণ এবং উপবাসপূর্বক আমার স্মরণ ও পূজা করিবেন তিনি সর্বপাপ হইতে মুক্ত হইবেন ॥ ৬২ ॥

বিশ্বনাথ । ইতোহপি হেতোক্ষ্য। নির্গন্তব্যমেব-
ত্যাং,—যোহশ্মিন্ভিত্তি। অস্মি স্থিতে তন্ন সম্ভবতীতি
ভাবঃ ॥ ৬২ ॥

দ্বীপং রমণকং হিমা হৃদমেতমুপাশ্রিতঃ ।

যন্তয়াং স সুপর্ণক্সাং নাচান্মংপাদলীঙ্ঘিতম্ ॥ ৬৩ ॥

অর্থ । যদি ভূয়াং (যন্ত গরুড়স্ত ভূয়াং) রমণকং
দ্বীপং হিমা (অং) এতং হৃদং উপাশ্রিতঃ (পুরা আশ্রিতঃ)
সঃ সুপর্ণঃ (গরুড়ঃ) মংপদলীঙ্ঘিতং (শিরসি মম পাদ-
চিহ্নযুক্তং) অং (অধুনা) ন অচ্যাং (ন ভঙ্কয়েৎ) ॥ ৬৩ ॥

অনুবাদ । যে গরুড়ের ভয়ে তুমি রমণকদ্বীপ ত্যাগ
করিয়া এই হৃদে আশ্রয় করিয়াছিলে সেই গরুড় তোমার
মস্তকে আমার পদচিহ্ন দেখিয়া এখন আর তোমাকে ভঙ্কণ
করিবে না ॥ ৬৩ ॥

বিশ্বনাথ । ন চ তে গরুড়ান্তঃ ভাবীত্যাং,—দ্বীপ-
কৃতি ॥ ৬৩ ॥

শ্রীঋষিরূবাচ ।

মুক্তো ভগবতা রাজন্ কৃষ্ণেনীদুতকর্মণা

তং পূজয়ামাস যুদা নাগপত্ন্যশ্চ সাদরম্ ॥ ৬৪ ॥

অর্থ । শ্রীঋষিঃ উবাচ,—(হে) রাজন্, অদুতকর্মণা
ভগবতা কৃষ্ণেন মুক্তঃ নাগঃ (কালিয়ঃ) পত্ন্যাঃ চ (তন্ত
স্ত্রিয়শ্চ) যুদা (হর্ষেণ) সাদরম্ তং (কৃষ্ণং) পূজয়ামাস ॥ ৬৪ ॥

অনুবাদ । শ্রীঋষি বলিলেন—হে রাজন্, অদুতকর্মণা
ভগবান্ শ্রীকৃষ্ণকর্তৃক মুক্ত কালিয়নাগ এবং তৎপত্নীগণ
তখন সাদরে ভগবানের পূজা করিয়াছিল ॥ ৬৪ ॥

বিশ্বনাথ । অদুতকর্মণেতি কালিয়াদৃষ্টি জীবন্ত
ত্যাগং কালিয়স্তাপি গরুড়াক্রোধান্নিহিতং হিংস্রহিংসকরুভয়ো-
রপি কল্যাণমিত্যদুতং কর্ম । কৃষ্ণেনেতি স্বভক্তগরুড়া-

পরাধস্ত যপ্রিয়ব্রজস্ব জীবাপরাধস্ত চ কর্ণণং পরমভক্ত-
কালিয়পত্নীপ্রীত্যহুরোধাং কৃতমিতি ভাবঃ ॥ ৬৪ ॥

দিব্যাস্বরশ্রুগিভিঃ পরাধৈরপি ভূষণৈঃ ।

দিব্যগন্ধালৈপৈশ্চ মহতোংপলমালয়া ॥ ৬৫ ॥

পূজয়িত্বা জগন্নাথং প্রসাত্ত গরুড়ধ্বজম্ ।

ততঃ প্রীতোহনুভানুজাতঃ পরিক্রম্যাভিবন্দ্য তম্ ॥ ৬৬ ॥

সকলত্রসুহৃৎপুত্রো দ্বীপমক্কেজগাম হ ।

তদৈব সামৃতজলা যমুনা নির্বিষাভবৎ ।

অনুগ্রহান্তগবতঃ ক্রীড়ামানুষকপিণঃ ॥ ৬৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে ব্রহ্মসূত্রভাষ্যে পারম-
হংস্তাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে

কালিয়নির্যাপণং নাম ষোড়শোহধ্যায়ঃ ।

অর্থ । দিব্যাস্বরশ্রুগিভিঃ (দিব্যবস্ত্রমাল্যারভৈঃ)
পরাদৈঃ (প্রকুঠৈঃ) ভূষণৈঃ অপি দিব্যগন্ধালৈপৈঃ চ
মহত্যা উংপলমালয়া চ গরুড়ধ্বজং জগন্নাথং পূজয়িত্বা
প্রসাত্ত (প্রসন্নং কৃত্বা) ততঃ প্রীতঃ (সন্তুষ্টঃ) অনুভজাতঃ
(সমাদিতঃ) তঃ পরিক্রম্যা (প্রদক্ষিণীকৃত্বা) অভিবন্দ্য
(প্রণম্য স কালিয়ঃ) সকলত্রসুহৃৎপুত্রঃ ; অকোঃ (সমুদ্রস্ত)
দ্বীপং (রমণকং) জগাম হ । তদা এব ক্রীড়ামানুষকপিণঃ
ভগবতঃ অনুগ্রহাং সা যমুনা নির্বিষা (সতী) অমৃতজলা
ভবৎ ॥ ৬৫-৬৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশম স্কন্ধে ষোড়শাধ্যায়স্যন্বয়ঃ ।

অনুবাদ । তাহার দিব্য বস্ত্র, মালা, রত্ন, উত্তম
ভূষণ, দিব্যগন্ধালুপেণন এবং উত্তম উংপল মালাদ্বারা
গরুড়ধ্বজ জগন্নাথের পূজা করিয়া তাহার প্রসন্নতা উৎ-
পাদনপূর্বক প্রীত এবং তাহার আদেশ প্রাপ্ত হইয়া প্রদক্ষিণ
ও অভিবাদন করিয়া স্ত্রী, আত্মীয় এবং পুত্রগণসহ সমুদ্রের
মধ্যবর্তী রমণক দ্বীপে গমন করিল । তৎকালেই লীলা-
মানব-বিগ্রহ ভগবানের অনুগ্রহে সেই যমুনা বিবহীন
হইয়া অমৃততুল্য জলবিশিষ্ট হইলেন ॥ ৬৫-৬৭ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধের ষোড়শ অধ্যায়ের

অনুবাদ সমাপ্ত ।

বিশ্বনাথ । সাদরমিতি পূৰ্ব্বাশ্লোকোক্তেঃ । হে প্রভো,
দুষ্টভায়াঃ পরমাবধিক্রমে ময়ি কৃপায়াঃ পরমাবধিরপিতঃ
ত্বয়া যদহো প্রাকৃতাপ্রাকৃতলোকেষু মদন্তঃ কোহপি
ধ্বজবজ্রাঙ্কুশাদিচিহ্নানি স্বমুগ্ধি ন ধত্তে ; তদহং সাম্প্রতং
শ্রীমদঙ্গানি মদন্তদংশোখবিষদাহতপ্তানি স্নগন্ধশীতলচন্দন-
রসেন সঞ্জীক এব পাণিভিঃ স্পৃশন্ । নহু লিম্পানি শৃঙ্গার-
জানি চেতাতেঃ ক্ষণমত্ৰৈব দিব্যাসনে উপবিশেতুপবেশ্য
স্ববাস্তিতং পূরয়িত্বা লব্ধভগবৎপ্রসাদহৃতো নির্জগামেত্যাহ,
—দিব্যেতি শাক্ষদ্বয়েন । মণিভিরিতি কৃষ্ণপ্রাজুর্ভাবকালে
তদক্ষঃস্ব এবাসীৎ যঃ কৌন্তভঃ স এব তস্ম নরলীলত্বশোভা-
ব্যাব্যতাত্ত্বার্থম্ । তদেবালঙ্কিতং কালিয়কোষাগারমধ্যে
প্রবিষ্টোহভূৎ । অতএব বহুস্তালঙ্কারপ্রদানসময়ে কালিয়-
পত্নীভিরপরিচিত এব স্বীয়রত্নবিশেষজ্ঞানেন কৌন্তভো
দত্তঃ । যত্বেতং “কৌন্তভাখ্যো মণির্বেন প্রবিষ্ট হৃদমোরগম্ ।
কালীঘপ্রেয়সীবৃন্দহস্তৈরাভ্যোপহারিতঃ” ইতি গণোদদেশ-
দীপিকায়াম্ । প্রসাদোতি ভগবানপি কালিয়মূৰ্দ্ধনভয়হস্ত-
তলনিধানেন তদীয়সর্বাঙ্গব্যথামুশময়ামাসেতি ভাবঃ ।
গরুড়ধ্বজং প্রসাদোতি ভো গরুড়বাহন, প্রভো, সাম্প্রত্যহং
গরুড়স্ত জ্যোষ্ঠভাতুর্দামোহভূবং অতঃ কদাচিদ্রদেশস্ত
গন্তব্যস্তে সত্যমহপি স্ববাহনত্বেন স্তবো ন্যো নিমেষমাত্রেনৈব
শতকোটিযোজনগামী দাসানুদাস ইতি তত্ক্ষণিকগম্যতে ।
অতঃ কালিয়ারুঢ় এব কংসনির্দিষ্টঃ কৃষ্ণে মথুরাং জগামেতি
পৌরাণিকী কথা কচিৎ ক্রয়তে ইতি ॥ ক্রীড়ামানুধরুপিণ
ইতি নিত্যযোগে ইনিঃ ॥ ৬৫-৬৭ ॥

ইতি সারার্থদর্শিত্বাং হর্ষণ্যাং ভক্তচেতসাম্ ।

দশমে বোড়শোহধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সত্যম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে বোড়শাধ্যায়স্ত

সারার্থদর্শিনী-টীকা সমাপ্তা ।

মধব ।

দণ্ডোহপিভগবচ্চীর্ণো মমৈবোহুগ্রহঃ স্মৃতঃ । ইতি-
ভক্ত্যা চিন্তয়তা শুভকারী ভবতালম্ । তত্রাপি কুর্ভতাঃ
দেহং তমপ্রাপ্তো তথাভবেৎ । ইতি চ ॥ ৬৪ ॥

অপুনর্ভবমাত্রাত হরিসামীপামুত্তমম্ । তত্রাপি স্পর্শ-
যোগ্যস্ত যথা বেদবিদো বিহুঃ । ইতিপাদ্যে ॥ ৩৭ ॥

ভূতায় সর্বদা বিজ্ঞমানায় ॥ ৩৯ ॥

অপ্রাকৃতায় । কালনাভায় । কালাশ্রয়ায় । বিশ্বস্ত
তদধীনত্বাধিঃ বিষ্ণুরদীর্ঘতে । মূলহেতুত্বো হেতুঃ কর্তা
প্রাতিষিকং কৃতেঃ । ইত্যাগ্রে ॥ ৪১ ॥

গুণপ্রদীপায় । গুণজ্ঞাপকায় । গুণাত্মস্বাদয়ায় । গুণাত্মিকা
প্রকৃতিঃ তস্তাং স্থিত উদয় স্বরূপোহরিঃ ॥ ৪৬ ॥

অবিশ্বায় জীবভ্যোহন্তঃ । শরীরেষু প্রবিষ্টত্বাধিশো
জীব উদীর্ঘতে । জীবস্ত তদধীনত্বাধিশো বিষ্ণুরিতি স্মৃতঃ ।
তস্তোৎপত্ত্যাদিহেতুত্বাধিশহেতুশ্চ কীর্ত্যতে । ইতিমাংস্তে ॥ ৪৮

হরেঃ স্বরূপশক্তির্থা কালশক্তিরদীর্ঘতে । সর্গা সর্ব-
গুণাত্মাদুর্গাবাপ্য বরাদতঃ । সর্বসংহারকারিত্বাচ্ছায়ুঃ
সর্বস্ত জীবনাৎ । কালাভিমানিনাবেতৌ দুর্গা বায়ুশ্চ
কীর্তিতৌ । ইতিপ্রকাশ সংহিতায়াম্ ॥ ৪২ ॥

অন্তঃ প্রিয়ঃ বহিঃচেতি দ্বিধাপ্রিয়মুদাহৃতম্ । অন্তঃ
প্রিয়া হরেঃ সন্তঃ সর্বং চাপি হরেঃ প্রিয়ম্ ॥ অসন্ত্চাপি
সংহারে ঈষদন্তঃ প্রিয়া ইব । তদপেক্ষয়া তথা সন্তো
বিশেষান্তঃ প্রিয়াস্তিতা । ইতিষাড্ গুণ্যে । স্বখান্তং প্রাপ্নু-
র্ষম্মাদেবাঃ শান্তা উদাহৃতঃ । অশান্তা মায়ায়াঃ প্রোক্তা
বিমূঢ়া আশ্রয়ামতাঃ । ইতি প্রকাশসংহিতায়াম্ । কর্ম-
পরীক্ষয়া কর্মপ্রবর্তনার্থং সর্বশরীরেষু স্থাতুঃ ঈহতঃ প্রাণস্ত
সকাশাৎ প্রাণসকাশাৎ হি কর্মপ্রবর্তনমিচ্ছতি ভগবান্ ।
বায়োঃ সকাশাজ্জগতঃ প্রবৃত্তিঃ কারয়ত্যজঃ । প্রাণ প্রাণ-
মতঃ প্রাহবিষ্ণুঃ বায়োরপি প্রভূম্ । ইতি চ ॥ ৫০ ॥

ধাতুগুণবিসর্জনম্ ॥ হিরণ্যগর্ভসকাশাদ্গুণভূতা সৃষ্টি-
রস্ত জগতঃ । প্রাধাত্তেন বিষ্ণোরৈব । বিষ্ণুঃ প্রধানতঃ
সৃষ্টা গুণস্রষ্টা চতুর্মুখঃ । ইতি নারদীয়ে ॥ ৫৭ ॥

ইতি শ্রীমদানন্দতীর্থভগবৎপাদাচার্য-বিরচিত্তে শ্রীভাগবত-

দশমস্কন্ধ-তাৎপর্ষ্যে বোড়শোহধ্যায়ঃ ।

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে বোড়শ অধ্যায়ের
গৌড়ীয়-ভাষ্য সমাপ্ত ।

সপ্তদশোধ্যায়ঃ

গৌড়ীয় ভাষ্য ।

সপ্তদশ অধ্যায়ের কথাসার ।

এই অধ্যায়ে নাগালয় হইতে কালিয়ার নির্গমন ও দাবানল হইতে স্তম্ভব্রজবাসিগণের পরিভ্রাণ বর্ণিত হইয়াছে ।

রাজা পরীক্ষিৎ কালিয় নাগের নাগালয় রমণকদ্বীপ পরিভ্রাণ এবং গরুড়ের অপ্ৰিয়তাচরণের কারণ জিজ্ঞাসা করায় শ্রীশুকদেব উত্তর করিলেন যে, গরুড়ভক্ষ্য সর্পগণ গরুড়ের দ্বারা ভক্ষিত হইবার ভয়ে তন্নিবারণার্থ তাহাকে মাসে মাসে অশ্বখমূলে বিবিধ বলি প্রদান করিত ; কিন্তু মদারিত কালিয় গরুড়কে অগ্রাহ্য করিয়া স্বয়ং উহা ভক্ষণ করিত । এতৎ শ্রবণে কোপান্বিত গরুড় কালিয়ার প্রাণ-বধার্থ তথায় আগমন করিলে কালিয় দন্তদ্বারা গরুড়কে দংশন করিতে লাগিল ; কিন্তু গরুড়ের পক্ষদ্বারা প্রচণ্ড-বেগে আহত হইয়া প্রাণভয়ে যমুনাতটে প্রবেশ করিল । একদিন গরুড় যমুনাতটে আগমন করিয়া মৎস্যভক্ষণে প্রযুক্ত হইলে সৌভরি ঋষি উহা নিবারণ করেন কিন্তু ক্ষুধার্ত গরুড় ঋষির নিষেধ অগ্রাহ্য করায় ঋষি গরুড়কে অভিশাপ প্রদান পূর্বক বলেন যে, যদি গরুড় পুনরায় তথায় আগমন করে তবে তৎক্ষণাৎ প্রাণত্যাগ করিবে । কালিয়নাগ ইহা শ্রবণ করিতে পাইয়াছিল বলিয়াই নির্ভয়ে তথায় বাস করিত । অবশেষে শ্রীকৃষ্ণের দ্বারা নিষ্কাশিত হইল । বলরাম সহ ব্রজবাসিগণ বিবিধ রত্ন-লঙ্কারে শোভিত হইয়া শ্রীকৃষ্ণকে ব্রজ হইতে নিষ্কাশিত দেখিতে পাইয়া প্রীতিসহকারে আলিঙ্গন করিলেন । গুরু, পুরোহিত ও বিপ্রগণ গোপরাজকে বলিলেন যে, কালিয়-দ্বারা গ্রস্ত হইয়াও তাহার পুত্র ভাগ্যক্রমে মুক্ত হইয়াছেন । ক্ষুংপিপাসায় কাতর ও শ্রম-পীড়িত ব্রজবাসিগণ সেই রাত্রি কালিন্দী-তটে বাস করিলেন । নিশীথে গ্রীষ্মে শুষ্ক অরণ্যমধ্যে দাবানল প্রজ্জ্বলিত হইয়া নিদ্রিত ব্রজবাসি-গণকে বেষ্টন করিলে তাহার সকলেই শ্রীকৃষ্ণের শরণাপন্ন হইলেন । অনন্ত শক্তিদ্বারী শ্রীকৃষ্ণ আত্মীয়গণকে

কাতর দেখিয়া সেই ভীষণ দাবানল পান করিয়া ফেলিলেন ।

শ্রীরাজোবাচ ।

নাগালয়ং রমণকং কথং ততাজ্জ কালিয়ঃ ।

কৃতং কিংবা সুপর্ণস্ত তেনৈকেনাসমঞ্জসম্ ॥ ১ ॥

অন্বয় । শ্রীরাজা উবাচ,—কালিয়ঃ কথং নাগালয়ং (সর্পনিবাসস্থানং) রমণকং ততাজ্জ বা (অপি চ) একেন তেন (কালিয়েন) সুপর্ণস্ত (গরুড়স্ত) কিং সমঞ্জসং (অপ্রিয়ং) কৃতং (তৎ কথং)

অনুবাদ । শ্রীপরীক্ষিৎ মহারাজ বলিলেন,—হে মুনিবর, কালিয় কি হেতু সর্পগণের নিবাস স্থান রমণক দ্বীপ পরিভ্রাণ করিয়াছিল এবং সে একাকী গরুড়ের কি অপ্ৰিয় কার্য করিয়াছিল তাহা বলুন ॥ ১ ॥

বিশ্বনাথ । তাক্ষ্যাদ্বীতিঃ কালিয়স্ত তাক্ষ্যে সৌভরি-শাপবাক্ । কৃষ্ণাপ্তির্গৌরুহাং দাবান্নাগং সপ্তদশোধ্যবৎ ॥১

শ্রীশুক উবাচ ।

উপহার্যৈঃ সর্পজ্ঞনৈমাসি মাসীহ যো বলিঃ ।

বানস্পত্যো মহাবাহো নাগানাং প্রাণ্ণ্নিক্রপিতঃ ॥২

স্বং স্বং ভাগং প্রযচ্ছন্তি নাগাঃ পর্বণি পর্বণি ।

গোপীথায়াত্মনঃ সর্বৈ সুপর্ণায় মহাত্মনে ॥ ৩ ॥

অন্বয় । শ্রীশুকঃ উবাচ,—(হে) মহাবাহো, প্রাক্ (পুরা) (রমণকদ্বীপে) উপহার্যৈঃ (ভক্ষ্যৈঃ) সর্পজ্ঞৈঃ (সর্পায়ত্নৈঃ জ্ঞৈঃ) মাসি মাসি (প্রতিমাসং) বানস্পত্যঃ (বৃক্ষমূলে দেয়ঃ) নাগানাং যঃ বলিঃ (ভক্ষ্যোপহারঃ) নিক্রপিতঃ (কল্লিতঃ আসীৎ) সর্বৈ নাগাঃ আত্মনঃ গোপী-থায়ঃ (আত্মরক্ষার্থং) পর্বণি পর্বণি (পূর্ণিমায়াং সমাবস্তায়াক্) মহাত্মনে সুপর্ণায় (গরুডায় স্বং স্বং ভাগং পূর্বোক্তমহুয়দেয়-বলেঃ নিজনিজাংশং) প্রযচ্ছন্তি (দদতি) ॥২-৩ ॥

অনুবাদ । শ্রীশুকদেব বলিলেন,—হে মহাজ্ঞ, পূর্বে এই রমণক-দ্বীপে সর্পগণের অধীন এবং ভক্ষণযোগ্য মনুষ্যগণ

প্রতিমাসে যুদ্ধমূলে নাগগণের ভোজনার্থে যে উপহার নির্ধারণ করিত নাগগণও সেট উপহারের নিজ নিজ অংশ আশ্রয়ার্থে পূর্ণিমা এবং অমাবস্তায় মহাত্মা গরুড়কে প্রদান করিত ॥ ২-৩ ॥

বিশ্বনাথ । উপহার্যৈর্ভক্ষ্যভেনোপহারীক্রিয়মার্থৈঃ সর্প-
রূপৈর্জনৈঃ বানস্পত্যো বানস্পতের্মূলে দেয়ঃ, নাগানাং
নাগৈর্গরুড়াং স্ববাধপরিহারায় । নিরূপিত উপকল্পিতঃ ।
তত্র সর্বৈ নাগান্তঃ স্বঃ স্বঃ ভাগং প্রযচ্ছন্তি । পর্বণি পর্বণি
প্রতিপঞ্চদশি গোপীথায় রক্ষণায় ॥ ২-৩ ॥

বিষবীৰ্যমদাবিষ্টঃ কাদ্রবেয়স্ত কালিয়ঃ ।

কদর্থীকৃত্য গরুড়ং স্বয়ং তং বুভুজে বলিম্ ॥ ৪ ॥

অনুয় । কাদ্রবেয়ঃ (কক্রনন্দনঃ) কালিয়ঃ তু বিষ-
বীৰ্যমদাবিষ্টঃ (বিষবীৰ্যভ্যাং গবিতঃ সন্) গরুড়ং কদর্থী-
কৃত্য (তুচ্ছীকৃত্য) স্বয়ং তু বলিং বুভুজে ॥ ৪ ॥

অনুবাদ । কিন্তু কক্রনন্দন কালিয় বিষ এবং বীৰ্যবলে
গবিত হইয়া গরুড়কে তুচ্ছ করিয়া নিজেই উপহার ভোজন
করিত ॥ ৪ ॥

বিশ্বনাথ । কিন্তু কালিয়স্ত তং ন প্রযচ্ছতি ; প্রত্যা-
নৈর্দত্তমপি স্বয়মেব বুভুজে । কদর্থীকৃত্য অনাদৃত্য তত্রতা
কর্ণেজপসর্পমুখান্তচ্ছূষা ॥ ৪ ॥

তচ্ছূষা কুপিতো রাজন্ ভগবান্ ভগবৎপ্রিয়ঃ ।

বিজিঘাংসুর্মহাবেগঃ কালিয়ং সমুপাদ্রবৎ ॥ ৫ ॥

অনুয় । (হে) রাজন্, ভগবৎপ্রিয়ঃ (বিষ্ণুভক্তঃ)
ভগবান্ (মহাশক্তিঃ গরুড়ঃ) তৎ শ্রদ্ধা কুপিতঃ (সন্)
কালিয়ং বিজিঘাংসুঃ মহাবেগঃ সমুপাদ্রবৎ (সমাগত-
বান্) ॥ ৫ ॥

অনুবাদ । হে রাজন্, বিষ্ণুভক্ত মহাশক্তিশালী
গরুড় তাহা শুনিয়া ক্রোধে কালিয়কে বধ করিতে ইচ্ছুক
হইয়া মহাবেগে সমাগত হইলেন ॥ ৫ ॥

তমাপতন্তুং তরসা বিষায়ুধঃ

প্রত্যভয়াতুখিতনৈকমস্তকঃ ।

দন্তিঃ সুপর্ণং ব্যাদশদদায়ুধঃ

করালজিহ্বাচ্ছসিতোগ্রলোচনঃ ॥ ৬ ॥

অনুয় । বিষায়ুধঃ (বিষমেবায়ুধঃ যন্ত সঃ) দদায়ুধঃ
(দস্তায়ুধঃ) করালজিহ্বাচ্ছসিতোগ্রলোচনঃ (করাল-
ভীষণা জিহ্বা যন্ত সঃ উচ্ছসিতানি উজ্জ্বলিতানি উগ্রানি
লোচনানি যন্ত সঃ স চ স চ) উখিত নৈকমস্তকঃ (উন্ন-
মিতশতমস্তকঃ কালিয়ঃ) তরসা আপতন্তুং (আগচ্ছন্তুং)
তং সুপর্ণং প্রতি অভয়াং (গতঃ) দন্তিঃ (দন্তৈঃ) ব্যাদশং
(দংশনং চকার চ) ॥ ৬ ॥

অনুবাদ । গরুড়কে অতি বেগে আসিতে দেখিয়া
বিষায়ুধ দস্তরূপ-অস্ত্রযুক্ত, করাল-জিহ্বা ও উগ্র-লোচন কালিয়
মস্তক শত উন্নত করিয়া তাহার প্রতি ধাবিত হইল এবং
দন্তদ্বারা দংশন করিতে লাগিল ॥ ৬ ॥

বিশ্বনাথ । বিষায়ুধঃ দ্বাং ফুৎকারেণ তন্মোচক-
নিকটে তু দদায়ুধো ব্যাদশং । করাল জিহ্বা যন্ত, উচ্ছতং
সসিতং যন্ত, উগ্রানি লোচনানি যন্ত স চ স চ স চ সঃ ॥ ৬ ॥

তং তাক্ষপুত্রঃ স নিরস্ত মধুমান্

প্রচণ্ডবেগো মধুসূদনাসনঃ ।

পক্ষ্ণেণ সর্বোদন হিরণ্যরোচিষা

জঘান কক্রসুতমুগ্রবিক্রমঃ ॥ ৭ ॥

অনুয় । উগ্রবিক্রমঃ (মহাবলঃ) মধুসূদনাসনঃ (বিষ্ণু-
বাহনভূতঃ) প্রচণ্ডবেগঃ মন্যমান্ সঃ তাক্ষপুত্রঃ (গরুড়ঃ)
[মন্যুনা (কোধেন)] তং কক্রোঃ সূতং (কালিয়ং) নিরস্ত
(নিবার্য পশ্চাৎ) হিরণ্যরোচিষা (স্বর্ণকাস্তিনা) সর্বোদন
(বামেন) পক্ষ্ণেণ জঘান (প্রহারয়ামাস) ॥ ৭ ॥

অনুবাদ । বিষ্ণু-বাহন প্রচণ্ড-বেগে মহাবল গরুড়
তখন ক্রোধে কালিয়কে নিবারিত করিয়া পরে স্বকীয় স্বর্ণ-
বর্ণ বাঘ-পক্ষ-দ্বারা প্রহার করিলেন ॥ ৭ ॥

বিশ্বনাথ । তাক্ষপুত্রঃ । মধুসূদনশাসনং যস্মিন্
সঃ ॥ ৭ ॥

সুপর্ণপক্ষাভিহতঃ কালিয়োহতীব বিহ্বলঃ ।

হৃদং বিবেশ কালিন্দ্যাস্তদগম্যঃ ছুরাসদম্ ॥ ৮ ॥

অর্থঃ । কালিয়ঃ সুপর্ণপক্ষাভিহতঃ (অতএব) অতীব বিহ্বলঃ (সন্) তদগম্যঃ (গুরুভ্যঃ অগম্যঃ) ছুরাসদং (হৃদ্রূপাং) কালিন্দ্যঃ হৃদং বিবেশ (প্রবিষ্টঃ) ॥ ৮ ॥

অনুবাদ । কালিয়ঃ গুরুভ্যঃ পক্ষদ্বারা আকৃত হওয়ায় অতি বিহ্বল হইয়া গুরুভ্যঃ অগম্য ও হৃদ্রূপে যমুনা-হৃদে প্রবেশ করিল ॥ ৮ ॥

বিশ্বনাথ । ছুরাসদং অগাধজলভেনাত্মৈরপি ছুস্ত্র-বেশম্ ॥ ৮ ॥

তত্রৈকদা জলচরং গরুড়ো তক্ষ্যমীপ্সিতম্ ।

নিবারিতঃ সৌভরিণা প্রসহ ক্ষুধিতোহহরং ॥ ৯ ॥

অর্থঃ । (কথং কালিন্দীহৃদঃ গরুড়াগম্যস্তদাহ) । একদা তত্র (কালিন্দীহৃদে) গরুড়ঃ ক্ষুধিতঃ সৌভরিণা (মুনিবিশেষেণ) নিবারিতঃ (নিষিক্তঃ অপি) প্রসহ (বলাৎ-কায়েণ) ঈপ্সিতং (ভক্ষ্যং জলচরং) (কক্ষিৎ প্রধানমংস্ত্রং) অহরং (জগ্রাহ) ॥ ৯ ॥

অনুবাদ । একদিন সেই যমুনা-হৃদে গরুড় ক্ষুধাতুর হইয়া সৌভরি মুনির নিষেধ অগ্রাহ করিয়াও বলপূর্বক স্বীয় অভীষ্ট কোন একটা প্রধান মংস্ত্র গ্রহণ করিয়াছিলেন ॥

বিশ্বনাথ । গরুড়াগম্যত্বে কারণমাহ,—তত্রৈতি । মাতৃক্ষেতি নিবারিতোহপীতি তস্মিন্ পরমমহতি গরুড়ে আক্রোধদানং তদ্বিষ্টপ্রাণিকূলাং চেতি সৌভরেরপরাধদয়ম্ । তদাঙ্গালজ্ঞানং প্রাণিহিংসনকৈত্যাপরাধদয়ম্ । গরুড়স্ত না-ভূততঃ সকাশাদতিতেজস্বিত্বাদিতি জ্ঞেয়ম্ ॥ ৯ ॥

মীনান্ স্নহঃখিতান্ দৃষ্ট্বা দীনান্ মীনপতো হতে ।

কৃপয়া সৌভরিঃ প্রাহ তত্রত্যক্ষেমমাচরন্ ॥ ১০ ॥

অর্থঃ । মীনপতো (প্রধানমংস্ত্র) হতে [হতে (সতি)] দীনান্ (দুর্বলান্) মীনান্ (অন্তান্ মংস্ত্রান্) স্নহঃখিতান্ দৃষ্ট্বা সৌভরিঃ কৃপয়া তত্রত্যং (তদ্বদবাসি-জলচরসম্বন্ধি) ক্ষেমং (কল্যাণং) আচরন্ প্রাহ ॥ ১০ ॥

অনুবাদ । সেই মংস্ত্ররাজ গরুড়কর্তৃক অপহৃত হইলে অগ্রাহ্য দুর্বল মংস্ত্রগণকে অতিশয় দুঃখিত দেখিয়া সৌভরি মুনি কৃপাসহকারে সেই হৃদবাসী জলচরগণের মঙ্গলের জন্য এইরূপ বলিয়াছিলেন ॥ ১০ ॥

বিশ্বনাথ । তত্র তৃতীয়মপরাধং তস্মাহ,—মীনানিতি । কৃপয়েতি মীনান্ প্রতি যথা তস্মৈ কৃপা তথা গরুড়ং প্রতি কোপশ্চ গম্যঃ । তত্রত্যানাং জীবযাত্রাণামেব ক্ষেমং কতু-মিতি ততশ্চ কালিয়াগমনেন তেমাং সর্বেষামক্ষেমমেবাভূ-দिति মহদপরাধিনঃ কৃপাপি বিপরীতকলৈব ভবেদिति দ্ব্যোতিতম্ ॥ ১০ ॥

অত্র প্রবিষ্ট গরুড়ো যদি মংস্ত্রান্ স খাদতি ।

সত্ত্বঃ প্রাণৈর্বিযুজ্যেত সত্যমেতদ্রবীমাহম্ ॥ ১১ ॥

অর্থঃ । সঃ গরুড়ঃ যদি অত্র (হৃদে) প্রবিষ্ট মংস্ত্রান্ খাদতি (তদা) সত্ত্বঃ (তৎক্ষণাৎ) প্রাণৈঃ বিযুজ্যেতঃ (ম্রিয়েত) অহং এতৎ (তথ্যং) (সত্যং) ব্রবীমি ॥ ১১ ॥

অনুবাদ । সে গরুড় যদি পুনরায় কোন সময় এই হৃদে প্রবেশপূর্বক মংস্ত্র ভক্ষণ করে তাহা হইলে তৎক্ষণাৎ প্রাণত্যাগ করিবে—আমি ইহা সত্য বলিতেছি ॥ ১১ ॥

বিশ্বনাথ । অত্র যদি তানেন পক্ষান্তরমপি লভাতে ততশ্চায়মর্থঃ,—অত্র প্রবিষ্ট যদি মংস্ত্রান্ খাদতি তদা সত্ত্বস্তৎক্ষণ এব প্রাণৈর্বিযুজ্যেত, যদিচ মংস্ত্রান্ খাদতি তদাত্ম অসত্ত্বঃ কিঞ্চিদ্বিলম্ব এবৈতি, হৃদপ্রবেশমাত্র এব শাপঃ মংস্ত্রখাদনে তু শাপাতিশয়ঃ । অত্রৈত্যভিশাপং গরুড়ঃ সর্বজ্ঞত্বাদেব জ্ঞাত্বা নাযাতঃ, কালিয়স্তাত্মীয় তত্রত্যমর্পমুখাজ্-জ্ঞাত্বৈবগতঃ । সৌভরেষু গরুড়ায় কৃপ্যতো যস্মিন্ কৃপা-হজনিষ্ট তস্মৈ মীনশ্চৈব সঙ্গাছুখিতা দুর্বাসনৈবাপরাধফলং যতশ্চ বিলুপ্তব্রহ্মানন্দঃ স চিরসঙ্কিততপঃস্বষ্টস্বখৌবনেনৈব মূলেন কামিনীবৃন্দঃ ক্রীড়া তত্রৈব নরকতুল্যে বিষয়ানন্দে নিমজ্জনপরাধভোগান্তে শ্রীকৃন্দাবনগমুনা শ্রয়মাখ্যো নৈব পশ্চাৎসুস্তারৈতি নবমে কথ্য ॥ ১১ ॥

তৎ কালিয়ঃ পরং বেদ নাত্ত্বঃ কশ্চন লেলিহঃ ।

অবাংসাদিগরুড়াভীতঃ কৃষ্ণেন চ বিবাসিতঃ ॥ ১২ ॥

অনুয়। পরং (কেবলং) কালিয়ঃ তৎ বেদ অগ্ন্যঃ
কশ্চন লেলিহঃ (সর্পঃ) ন (ন বেদ) (ততঃ) গরুড়াং
ভীতঃ (সন্ তত্র) অবাংসীং (বাসং চকার) কৃষ্ণেন
(ততঃ) বিবাসিতঃ চ ॥ ১২ ॥

অনুবাদ। কেবল মাত্র কালিয়ই ঐ বৃত্তান্ত অবগত
ছিল, অগ্ন্য কোন সর্প তাহা জানিত না, স্বতরাং সে গরুড়ের
ভয়ে সেখানে আসিয়া বাস করিতেছিল, পরে শ্রীকৃষ্ণ তাহাকে
তথা হইতে নির্বাসিত করিয়াছিলেন ॥ ১২ ॥

কৃষ্ণং হৃদাধিনিষ্ক্রান্তং দিব্যশ্রগংগকবাসসম্ ।

মহামণিগণাকীর্ণং জাম্বুনদপরিষ্কৃতম্ ॥ ১৩ ॥

উপলভ্যোখিতাঃ সর্বৈ লক্ষপ্রাণা ইবাসবঃ ।

প্রমোদনিভূতাত্মানো গোপাঃ প্রীত্যাভিরেভিরে ॥ ১৪ ॥

অনুয়। সর্বৈ গোপাঃ দিব্যশ্রগংগকবাসসং মহামণি-
গণাকীর্ণং জাম্বুনদপরিষ্কৃতং (স্ববর্ণ বিভূষিতং) হৃদাং
বিনিষ্ক্রান্তং কৃষ্ণং উপলভ্য (প্রাপ্য) লক্ষপ্রাণাঃ অসবঃ
(ইন্দ্রিয়ানি) ইব উখিতাঃ (সন্তঃ) প্রমোদনিভূতাত্মানঃ
(আনন্দপূর্ণচিত্তাঃ) প্রীত্যা অভিরেভিরে (আলিঙ্গনং
চকুঃ) ॥ ১৩-১৪ ॥

অনুবাদ। শ্রীকৃষ্ণ দিব্যমালাগন্ধবস্ত্র এবং স্ববর্ণে
বিভূষিত হইয়া হৃদ হইতে নিষ্ক্রান্ত হইলে গোপগণ তাঁহাকে
লাভ করিয়া লক্ষ-প্রাণ ইন্দ্রিয়গণের জায় উখিত হইয়া
আনন্দপূর্ণ-চিত্তে প্রেমভরে আলিঙ্গন করিতে লাগিল ॥ ১৩-১৪ ॥

বিশ্বনাথ। উপোদ্ঘাতং সমাপ্য প্রস্তুতমাহ,—কৃষ্ণ-
মিতি। স্বাভ্যাং বিশেষণ নিষ্ক্রামন্তমিতি জলোপযুপর্বৈব
চরণাভ্যাংস্বৈব সন্তরণলাঘবৈনৈবেতি কালিয়াদিষ্টং কমপি
সর্পমলক্ষিতস্মারুশ্চৈবেতি জেয়ম্। অগ্ন্যতাহংসানাং জলাপ্পূতস্তে
দিব্যশ্রগংগকবাসসমিতি বিশেষণং সাধুনোপপত্ততে। অসব
ইন্দ্রিয়ানি প্রমোদনিভূতাত্মানঃ আনন্দপূর্ণমনসঃ। গোপাঃ
সখাঃ তেষামেব তারল্যেন প্রাথম্যোচিত্যায় ॥ ১৩-১৪ ॥

যশোদা রোহিণী নন্দা গোপো গোপাশ্চ কৌরব।

কৃষ্ণং সমেতা লক্কেহা আসন্ শুকা নগা অপি ॥ ১৫ ॥

অনুয়। (হে) কৌরব, যশোদা রোহিণী নন্দা গোপাঃ
চ গোপাঃ চ শুকাঃ নগাঃ (বুকাঃ) অপি কৃষ্ণং সমেতা
(প্রাপ্য) লক্কেহাঃ (লক্কেচেষ্টাঃ জীবিতাঃ) আসন্ ॥ ১৫ ॥

অনুবাদ। হে কৌরব, যশোদা, রোহিণী, নন্দা, গোপী
এবং গোপগণ এমন কি, শুক বৃক সকলও শ্রীকৃষ্ণকে লাভ
করিয়া পুনর্জীবন প্রাপ্ত হইয়াছিল ॥ ১৫ ॥

বিশ্বনাথ। ততোহা পুত্র, জীবসীতি গদগদবরা-
শ্রুতলজ্জাভয়প্রশ্রাদিনিরপেক্ষা অতিবিশ্বনাথ শ্রীযশোদা
ততস্তৎসখীষতিনিবিড়তয়া তদভিতঃ প্রাপ্তাস্থ মধ্যো মুখা
রোহিণী। ততঃ প্রেমোৎকট্যচুলুকিতগাভীর্ঘো বিলম্বা-
সহিষ্ণুঃ স্ত্রীসংমর্দমধ্যা এব প্রবিশ্ত নন্দা, ততোহজ্ঞা গোপা
বৎসলা গোপোশ্চোপনন্দাদয়ঃ। চকারেণানুরাগিণাঃ পূর্বা-
রাগবত্যো গোপাশ্চ দূরতো লোচনাঞ্জলীভিরেব সমেতা
পরিস্রাদাভিঃ সঙ্গতীভূষ লক্কে চেষ্টা লক্কেহাভিতা যুতা এব
জীবন্ত্যো বভূবুঃ। কিং বহুনা নাগস্তীরে বৃকভাবাদুদ্রে
বৃন্দাবনস্থা বৃকা অপি তৎসাধর্ম্যাপ্রাপ্ত্যা কৃষ্ণমদৃষ্টা শৌকাং
শুকাস্তং পুনদৃষ্টা লক্কেহা অকুরপল্লবপুষ্পাহ্বাদামবন্তঃ ॥ ১৫ ॥

রামশচাচাত্মালিঙ্গ্য জহাসাস্ত্রানুভাববিং ।

প্রেমাত্মকমারোপ্য পুনঃ পুনরুদৈক্যত ॥ ১৬ ॥

অনুয়। অগ্ন্য (কৃষ্ণ) অনুভাববিং (পরাক্রমজঃ)
রামঃ চ অচ্যুতঃ আলিঙ্গ্য জহাস প্রেমা (অমুরাগেন) তৎ
অকং (নিজক্রোড়ং) আরোপ্য পুনঃ পুনঃ উদৈক্যত (মুকং
দর্শন) ॥ ১৬ ॥

অনুবাদ। কৃষ্ণ-প্রভাববিং বলদেবও শ্রীকৃষ্ণকে
আলিঙ্গন-পূর্বক হস্ত করিলেন এবং অমুরাগ বশতঃ তাঁহাকে
নিজ ক্রোড়দেশে গ্রহণ করিয়া বারবার তাঁর মুখমণ্ডল দর্শন
করিতে লাগিলেন। যেহু, বৃষ এবং বৎসভরীগণও তখন
পরমানন্দ প্রাপ্ত হইয়াছিল ॥ ১৬ ॥

বিশ্বনাথ। জহাসেতি যতোহস্তেবং কতুং যুভ্যত
ইত্যুক্তা তৎপ্রভাবজোহপি প্রেমা পুনঃ পুনরুৎকর্ষণ
ঐক্যেতি কালিয়হতকেন কচ্চিং ক্ষতস্ত নাভূরিতি
স্তভালয়ং ॥ ১৬ ॥

গাবোবৃষাবিস্তর্যো লেভিরে পরমাং মুদম্
নন্দং বিপ্রাঃ সমাগতা গুরবঃ সকলত্রকাঃ ।

উচুস্তে কালিয়গ্রস্তো দিষ্ট্যা মুক্তিস্তবাত্মজঃ ॥ ১৭ ॥

অর্থঃ । গাবঃ (ধেনবঃ) বৃষাঃ বৎসতর্যঃ (জীবৎসাস্তি) পরমাং মুদং (মহানন্দং) লেভিরে সকলত্রকাঃ (সঙ্গীকাঃ) গুরবঃ বিপ্রাঃ নন্দং সমাগতা তে উচুঃ কালিয়গ্রস্তঃ তব আত্মজঃ দিষ্ট্যা (ভাগ্যেন) মুক্তঃ ॥ ১৭ ॥

অনুবাদ । গুরু-বিপ্রগণও সপত্নীক সমাগত হইয়া নন্দকে বলিতে লাগিলেন যে—তোমার পুত্র কালিয় কতৃক গ্রস্ত হইয়াও কেবলমাত্র ভাগ্যবলেই মুক্ত হইয়াছে ।

বিশ্বনাথ । গুরবো ভাণ্ড্যাদিপুয়োহিতাঃ ॥ ১৭ ॥

দেহি দানং দ্বিজাতীনাং কৃষ্ণনিমুক্তিহেতবে ।

নন্দঃ শ্রীতমনা রাজন্ গাঃ সুবর্ণং তদাদিশং ॥ ১৮ ॥

অর্থঃ । কৃষ্ণনিমুক্তিহেতবে (কৃষ্ণমুক্তিনিমিত্তং) দ্বিজাতীনাং দানং দেহি । (হে) রাজন্, শ্রীতমনাঃ নন্দঃ তদা সুবর্ণং গাঃ (ধেনুঃ ভূমিষ্ঠ) আদিশং (দদৌ) ১৮ ॥

অনুবাদ । অতএব কৃষ্ণের মুক্তির জন্ত ব্রাহ্মণগণকে ধনাদি প্রদান কর । হে রাজন্, নন্দ-মহারাজ তখন সন্তুষ্ট-চিত্তে স্বর্ণ, ধেনু এবং ভূমি দান করিয়াছিলেন ॥ ১৮ ॥

যশোদাপি মহাভাগা নষ্টলক্ষপ্রজা সতী ।

পরিষজ্যাক্ষমারোপ্য মুমোচাশ্রকলাং মুহুঃ ॥ ১৯ ॥

অর্থঃ । নষ্টলক্ষপ্রজা (আদৌ নষ্টা পশ্চাৎ লক্ষা প্রজা তনয়ঃ যয়া সা) মহাভাগা সতী যশোদা অপি (কৃষ্ণং) পরিষজ্য (আলিঙ্গ্য) অক্ষং আরোপ্য মুহুঃ (পুনঃ পুনঃ) অশ্রকলাং (আনন্দাশ্রুজলং) মুমোচ ॥ ১৯ ॥

অনুবাদ । মহাভাগ্যবতী যশোদা দেবীও নষ্ট-সন্তানকে পুনরায় লাভ করিয়া আলিঙ্গন এবং ক্রোড়ে গ্রহণ-পূর্বক বারংবার আনন্দে অশ্রুবিধু বিসর্জন করিতে লাগিলেন ।

বিশ্বনাথ । আদৌ নষ্টপ্রায়া পশ্চাৎলক্ষা প্রজা যয়া

সা । অক্ষমারোপ্য পরিষজ্যোতি পূর্বং বহলোকাপেক্ষা-বশাৎ তাদৃশপরিষদাভাদিতি ভাবঃ ॥ ১৯ ॥

তাং রাত্রিং তত্র রাজেন্দ্র ক্ষুভ্ভূত্যাঃ শ্রমকষিতাম্ ।

উষুব্রজৌকসো-গাবঃ কালিন্দ্যা উপকুলতঃ ॥ ২০ ॥

অর্থঃ । (হে) রাজেন্দ্র, ক্ষুভ্ভূত্যাঃ (ক্ষুধাতৃষ্ণাভ্যাং) শ্রমকষিতাঃ (শ্রান্তাঃ) ব্রজৌকসঃ (ব্রজজনঃ) গাবঃ (চ) তত্র কালিন্দ্যাঃ উপকুলতঃ (তীরে) তাং রাত্রিং উষুঃ (স্থিতাঃ) ॥ ২০ ॥

অনুবাদ । হে রাজেন্দ্র, ক্ষুধা-তৃষ্ণায় কাতর ও পরিশ্রান্ত ব্রজবাসী ও ধেনুগণ কালিন্দীর তীরেই সেই রাত্রি অতিবাহিত করিতে লাগিলেন ॥ ২০ ॥

বিশ্বনাথ । অতঃ পরমতঃ রাত্রৌ বয়ং কৃষ্ণং নির্নিমেঘং পশন্ত এব স্বাস্তামঃ । ভাগ্যাদগতোহপি কালিয়ঃ পুনর্যদি বৈরং সিদ্ধাধিষ্ণুরাঘাতি তদা মিলিতীভূয় লকুটৈর্বারয়ামঃ । নতু দর্শনব্যবধায়কং স্বপ্নগৃহং যাম ইতি সর্বেষাং মনোরথ-মালক্ষ্য নন্দাত্মা ব্রজৌকসঃ উপকুলতঃ বিবজলাদিভ্যাং কুলসমীপং পরিত্যজ্য উষুঃ । অন্তথা দম্বাবাগ্রিমাঃ সর্বত আবরণাসিক্কে ॥ ২০ ॥

তদা শুচিবনোদ্ভূতো দাবাগ্নিঃ সর্বতো ব্রজম্ ।

সুপ্তং নিশীথ আবৃত্য প্রদক্ষু মুপচক্রমে ॥ ২১ ॥

অর্থঃ । তদা নিশীথে শুচিবনোদ্ভূতঃ (গ্রীষ্মকালীন-শুক্লবনসম্বৃতঃ) দাবাগ্নিঃ সর্বতঃ (চতুর্দিক্) সুপ্তং (নিদ্রিতং) ব্রজং (ব্রজবাসিবৃন্দং) আবৃত্য প্রদক্ষুঃ উপচক্রমে (প্রবৃত্তঃ) ॥ ২১ ॥

অনুবাদ । সেই দিন মধ্যরাত্রে গ্রীষ্মকালীন শুক্লবনসম্বৃত দাবানল চারিদিক হইতে মিত্রিত ব্রজজনকে বেষ্টিত করিয়া দাহ করিতে প্রবৃত্ত হইয়াছিল ॥ ২১ ॥

বিশ্বনাথ । শুচিগ্রীষ্মঃ দাবাগ্নিরয়ং কংসাশুচরঃ কালিয়-সখঃ কশ্বিদহর ইতি কৈচিদাঙ্কঃ ॥ ২১ ॥

তত উত্থায় সংক্রান্তা দহমানা ব্রজৌকসঃ ।

কৃষ্ণং যযুস্তে শরধং মায়ামনুজমীশ্বরম্ ॥ ২২ ॥

অনুয়। ততঃ তে দহমানাঃ ব্রজৌকসঃ সন্তান্ভাঃ
(সন্তান্ভাঃ সন্তঃ) উখায় মায়ামল্লজং (মায়ায়া মাল্লবরূপধরং)
ঈশ্বরং কৃষ্ণং শরণং যযুঃ (গতাঃ) ॥ ২২ ॥

অনুবাদ। অতঃপর অগ্নিতে দহমান ব্রজবাসিগণ
সন্তস্তভাবে উখিত হইয়া মায়ামানব-বিগ্রহ ভগবান্ শ্রীকৃষ্ণের
শরণাগত হইলেন ॥ ২২ ॥

বিশ্বনাথ। ব্রজৌকসঃ ব্রজস্বকৃষীবলান্ভাঃ মায়ায়া
স্বরূপেণৈব মল্লজং “স্বরূপভূতয়া নিত্যশক্ত্যা মায়ায়ায়ৈ”তি
ক্ৰতেঃ। শরণং যযুরিত্যাহো অস্মাকং প্রাণসঙ্কটসময়ে
অগ্নিরেব বালকে স্বপ্নসাদোভূতে নারায়ণ আবিষ্ঠাস্থান্
পালয়তি “অনেন সর্বদুর্গাণি যযুমঙ্গস্তরিয্যভে”তি গর্গৌজ্ঞে-
স্তমিহং সম্প্রতি শ্রীনারায়ণাবিষ্টং কৃষ্ণমেব নারায়ণত্বেন
বিশভ্য বিপত্তরণার্থং শরণং যাম ইতি বিমৃশ্বেতি ভাবঃ ॥ ২২

কৃষ্ণ কৃষ্ণ মহাভাগ হে রামামিতবিক্রম।

এব ঘোরতমো বহিস্তাবকান্ গ্রাসতে হি নঃ ॥ ২৩ ॥

অনুয়। (হে) মহাভাগ, কৃষ্ণ, কৃষ্ণ, (হে) অমিত-
বিক্রম, রাম, এষঃ (প্রত্যক্ষীভূতঃ) ঘোরতমঃ বহিঃ
(দাবানলঃ) তাবকান্ (তবাপ্রিতান্) নঃ (অস্মান্ ব্রজ-
জনান্) হি গ্রাসতে ॥ ২৩ ॥

অনুবাদ। হে মহাভাগ কৃষ্ণ, হে অমিতবিক্রম রাম,
এই ঘোরতম দাবানল, তুমিই আমাদের গ্রাস
করিতেছে ॥ ২৩ ॥

বিশ্বনাথ। হে রামেতি তস্তাপি তদ্দিনে সর্বজ্ঞত্ব
দর্শনাদয়মপি কৃষ্ণভ্রাতা দেবাবিষ্ট ইত্যাহুমানাঃ ॥ ২৩ ॥

সুহৃস্তরান্নঃ স্বান্ পাহি কালাগ্নেঃ সুহৃদঃ প্রভো।

ন শরুম্ভুচ্চরণং সন্ত্যক্তুমকুতোভয়ম্ ॥ ২৪ ॥

অনুয়। (হে) প্রভো, সুহৃস্তরাং কালাগ্নেঃ স্বান্
(স্বকীয়ান্) সুহৃদঃ নঃ (অস্মান্) পাহি। (বয়ং)
অকুতোভয়ং (অভয়ং) ভুচ্চরণং সন্ত্যক্তুং ন শরুম্ভুঃ ॥ ২৪ ॥

অনুবাদ। হে প্রভো, এই সুহৃস্তর কালাগ্নি হইতে

স্বীয় সুহৃদগণকে রক্ষা কর। আমরা তোমার অভয়
চরণ ত্যাগ করিতে সমর্থ হইব না অর্থাৎ যত্ন হইলে
আমাদিগকে তোমার চরণ পরিত্যাগ করিতে হইবে,
পরন্তু তাহা আমাদের পক্ষে দুঃসহ ॥ ২৪ ॥

বিশ্বনাথ। কালো মৃত্যুস্তদ্রূপাদগ্নেঃ। মৃত্যৌ সতি-
ভুচ্চরণেন সহ বিয়োগো ভবেৎ স তু দুঃসহ ইত্যাহঃ—ন
শরুম্ভু ইতি ॥ ২৪ ॥

ইখং স্বজনবৈরুবাং নিরীক্ষ্য জগদীশ্বরঃ।

তমগ্নিমপিবং তীব্রমনস্তোহনন্তশক্তিধুক্ ॥ ২৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে ব্রহ্মসূত্রভাষ্যে
পারমহংস্তাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে
দাবাগ্নিমোচনং নাম সপ্তদশোহধ্যায়ঃ ॥ ১৭ ॥

অনুয়। অনন্তশক্তিধুক্ জগদীশ্বরঃ অনন্তঃ (সর্বত্র
প্রকাশমানঃ বিগ্রহঃ) ইখং স্বজনবৈরুবাং (স্বজনকাতরতাং)
নিরীক্ষ্য তীব্রং তং অগ্নিং অপিবং ॥ ২৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে সপ্তদশাধ্যায়শ্চাষ্যঃ।

অনুবাদ। অনন্তশক্তি সর্বত্র স্বতঃপ্রকাশমান-বিগ্রহ
জগদীশ্বর নিজজনের এইরূপ কাতর ভাব দেখিয়া সেই
দাবানলকে পান করিয়াছিলেন ॥ ২৫ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে সপ্তদশ অধ্যায়ের

অনুবাদ সমাপ্ত।

বিশ্বনাথ। স্বজনবৈরুবাং দৃষ্টেতি স্বজনবিষয়কস্ত-
প্রেমৈব তেবাং রক্ষণার্থং ক্রমৈশ্বৰ্যমহুসন্ধাপয়ামাসেতি ভাবঃ।
নহ, পরমহুসুয়ারঃ কথং তীব্রমগ্নিমপিবত্ত্বাহ,—অনন্ত-
শক্তিধুক্ তন্ত সংহারিকা শক্তিরেবাপিবং তস্মিন্ শক্তিমতি
তৎপানোপচারমাত্রমিতি ভাবঃ ॥ ২৫ ॥

ইতি সারার্থদর্শিত্বাং হৃষিগ্যাং ভক্তচেতসাম্।

দশমেহস্মিন্ সপ্তদশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্।

ইতি শ্রীবিশ্বনাথচক্রবর্তি-ঠাকুরকৃতা শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে
সপ্তদশাধ্যায়স্ত সারার্থদর্শিনী-টীকা সমাপ্ত।

মধ্য ।

বিষ্ণুনা বিষ্ণুভক্তৈশ্চ ব্রহ্মশাপোহনুবর্ত্যতে ।
 ব্রাহ্মণানামপীড়ায়ৈ বলিভিঃ ক্রত্বিষাদিভিঃ ।
 বিষ্ণোশ্চ বিষ্ণুভক্তানাং শাপাদ্যাস্তি তমোহখিলম্ ।
 তথাপি চাস্ত্রোবেশাচ্চপেয়ুর্হরিমপ্যহো ॥
 অতস্ত সৌভরেঃ শাপং নাত্যবর্তং খগেশ্বর ।
 অস্তথাভূতমানাং হি নাধর্মৈঃ শাপ ইষ্যতে ॥
 বরোহপিদত্ত্বধিকৈর্নাধমাধিক্যাকারণম্ ।
 বিষ্ণোরণিবরস্তম্নাদিক্যং সৎ প্রযচ্ছতি ॥

ক্রমশঃ শ্রীবিরিকাদেঃ কথঞ্চিং কেনচিৎ কচিৎ ।

ন চ দত্তাকরিস্তাদৃগ্দ্দত্তাদ্বা বাহুমেবতু ॥

ইতি ব্রহ্মাণ্ডে ॥

ইতি শ্রীশ্রীমদানন্দতীর্থ-ভগবৎপাদাচার্য-বিরচিত্তে

শ্রীমদ্ভাগবত-দশমস্কন্ধ-তাৎপর্যে সপ্তদশোহধ্যায়ঃ ।

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে সপ্তদশ অধ্যায়ের

গৌড়ীয়-ভাষ্য সমাপ্ত ।

অষ্টাদশোহধ্যায়ঃ

গৌড়ীয়-ভাষ্য ।

অষ্টাদশ অধ্যায়ের কথাসার ।

এই অধ্যায়ে প্রলম্বাসুর-বধ বর্ণিত হইয়াছে । শত্রু-
 নিসূদন বলদেব গ্রীষ্মকালেও বসন্তকালের গুণ-লক্ষিত বৃন্দা-
 বনে কৌতুক সহকারে প্রলম্বাসুরের স্বন্ধে আরোহণ পূর্বক
 উহার মস্তকে মুষ্টাঘাত দ্বারা প্রলম্বের বিনাশ সাধন করিয়া-
 ছিলেন ।

শ্রীকৃষ্ণ-বলরামের বিহার-স্থলী শ্রীবৃন্দাবন গ্রীষ্মকালেও
 বসন্তের গুণসমূহে বিভূষিত ছিল । শ্রীকৃষ্ণ, বলরাম ও
 গোপবালকগণ পরিবৃত্ত হইয়া বিবিধ ক্রীড়াতে মত্ত
 থাকিতেন । একদিন তাঁহারা নৃত্যগীতাদিতে মত্ত ছিলেন,
 এমন সময়ে প্রলম্ব নামক অসুর গোপবেশে তথায় প্রবেশ
 করিল । সর্বজ্ঞ শ্রীকৃষ্ণ উহাকে দেখিয়া তাহার বধোপায়
 চিন্তনপূর্বক উহাকে সথ্যস্ত্রে অহুমোদন করিলেন এবং বয়স
 ও বলের অল্পরূপ বৃথক্রীড়া করিতে প্রস্তাব করিয়া আপনার
 এবং বলরামের নায়কত্বে সর্ববালকগণকে দুইদলে বিভক্ত
 করিলেন । জিত-ব্যক্তিগণ জেতাগণকে স্বন্ধে বহন করিবেন,
 এই পণে ক্রীড়া করিবার প্রস্তাব হইল এবং বল-
 রামের পক্ষভুক্ত শ্রীদাম ও বৃষভ জয়ী হইলে শ্রীকৃষ্ণ নিজ-
 পক্ষভুক্ত অপর বালকের সহিত তাঁহাদিগকে স্বন্ধে বহন

করিতে লাগিলেন । প্রলম্বাসুর বলরামের সহিত পরা-
 ভূত হইয়া বলরামকে বহন করিতে করিতে দুর্জয় শ্রীকৃষ্ণ
 হইতে অন্তরাল হইবার মানস করিল এবং দ্রুত চলিতে
 লাগিল । কিন্তু স্বমেক্ষ সদৃশ গুরুভার বলরামকে বহনে
 অসমর্থ হইয়া নিজ আসুর-মূর্তি প্রকাশ করিল । বলরাম
 সেই ভীষণ মূর্তি দর্শনে তাহার মস্তকে এক ভীম মুষ্টা-
 যাত করিলেন ।

সুরপতির বজ্রদ্বারা পর্বত বিদারণের ন্যায় প্রলম্ব সেই
 আঘাতে বিদীর্ণ-মস্তক হইয়া রক্তবমন করিতে করিতে
 ভূতলশায়ী হইল । গোপবালকগণ বলরামকে প্রত্যাগত
 দর্শনে পরমানন্দ সহকারে আলিঙ্গন এবং সাধুবাদ প্রদান
 করিলেন । দেবগণ আকাশ হইতে মালাবর্ষণ এবং প্রশংসা
 করিতে লাগিলেন ।

শ্রীশুক উবাচ ।

অথ কৃষ্ণ পরিবৃত্তো জ্ঞাতিভিমুদিতাশ্চিভিঃ ।

অনুগীয়মানো ব্রুবিশদ্ব্রজং গোকুলমণ্ডিতম্ ॥ ১ ॥

অনুব্র । শ্রীশুকঃ উবাচ,—অথ মুদিতাশ্চিভিঃ (ছষ্ট-
 চিহ্নৈঃ) জ্ঞাতিভিঃ পরিবৃত্তঃ অনুগীয়মানঃ (চ) কৃষ্ণঃ
 গোকুলমণ্ডিতঃ ব্রজং ব্রুবিশং (প্রবিষ্টঃ) ॥ ১ ॥

অনুবাদ । শ্রীশুকদেব বলিলেন,—হে রাজনু, অনন্তর

হুষ্টিচিহ্ন বন্ধুগণ শ্রীকৃষ্ণের যশোগান করিতে লাগিলেন এবং তিনি তাহাদিগ-কর্তৃক পরিবেষ্টিত হইয়া গোপালদ্বারা পরিশোভিত ব্রজমধ্যে প্রবেশ করিলেন ॥ ১ ॥

বিশ্বনাথ । গ্রীষ্মতুর্বর্ণনং কেলৌ কৃষ্ণ শ্রীদামবাড-
ভূং । রামঃ প্রলম্বমাকৃষ্মাহহমিতাষ্টাদশে কথা ॥ ১ ॥

ব্রজে বিক্রীড়তোরেবং গোপালচ্ছদমায়য়া ।

গ্রীষ্মো নামতুর্ভবন্যাতিপ্রেয়ান্ শরীরিণাম্ ॥ ২ ॥

অম্বয় । এবং ব্রজে গোপালচ্ছদমায়য়া বিক্রীড়তোঃ
(রামকৃষ্ণয়োঃ সতোঃ) শরীরিণাং নাতিপ্রেয়ান্ (নাতি-
স্থখপ্রদঃ) গ্রীষ্মঃ নামঃ ঋতুঃ অভবৎ (আবিভূতঃ) ॥ ২ ॥

অনুবাদ । রামকৃষ্ণ গোপালন ছলনা করিয়া লোক-
বন্ধনা-পূর্বক ব্রজে বিহার করিতে থাকিলে প্রাণিগণের
অনতিপ্রিয় গ্রীষ্মঋতু আবিভূত হইল ॥ ২ ॥

বিশ্বনাথ । গোপালনং ছদ্ম বনগমনায় মিসং যন্তাং তথা
ভূতা যা মায়া প্রচ্ছন্নকামতাময়ী জনবন্ধনা তয়া বিক্রীড়-
তোব্রজ্বালাভিঃ সহ বিহরতোরিতি । বলদেবশ্যপি
পৃথক্ কান্তা গোপাঃ আনন্দবৃন্দাবনে দৃষ্টাঃ । মূলেহপু-
পরিষ্টাছাত্তীভবিষ্টি ॥ ২ ॥

স চ বৃন্দাবনগুণৈর্বসন্ত ইব লক্ষিতঃ ।

যত্রাস্তে ভগবান্ সাক্ষাৎ রামেণ সহ কেশবঃ ॥ ৩ ॥

অম্বয় । যত্র রামেণ সহ সাক্ষাৎ ভগবান্ কেশবঃ
আস্তে বৃন্দাবনগুণৈঃ (তস্য বৃন্দাবনস্য প্রভাবৈঃ) সঃ চ
(গ্রীষ্মকালঃ) বসন্তঃ ইব লক্ষিতঃ (অনুভূতঃ বভূব) ॥ ৩ ॥

অনুবাদ । যেখানে বলদেবের সহিত সাক্ষাৎ ভগ-
বান্ কৃষ্ণ বাস করেন সেই বৃন্দাবনের প্রভাব বশতঃ তাদৃশ
গ্রীষ্মকালও বসন্তকালের ছায় অনুভূত হইতে লাগিল ॥ ৩ ॥

যত্র নির্বারনিহ্রাদ-নিবৃত্তশ্বনঝিল্লিকম্ ।

শশ্বত্তচ্ছীকরর্জীষদ্রম্মণ্ডলমণ্ডিতম্ ॥ ৪ ॥

অম্বয় । (বসন্তঃ সাম্যমাহ চতুর্ভিঃ শ্লোকৈঃ) যত্র
(গ্রীষ্মেহপি বৃন্দাবনঃ) নির্বারনিহ্রাদনিবৃত্তশ্বনঝিল্লিকং (নির্বার-

যাণাং নিহ্রাদেন ঘোষণে নিবৃত্তশ্বনাঃ ছন্নধ্বনয়ঃ ঝিল্লিকাঃ
কঠোরধ্বনিহ্রস্বকীটাঃ যস্মিন্ তথাভূতঃ) শশ্বত্তচ্ছীকরর্জীষ-
দ্রম্মণ্ডলমণ্ডিতঃ (শশ্বৎ নিরন্তরং তেবাং নির্বারাণাং শী-
করৈঃ জলকণৈঃ ঝঙ্জীষাঃ শিঙাঃ যে দ্রম্মাঃ তেবাং মণ্ডলৈঃ
মণ্ডিতঃ ভূষিতঃ জাতম্) ॥ ৪ ॥

অনুবাদ । তৎকালে সেখানে নির্বার সমূহের ধ্বনিতে
কঠোরভাবিঝিল্লিগণের শব্দ আচ্ছন্ন হইয়া গেল এবং
নিরন্তর নির্বারোখিত জলকণা সংস্পর্শে শিঙা তরুরাজি-
দ্বারা বৃন্দাবন ভূমি ভূষিত হইয়াছিল ॥ ৪ ॥

বিশ্বনাথ । বসন্তস্যাম্যমাহ,—চতুর্ভিঃ । যত্র বৃন্দাবনে
গ্রীষ্মেহপি নির্বারাণাং নিহ্রাদেন ঘোষণে নিবৃত্তশ্বনা আচ্ছন্ন-
ধ্বনয়ো ঝিল্লিকাঃ কঠোরভাবিহ্রস্বকীটা যস্মিন্ তথাভূতঃ
স্থলং ভবতীতি শেষঃ । শশ্বত্তেবাং শীকরৈরন্থকণৈঃ ঝঙ্জীষাঃ
শিঙা যে দ্রম্মান্তেবাং মণ্ডলৈর্মণ্ডিতম্ ॥ ৪ ॥

সরিংসরঃপ্রশ্রবণোর্মিবাযুনা

কহ্লারকজ্ঞোৎপলরেণুহারিণা ।

ন বিতুতে যত্র বনৌকসাং দবো

নিদাঘবহ্যর্কভবোহতিশাবলে ॥ ৫ ॥

অম্বয় । যত্র (গ্রীষ্মে বৃন্দাবনে বা) অতি শাবলে
(অতিহরিততৃণময়ে অতিক্রান্তশাবলেহপি স্থানে বা) কহ্লার-
কজ্ঞোৎপলরেণুহারিণা (সৌগন্ধিক-কমল-কুবলয়াদিজলজ-
কুসুমপরাগবহেন) সরিংসরঃপ্রশ্রবণোর্মিবাযুনা (নচাদি-
তরঙ্গস্পর্শি শীতলবাতেন হেতুনা) বনৌকসাং (ব্রজবাসিনাং)
নিদাঘবহ্যর্কভবঃ (গ্রীষ্মকালীনাগ্নিস্বর্জ্যজনিতঃ) দবঃ (তাপঃ)
ন বিতুতে ॥ ৫ ॥

অনুবাদ । সেখানে অতিশয় হরিতবর্ণ তৃণময় স্থানে
কহ্লার, পদ্ম, উৎপল প্রভৃতি জলজাত কুসুমের পরাগ-
বাহী, নদী, সরোবর, প্রশ্রবণ প্রভৃতির তরঙ্গস্পর্শী শীতল
বায়ু প্রবাহিত হওয়ায় ব্রজবাসিগণের গ্রীষ্মকালীন সূর্য বা
অগ্নিজনিত কোনরূপ তাপ বর্তমান ছিল না ॥ ৫ ॥

বিশ্বনাথ । সরিদাদীনামূর্মধো যতন্তেনেতি শৈত্যম্ ।
কহ্লারাদীনাং রেণুন্ হতুং নিঃশব্দে নালক্ষ্যতয়া চোরয়িতুং

নীলঃ যন্তেতি সৌগন্ধ্যমান্যে দবস্তাপঃ । অগ্ন্যত্র নিদাঘো
দাবানলভবস্তাপো ভবতি সৌহৃদ্র নাস্তীত্যাহ,—অতিশাঘলে
অতিকোমলহরিততৃণাকীর্ণে ॥ ৫ ॥

অগাধতোয়হৃদিনীতটোর্মিভি-
দ্রবংপুরীয়াঃ পুলিনৈঃ সমন্ততঃ ।

ন যত্র চণ্ডাংসুকরা বিষোষণা

ভুবো রসঃ শাঘলিতঞ্চ গৃহুতে ॥ ৬ ॥

অন্থয় । যত্র (বৃন্দাবনে) বিষোষণাঃ (বিষবৎ
অতিভীক্সাঃ অপি) চণ্ডাংসুকরাঃ (সূর্য্যকিরণাঃ) অগাধ-
তোয়হৃদিনীতটোর্মিভিঃ (অগাধতোয়াঃ অগাধজলাঃ যা
হৃদিষ্ঠাঃ নগ্নাঃ তাসাং তটস্পর্শিভিঃ উর্মিভিঃ) পুলিনৈঃ
(পঙ্কিলসৈকতেঃ) দ্রবংপুরীয়াঃ (দ্রবংসদৈব আর্দ্রং
পুরীষং পঙ্কঃ যন্তাঃ তথাভূতাত্মাঃ) ভুবো (ভূমেঃ) সমন্ততঃ
শাঘলিতং (শাঘলযুক্তীকৃতং) রসং চ ন গৃহুতে (ন অপ-
হতুং শক্যুং) ॥ ৬ ॥

অনুবাদ । সেই বৃন্দাবনে অগাধ-সলিলা নদীসমূহের
তরঙ্গরাশি তীরদেশ স্পর্শ করিয়া পুলিন অতিক্রমপূর্বক
সর্বদা ভূমির পঙ্কসমূহ দ্রব করিতেছিল । অতএব নিদাঘ-
কালীন সূর্য্যকিরণ বিষতুলা উগ্র হইয়াও সেই ভূমির শাঘল-
ভাব অর্থাৎ নীতলত্ব অপহরণ করিতে পারে নাই ॥ ৬ ॥

বিশ্বনাথ । অর্কভবতাপাভাবে পূর্বোক্তক্রমমণ্ডল-
মণ্ডিতত্বমেব হেতুরস্তুি হেতুস্তরমপ্যাহ,—অগাধতোয়া
হৃদিষ্ঠাসাং তটস্পর্শিভিরূর্মিভির্দ্রবং সদৈব আর্দ্রং পুরীষং
পঙ্কং যন্তাস্তথাভূতাত্মা ভুবো রসং ন গৃহীতীত্যম্বঃ । গৌরাদি-
দ্রাং ভীষ্ । রসং কৌদৃশং সমন্ততঃ পঙ্কিলৈঃ পুলিনৈঃ
শাঘলিতং শাঘলযুক্তীকৃতং “বিন্মতোলুং” ইতি মতুপো
নুক্ ॥ ৬ ॥

বনং কুশুমিতং শ্রীমদ্রদচ্চিত্রমৃগদ্বিজম্ ।

গায়ত্রয়রভ্রমরং কৃষ্ণংকোকিলসারসম্ ॥ ৭ ॥

অন্থয় । (অপি চ যত্র) বনং (অবান্তরবনং) শ্রীমৎ
(অপূর্বশোভা-সম্পন্নং) কুশুমিতং নদচ্চিত্রমৃগদ্বিজং (শকার-
মানপশুপক্ষীপূর্ণং) গায়ত্রয়রভ্রমরং (গায়ন্ত্রী ময়ূরভ্রমরৌ

যত্র তাদৃশং) কৃষ্ণংকোকিলসারসং (কৃষ্ণস্তৌ অব্যক্তমধুর-
ধ্বনিং কূর্বস্তৌ কোকিলসারসৌ যত্র তাদৃশং জাতম্) ॥ ৭ ॥

অনুবাদ । তৎকালে সেখানে বনরাজি অতিশয়
শোভাময় ও কুশুমিত হইয়াছিল এবং তথায় পশুপক্ষিগণ
শব্দ, ময়ূর ও ভ্রমরগণ সঙ্গীত এবং কোকিল ও সারসগণ
কৃষ্ণন করিতেছিল ॥ ৭ ॥

কৌড়িগ্য়মাগন্তং কৃষ্ণো ভগবান্ বলসংযুতঃ ।

বেণুং বিরণয়ন্ গোপৈর্গোধনৈঃ সংবৃতোহবিশং ॥ ৮ ॥

অন্থয় । বলসংযুতঃ ভগবান্ কৃষ্ণঃ কৌড়িগ্য়মাগঃ
(কৌড়ার্থঃ) গোপৈঃ গোধনৈঃ (চ) সংবৃতঃ (সন্) বেণুং
বিরণয়ন্ (বাদয়ন্) তৎ (বনং) অবিশং ॥ ৮ ॥

অনুবাদ । ভগবান্ শ্রীকৃষ্ণ তথায় কৌড়া করিবেন
বলিয়া বলদেবের সহিত এবং গো-গোপগণের দ্বারা
পরিবৃত হইয়া বেণু-বাছ করিতে করিতে সেই বনে প্রবেশ
করিলেন ॥ ৮ ॥

প্রবালবর্হস্তবক-শ্রদ্ধাতুকৃতভূষণাঃ ।

রামকৃষ্ণাদয়ো গোপা ননুভুযুধুর্জগুঃ ॥ ৯ ॥

অন্থয় । প্রবালবর্হস্তবক শ্রদ্ধাতুকৃতভূষণাঃ (প্রবলা-
দিভিঃ ভূষিতাঃ) রামকৃষ্ণাদয়ঃ গোপাঃ ননুভুঃ যুধুঃ (পরস্পরং
যুধামানাঃ বভূবুঃ) জগুঃ (গানকক্ৰুঃ) ॥ ৯ ॥

অনুবাদ । তথায় রামকৃষ্ণ প্রভৃতি গোপগণ প্রবাল,
ময়ূরপুচ্ছ, পুষ্পপুচ্ছ, মালা এবং গৈরিকাদি ধাতুদ্বারা ভূষিত
হইয়া নৃত্য, পরস্পর যুদ্ধ এবং গান করিতে লাগিলেন ॥ ৯ ॥

বিশ্বনাথ । গোপা ইতি । রামস্তাপি গোপাভি-
মানন্ত্যং ॥ ৯ ॥

কৃষ্ণস্ত নৃত্যতঃ কেচিজ্জগুঃ কেচিদবাদয়ন্ ।

বেণুপাণিতলৈঃ শৃঙ্গৈঃ প্রশংসুস্থরথাপরে ॥ ১০ ॥

অন্থয় । কেচিৎ (গোপাঃ) কৃষ্ণস্ত নৃত্যতঃ (কৃষ্ণে
নৃত্যতি সতি) অবাদয়ন্ (বাছ্যঃ চক্রুঃ) কেচিৎ জগুঃ
অথ অপরে শৃঙ্গৈঃ বেণুপাণিতলৈঃ (বংশীকরতালৈশ্চ)
প্রশংসুঃ ॥ ১০ ॥

অনুবাদ । কৃষ্ণ নৃত্য করিলে, কোন কোন গোপ বাছ, কেহ কেহ গান এবং অস্ত্র শৃঙ্গ, বংশী ও করতাল বাজাইয়া ‘সাধু’ ‘সাধু’—বলিয়া প্রশংসা করিতেছিল ॥ ১০ ॥

বিশ্বনাথ । কৃষ্ণস্ত নৃত্যতঃ কৃষ্ণে নৃত্যতি সত্যীত্যর্থঃ ॥

গোপজাতিপ্রতিচ্ছিন্না দেবা গোপালরূপিণঃ ।

ঈড়িরে কৃষ্ণরামৌ চ নটী ইব নটং নৃপ ॥ ১১ ॥

অনুবাদ । (হে) নৃপ, গোপজাতিপ্রতিচ্ছিন্নাঃ (ছিন্না গোপবিগ্রহধারাঃ) দেবাঃ গোপালরূপিণঃ কৃষ্ণরামং চ (কৃষ্ণং রামঞ্চ) নটীঃ নটং ইব ঈড়িরে (তুষ্টুযুঃ) ॥ ১১ ॥

অনুবাদ । হে রাজন্, ছদ্মগোপবিগ্রহধারী দেবগণ, নটগণ যেরূপ প্রধান নটের স্তুতি করে সেইরূপ কৃষ্ণ ও রামের স্তুতি করিতেছিলেন ॥ ১১ ॥

বিশ্বনাথ । কৃষ্ণোপাসকৈর্ভক্তৈরুপাস্তাদাগমাদিষু তথা প্রসিদ্ধ্যা চ দেবাঃ কিস্ত গোপজাত্যা প্রতিচ্ছিন্না ইতি । তেষাং দেবানামপি গোপজাতিত্বমিত্যর্থঃ । যদ্বা, গোপজাতিষু কৃষ্ণসংগেষু মধ্য এব প্রতিচ্ছিন্না নরবেশেন ভব নারদাদয়ো ভক্তাস্তলীলাস্বাদার্থমিত্যর্থঃ । গোপালরূপিণমিতি নিত্যযোগে ইনিঃ ॥ ১১ ॥

ভ্রমণৈল জ্বয়ৈঃ ক্ষেপৈরাশ্ফোটনবিকর্ষণৈঃ ।

চিক্রীড়তুর্নিযুদ্ধেন কাকপক্ষধরৌ কচিং ॥ ১২ ॥

অনুবাদ । কচিং কাকপক্ষধরৌ (কেশগুপ্তিতবেগী-ধারিণৌ) ভ্রমণৈঃ লজ্বয়ৈঃ ক্ষেপৈঃ আশ্ফোটন বিকর্ষণৈঃ নিযুদ্ধেন চিক্রীড়তুঃ ॥ ১২ ॥

অনুবাদ । কোথাও বা রামকৃষ্ণ কেশগুলিতে বেগী-ধারণপূর্বক ভ্রমণ, লজ্বয়, উৎক্ষেপণ, আশ্ফোটন, আকর্ষণ এবং বাহ্যিক দ্বারা ক্রীড়া করিয়াছিলেন ॥ ১২ ॥

বিশ্বনাথ । আশ্ফোটনৈঃ করতলেন ভৃজম্লাঘাতৈঃ নিযুদ্ধেন বাহুযুদ্ধেন “কাকপক্ষাশ্চ ডাকরণাং প্রাক্তনাঃ কেশা” ইতি স্বামিচরণাঃ । কেশগুপ্তিতবেগীভ্রমণমিতি কচিং । কর্ণাগ্রলম্বিত্রালকা ইত্যন্তে ॥ ১২ ॥

কচিন্মৃত্যুং চাত্তেবু গায়কৌ বাদকৌ স্বয়ম্ ।

শশংসতুর্গহরাজ সাধুসাধ্বিত্বাদিনৌ ॥ ১৩ ॥

অনুবাদ । (হে) মহারাজ, কচিং অস্ত্রেবু (গোপ-বালকেষু) নৃত্যংসু (নৃত্যং কুর্বৎসু সংসু) স্বয়ং (রাম-কৃষ্ণৌ) গায়কৌ বাদকৌ (চ সন্তৌ) সাধু সাধু ইতি বাদিনৌ শশংসতুঃ (প্রশংসাং চক্রতুঃ) ॥ ১৩ ॥

অনুবাদ । হে মহারাজ, কোন স্থানে অত্র গোপ-বালকগণ নৃত্য করিতে থাকিলে রামকৃষ্ণ গায়ক ও বাদক হইয়া সাধু সাধু শব্দে প্রশংসা করিতেন ॥ ১৩ ॥

কচিদ্ধিবৈঃ কচিং কুন্তৈঃ কচামলকমুষ্টিভিঃ ।

অস্পৃশ্যেনেত্রবন্ধাঠৈঃ কচিন্মগখগেহয়া ॥ ১৪ ॥

অনুবাদ । কচিং দিবৈঃ (নিঃক্ষিপ্যমানয়োঃ বিবকলয়োঃ পরস্পরাঘাতৈঃ) কচিং কুন্তৈঃ (কুন্তবৃক্ষফলৈঃ) কচ (কুত্রাপি চ) আমলকমুষ্টিভিঃ (কচিং) অস্পৃশ্যেনেত্রবন্ধাঠৈঃ (স্পর্শস্ত অদিংসাচিকৌধাভ্যাং ক্রীড়া তত্র স্পর্শকতুঃ জয় স্পর্শাকতুঃ পরাজয়ঃ, অলক্ষিতং পৃষ্ঠদেশং আসাজ পাণি-তলাভ্যাং নেত্রবন্ধকং পরিচিনোতি চেৎ জয়ঃ অন্যথা পরা-জয়ঃ তৈতঃ) কচিং মগখগেহয়া (পশুপক্ষীচেষ্টয়া রামকৃষ্ণৌ তৌ বনে চেরতুঃ ইতি উত্তরশ্লোকেনাশয়ঃ) ॥ ১৪ ॥

অনুবাদ । কোথাও বিবকল, কোথাও কুন্তফল, কোথাও মুষ্টিগত আমলকীফল, কোথাও অস্পৃশ্য ও নেত্র-বন্ধ প্রভৃতি হল, কোথাও বা পশুপক্ষীগণের আচরণদ্বারা রামকৃষ্ণ বনে বিচরণ করিতেছিলেন ॥ ১৪ ॥

বিশ্বনাথ । কচিদ্ধিবৈরিতি । ‘নিঃক্ষিপ্যমাণয়োঃবিব-কলয়োঃ পরস্পরাঘাতৈঃ এবং কুন্তৈঃ কুন্তবৃক্ষফলৈঃ । অস্পৃশ্যেতি স্পর্শস্ত অদিংসা-চিকৌধাভ্যাং ক্রীড়া তত্র স্পর্শ-কতুর্জয়ঃ স্পর্শাকতুঃ পরাজয়ঃ । অলক্ষিতমেব পৃষ্ঠদেশমাসাজ পাণিতলাভ্যাং নেত্রবন্ধকং পরিচিনোতি । চেৎ জয়ঃ নচেৎ পরাজয়ঃ । সর্বত্র জয়পরাজয়য়োর্মূলীবেত্রাদিরেব শব্দঃ । খগমগেহয়েতি,—খগাভ্যাকৃতমতাং মিথোযুদ্ধকৃজিতাদিকম্ ।

কচিচ্চদহঁ রপ্ণাবৈববিধৈরুপহাসকৈঃ ।

কদাচিৎ শ্রন্দোলিকয়া কহিচিন্নৃপচেষ্টয়া ॥ ১৫ ॥

অন্বয় । কচিৎ চ দহঁ রপ্ণাবৈঃ (ভেকবৎ উল্লঙ্ঘনৈঃ)

অলঙ্কৃত এবং চন্দন দ্বারা অনুলিপ্ত হইয়া মালা ও নির্মল
বস্ত্রযুগল পরিধান করিয়াছিলেন । বলরামের যে পৃথক
প্রেমসীর্গ আছে, তাঁহাদের সহিত সৌহার্দভাববন্ধ হইয়া

কৃষ্ণপ্রেমসীর্গ স্বমধুরস্বরে রামকৃষ্ণের গুণগান করিতে
লাগিলেন ॥ ২১ ॥

নিশামুখং মানয়ন্তাবুদিতোড়ুপতারকম্ ।

মল্লিকাগন্ধমত্তালি-জুষ্টং কুমুদবায়ুনা ॥ ২২ ॥

অন্বয় । উদিতোড়ুপতারকং (উদিতঃ উড়ুণঃ চন্দ্রঃ
তারকাঃ চ যস্মিন্ তৎ) মল্লিকাগন্ধমত্তালিজুষ্টং (মল্লিকা-
গন্ধেন মত্তা অলিভিঃ জুষ্টং সেবিতং) কুমুদবায়ুনা (কুমুদ-
গন্ধযুক্তেন বায়ুনা চ জুষ্টং) নিশামুখং (নিশাপ্রবেশং)
মানয়ন্তৌ (সংকুর্বন্তৌ রামকৃষ্ণৌ বিজহুতুঃ) ॥ ২২ ॥

অনুবাদ । উক্ত রজনীর প্রারম্ভে চন্দ্র এবং তারকা-
রাশি সমুদিত হইয়াছিল, মল্লিকা-কুসুমের স্তব্ধে অলি-
কুল মত্ত হইয়াছিল এবং কুমুদগন্ধময় সমীরণ প্রবাহিত
হইতেছিল, অতএব তাঁহারা দুইজনে উহার সমাদর করিয়া-
ছিলেন ॥ ২২ ॥

বিশ্বনাথ । নিশামুখং নিশারম্ভঃ সংকুর্বন্তৌ । উদিত
উড়ুপতারকা চ যত্র তৎ । কুমুদবায়ুনা যুক্তম্ ॥ ২২ ॥

জগতুঃ সর্বভূতানাং মনঃশ্রবণমঙ্গলম্ ।

তৌ কল্পয়ন্তৌ যুগপৎ স্বরমণ্ডলমুচ্ছিতম্ ॥ ২৩ ॥

অন্বয় । স্বরমণ্ডলমুচ্ছিতং (স্বরমণ্ডলস্ত স্বরসমূহস্ত
মুচ্ছিতং আরোহণাবরোহণপ্রকারঃ) যুগপৎ কল্পয়ন্তৌ তৌ
(রামকৃষ্ণৌ) সর্বভূতানাং মনঃশ্রবণমঙ্গলং (মনঃশ্রবণয়োঃ
মঙ্গলং যথা ভবতি তথা) জগতুঃ (অগাধতাম্) ॥ ২৩ ॥

অনুবাদ । অনন্তর তাঁহারা দুইজনে—যাহা অন্তে
এককালে কল্পনা করিতে পারেনা সেইরূপ স্বরসমূহের
মূর্ছনা অর্থাৎ অবরোহ ও আরোহণ এককালেই রচনা
করিয়া নিখিল প্রাণিগণের মনও শ্রবণ মদল বিধান পূর্বক
গান করিতে লাগিলেন । ২৩ ॥

বিশ্বনাথ । যুগপদেকদৈব স্বরমণ্ডলানাং মুচ্ছিতং মুচ্ছ-
নামনিবন্ধস্তাং কল্পয়িতুমশক্যমপি শক্যমিব কল্পয়ন্তৌ ॥ ২৩ ॥

গোপ্যাস্তদগীতমাকর্ণ্য মূর্ছিতা নাবিদন্ প ।

অংসদুকূলমাত্মানং অস্ত্রকেশশ্রজং ততঃ ॥ ২৪ ॥

অর্থঃ । (হে) নৃপ, (তয়োঃ) তৎগীতমাকর্ণ্য (শ্রুত্বা)
মূর্ছিতাঃ (তদগীতলীনচিত্তাঃ) গোপ্যঃ ততঃ (তস্যাং)
অংসদুকূলং (সঃসং ভ্রশ্চং দুকূলং যস্মাৎ তম্) অস্ত্রকেশশ্রজঃ
(অস্ত্রাঃ কেশেভ্যঃ অজো যন্ত তথাভূতং) আত্মানং (দেহং)
নাবিদন্ ॥ ২৪ ॥

অনুবাদ । হে রাজন্, গোপীগণ উক্ত সঙ্গীত শ্রবণে
মূর্ছিত হইয়া পড়িলেন । অতএব তাঁহাদের অঙ্গ হইতে
পরিহিত বস্ত্র স্থলিত এবং কেশ হইতে মালা-চ্যুত হইয়া
পড়িলেও তাহা তাঁহারা জানিতে পারেন নাই ॥ ২৪ ॥

বিশ্বনাথ । গোপাঃ যথাস্বং তয়োঃ প্রেমন্তঃ ।
আত্মানং দেহং অংসদুকূলং অস্ত্রাঃ কেশেভ্যঃ অজো যন্ত তং
নাবিদন্ নাহুগন্ধধুঃ ॥ ২৪ ॥

এবং বিকীড়তোঃ সৈরং গায়তোঃ সম্প্রমত্তবৎ ।

শঙ্খচূড় ইতিখ্যাতো ধনদানুচরোহভ্যাগাৎ ॥ ২৫ ॥

অর্থঃ । এবং সৈরং (যথেষ্টং) সংপ্রমত্তবৎ (রাম-
কৃষ্ণয়োঃ) বিকীড়তোঃ গায়তোঃ (চ সতোঃ) শঙ্খচূড়
ইতি (নাম্না) খ্যাতঃ (কথিতঃ) ধনদানুচরঃ (কুবেরস্ত
অনুচরঃ) অভ্যাগাৎ (সমীপমাগচ্ছং) ॥ ২৫ ॥

অনুবাদ । এইরূপে তাঁহারা দুইজন স্বাধীনভাবে
প্রমত্তের ছায় ক্রীড়া এবং গান করিতেছিলেন এই অবসরে
শঙ্খচূড় নামে প্রসিদ্ধ কুবেরের একজন অনুচর তথায়
উপস্থিত হইল ॥ ২৫ ॥

তয়োনিরীক্ষতো রাজ্যন্তরাং প্রমদাজনম্ ।

ক্রোশন্তঃ কালয়ামাস দিশ্বাদীচ্যামশঙ্কিতঃ ॥ ২৬ ॥

অর্থঃ । (হে) রাজন্, তয়োঃ (রামকৃষ্ণয়োঃ)
নিরীক্ষতোঃ (নিরীক্ষমানয়োঃ এবঃ সতোঃ ভৌ অনাদৃত্য)
অশঙ্কিতঃ (নির্ভয়ঃ স শঙ্খচূড়ঃ) তন্নাথং (ভৌ নারথো
স্বামিনো যন্ত তং) ক্রোশন্তঃ (রোদনপূর্বকমাহ্বয়ন্তঃ)
প্রমদাগগং উদীচ্যাং দিশি কালয়ামাস (হঠাৎ প্রেরয়া-
মাস) ॥ ২৬ ॥

অনুবাদ । হে রাজন্, রামকৃষ্ণ উভয়েই তাহাকে
দর্শন করিতেছিলেন এই অবস্থায় তাঁহাদের সম্মুখেই শঙ্খচূড়
নিঃশঙ্কচিত্তে তাঁহাদের রক্ষিত গোপাঙ্গনাগণকে উত্তর
দিকে পরিচালিত করায় সেই অবলাগণ উচ্চৈঃস্বরে রোদন
করিতে লাগিলেন ॥ ২৬ ॥

বিশ্বনাথ । নিরীক্ষমাণয়োস্তদ্বোরিত্যনাদয়ে যষ্টী, ক্রোশন্তঃ
হে রামকৃষ্ণ, অস্মাংজ্ঞায়স্মেতি সক্রন্দনং ফুংকুর্বন্তম্ ।
কালয়ামাস মহাযষ্টিঘূর্ণনে ভীষয়িতা উদীচীং দিশং প্রতি
বিপ্রাবয়ামাসেতি । তেন স্পর্শস্তাসাং নাত্বদিত্তি জ্ঞেয়ম্ ।
“যথা গা” ইত্যগ্রিমল্লোকোক্তেঃ ॥ ২৬ ॥

ক্রোশন্তঃ কৃষ্ণ রামেতি বিলোক্য স্বপরিগ্রহম্ ।

যথা গা দম্বানা গ্রস্তা ভ্রাতরাববদ্যবতাম্ ॥ ২৭ ॥

অর্থঃ । দম্বানা (বাহুভ্যাং) গ্রস্তাঃ গাঃ যথা (তথা)
স্বপরিগ্রহং (স্বকীয়ত্বেন পরিগ্রহীতং) জীজনং কৃষ্ণ রাম
ইতি (এবং) ক্রোশন্তঃ বিলোক্য ভ্রাতরো (রামকৃষ্ণো)
অবদ্যবতাম্ ॥ ২৭ ॥

অনুবাদ । তখন দুইভ্রাতা নিজেস্বীয় আত্মীয় গোপী-
গণকে—“হে কৃষ্ণ, হে রাম”, এইরূপে বিলাপ করিতে
দেখিয়া—গোরক্ষক যেরূপ ব্যাঘ্রকর্তৃক গৃহীত ধেমুগণের
মোচনের জন্ত পশ্চাৎ ধাবিত হয় সেইরূপ তাহাদের পশ্চাৎ
ধাবমান হইলেন ॥ ২৭ ॥

বিশ্বনাথ । দম্বানা চৌরেণ গ্রস্তা আত্মসাৎ কর্তুং
বিপ্রাব্য স্বদেশং প্রতিচালিতাঃ ॥ ২৭ ॥

মা ভৈষ্টেত্যভয়ারাবৌ শালহন্তৌ তরশ্বিনৌ ।

আসেদতুস্তং তরসা ত্বরিতং গুহকাদমম্ ॥ ২৮ ॥

অর্থঃ । মাভৈষ্ট (ভয়ং ন প্রাপ্নুত) ইতি (এবং)
অভয়ারাবৌ (অভয়বাচৌ) শালহন্তৌ তরশ্বিনৌ (বেগ-
বন্তৌ) [বলিনৌ (রামকৃষ্ণৌ)] ত্বরিতং (শীঘ্রং) তং
গুহকাদমং আসেদতুঃ (প্রাপ্তবন্তৌ) ॥ ২৮ ॥

অনুবাদ । অতঃপর—“তোমরা ভয় পাইও না”—
এইরূপ অভয়বাণী উচ্চারণ করিতে করিতে দুইজনে শালবৃক্ষ

হস্তে লইয়া মহাবেগে সত্তর ঐ অধম গুহকের নিকট উপস্থিত
হইলেন । ২৮ ।

স বীক্ষ্য তাবলুপ্রাপ্তৌ কালমৃত্যু ইবোদ্বিজন্ ।

বিশৃঙ্গ্য স্ত্রীজনং যুট্ প্রোদ্রবজ্জীবিতেচ্ছয়া ॥ ২৯ ॥

অর্থঃ । যুট্ সঃ (শঙ্খচূড়ঃ) কালমৃত্যুঃ ইব তৌ (রাম-
কৃষ্ণৌ) অহুপ্রাপ্তৌ (পশ্চাদাগতৌ) বীক্ষ্য (দৃষ্ট্য়া) উদ্বি-
জন্ (বিভ্যৎ) জীবিতেচ্ছয়া (প্রাণধারণেচ্ছয়া) স্ত্রীজনং
বিশৃঙ্গ্য (ত্যক্ত্য়া) প্রোদ্রবং (পলায়িতঃ) ॥ ২৯ ॥

অনুবাদ । তখন ঐ যুট্ কালপ্রেরিত মৃত্যুর জায়
তাঁহাদের দুইজনকে পশ্চাৎ সমাগত দেখিয়া ভয়ে স্ত্রীগণকে
পরিভ্যাগপূর্বক জীবনরক্ষণ কামনায় পলায়ন করিতে
লাগিল ॥ ২৯ ॥

বিশ্বনাথ । কালমৃত্যুঃ কালঃ প্রেরকঃ মৃত্যুঃ প্রের্যস্তাবিন
সীভঃ জহাতি রামঃ প্রেরকঃ অয়মহমিযং হমীতি কৃষ্ণঃ
প্রের্যন্তৌ ॥ ২৯ ॥

তমম্বধাবদেগাবিন্দো যত্র যত্র স ধাবতি ।

জিহীষুস্তচ্ছিরোরত্নং তস্মৌ রক্ষন্ ত্রিয়ো বলঃ ॥ ৩০ ॥

অর্থঃ । সঃ (শঙ্খচূড়ঃ) যত্র যত্র ধাবতি (তত্র তত্র)
গোবিন্দঃ তচ্ছিরোরত্নং জিহীষুঃ (হতুমিচ্ছুঃ সন্) তমম্ব-
ধাবৎ (অম্বগচ্ছৎ) । বলঃ (বলরামঃ তু) ত্রিয়ঃ রক্ষন্
(তত্র এর) তস্মৌ ॥ ৩০ ॥

অনুবাদ । ঐ শঙ্খচূড় তৎকালে যে যে দিকে ধাব-
মান হইতেছিল শ্রীকৃষ্ণও তাহার শিরোরত্ন গ্রহণের জন্ত
সেই দিকে তাহার অনুসরণ করিতে লাগিলেন । কিন্তু
বলদেব স্ত্রীগণের রক্ষকরূপে তথায়ই অবস্থান করিতে
লাগিলেন ॥ ৩০ ॥

বিশ্বনাথ । ত্রিয়ো বিদ্রাবণ শাস্তান্ত্রৈব স্থিরীকৃত্য
আবাস্ত তস্মৌ ॥ ৩০ ॥

অবিদূর ইবাভ্যোতা শিরস্তস্ত দুরাত্মনঃ ।

জহার মুষ্টিনৈবাস্ত সহচূড়ামণিং বিভূঃ ॥ ৩১ ॥

অর্থঃ । অদ্র, (হে রাজন্,) বিভূঃ (শ্রীকৃষ্ণঃ) অবিদূর
ইব (সমীপেব) অভ্যোতা (অভিমুখমাগতা) সহচূড়ামণিঃ

(শিরসা সহ চূড়ামণিঃ) তস্ত দুরাত্মনঃ (শঙ্খচূড়স্ত) শিবঃ
মুষ্টিনা এব জহার ॥ ৩১ ॥

অনুবাদ । হে রাজন্, শ্রীকৃষ্ণ অদূর গমন করিয়াই
তাহার নিকটস্থ হইলেন এবং মুষ্টিদ্বারাই চূড়াস্থিত মণির
সহিত তদীয় মস্তক হরণ করিলেন ॥ ৩১ ॥

বিশ্বনাথ । অতিদূরেহপি তত্র অবিদূর ইবাভ্যোতোতার্থঃ ।

শঙ্খচূড়ং নিহতৈবং মণিমালায় ভাষ্যম্ ।

অগ্রজায়াদদাং শ্রীত্যা পশুস্তীনাঞ্চ যোষিতাম্ ॥ ৩২ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে ব্রহ্মসূত্রভাষ্যে পারম-
হংস্তাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে

চতুস্ত্রিংশোহধ্যায়ঃ ॥ ৩৪ ॥

অর্থঃ । এবং শঙ্খচূড়ং নিহত্যা ভাস্করং (তেজো যুক্তং)
মণিঃ (তচ্ছিরোমণিঃ) আদায় (গৃহীত্বা) যোষিতাং চ
পশুস্তীনাং (সতীনাং) শ্রীত্যা অগ্রজায় (রামায়) অদদাং
(দদৌ) ॥ ৩২ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে চতুস্ত্রিংশোহধ্যায়ঃ ।

অনুবাদ । শ্রীকৃষ্ণ এইরূপে শঙ্খচূড়কে বধ করিয়া
দীপ্তিময় মণি গ্রহণপূর্বক দর্শনকারি স্ত্রীজনের সমক্ষেই অগ্রজ
বলদেবের নিকট তাহা অর্পণ করিলেন ॥ ৩২ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে চতুস্ত্রিংশ অধ্যায়ের

অনুবাদ সমাপ্ত ।

বিশ্বনাথ । পশুস্তীনামিতি । মহমেবাতি স্তভগায়ৈ
দাস্ততি মহমেবাত্যাদরনীয়ায়ৈ দাস্ততীত্যেবং প্রত্যেক-
যুৎসুকানাং তাসাং মদমৎসরানুদগমার্থং কষ্টৈচিদপ্যদস্থা
রামায়াদাং স চ মহাপিঞ্চঃ কৃষ্ণাভীপ্সিতস্থল এবং তং মণিং
কৃধাদিতি জ্ঞেয়ম্ ॥ ৩২ ॥

ইতি সারার্থদর্শিত্যং হর্ষিণ্যাং ভক্তচেতসাম্ ।

দশমস্ত চতুস্ত্রিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সত্তাম্ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে চতুস্ত্রিংশোহধ্যায়স্ত্রীবিষ্বনাথ-

চক্রবর্তীঠাকুরকৃতা সারার্থদর্শিনী-টীকা সমাপ্তা ।

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে চতুস্ত্রিংশ অধ্যায়ের
গৌড়ীয়-ভাষ্য সমাপ্ত ।

পঞ্চত্রিংশোধ্যায়ঃ

শ্রীশুক উবাচ ।

গৌড়ীয়-ভাষ্য ।

পঞ্চত্রিংশ অধ্যায়ের কথাসার ।

এই অধ্যায়ে কৃষ্ণ বনগমন করিলে গোপীদিগের কৃষ্ণ-বিরহ-সূচক গীতি অবলম্বন পূর্বক দিবস যাপন প্রসঙ্গ বর্ণিত হইয়াছে ।

বিপ্রলম্বভাবে প্রাবল্যে গোপীদিগের হৃদয়ে শ্রীকৃষ্ণের নাম-রূপ-গুণ-লীলা স্বতঃ স্ফুটি হইতে লাগিল । তাঁহারা পরস্পর মিলিয়া কীর্তন করিতে লাগিলেন—“কৃষ্ণের রূপ সর্বচিত্তাকর্ষক, তিনি যখন ত্রিভঙ্গিমঠামে দণ্ডায়মান হইয়া বেণুবাদন করেন, তৎকালে গগনবিহারিণী সিদ্ধ বনিতাগণ নিজ নিজ পতিসহ বর্তমান থাকিয়াও কৃষ্ণ কর্তৃক আকৃষ্ট হইয়া বাহ্য বিম্বিত হ'ন । ব্রজস্থিত বৃষ, ধেনু ও অন্যান্য পশুগণ দন্তদ্বারা তৃণ ধারণপূর্বক চিত্তাঙ্কিতের ছায়া অবস্থান করে, অচেতন নদী পর্যন্ত নিবৃত্তগতি হয় । অহো! কৃষ্ণ যখন স্বয়ং ভগবান্ হইয়াও বহুবেশ রচনাপূর্বক “শ্যামলী” “ধবলী” প্রভৃতি নাম উচ্চারণ করিয়া বেণুবাদ সহকারে ধেনুদিগকে আশ্বাস করেন, তখন বৃক্ষলতা পর্যন্ত প্রেম-পুলকিত গাত্রে অশ্রুধারার ছায়া মধুধারা বর্ণন করিতে থাকে, সরোবরস্থিত সারস, হংস প্রভৃতি পক্ষিগণ লোচন নিম্নীলিত করিয়া মুগ্ধ হইয়া অবস্থান করে, আকাশে মেঘমালা কৃষ্ণের বংশীধ্বনির অহুকরণে মন্দ মন্দ গর্জন করিতে থাকে, ইন্দ্র, শিব, ব্রহ্মা প্রভৃতি সঙ্গীতাভিজ্ঞ দেবশ্রেষ্ঠগণও আশ্চর্যাবিত হইয়া তত্ত্বনির্ণয়ে অসমর্থ হ'ন এবং অস্মাদৃশ গোপীবৃন্দ সর্বস্ব কৃষ্ণে অর্পণ করিবার জ্ঞান ব্যাকুলিত হয়, কৃষ্ণসার হরিণীগণ গোপীদিগের আশ্রুগতো কৃষ্ণের অশ্রুগমন করিতে থাকে । কৃষ্ণ যখন বংশীধ্বনি করিতে করিতে ব্রজে প্রত্যাগমন করেন, তখন ব্রহ্মাদি দেবশ্রেষ্ঠগণ তাঁহার চরণ পূজা এবং অশ্রুচরণ গুণকীর্তন করিয়া থাকেন ।” গোপীগণ কৃষ্ণ-বিরহে এই প্রকার কৃষ্ণলীলা গান করিয়াছিলেন ।

গোপাঃ কৃষ্ণে বনং যাতে তমহুতচেতসঃ ।

কৃষ্ণলীলাঃ প্রগায়ন্ত্যা নিম্নাঃ কুথেন বাসরান্ ॥ ১ ॥

অর্থঃ । (এবং রাত্রিষু কৃষ্ণেন শৈশবমভিষ্মিতানাং দিবা তদ্বিরহিতানাং অহুগীতেন দিন-নিস্তারপ্রকারমাহ—) কৃষ্ণে বনং যাতে (সতি) তং (কৃষ্ণং) অহুতচেতসঃ (অহুতং আসক্তং চেতো যাসাং তাঃ) গোপাঃ কৃষ্ণলীলাঃ (এব) প্রগায়ন্ত্যাঃ কুথেন (কথেন) বাসরান্ (দিনানি) নিম্নাঃ (যাপয়ামাসুঃ) ॥ ১ ॥

অনুবাদ । শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্, শ্রীকৃষ্ণ দিবসে গোচারণের জ্ঞান বনগমন করিলে কৃষ্ণাশ্রুগতচিত্তা গোপীগণ কৃষ্ণলীলা গান করিয়া কষ্টের সহিত দিবস অতি-বাহিত করিয়াছিলেন ॥ ১ ॥

বিশ্বনাথ । পঞ্চত্রিংশে বেণুগীতং দ্বাদশ শ্লোক যুগ্মতঃ । বর্ণ্যতে যং প্রিয়াঃ পীত্বা বিরহিণীর্গোহনয়নং দিনম্ । সন্তোগ-শৈত্যং জ্যোৎস্নীষু বিচ্ছেদৌষ্যং দিনেষদাৎ । প্রেমাভাভ্যঃ স্বপুষ্ঠার্থঃ স্বয়ং তদ্বিত্যাত্মকঃ । এবং রাত্রিষু গোপাঃ স্বকাশেন সহ লজ্জাসঙ্গা নৃত্যগীতনর্মাধরামৃতাদিকং পিবন্ত্যঃ সন্তোগরসনিমগ্না বভূবুর্ভিত্যক্তম্ । ইদানীং দিনেষু তেন সহ লজ্জমনোমাত্রসঙ্গাস্তদেণুগানামৃতমাত্রং পিবন্ত্যা বিপ্রলম্ব-রসনিমগ্না বভূবুর্ভিত্যাহ,—গোপা ইতি । তং বনং গচ্ছন্ত-মহলক্ষ্মীকৃত্য জ্ঞানানি বেগেন তে সহ চলিতানি চেতাংসি যাসাং তাঃ ॥ ১ ॥

গোপা উচুঃ ।

বামবাহু-কৃত-বামকপোলো

বল্লিতভ্রুরধর্যাপিতবেণুম্ ।

কোমলাঙ্গুলিভিরাপ্রিতমার্গঃ

গোপা ঈরয়তি যত্র মুকুন্দঃ ॥ ২ ॥

বোমযান-বনিতাঃ সহ সিদ্ধৈ-

বিস্মিতাস্তদুপধাৰ্ঘ্য সলজ্জাঃ ।

কাম-মার্গ-সমর্পিতচিত্তাঃ

কশ্মলং যযুরপশ্বতনীব্যাঃ ॥ ৩ ॥

অর্থঃ । গোপ্যঃ উচুঃ,—(হে) গোপ্যঃ, বামবাহ-কৃত-বামকপোলঃ (বামবাহৌ তন্মূলে কৃতঃ অর্পিতঃ বাম-কপোলো যেন সঃ) বল্লিতক্রঃ (বল্লিতে নর্তিতে ক্রবৌ যেন সঃ মুহুন্সঃ) কোমলাঙ্গুলীভিঃ আশ্রিতমার্গঃ (কোমলাভিঃ অঙ্গুলীভিঃ আশ্রিতাঃ মার্গাঃ সপ্তস্বরছিত্রাণি যন্ত তং) অধরা-পিত্তবেণুঃ (অধরে অর্পিতঃ বেণুঃ) যত্র (যদা) ঈরয়তি (বাদয়তি) তদা ব্যোমযান-বনিতাঃ (ব্যোমি যানং গমনং যেষাং তেষাং বনিতাঃ স্ত্রিয়ঃ) সিদ্ধৈঃ (স্বপতিভিঃ সহ) (বর্তমানা অপি) তৎ (বেণু গীতং) উপধার্য (শ্রুত্বা) প্রথমং বিস্মিতাঃ (আশ্চর্য্যং প্রাপ্তাঃ), ততঃ (তদনন্তরং) কাম-মার্গ-সমর্পিতচিত্তা (কামমার্গণেভাঃ সমর্পিতানি চিত্তানি যাভিস্তাঃ তৎপরবশাঃ কাম-বাণপীড়িতাঃ ইত্যর্থঃ) অতএব অপশ্বতনীব্যাঃ (অপশ্বতা বিস্মিতা নীব্যো ঘাভিঃ তাঃ, ভংগদ্বজ্জালসন্ধানরহিতাঃ) সলজ্জাঃ চ সত্যঃ কশ্মলং (মোহং) যযুঃ । (এবদ্বিষ্ম কৃষ্ণস্ত বিরহং কথং সহাম ইত্যর্থঃ) ২-৩ ॥

অনুবাদ । গোপীগণ অপর গোপীগণকে বলিতে লাগিলেন,—হে গোপীগণ, শ্রীকৃষ্ণ যে কালে বামবাহমূলে বামকপোল বিস্তৃত করিয়া ক্রম্বুলের সঞ্চালন সহকারে কোমল অঙ্গুলিসকল দ্বারা ছিদ্রসকল ধারণপূর্বক অধরস্পৃষ্ট বেণুবাদন করিতে থাকেন; তৎকালে গগনবিহারিণী সিদ্ধ বণিতাগণ নিজ-নিজ পতি সহ বর্তমান থাকিয়াও সেই বংশীধ্বনি শ্রবণে প্রথমতঃ বিস্মিত ও পশ্চাৎ তদ্বংশীভূত-চিত্ত হইয়া স্ব-স্ব বস্ত্রগহ্বি স্থলিত হইলেও তাহা অবগত হইতে পারেন নাই । এইরূপে পতিসমীপে লজ্জিত হইয়া তাঁহারা মোহ প্রাপ্ত হইয়া থাকেন, আমরা সেই কৃষ্ণের বিরহ কিরূপে সহ করিব ॥ ২-৩ ॥

বিশ্বনাথ । বৃন্দাবনে গাঃ সর্কার্য তত্রত্যাকরবল্লিখগ-মৃগাদীন নক্তন্তন স্ববিরহগিনান্ আশ্বাসয়ন্ স্বাগমনমাবে-দয়িতুং যদা স্ব বেণুনা কৃষ্ণঃ সঙ্গগৌ তদা তদাকর্ণে-নোদীপ্তভাবা গোপ্যঃ যথাস্থাঃ সখীঃ প্রত্যাহর্ষামেত্যাদি

দ্বাদশযুগলানি । হে গোপ্যঃ, বামবাহৌ বামবাহমূলে কৃতঃ অর্পিতঃ বামকপোলো যেন সঃ । গীতস্মারোহাবরোহয়ো-র্গমকময়ীকরণং তেনৈব প্রকারেণ সম্ভবেৎ । তথৈব বাম-জ্যোপরি দক্ষিণজ্যোৎস্বটন্ত্যাসোহপি জ্যেঃ । তেন ত্রিভঙ্গ-ললিতস্তিখগ-গ্রীনৈল্ললোক্যমোহন ইতি নামদ্রব্যং প্রকটী বভূবেতি ভাবঃ । বল্লিতে নর্তিতে ক্রবৌ যেনেতি স্থ-লাদীন পুরস্থিতান্ গানসৌষ্টবে অবধাপয়িতুমিতি ভাবঃ । হৃদয়ধার্যম্ । অধরেহপিভো তন্তোহধরায় দত্তো বা যো বেণুঃ, যত্র যদা ঈরয়তি কীদৃশম্ ? কোমলাভিরঙ্গুজনাঙ্গাপেক্ষয়া সুকুমারীভিঃ । “অকর্মকঠিনৌ হস্তা”বিত্তি সামুদ্রিক্যং স্বাদ্ধা-পেক্ষয়াঙ্গীমং কঠিনাভিরঙ্গুলীভিরাশ্রিতাঃ মার্গাঃ সপ্তস্বর-ছিত্রাণি যন্ত তম্ । তদা ব্যোমযানানাং সিদ্ধানাং বনিতাঃ সিদ্ধৈঃ স্বপতিভিঃ । সহিতা অপি প্রথমং তদেধীরগমুপধার্য আকর্ষ্য বিস্মিতা অহো ! বেণুনা দৈন্ত্যেতাং মোহনত্বমনুভূত-চরং যতোহস্মান্ সাক্ষীরপি মোহয়তি অস্মান্ পুরুষানপি স্ত্রীভাব যুক্তীকৃত্য মোহয়তীতি প্রথমং বিস্ময়দুলাঃ । ততশ্চ সিদ্ধৈঃ সঠৈব সলজ্জা অস্বদ্যভিচারমস্পতয়ো বিতর্কদেব-রিত্তি তথৈবাস্মৎ পুংস্ববিপর্যয়মস্পতয়ো বিতর্কদেবুরিত্তি স্বস্বপতিভাঃ সকাশাৎ স্বস্বপত্নীভ্যশ্চ সকাশাৎ লজ্জাযুক্তা অভুবন, ততশ্চ সিদ্ধৈঃ সঠৈব কামস্ত মার্গণেভাঃ সমর্পিতানি দত্তানি চিত্তানি যাভিস্তাঃ । আয়াতান্ শ্রীকৃষ্ণদ্বিরককাম-শরানালক্ষ্য ভোঃ শ্রীকৃষ্ণঃ, কামশরায় যুস্মভ্যমেতান্তচ্ছিত্তানি দত্তানি এতানি শীঘ্রং বিদ্বী কুরুতঃ । অস্মাভিঃ পাতিব্রত্যাং জলাঞ্জলির্দত্তঃ । কৃষ্ণোহস্মাভিঃ সহ কৃপয়া রমতামিতি তথা-স্মাভিরপি স্বপুংস্বং দেবত্বক ত্যক্তং, কৃষ্ণোহস্মান্ সন্ত এব স্ব-যোগবলেন গোপস্বীকৃত্যস্মাভিঃ সহ রমতামিতি সমর্পিত-পদব্যঙ্গং জ্যেয়ম্ । ততশ্চ সিদ্ধৈঃ সঠৈব কশ্মলং কাম-শরপীড়য়া মোহং যুছ্যং যযুঃ প্রাপুঃ । কশ্মলস্তাত্ত্ব্যাবং সঠৈবমাছঃ । অপশ্বতা ন শ্বতা স্থলিতা অপি নীব্যো যাভিস্তাঃ । সিদ্ধৈস্তৈঃ সঠৈব শিথিলিত বস্ত্রবন্ধ কেশবন্ধা-দিকা বভূবুরিত্যর্থঃ । সমাসান্ত্যভাব আর্ষঃ । অকস্মাদ্বেদীনাং দেবানাঞ্চাপি যন্তোতাদৃশবস্থা তর্হি বয়ং যাতুস্তত্রাপি গোপ্যস্তত্রাপ্যেকনগরাস্থাত্ত্রাপি লক্ষ্যসন্ধাঃ কথং তং বিনা স্থাশ্চামগুহুতিষ্ঠত সখ্যঃ, এতান্ দধ্মুখান্ পশ্যতোহপি

পতিশুভ্রাদীঃস্তিরস্কৃত্য কেনচিম্মিষেণ বৃন্দাবনং প্রবিষ্ট
প্রাণপ্রেষ্টেন সার্কঃ বিলসায় ইতি ধ্বনিঃ । প্রতিযুগলাস্ত
এবাহুবর্তনীয়ঃ ॥ ২-৩ ॥

হস্ত চিত্রমবলাঃ শৃগুতেদং
হারহাস উরসি স্থিরবিছাং ।
নন্দসুহুরয়মার্তজনানাং
নর্মদো যর্হি কৃজিতবেণুঃ ॥ ৪ ॥
বৃন্দশো ব্রজবৃষা যুগগাবো
বেণুবাগ্নহতচেতস আরাং ।
দন্তদষ্টকবলা ধৃতকর্ণা
নিজিতা লিখিতচিত্রমিবাঙ্গ ॥ ৫ ॥

অনুবাদ । হস্ত হে অবলাঃ ইদং (অস্মাভিঃ কথ্যমানং)
চিত্রং (অতিবিচিত্রং) শৃগুত, হারহাসঃ (হারবৎ বিশদো হাসো
যন্ত সং, যদা, বেণুবাদনেন অধোবদনেন হসতো হারেষু স্কুরন
হাসো যন্ত সং, যদা, হারবৎ বক্ষসি শোভমানো হাসো যন্ত
সং, যদা, হারাণাং হাস ইব বিশদা স্ফুর্তির্যস্মিন্ উরসীতি)
উরসি স্থিরবিছাং (উরসি স্থিরাঃ বিছাদিব লক্ষ্মীর্যন্ত সং)
অসং নন্দসুহুঃ (কৃষ্ণঃ) যর্হি আর্তজনানাং (তদ্বিরহপীড়িতানাং
অশ্রুদাদীনাং) নর্মদঃ (নর্ম উপহাসং দদাতি যঃ সং তথা-
বিধঃ) সন্ স্থখয়িতুং কৃজিতবেণুঃ (নাদিতবেণুঃ) ভবতি (তদা)
ব্রজবৃষাঃ যুগগাবঃ (চ) আরাং (দূরাং) বেণুবাগ্নহত-
চেতসঃ (বেণুবাগ্নেন হৃতানি চেতাংসি যেষাং তে) বৃন্দশঃ
(যুথশঃ) দন্তদষ্টকবলাঃ (দন্তৈঃ দষ্টাঃ এব নতু চর্চিতাঃ
কবলাঃ তৃণগ্রাসাঃ যৈঃ তে) যতঃ ধৃতকর্ণাঃ (ধৃতাঃ উত্তে-
জিতাঃ কর্ণা চৈঃ তে) অতঃ নিজিতাঃ ইব লিখিতচিত্রং
ইব (চিত্রার্চিতমিব) (চ) আসন্ (তসুঃ) ॥ ৪-৫ ॥

অনুবাদ । হে অবলাগণ, তোমরা অপর এক আশ্চর্য
বিসয় শ্রবণ কর । মুক্তাহারতুল্য শুভ্রহাসশীল এবং বক্ষঃ-
দেশে স্থির বিছাৎ তুল্য শ্রীবিশিষ্ট এই নন্দসুহুত যৎকালে
বিরহিগণের স্থখ প্রদানের জন্ত বংশীবাদন করিতে থাকেন
তৎকালে ব্রজস্থিত বৃষ, ধেমু এবং অন্যান্য পশুগণ দূর হই-
তেই সেই বংশীরবে হৃতচিত্ত হইয়া দন্তদ্বারা কেবলমাত্র

তৃণগ্রাস ধারণপূর্বক সকলে ঐদিকে কর্ণ উত্তোলিত করিয়া
নিজিত এবং চিত্রাঙ্কিতের দ্বার অবস্থান করিতে থাকে ।

বিশ্বনাথ । দেববনিতানাং বিদগ্ধপ্রবরাণাং কা বার্তা
যুজ্ঞস্তনামপি মোহঃ শৃগুতেত্যাচ্ছা আহঃ । হস্ত চিত্র-
মিত্যভূতাদপাভূতমিদমিত্যর্থঃ । হে অবলাঃ, ইতি স্ত্রীণাং
যুগ্মকং পতিব্রত্যবলং কৃষ্ণেন প্রথমত এবাপহৃতমিতি
ভাবঃ । হারাণাং বলাকানামিব হাসঃ প্রকাশো যত্র তথাভূতে
উরসি মেঘোপমে স্থিরা বিছাত্তত্ত্বা লক্ষ্মীরেখৈব যন্তঃ
সং । তেন বলাকা বিছাত্ত্বনিতকৃষ্ণবক্ষো মেঘেনৈব ভবতীনাং
পাতিব্রতানিদাঘা ধ্বংসিত ইতি ভাবঃ । অতএবাং আর্ত-
জনানাং যুগ্মকং নর্ম সর্বলোককর্তৃকমুপহাসং দদাভীতি সং ।
কদা যর্হি কৃজিতবেণুর্ভবতি ভদেত্যর্থঃ । বেণুনাদশ্রবণমাত্রেন
শিথিল-নীবীকরবীকাঃ প্রাপ্তোন্মাদাঃ সর্বলোকহাস্যাস্পদী-
ভূতা ভবন্তো ভবন্তীতি ভাবঃ । যুগ্মকং মাহুযীণাং কা
বার্তা তির্যগ্জাতয়োহপি বেণুনাদেন মূর্ছিতাঃ ক্রিয়ন্তে
ইত্যাহঃ,—বৃন্দশঃ প্রতিযুথমিত্যর্থঃ । ব্রজস্থা বৃষাঃ বনস্থাঃ
যুগা গাবশ্চ দন্তৈর্দষ্টাঃ কবলাস্তৃণগ্রাসা যৈস্তে ইতি তৃণেষু
দন্তৈর্দষ্টেষু সংস্থ তন্নিগিলনাং পূর্বমেব আরকেন বেণুবাগ্নে-
নৈব বলাং কর্ণমার্গৈরেব দেহান্তঃ প্রবিষ্টাঃ, নতু মুখমার্গেণ
তৃণগ্রাসা দেহান্তঃ প্রবিষ্টাঃ ; অতএব ধৃতা উত্তজিতাঃ কর্ণা
যৈস্তে । ততশ্চ তেন হৃতানি চিত্তানি যেষাং তে ইত্যত
এব সর্বেন্দ্রিয় ব্যাপারা ভাবান্নাজিতা ইব তত এব তৃণ-
গ্রাসান্তে দন্তদষ্টস্থানপগম্যাদুমাবপি ন পতিত ইতি ভাবঃ ।
ততশ্চ প্রবলীভূতেন জাড্যসঞ্চারিণা জনিতে শুভ্রাতিশয়ে
সতি মূর্ছার্নয়াক সত্যং শ্বাসস্ত্যপি প্রায় শুক্লীভাবান্নিবিহিত-
চিত্রমিবেতু্যপমান্তরং দত্তং তত্রাপি লিখিতেতু্যংকৌর্ষ চিত্রা-
দপি লিখিতচিত্রস্ত চমৎকারিভাষ্য বিবক্ষয়োক্তম্ । কেনা-
প্যভূতচিত্রকরেণাকশপটে লিখিতানি চিত্রাণীতি বিশ্বয়রসো
ধ্বনিতঃ ॥ ৪-৫ ॥

বর্হিগন্তবক-ধাতু-পলাশৈ-

বন্ধমল্ল পরিবর্হবিড়ম্বঃ ।

কর্হিচিং সবল আলি স গোপৈ-

র্গাঃ সমাহ্রয়তি যত্র মুকুন্দঃ ॥ ৬ ॥

তর্হি ভগ্নগতয়ঃ সরিতো বৈ
তৎপদানুজরজ্জ্বলনিলনীতম্ ।
স্পৃহয়তীর্বয়মিবাবহুপুণ্যাঃ
প্রেমবেপিতভূজাঃ স্তিমিতাপঃ ॥ ৭ ॥

অর্থঃ । (কিঞ্চ অচেতনাসু সরিঃসু তদতীত চিত্র-
মিত্যাচ্) হে আলি, (সখি), বর্হিগন্তবক-ধাতু-পলাশৈঃ
(বর্হিগঃ ময়ূরঃ তন্তু স্তবকাঃ পুচ্ছানি ধাতবো গৈরিকাদয়শ্চ
পলাশানি বল্লবাস্চ তৈঃ) বদ্ধমল্লপরিবর্হবিভবঃ (বদ্ধশ্যাসৌ
মল্লানাং পরিবর্হঃ পরিকরঃ তৎ বিভবয়তি অহুকরোতীতি
তথা স) মুকুন্দঃ সবলঃ (বলরামেণ সহিতঃ) সগোপৈঃ (গোপৈঃ
সহ) কর্হিচিং (যদা করাচিং দেশে বেগুনা) গাঃ সমাহ্রয়তি তর্হি
(তদা তদধ্বনি শ্রবণাৎ) অনিলনীতং (অনিলেন বায়ুনা নীতং)
তৎপদানুজরজ্জ্বলনিলনীতং (তন্তু পদানুজরজ্জ্বলনিলনীতং)
সরিতঃ বৈ নিশ্চিতং বয়ম্ ইব অবহুপুণ্যাঃ (পুণ্যপ্রচয়শৃঙ্গাঃ)
প্রেমবেপিতভূজাঃ (প্রেমণা বেপিতাঃ কম্পিতাঃ ভূজাস্তরঙ্গাঃ
যাসাং তাঃ) স্তিমিতাপঃ (স্তিমিতাঃ নিশ্চলাঃ আপঃ যাসাং
তাঃ চ ভবন্তি) ॥ ৬-৭ ॥

অনুবাদ । হে সখীগণ, শ্রীকৃষ্ণ কোন সময় ময়ূরপুচ্ছ,
গৈরিকাদি ধাতুরাগ এবং পল্লব দ্বারা মল্লবেশের অহুকরণ
করিয়া বলদেব এবং গোপালগণের সহিত যে স্থানে বংশী-
রবে ধেমুগগকে আহ্বান করিতে থাকেন তখন ঐ বংশী-
ধ্বনি শ্রবণ করিয়া অচেতন নদী সকলও যেন পবনোদ্ধৃত
তদীয় শ্রীচরণকমলরজ্জ্বলনিলনীত পদপরাগ লাভ করিতে পারে নাই ।
কেবলমাত্র প্রেমভরে তাহাদের তরঙ্গরূপ বাহু কম্পিত হয়
এবং জলরাশি নিশ্চল হইয়া থাকে ॥ ৬-৭ ॥

বিশ্বনাথ । বৃষমৃগাদীনাং চেতনানাং কা বার্তা অচেত-
নানামপি বেগুশ্রবণহেতুকং স্তম্ভং শৃণুতেত্যন্তা আহঃ,—
বর্হিগন্ত ময়ূরন্ত স্তবকাঃ পিচ্ছানি । যদা, বর্হিগন্তকেনৈব
বর্হিগঃ পিচ্ছানি লক্ষিতানি চ স্তবকাঃ পুষ্পগুচ্ছাশ্চ ধাতবো
গৈরিকাদয়শ্চ পলাশানি বল্লবাস্চ, তৈর্বদ্ধো যো মল্লানাং পরি-

বর্হঃ পরিকরন্তঃ বিভবয়তি অহুকরোতি, স্বশোভয়া উপ-
হসতীতি বা সঃ । বলদেবসহিতঃ স মুকুন্দঃ গোপৈশৃঙ্খলঃ ।
গাঃ হিহী কালিন্দী, গঙ্গে, সরস্বতীতি তাসাং নামভির্ঘট
যদা আহ্রয়তি তর্হি সরিতো যমুনা মানসগঙ্গা সরস্বত্যাভ্যাং
সরিতো অস্তাশ্চ ব্রজস্থা অচেতনো অপি চেতনো প্রাপ্য হস্ত
হস্তাহো অস্মাকং ভাগ্যাং যতঃ স্নানাবগাহনাত্মমস্মান
আহ্রয়তি তদিতঃ স্বতীকু প্রবাহেণ তটং ভিত্তা যাম ইতি
কৃষ্ণপার্শ্বং যিযামবোহপি ভগ্নগতয়ঃ অত্যনন্দজ্যোদোন স্বাভা-
বিকগতেরপি স্তম্ভাৎ বিগতপ্রবাহ এব ভবন্তীতি শেষঃ ।
শ্লেষেণ কৃষ্ণাঙ্গ-সঙ্গ-সুখপ্রাপ্ত্যভাবাদনন্ধানদীকৃতোপহাসাচ্চ
ঐহিকী গতির্ভগ্যা পাতিব্রত্যালোপাৎ পারলৌকিকী চ গতি-
নষ্টা । অহো তাসামভাগ্যমিতি ভাবঃ । কিকিচ্ছাগাধ্বঃ,
তন্তু পদানুজরজ্জ্বলনিলনীতং অতুলপবনেনানীতং
স্পৃহয়ন্তাঃ প্রাপ্যাপি তপ্ত্যভাবাদেব পুনঃ পুনরিরুদ্ধতীত্যর্থঃ ।
অতো বয়মিব কৃষ্ণসদাশ্রয়প্রাপ্তি প্রাপ্তিভ্যাং অবহুপুণ্যাঃ
নাপ্যপুণ্যাঃ অল্পপুণ্যা ইত্যর্থঃ । প্রেমণা বেপিতা ভূজা-
স্তরঙ্গা যাসাং তাঃ অস্মাকমপি ভূজাঃ প্রেমণা কম্পন্তে ।
স্তিমিতা জ্যোদোন কটিনীভূয়পি পুনরাদীভূতা আপো
যাসাং তাঃ । বয়মপি নেত্রয়োস্তিমিতকলা জলৈঃ স্তিমিতা
ভবামঃ আহিতাশ্রয়াদিঃ । সমাসান্ত্যভাব আর্থঃ । এবং বয়মপি
পতিভ্রাতাদিভিঃ কৃষ্ণাভিসারবারণাৎ ভগ্নগতয়ঃ লোকোপ-
হাসাৎ পাতিব্রত্যালোপাচ্চ ঐহিকপারলৌকিকগতিরহিতাশ্চ
তদঙ্গশৌরভ্যাস্পৃহাবত্যাশ্চ ॥ ৬-৭ ॥

অনুচরৈঃ সমনুবর্ণিত-বীৰ্য
আদিপুরুষ ইবাচলভূতিঃ ।
বনচরো গিরিতটেষু চরন্তী-
বেগুনাহ্রয়তি গাঃ স যদা হি ॥ ৮ ॥
বনলতাস্তরব আত্মনি বিমুং
ব্যঞ্জয়ন্ত্য ইব পুষ্পফলাঢ্যাঃ ।
প্রণতভার-বিটপা মধুধারাঃ
প্রেমহৃষ্টতনবো ববুধুঃ স্ম ॥ ৯ ॥

দর্শনীয়-তিলকো বনমালা
 দিব্যগন্ধ-তুলসীমধুমৈত্রেঃ ।
 অলিকুলৈরলঘু গীতমভীষ্ট-
 মাদ্রিয়ন্ যহি সন্ধিতবেণুঃ ॥ ১০ ॥
 সরসি সারস-হংস-বিহঙ্গা-
 শচাক্ষুগীতহৃত চেতস এত্যা ।
 হরিমুপাসত তে যতচিত্তা
 হস্ত মীলিতদৃশো ধৃতমৌনাঃ ॥ ১১ ॥

অর্থঃ । (স্থাবরেষু অপি অতিচিত্রং দৃশ্যত ইত্যাহঃ)
 অম্বুচরৈঃ (গোপৈঃ দেবাদিভির্বা) আদিপুরুষঃ ইব সমু-
 বর্ণিতবীৰ্য্যঃ (সম্যক্ অম্বুবর্ণিতং বীৰ্য্যং যন্ত সঃ) অচলভূতিঃ
 (অচলা নিশ্চলা ভূতিঃ শ্রীঃ যন্ত সঃ) বনচরঃ (সন্)
 সঃ (শ্রীকৃষ্ণঃ) গিরিতেষু চরন্তীঃ গাঃ যদা হি বেণুনা (তন্ত-
 মাস্ত্রা-গানেন) আশ্রয়তি তদা প্রণতভার-বিটপাঃ (প্রণতাঃ
 ভারেণ বিটপাঃ শাখা যাসাং তাঃ) প্রেমহৃষ্টতনবঃ (প্রেমুণা
 হৃষ্টাঃ রোমাক্ষিতাঃ তনবঃ যাসাং তাঃ) বনলতাঃ তরবঃ চ
 আত্মনি বিষ্ণুং ব্যঞ্জয়ন্তাঃ (প্রকাশমানঃ সূচয়ন্তাঃ) ইব মধু-
 ধারাঃ ববুযুঃ স্ব (শ্রেতি বিশ্বয়ে) তরবশ্চ তথা তৎপত্নী-
 নামপি তথৈবানন্দ ইতি ভাবঃ । এতানি বিষ্ণু ব্যক্তিলক্ষ-
 গানি) (তদা) সরসি (সরোবরে যে) সারস-হংস-বিহঙ্গাঃ
 (সারসাঃ হংসাঃ অন্তে চ বিহঙ্গাশ্চিষ্টন্তি) তে চাক্ষুগীতহৃত-
 চেতসঃ (চাক্ষুগীতেন হৃতচেতসঃ আকৃষ্টচিত্তাঃ সন্তঃ)
 এত্যা (আগত্যা) যতচিত্তাঃ (সংযতমনসঃ) মীলিতদৃশঃ
 (মুদ্রিতনয়নাঃ) ধৃতমৌনাঃ (মৌনভাবাবলম্বিনঃ সন্তঃ) হরিং
 উপাসতে (অভজন্ত তৎসমীপে উপবিবিষ্টঃ বা) হস্ত (খেদ-
 সূচকমব্যয়পদম্) ॥ ৮-১১ ॥

অম্বুবাদ । হে সখীগণ, অম্বুচরগণ (আদি পুরুষপক্ষে
 দেবগণ, কৃষ্ণপক্ষে অম্বুচর অর্থ গোপগণ) নিরন্তর যাহার
 বীৰ্য্য বর্ণন করেন সেই আদিপুরুষ নারায়ণের স্থায় অচল
 ত্রীম্পন্ন হইয়াও বনচরবেশে এই শ্রীকৃষ্ণ যখন গিরিতে
 ভ্রমণশীল দেখুগণকে বংশীস্বর যোগে পৃথক্ পৃথক্ নাম
 উচ্চারণ পরিপূর্ণ শ্রবনতশাখাবিশিষ্ট বনলতা এবং তরুগণ

যেন আত্মস্থিত অর্থাৎ আপনাদের মধ্যে বিরাজমান বিষ্ণু-
 তত্ত্বের স্মৃচনা করিয়াই প্রেম পুলকিত গাজে অশ্রধারার
 স্থায় মধুধারা বর্ষণ করিতে থাকে ॥ ৮-১০ ॥

হে সখীগণ, স্বরম্য পুরুষগণের মধ্যে সর্বশ্রেষ্ঠ এই
 শ্রীকৃষ্ণ যখন বনমালাস্থিত দিব্যগন্ধ তুলসীর মধুপানে মত্ত
 ভ্রমর সমূহের অম্বুকুল উচ্চসঙ্গীত সাদরে গ্রহণ করিয়া স্বীয়
 অধরে বংশী সংযোগ করেন তখন সরোবরস্থিত সারস, হংস
 প্রভৃতি পক্ষিগণ ঐ স্তম্ভুর বংশীসঙ্গীতে আকৃষ্টচিত্ত হইয়া
 আগমন পূর্বক চিত্ত সংযত, লোচন যুগল নিমীলিত ও
 মৌনভাব অবলম্বন করিয়া তাহার নিকটে উপবেশন
 করে ॥ ১০-১১ ॥

বিশ্বনাথ । নদীনামনাদিসিদ্ধিনামচেতনস্তেহপি দেবতা-
 রূপাণাং কা বার্তা । যঃ পরমোহদৃষ্টজ্ঞানামতিনিষ্কটানা-
 মপি জড়ানাং রসিকতাং বেণুশ্রবণহেতুকাং পশ্যতেত্যাহা
 আহঃ,—অম্বুচরৈর্গোপৈঃ । আদিপুরুষো নারায়ণ ইব নিশ্চল
 শ্রীঃ । যদপি বনচরঃ বনজীবৈবতুরাগাদিতি ভাবঃ । তদা
 গৃহস্থবৈষ্ণবাঃ সঙ্গীকা যথা সঙ্গীতনশ্রবণেন ভাববন্তো ভূত্বা
 প্রণমন্তি তথৈব বনলতাঃ স্ত্রিয়ঃ তরবস্তৎপতয়ঃ । আত্মনি
 মনসি বিষ্ণুং ক্ষুরন্তং ব্যঞ্জয়ন্তাঃ জ্ঞাপয়ন্তা ইব অশ্রুতুল্যা
 মধুনো মকরন্দশ্রু ধারাঃ সস্বজ্জুমুচুঃ । “ববুযু”রিত্তি পাঠে
 অশ্রুণামাধিক্যম্ । পুষ্পফলাঢ্যাং পুষ্পেণ হর্ষসঞ্চারিণা ফলেন
 রতিস্থায়ীনা চ বিরাজমানাঃ । প্রণতা ভারেণ বিটপাঃ শাখা
 যাসামিত্যনুভাবঃ । প্রণামঃ প্রেমুণা হৃষ্টা রোমহর্ষযুক্তা-
 স্তনবো যেথাং তে ইতি রোমাক্ষঃ ॥ ৮-১১ ॥

গৃহারাম্যামিব তরুলতানাং বৈষ্ণবতামুক্তা আত্মারামা-
 গ্যামিব হংসসারসাদীনাং বেণুশ্রবণহেতুকাং বিষ্ণুপাসনা-
 যাহঃ,—দর্শনীয়ং দ্রষ্টুমহং তিলকং গৈরিকাদিময়ং যন্ত সঃ ।
 দর্শনীয়েষ্বতিস্মদ্রেষু মধ্যে তিলকতুল্যা ইতি বা । বনমালাসু
 পঞ্চবর্ণপত্রপুষ্পময়ীষু দিব্য গন্ধা যা তুলসী তস্তা মধুনা মৈত্রেঃ
 অলিকুলৈর্মত্তত্বাদেবাসম্বুচস্তিরলঘুগীতম্ উচ্চৈর্গীতম্ । নহু চ
 কমল-মালতী-নাগকেশরাদি পুষ্পাণ্যেব লোকাঃ হৃদৌরভ-
 ত্বেন খ্যাপয়ন্তি । নতু সর্বতোঃ মাহাত্ম্যানাধিক্যমপি তুলসীম্ ।
 উচ্যতে তুলস্তা গন্ধঃ কশ্চিৎ প্রাতলৌকৈগ্রাহ্যোহত্যন্তর

এব অপ্রাকৃতলৌকিকস্ত ততোহধিকঃ । ভগবদ্বনমালাধিকারি-
ভূদৈস্ত ততোহপ্যধিকঃ । অত্যসাধারণঃ সর্বাধিকতমস্ত
ভগবদ্বাসিকৈকমাত্র বেদ এব । অমৃতং বোগমায়য়া আবরণাৎ
যদুক্তং বৈকুণ্ঠবর্ণনে গন্ধেহর্চিতে তুলনীকাভরণেন তস্তা যশ্চিৎ
স্তপঃ স্তম্বনসো বহমানয়ন্তীতি । অভীষ্টমিতি । বেণুগানারম্ভে
কেন যথেন্ গোয়মিতি বিচারে সতি সदैব মিলিতানাং
ভ্রমরাণাং স্বাক্ষরে বৃন্তে সাধু সাধু ভ্রমর এষ এব সরো গৃহ্যত
ইতি আদ্রিঘনু সন্ধানঘনু যর্হি অধরে সন্ধিতবেণুঃ সমাঙ্কৃত
বেণুর্ভবতি । সন্ধানং সন্ধা সা সঞ্জাতা যন্তেতি সন্ধিতঃ
ইতচ্ প্রত্যয়ান্তঃ । তদা হরিং এতয় সরসঃ সকাশাৎ হরি-
সমীপমাগত্য তং উপাসত দর্শন-শ্রবণ-মননৈরভজন । মীলিত
দৃশ ইতি । দৃশীলনং রসাধাদানুভাবঃ ॥ ১০-১১ ॥

সহবলঃ শ্রগবতংস-বিলাসঃ
সানুযু ক্ষিতিভূতো ব্রজদেব্যঃ ।
হর্ষয়নু যর্হি বেণুরবেণ
জাতহর্ষ উপরম্ভতি বিশ্বম্ ॥ ১২ ॥
মহদতিক্রমণ-শঙ্কিতচেতা
মন্দমন্দমনুগর্জতি মেঘঃ ।
সুহৃদমভ্যবর্ষং সুমনোভি-
চ্ছায়য়া চ বিদধৎ প্রতপত্রম্ ॥ ১৩ ॥

অন্থয় । (হে) ব্রজদেব্যঃ, (হে গোপ্যঃ,) শ্রগবতংস-
বিলাসঃ (শ্রগ্ভিঃ নির্মিতাভ্যাং অবতংসাভ্যাং কর্ণভূষণাভ্যাং
বিলাসো যন্ত সঃ শ্রীকৃষ্ণঃ) সহবলঃ (বলদেবেন সহ বর্তমানঃ
সন্) যর্হি (যদা) ক্ষিতিভূতঃ (পর্বতস্ত) সানুযু (তট-
ভাগেষু বর্তমানঃ) জাতহর্ষঃ (প্রহৃষ্টঃ সন্) বিশ্বং হর্ষয়নু
(আনন্দয়নু) বেণুরবেণ (বংশীশব্দেন) উপরম্ভতি (নাদেন
পূরয়তি তদা) মেঘঃ মহদতিক্রমণ-শঙ্কিতচেতাঃ (মহতঃ
কৃষ্ণস্ত অতিক্রমণে লক্ষ্যনে শঙ্কিতং চেতঃ যন্ত তাদৃশঃ সন্,
ন পূরতো বাতি নচ উচ্চৈঃ গর্জতি, কিন্তু তত্রৈব স্থিতঃ
সন্ বেণুরবং) অনু মন্দমন্দং গর্জতি (কিক) ছায়য়া প্রত-
পত্রং (ছত্রং) বিদধৎ (কল্পয়নু) সুহৃদং (বিশ্বার্থিহরণরূপ-
সাম্যাং স্ব-সুহৃদং শ্রীকৃষ্ণঃ) সুমনোভিঃ (পুষ্পৈঃ) অভ্য-

বর্ষৎ (ববর্ষ দেবকৃতং পুষ্পবর্ষণং মেঘে কল্পিতমিত্যর্থঃ) ॥

অনুবাদ । হে ব্রজললনাগণ, শ্রীকৃষ্ণ যখন মাল্য বিনি-
মিত কর্ণভূষণে বিভূষিত হইয়া বলদেবের সহিত পর্বতের
তটভাগে অবস্থান পূর্বক স্বয়ং হৃষ্টচিত্তে জগতের হর্ষ উৎ-
পাদন করিতে করিতে বেণুরবে বিশ্ব পরিপূরিত করেন
তখন মেঘমালা শ্রীকৃষ্ণকে অতিক্রম করিতে শঙ্কিতচিত্ত
হইয়া আর অগ্রসর হয় না । কিম্বা উচ্চ গর্জন শু করে না,
পরন্তু তথায় অবস্থিত হইয়াই বেণুরবের পশ্চাৎ পশ্চাৎ মন্দ
মন্দ গর্জন করিতে থাকে এবং এই জগতের তাপহরণ করেন
বলিয়া শ্রীকৃষ্ণকে সুহৃদজ্ঞানে ছায়াছায়া তাঁহার উপর ছত্র-
রচনা ও পুষ্পবর্ষণ করিতে থাকে । (এ স্থলে দেবতাগণ-
কৃত পুষ্পবর্ষণকেই গোপী মেঘকৃত বলিয়া কল্পনা করিয়া-
ছেন ॥ ১২-১৩ ॥

বিশ্বনাথ । ভূমিষ্ঠানামানন্দমভ্যবর্ষ্য আকাশস্থানাং জড়া-
নামপি বেণুনাদহেতুকং তং বর্ণয়ন্তি । সহবলঃ সহচরসৈন্ত-
সহিতঃ । শ্রগ্ভিঃ চ, ডাবক্ষস্থলবর্তিনীভিঃ অবতংসাভ্যাং
কর্ণবর্তিনীভ্যাক্ষ বিলাসঃ যন্ত সঃ । সানুযু গিরিনিতিশেষ-
স্থিতং স্বয়ং বেণুরবেণ জাতহর্ষঃ বিশ্বং হর্ষয়নু হর্ষয়িতুং যদা
উপরম্ভতি বলঘোরৈক্যাদন্তর্ভাবিত গার্থভাক্ষ বেণুরবং উপ-
লভয়ত্যাশ্বাদয়তীত্যর্থঃ । অত্র কৃষ্ণস্ত গিরিনিতিশব্দবর্তিমেঘত্বে
শ্রগবতংসানাং বলাকাং পীতাম্বরস্ত বিহ্বাৎ বেণুরবস্ত
বৃহ্মাণসুধারসসারসং গম্যম্ । তদা মেঘ আকাশস্থঃ মহ-
দতিক্রমেণ মহতঃ সতঃ সকাশাদতিশ্রেষ্ঠস্ত কৃষ্ণমেঘস্তাতি-
ক্রমণশঙ্কিতচিত্তঃ । মন্দমন্দং অনুগর্জতি বেণুরবস্তানুকূলো-
নৈব ন প্রাতিকূলোনেত্যর্থঃ । সুহৃদং বিশ্বার্থিহরণকর্ম-
বর্ণাদি সাম্যাং সখায়াং সুমনোভিঃ সুস্পৃশ্যতুল্যৈর্হিমকণৈঃ ।
অতি পরিতঃ সূর্যাতপতাপনিবৃত্ত্যর্থং অভ্যবর্ষৎ । প্রতপাদা-
তপাং জায়ত ইতি প্রতপত্রং স্বচ্ছায়য়া কুবনু ॥ ১২-১৩ ॥

বিবিধগোপচরণেষু বিদগ্ধো
বেণুবাণ উরুধা নিজশিক্ষাঃ ।
তব স্তুতঃ সতি যদাধরবিশ্বে
দত্তবেণুরনয়ং স্বরজাতীঃ ॥ ১৪ ॥

সবনশস্ত্রপদার্থ সুরেশাঃ

শক্র-শর্ব-পরমেষ্ঠি-পুরোগাঃ ।

কবয় আনতকন্ধরচিত্তাঃ

কশ্মলং যযুরনিশ্চিততত্ত্বাঃ ॥ ১৫ ॥

অর্থঃ । সতি, (হে যশোদে,) বিবিধগোপচরণেষু (নানাগোপক্ৰীড়াসু) বিদগ্ধঃ (নিপুণঃ) তব স্তুতঃ (শ্রীকৃষ্ণঃ) যদা অধরবিশ্বে দত্তবেণুঃ (সন) বেণুবাণে (বেণুবাণবিষয়ে) উরুধাঃ (বহুপ্রকারাঃ) নিজশিক্ষাঃ (নিজাং স্বস্বাং এব নতু পরস্মাৎ শিক্ষা যাসু তাঃ) স্বরজাতীঃ (স্বরাণাং ষড়্জ-প্রভৃতীনাং জাতীঃ) অনয়ং (উন্নীতবান্ তদা) শক্র-শর্ব-পরমেষ্ঠিপুৰোগাঃ (ইন্দ্র-মহেশ্বর-ব্রহ্ম-প্রধানাঃ) সুরেশাঃ (দেবশ্রেষ্ঠাঃ) সবনশঃ (যজ্ঞ-মধ্যম-তারভেদেন) তৎ (তাঃ স্বরজাতীঃ) অবদ্যর্থ (শ্রদ্ধা) কবয়ঃ (স্বয়ং পণ্ডিতাঃ অপিত্যে) আনতকন্ধরচিত্তাঃ (আনতাঃ কন্ধরা গ্রীবা চিত্তক যেষাং তে) অনিশ্চিততত্ত্বাঃ (ন নিশ্চিতং তত্ত্বং তদ্বাদো যৈঃ তে তাদৃশাঃ সন্তঃ) কশ্মলঃ (মোহঃ) যযুঃ (প্রাপ্তাঃ) ।

অনুবাদ । যে যশোদে, নানাবিধ গোপজ্ঞানোচিত ক্রীড়ানিপুণ তোমার তনয় যখন অধরবিশ্বে বংশীসংযোগ করিয়া বেণুবাণ বিধে নিঃসৃত হইতেই অভ্যস্ত বিবিধ স্বরালাপ উন্নয়ন করিতে থাকেন তখন ইন্দ্র, শিব, ব্রহ্ম প্রভৃতি দেবশ্রেষ্ঠগণ যজ্ঞ-মধ্যম-তার-সমন্বিত ঐ স্বরালাপ শ্রবণ করিয়া স্বয়ং পণ্ডিত হইয়াও তাহার তত্ত্ব নির্ণয়ে অসমর্থ হইয়া থাকেন। পরন্তু তাহাদের গ্রীবা এবং চিত্ত অবনত হইয়া থাকে এবং আপনারা মোহপ্রাপ্ত হ'ন ॥ ১৪-১৫ ॥

বিশ্বনাথ । অথাপরাত্রে কাশ্চন গোপ্য আগমিস্তাতঃ স্বপ্নেয়সশ্চিরদর্শনসিদ্ধার্থঃ বিচারিতযুক্তয়ঃ । কেনচিগ্নিষেণ ব্রজেশ্বরীসদনং গতান্তত্র চ বিবিধবুদ্ধাযুবতিবালিকাভিঃ সম্ভূয় বিস্তার্যমাণাঃ স্ব-স্তুতগুণকর্মপ্রভাবকথাঃ শৃণ্বতীং স্বয়ং কথয়ন্তীং স্তুতবিরহবিহ্বলাং তাং স্ব স্ব মনশ্চ সমাস্থাসয়িতুং তাং সম্বোধ্য বেণুগানগুণপ্রভাবং বর্ণয়ন্তি,—বিবিধেতি । হে সতি, শ্রীযশোদে, বিবিধং গোপানাং চরণাচ্ছাচরণানি গবাং কালেন দোহনবশীকরণাদীনি তেষু বিদগ্ধঃ তব স্তুতঃ অধরবিশ্বে দত্তবেণুঃ সন যদা স্বরাণাং ষড়্জাদীনাং

জাতীরষ্টাদশমুখ্যাঃ অল্যাঃ সহস্রশো বা অনয়ং উন্নীতবান্ কীদৃশীঃ বেণুবাণবিষয়ে উরুধা বহুপ্রকারা নিজাং স্বস্বাদেধ নতু পরস্মাৎ কস্মাচ্চিদপি শিক্ষা যাসু তাঃ । সবনশঃ সময়ে তৎ স্বরজাত্যানয়নং উপদ্যর্থ শক্র-শর্ব-পরমেষ্ঠিনঃ পুরোগা মুখ্যা যেষাং তে । শক্রোপেজ্জাগ্রিষ্যাদয়ঃ শর্বকাত্যয়নী কন্দ-গণেশাদয়ঃ । ব্রহ্ম-চতুঃসন-নারদাদয়শ্চ । কবয়ঃ গান-তালাদিশৃষ্টিকর্তারোহপি । আনতাঃ কন্ধরাশ্চিৎতানি চ যেষা-মিতি গান মাধুর্যাস্বাদাহুভাবঃ । ন নিশ্চিতং রাগস্ত তালস্ত স্বরাদীনাক্ষ তত্ত্বং স্বরূপং যৈস্তে ততচ্ছাজানাদেণুমাধুর্যাক্ত মোহং প্রাপুরহো জগদীশ্বর যত্র মুমূহুস্তত্র জগদীশিত-ব্যানামন্ত্রেবাং মোহে কো বিচার ইতি আর্থে জগন্মোহ-নোহয়ঃ তব স্তুতোহভূদिति ভাবঃ ॥ ১৪-১৫ ॥

নিজ-পদাজ্জদলৈধ্বজ-বজ্র-

নীরজাক্ষুশ-বিচিত্রললমৈঃ ।

ব্রজ-ভুবঃ শময়ন্ খুরতোদং

বস্মধূর্ঘ-গতিরীড়িতবেণুঃ ॥ ১৬ ॥

ব্রজতি তেন বয়ং সবিলাস-

বীক্ষণার্পিত-মনোভববেগাঃ ।

কুজগতিং গমিতা ন বিদামঃ

কশ্মলেন কবরং বসনং বা ॥ ১৭ ॥

অর্থঃ । (অসৌ শ্রীকৃষ্ণঃ) ধ্বজ-বজ্র-নীরজাক্ষুশ-বিচিত্র-ললমৈঃ (ধ্বজাদিচিহ্নৈঃ মনোরমৈঃ) নিজ-পদাজ্জদলৈঃ (স্বকীয়পদরূপ-পদদলৈঃ) ব্রজভুবঃ (ব্রজভূমিঃ) খুরতোদং (গবাং খুরাক্রমণজন্তাং ব্যাখ্যং) শময়ন্ (শান্তিং প্রাপয়ন্) বস্মধূর্ঘগতিঃ (বস্মাং দেহেন ধূর্ঘঃ গজ, তদ্বদ্ গতির্ঘস্ত স) ঐড়িতবেণুঃ (নিদাদিতবেণুঃ ইত্যর্থঃ যৎ) ব্রজতি (গচ্ছতি) তেন (তন্নিমিত্তেন) সবিলাসবীক্ষণার্পিত-মনোভববেগাঃ (সবিলাসবীক্ষণেন অর্পিতো মনোভববেগঃ কামবেগঃ যাসু তাঃ) বয়ং (গোপাঙ্গনাঃ) কুজগতিং (বৃক্ভাবঃ) গমিতাঃ (সত্যাঃ) কশ্মলেন (মোহেন) কবরং (কেশবন্ধনং) বসনং (বস্ত্রং) বা (স্থলিতমিতি) ন বিদামঃ (ন অহুভবামঃ) ॥ ১৬-১৭ ॥

অনুবাদ। হে সখি, শ্রীকৃষ্ণ ধ্বজ, বজ্র, অক্ষুণ্ণ ও পদ্ম-
চিহ্নযুক্ত স্বকীয় রমণীয় পদকমল দ্বারা ব্রজভূমির খুরাক্রমণ
জনিত বেদনার শাস্তি করিয়া বেণুধ্বনি সহকারে গজেন্দ্র
মহরগতিতে যে চলিতে থাকেন, তজ্জন্তু তাঁহার স-বিলাস
দৃষ্টিপাতে আমাদের চিত্তে কামবেগ অর্পিত হওয়ায় আমরা
বৃক্ষের ত্রায় জড়দশা প্রাপ্ত হইয়া থাকি, পরন্তু তৎকালে
কেশধ্বজন বা পরিধেয়বসন স্থলিত হইয়া পড়িলেও যাহ
বশতঃ অবগত হইতে পারি না ॥ ১৬-১৭ ॥

বিশ্বনাথ। অথাত্ত যুথস্থাঃ স্বসখীঃ প্রতি বেণুহেতুকং
স্বমোহমেবাহঃ,—নিভপদাত্তেব অজ্ঞানানি তৈঃ কৌদৃশৈঃ
ধ্বজাদীনি বিচিত্রাণি লল্যমানি চিহ্নানি যেষাং তৈঃ। গোষ্ঠ-
গমনসময়ে অগ্রতো গতাং গবাং খুরতোদং খুরাক্রমণব্যথাং
ব্রজভুবঃ শময়ন তদুপরি স্বচরণজ্ঞানেন শময়িতুং যদা
যদ্বর্ণা দেহেন ধূষো গজেন্দ্রগতির্নশ্ব স কৃষ্ণো ব্রজতি তদা
তেন কৃষ্ণেন সবিলাসবীক্ণেনৈবাপিতো মনোভববেগো যাত্ত
তা বয়ং কৃজা বৃক্ষান্তেষামিব গতিং গমিতাঃ প্রাপিতাঃ
সত্যো মোহেন কবরং বসনং বা ন বিদামঃ। তয়োঃ
স্থলনং ন জানীম ইত্যর্থঃ তেন ব্রজভুবঃ খুরতোদং চর-
ণামুজ্ঞানেন শময়ামাস। ব্রজস্বক্ৰবাস্ত মনসিভতোদং
নয়নামুজ্ঞানেনোপাদয়ামাসেত্যোবমেবাস্থ্যকং ললাটমিতি
জ্যোতিতম্ ॥ ১৬-১৭ ॥

মণিধরঃ কচিদাগগয়ন্ গা
মালয়া দয়িতগন্ধতুলস্তাঃ।
প্রণয়িনোহনুচরন্ত কদাংসে
প্রক্ষিপন্ ভূজমগায়ত যত্র ॥ ১৮ ॥
কণিত-বেণুরব-বঞ্চিত-চিত্তাঃ
কৃষ্ণমমসত কৃষ্ণগৃহিণাঃ।
গুণগণার্ণমমুগত্য হরিণ্যো
গোপিকা ইব বিমুক্তগৃহাশাঃ ॥ ১৯ ॥

অনুবাদ। মণিধরঃ (মণীন্ গ্রন্থিতান্ গোগণনার্থং
ধরতীতি মণিধরঃ) কচিৎ (কস্মিংশিৎ দেশে) গাঃ স্বা

(সমস্তাং) গগয়ন্ (তথা) দয়িতগন্ধতুলস্তাঃ (প্রিয়গন্ধ-
যুক্তায়াঃ তুলস্তাঃ) মালয়া (সহ বর্তমানঃ) প্রণয়িনঃ অনু-
চরন্ত অংসে (স্বদে) ভূজং (বাহুং) প্রক্ষিপন্ (স্থাপয়ন্)
যত্র কদা (কদাচিৎ) অগায়ত (গানং করোতি স তদা)
কণিত-বেণুরব-বঞ্চিতচিত্তাঃ (কণিতবেণুরবেণ বঞ্চিতানি
অপহৃতানি চিত্তানি মনাংসি যাসাং তাঃ) কৃষ্ণগৃহিণাঃ
(কৃষ্ণসারাদনাঃ) হরিণ্যঃ গুণগণার্ণং (গুণসমুদ্রং কৃষ্ণং)
অমুগত্য (প্রাপ্য) বিমুক্তগৃহাশাঃ (বিমুক্তা গৃহাশা যাতিস্তাঃ)
গোপিকাঃ ইব কৃষ্ণম্ (এব) অমসত (অবাসত ন চ বর্তন্ত
ইত্যর্থঃ) ॥ ১৮-১৯ ॥

অনুবাদ। হে সখি, গোসকলের গণনার্থ গ্রন্থিত
মণিমালাধারী শ্রীকৃষ্ণ যখন কোন স্থানে সেই মণিসমূহ
দ্বারা চতুর্দিকস্থ গোসকল গণনা করিতে করিতে অতি-
শয় প্রিয় গন্ধযুক্ত তুলসীর মালায় বিভূষিত হইয়া প্রণয়ী
সহচরের স্বদেহে ভূজভার অর্পণ পূর্বক কোন সময়ে
গান করেন তখন ঐ নিনাদিত বেণুরবে অপহৃতচিত্তা
কৃষ্ণসাররমণী হরিণী গুণদিক্ শ্রীকৃষ্ণের সমীপগত হইয়া
গোপীগণেয় ত্রায় নিজ নিজ গৃহের আশা পরিত্যাগ করত
তাঁহারই অনুবর্তিনী হইয়া থাকে, তথা হইতে প্রত্যা-
বর্তন করে না ॥ ১৮-১৯ ॥

বিশ্বনাথ। গোষ্ঠস্থানাং স্বেযাং মোহমিব বনস্থানাং
মুগ্ধীণাং বেণুহেতুকং মোহমাহঃ,—মণিধরঃ গোগণসংখ্যান-
মণিমালাধরঃ। গুরুরক্তশ্যামপীতানাং চতুর্গাং বর্ণানাং
প্রত্যেকং পঞ্চবিংশতিপ্রভেদৈঃ শতং বর্ণা ভবন্তি। তথৈব
চিত্রিত্ত্ব চন্দনতিলকত্বাদিবর্ণৈর্মুদঙ্গমুখতাত্ত্বাকারৈশ্চাত্তো-
হপাষ্টপ্রভেদা ভবন্তি। ততশ্চ তত্তদ্বর্ণাকারৈরষ্টোত্তরশতমণি-
গোলকৈর্গোগণনার্থং কৃষ্ণেন গোজপমালেকা কাস্তি তাং
মালাং গৃহীত্বৈবাস্থ্যানাংপি গবামষ্টোত্তরশতং যুথান্ পৃথক্
পৃথক্ বর্ণান্ গণয়তি। তথাহি—হিহী ধবলীযুথো যথা
আয়াতি তথৈব হংসী চন্দনী গঙ্গে যুক্তে ইত্যাহ্বানেন তৎ-
প্রভেদাশ্চতুর্বিংশতিরন্তেহপি যুথো আয়াস্তি। এবমরুণী, কুঙ্কুম,
সরস্বতীত্যাदि সংজ্ঞাঃ, শ্যামলা, ধূমলা, যমুনেত্যাदि,
সংজ্ঞাঃ, পীতা, পিঙ্গলা, হরিতালিকेत্যাदि সংজ্ঞাঃ, চিত্রিতা,
চিত্রিতলকা, দীর্ঘতিলকা, তির্যক্ তিলকত্যাदि সংজ্ঞাঃ, মুদঙ্গ-

মুখী, সিংহমুখীত্যাদি সংজ্ঞাশ্চ স্বয়ং নামভিরাহুতা আয়া-
ন্ত্যতো বনাদেগাঠগমনসময়ে কাশ্চনাপি গাবো বিস্তুতা
মা ভবেয়ুস্ত্যৈককমণিগোলকাবর্তনেণ গা গগয়ন্ দৃষিত-
গন্ধা তুলনী তস্তা মালয়া সহ বর্তমানঃ । প্রণয়িনঃ প্রিয়স্তাহ-
চরন্ত স্কন্ধে ভুজং প্রক্ষিপন্ যদা অগায়ত তদা কণিতস্ত
বেণো রবেণ বক্ষিতাত্যপহৃতানি চিত্তানি যাসাং তাঃ,
কৃষ্ণস্ত কৃষ্ণসারস্ত গৃহীণ্যো হরিণ্যাঃ কৃষ্ণং অবসত অস্মাত
অববর্তন্তেত্যর্থঃ । যতো গুণগণার্ণং গুণসমুদ্রং কৃষ্ণং অল্প-
গম্য প্রাপ্য তদগুণানাযাভ্যেত্যর্থঃ । বিমুক্তা গৃহাশা যাভিস্তা
গোপিকা ইব বয়মপোবং বৃত্তা ভবামঃ । ১৮-১৯ ॥

কুন্দ-দাম-কৃতকৌতুক-বেষো
গোপ-গোধন-বৃত্তো যমুনায়াম্ ।
নন্দসুহুরনঘে তব বৎসো
নর্মদঃ প্রণয়িনাং বিজহার ॥ ২০ ॥
মন্দবায়ুরূপবাত্যমুকুলং
মানয়ন্ মলয়জ-স্পর্শেন ।
বন্দিনস্তমুপদেবগণা যে
বাচগীতবলিভিঃ পরিবক্রঃ ॥ ২১ ॥

অর্থঃ । অনঘে (শুদ্ধশীলে, হে যশোদে,) তব বৎসঃ
(পুত্রঃ) নন্দসুহুঃ (শ্রীকৃষ্ণঃ) কুন্দ দাম-কৃতকৌতুকবেষঃ
(কুন্দদামভিঃ কৃতঃ কৌতুকেন উৎসবেন বেষঃ অলঙ্কারঃ
যেন সঃ) গোপ-গোধনবৃত্তঃ (গোঠৈঃ গোধনৈশ্চ বৃত্তঃ)
প্রণয়িনাং (প্রিয়ানাং) নর্মদঃ (হর্ষদঃ সন্) যমুনায়াম্ (যদা)
বিজহার (ক্রীড়তি স্ম তদা) মন্দবায়ুঃ মলয়জস্পর্শেন (মলয়-
জস্ত চন্দনশ্চেব সুরভিঃ শীতশ্চ যঃ স্পর্শঃ তেন) মানয়ন্
(তং কৃষ্ণং পূজয়ন্) অমুকুলং (যথা তথা) উপবাতি
(বীজয়তি অপিচ) উপদেবগণাঃ (গন্ধর্বাদিগণাঃ) বন্দিনঃ
(স্তাবকাঃ সন্তঃ) বাচগীতবলিভিঃ (বাচ্যাদিভিঃ সম্মানৈঃ)
তং (শ্রীকৃষ্ণং) পরিবক্রঃ (পরিব্রজঃ উপাসতঃ) ॥ ২০-২১ ॥

অনুবাদ । হে শুদ্ধশীলে, যশোদে, তোমার বৎস নন্দনন্দন
শ্রীকৃষ্ণ যখন কৌতুক সহকারে কুন্দকুহুম্বালায় বিচুবি

এবং গোপ ও গোধনসমূহ কর্তৃক পরিব্রজ হইয়া প্রণয়ি-
গণের হর্ষ উৎপাদন করিতে করিতে যমুনা বিহার করেন
তখন মন্দসমীরণ স্বকীয় চন্দনতুলা সুরভি ও শীতল স্পর্শ-
দ্বারা শ্রীকৃষ্ণের সম্মান করিয়া অমুকুলভাবে বীজন করিতে
থাকে এবং গন্ধর্বাদি উপদেবগণ স্তুতিসহকারে বাচগীত
প্রভৃতি উপচার দ্বারা তাঁহার আরাধনা করেন ॥ ২০-২১ ॥

বিশ্বনাথ । অথ ব্রজেশ্বরীসদনং গতা গোপান্তমপরাহে
স্বপুত্রাগমন-বিলম্বেন বিস্কৃত্যন্তীঃ তদ্বিলম্বকারণোক্ত্যা সাস্বয়ন্তি
কুন্দদামেতি । যুগলত্রয়েণেতি বৈষ্ণবতোষণী । যমুনায়াম্
পর্ষট্ণ শ্রবোপশান্ত্যর্থং তত্র স্নাত্বা তত্রটে উপবিষ্ট কৌতুক-
ব্যঞ্জকং বেষং পরমোৎকর্ষ্য মিলিষতঃ স্ববন্ধুন্ স্ববন্ধিতুং
কৃত্বা যদা বিজহার পাদবিহরণং চকার তদা মন্দবায়ু-
রূপবাতীত্যর্থঃ । প্রণয়িনাং বয়স্তানাং নর্মদঃ পরম্পরং
হাসোপহাসং ছতি ধণ্ডয়তি দদাতি চেত্যর্থঃ । অনঘে ইতি
তব প্রাক্তনমবচীনাং বা কিমপাধ্যং নাস্তি যতঃ পুত্রানিষ্টং
স্তাতুং কিমিতি কিঞ্চিদ্বিলম্বমাজ্ঞেইবাস্মাদিহেতুকং তদ-
নিষ্টং শঙ্কসে ইতি ভাবঃ । যতো নন্দস্ত পুণ্যবচ্ছিন্নো-
মণিভেন প্রসিদ্ধস্ত সূহুঃ । তব চ মহাপুণ্যশস্ত্রিত্বেনৈব
যশোদায়্য বৎসঃ মহাবাৎসল্যপাজীভূতঃ পুত্রঃ । লোকে হি
মাতাপিত্রোঃ ভাগ্যেনৈব বালকস্তানিষ্টং ভবেদতো ন কৃষ্ণস্ত
কিমপানিষ্টমিতি ভাবঃ । তদ্বিলম্বস্ত কারণং বয়ং বালকানাং
মুখেভ্য এব শ্রুত্বা ভানীষন্তঃ শ্রুতিতাহ,—মন্দেতি । মলয়জস্ত
মলয়পর্বতোৎপন্নচন্দনবৃক্ষস্ত স্পর্শেন মৌগন্ধ্যং শৈত্যঞ্চ
গৃহীত্বা তয়োর্ভাবেন ক্রান্তং চলিতুমসমর্থো বায়ুঃ কৃষ্ণং মানয়-
কুলং যথাস্তাতথা উপবাতি । বন্দিনস্তাবকা যা উপদেব-
গণা গন্ধর্বাদয়ন্তেইপি স্বয়ং গুণান্ দর্শয়ন্তো বাচ্যাদিভিঃ পরি-
বক্রাবুধন্ অতএব তত্তদমুমোদনহেতুর্কো বিলম্বো জায়তে
এব গুণিনি গুণজ্ঞো রমত ইতি জ্ঞায়াৎ । ন চাত্ত খেদঃ
সমুচিতঃ । ত্বংপুত্রং তে যদেবং সম্মানয়ন্ত্যেতত্ত্ববৈব ভাগ্য-
মিতি ভাবঃ । ২০-২১ ।

বৎসলো ব্রজ-গবাং যদগন্ধো

বন্দ্যমানেরণঃ পথি বুদ্ধৈঃ ।

কৃৎস্নগোধনমুপোহ্য দিনাস্তে
 গীতবেগুরমুগেড়িতকীর্তিঃ ॥ ২২ ॥
 উৎসবং শ্রমরুচাপি দৃশীনা-
 মুন্নয়ন্ খুররজ্জ্ছুরিতশ্রক্ ।
 দিৎসয়ৈতি শূহদাশিষ এষ
 দেবকীজঠরভূকুড়ুরাজঃ ॥ ২৩ ॥

অর্থঃ । ১৭ (যস্মাৎ) অগধঃ (অগং গোবর্ধনপর্বতঃ ধরতীতি অগধুঃ অতঃ) ব্রজগবাং (ব্রজনিবন্ধানাং গবাং অমুকম্প্যানামস্মাকং ইত্যর্থঃ) বৎসলঃ (হিতকারী) পথি বৃদ্ধৈঃ (ব্রহ্মাদিভিঃ) বন্দ্যমানচরণঃ (আরাধ্যমানপাদপদ্মঃ সঃ) দিনাস্তে (সায়ং) কৃৎস্নগোধনং (সর্বং গোগণম্) উপোহ্য (একীকৃত্য) গীতবেগুঃ (গীতযুক্তঃ বেগুঃ যন্ত সঃ তথা) অমুগেড়িতকীর্তিঃ (অমুগৈঃ অমুচরৈঃ ঈড়িতা স্বতা কীর্তিঃ যন্ত সঃ) দেবকীজঠরভূঃ (যশোদা গর্তজাতঃ) এষ উড়ুরাজঃ (চন্দ্রস্বরূপঃ শ্রীকৃষ্ণঃ) শ্রমরুচা (শ্রমযুক্তয়া কাস্ত্যা) অপি দৃশীনাং (নেত্রাণাম্) উৎসবং (হর্ষম্) উন্নয়ন্ (উচ্চৈঃ প্রাপয়ন্) খুররজ্জ্ছুরিতশ্রক্ (খুররজোভিঃ খুরোষ্ণিতৈঃ ধূলিপটলৈঃ ছুরিতা রঞ্জিতা শ্রক্ যন্ত সঃ) শূহদাম্ (অশ্বাকম্) আশিষঃ (মনোরথশ্চ) দিৎসয়া (দাতুমিচ্ছয়া) এতি (ব্রজং প্রতি আগচ্ছতি) ॥ ২২-২৩ ॥

অনুবাদ । অনন্তর শ্রীকৃষ্ণের আগমন দেখিয়া আনন্দে বলিতে লাগিলেন,—যেহেতু তিনি গোবর্ধন ধারণ করিয়াছিলেন সেই উচ্চ এই ব্রজস্থিত গোগণের (অর্থাৎ অমুকম্পাযোগ্য আমাদের) হিতকারী শ্রীকৃষ্ণ সায়ংকালে সমস্ত গোধন একত্রিত করিয়া বংশীসঙ্গীত করিতে করিতে ঐ দেখ শূহদাগণের মনোরথ প্রদানের জন্ত ব্রজে আগমন করিতেছেন। পথে ব্রহ্মাদি বৃদ্ধগণ তাঁহার পাদবন্দন এবং অমুচরণ গুণকীর্তন করিতেছেন। গো-সকলের খুরসমুখিত ধূলিপটলে তাঁহার গলদেশস্থিত মালা রঞ্জিত হইয়াছে। যশোদা-জঠরজাত গোকুলচন্দ্র শ্রীকৃষ্ণ যদিও সম্প্রতি পরিশ্রান্ত তথাপি এই শ্রমযুক্ত কাস্তিদ্বারাই সকলের নয়নানন্দ বৃদ্ধি করিতেছেন ॥ ২২-২৩ ॥

বিশ্বনাথ । নহু, তর্হি কৌতুকলৌপো মৎপুত্রো

বিলম্বমানঃ সন্ত্যাসমাপ্তাবপি নৈবেদ্যতি ততশ্চাহং মরি-
 য়াম্যেবেতি তত্র তদীয়শীঘ্রগমনে হেতুম্পত্তস্ত তামাখ্যাসয়ন্ত্য
 আত্বৎসল ইতি । ব্রজগবাং ব্রজে নিবন্ধানাং বুধাণাং
 বৎসলশ্চেষাং অবিরহত্বং মনুষ্যতা গন্ধর্বাধীনপ্যাবমত্য শীঘ্র-
 মায়াশ্রতোবেত্যর্থঃ । টঙ্কভাব অর্থঃ । নচ গোচারকস্ত
 তস্ত গবাং দর্শনস্পর্শনগাত্রকণ্ঠয়নঘাসপ্রদানাদিকৌতুকাৎ
 স্বতোহতিনি কুণ্ঠগায়ক গন্ধর্বাধিগানকৌতুকং চিত্তাকর্ষকং
 বাচ্যমিত্যাহঃ । যদ্ব্যস্মাদগধঃ যেযাং গবাং রক্ষণার্থং
 অগং গোবর্ধনমপি ধৃতবান্ অতন্তেষু মহান্ স্বাভাবিক এব
 স্নেহঃ । গন্ধর্বাধিষু তু গুণোপাধিকোহপি প্রীতিলেশো ন
 তস্তাস্তীতি ভাবঃ । নহু, যদেব্যমভিনিষ্ঠদা এতাবৎ
 ক্ষণপর্বন্তঃ গৃহমাগমিষ্যদেবেতি । তত্র বিলম্বে পুনরপি
 হেতুম্পত্তস্তি । বৃদ্ধৈর্ব্রহ্মকদ্রাদিভিঃ পথি পথি বন্দ্যমানৌ
 চরণৌ যন্ত সঃ । বেগুগানাকৃষ্টৈঃ স্বভবনাদাগত্য নিকটনভসি
 স্থিতৈঃ সর্বমেব দিনং কৃষ্ণং দৃষ্ট্বা লজ্জানন্দৈঃ সম্প্রতি গোষ্ঠা-
 গমনসময়ে স্ব-স্বভবনগমনোন্মুখে নভসো ভুবনবর্তীর্থ ব্রহ্ম-
 কদ্রৈর্জাদিভিঃ প্রত্যেকমেব স্বপুত্রস্তাত্ত্বগ্রহমর্থযিতুং চরণৌ
 বন্দ্যেতে তেনাত্র কিং কর্তব্যমিতি তেষামনুরোধ এব
 বিলম্বাধিক্যে হেতুরিতি ধ্বনিঃ । স্বপুত্রস্ত চরণৌ ব্রহ্মা-
 দয়োহপি বন্দ্যেতে ইতি স্বভাগ্যং কিং ন পশ্যসি কিমিতি
 বিচক্ষীত্যনুধ্বনিঃ । তর্হি ভো ব্রজবালিকাঃ, শীঘ্রমটালিকাপৃষ্ঠ-
 মারুহু পশ্যত কিমদূরে বৎস আয়াতীতি তয়া সাক্ষগদগদ-
 মুক্তাঃ সর্বোদ্বলভীং শীঘ্রমারুহোচ্চৈরাহঃ । কৃৎস্নেতি ।
 এষ কৃষ্ণঃ শূহদাং স্ববন্ধুনামাশিষো মনোরথশ্চ দিৎসয়া
 এতীত্যর্থঃ । উপোহ্য একীকৃত্য গীতযুক্তো বেগুর্যন্ত সঃ ।
 শ্রমেণ যা কৃক্ শোভা তথাপি দৃশীনাং লোকনেত্রাণাং
 উৎসবমানন্দং উন্নয়ন্ উচ্চৈঃ প্রাপয়ন্ খুররজ্জ্ছুরিতা ব্যাপ্তা
 শ্রক্ যন্তেতি । স্বসঙ্গিনীঃ সখীঃ প্রত্যপাদভঙ্গ্যা শ্রীযশোদাত্ত-
 লক্ষিতং কিমপ্যুক্তম্ । অত্র অজ্যেব খুররজোনির্দেশাদনুত
 রজো নাস্তীতি লভ্যতে । তচ্চ সখিভিমুহূনিজোত্তরীয়েণ
 রজসোহপসারিতত্যাং সজ্জি তু রজস্তস্ত প্রবিষ্ট স্থিতত্যাং
 অপসারণযন্তে দলভঙ্গঃ স্ত্যাং । যনিণাপীযং মালা যন্ন
 দূরীক্রিয়তে দাসধৃতবস্ত্রসম্পূটস্থানবীনাপি অজ্ঞা যন্ন পরী-
 ধীয়তে তস্মাদিযং মালা যয়া প্রিয়য়া স্বহস্তেন সংগ্রথ্য সখী-

দ্বারা দত্তা তাং প্রিয়ামেব স্বকণ্ঠধৃত্যমেনাং দর্শয়িতুং কৃষ্ণশ্চ
যত্ন ইতি দেবকী শ্রীযশোদা তস্তা জঠরমেব ক্ষীরসমুদ্রস্তম্বিন্
ভবতীতি সঃ। “দেনারী নন্দভাষায়া যশোদা দেবকীতি
চে”তি গণোদ্দেশদীপিকাধৃতাদিপুরাণবাক্যাৎ। উড়ু-
রাজস্কন্ধঃ ॥ ২২-২৩ ॥

মদবিঘূর্ণিতলোচন ঈষৎ
মানদঃ স্বশুভ্রদাং বনমালী।
বদরপাণ্ডুবদনো মৃদুগণ্ডঃ
মণ্ডয়ন্ কনককুণ্ডলশ্রীয়া ॥ ২৪ ॥
যত্নপতিধিরদরাজবিহারো
যামিনীপতিরিবৈষ দিনান্তে।
মুদিতবক্ত্র উপযাতি তুরন্তঃ
মোচয়ন্ ব্রজগবাং দিনতাপম্ ॥ ২৫ ॥

অনুব্র। (ততঃ শ্রীকৃষ্ণঃ সমীপাগতমালোক্য কাশ্চিৎ
সমদ্রমমাহঃ,—হে সখ্য,) ঈষন্নদবিঘূর্ণিতলোচনঃ (ঈষন্নদেন
বিঘূর্ণিতে লোচনে যন্ত সঃ) স্বশুভ্রদাং মানদঃ (আলিঙ্গনাদি
যথায়থং সন্মানং দদৎ) বনমালী (বনমালাধারী) বদর-
পাণ্ডুর-বদনঃ (ঈষৎপকবদরবৎ পাণ্ডুরং বদনং যন্ত সঃ)
কনককুণ্ডলশ্রীয়া (স্ববর্ণকুণ্ডলশ্রীয়া) মৃদুগণ্ডঃ (স্বকোমলং
গণ্ডদেশং) মণ্ডয়ন্ (ভূষয়ন্) ধিরদরাজ-বিহারঃ (গজেন্দ্র-
গতিঃ) মুদিতবক্ত্রঃ (প্রসন্নমুখঃ) যামিনীপতিঃ (চন্দ্রঃ)
ইব এষঃ যত্নপতিঃ (শ্রীকৃষ্ণঃ) দিনান্তে (সায়ংকালে)
ব্রজগবাং (ব্রজনিবাসিনাং গবাং অশ্বকম্প্যানামশ্বাকমিতার্থঃ)
(তীব্রং) তুরন্তঃ দিনতাপং (দিবসজ্বলিতং সন্তাপং)
মোচয়ন্ (দূরীকুর্বন্) উপযাতি (সমীপমায়াতি) ॥ ২৪-২৫ ॥

অনুবাদ। অনন্তর শ্রীকৃষ্ণকে সমীপাগত দেখিয়া কোন
কোন গোপী সমস্তমে বলিতে লাগিলেন,—হে সখীগণ,
ঈষৎ মদবিঘূর্ণিত লোচন, বদরফলতুল্য পাণ্ডুবর্ণ বদন শোভা-
বিশিষ্ট, গজেন্দ্রমহরগামী বনমালী প্রসন্নবদন এই যত্নপতি
শ্রীকৃষ্ণ স্ববর্ণকুণ্ডল শোভায় স্বকোমল গণ্ডদেশ বিভূষিত
করিয়া শুভ্রদগণের সন্মান প্রদানপূর্বক সায়ংকালে চন্দ্রদেবের
ছায় ব্রজনিবাসি ধেনুতুল্য আমাদের দিবসজ্বলিত তুরন্ত

সন্তাপ হরণ করিতে করিতে উপাগত হইয়াছেন ॥ ২৪-২৫ ॥

বিশ্বনাথ। ইদানীন্ত নগরপ্রান্তপৰ্বন্তমাগতস্তত্রাপি
কিঞ্চিদিলক্ষ্য কারণং শৃণিত্যাহঃ। যদেন পিতৃাদিদর্শনো-
থানন্দেন প্রেয়সীজনদর্শনোৎকামমত্ততয়া চ বিঘূর্ণিতে
বিস্মলে লোচনে যন্ত সঃ। প্রথমোহর্থো বাৎসল্যমপরি-
করৈর্দ্বিতীয়োহর্থো মধুররসপরিপূর্ণত্বত্বৈত্যবুধ্যতে ইতোব-
মগ্রেহপি জ্ঞেয়ম্। স্বশুভ্রদাং পুরোহিতাদিমাং তুল্যাদি-
দাদাদি-ভাষ্যলিকাধীনাং যথোচিতমাশীর্বাদাদিকৃত্যম্ ঈষৎ
মানদঃ রাজপুত্রাদাদল্লবয়ন্তেনানধিগত নীতিশাস্ত্রজ্ঞাচ্চ ঈষন্মা-
য় যথোচিতং শিরো নমনাদিকং মানং দদাতীতি সঃ। ইত্য-
মপি বিলম্ব হেতুরিতি ভাবঃ। পক্ষে স্বশুভ্রদাং প্রেয়সীনাং
চল্লশালিকাগ্ৰাহু হসিতাপাঙ্গনীলোৎপলৈঃ পূজয়ন্তীনাং ঈষদ-
ন্তজ্ঞানালক্ষিতং মানমভীষ্টদানব্যঞ্জকৈঃ কটাক্ষৈর্দদাতীতি সঃ।
বনপথপৰ্যটনশ্রমেণ ক্ষুৎপিপাসাভাঙ্ক ঈষৎপকবদরবৎ পাণ্ডু-
বদনং যন্ত সঃ। পক্ষে স্বাভীষ্টপ্রেয়সীবিবাহাচ্ছভাবোহয়ম্। বদনে
পাণ্ডুমা মৃদুগণ্ডঃ মৃদুগণ্ডো কনককুণ্ডলয়োঃ কল্লয়োঃ কান্ত্যা
মণ্ডয়ন্। যত্নপতিরিতি গোপানাং যাদবস্ত্র প্রতীপাদিত-
পূর্বত্যাং দ্বিরদরাজবিহারো গজেন্দ্রতুল্য মন্দর্গমনঃ। মুদিত-
বক্ত্রঃ প্রফুল্লিতমুখম্। উপযাতি নিকটমায়াতি। ব্রজগবাং
ব্রজস্বজনেত্রাপাম্ ॥ ২৪-২৫ ॥

মধব। মানবো বদরঃ শিকুঃ শশিনস্ত ত্রিনামকম্।

যো বেদ মুচ্যতে রাগৈর্বিষ্কুনায়ৈব সংসৃতঃ।

ইতি স্বান্দে ॥ ২৪ ॥

ইতি শ্রীশ্রীমদানন্দতীর্থ-ভগবৎপাদাচার্য-বিরচিত্তে

শ্রীমদ্ভাগবত-দশমস্কন্ধ-ত্যাংপর্বে পঞ্চত্রিংশোহধ্যায়ঃ।

শ্রীশুক উবাচ।

এবং ব্রজদ্রিয়ো রাজন্ কৃষ্ণলীলালুগায়তীঃ।

রেমিরেহঃসু তচ্চিত্তাস্তন্মনস্কা মহোদয়াঃ ॥ ২৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে মহাপুরাণে ব্রহ্মসূত্রভাষ্যে
পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে

বৃন্দাবন-ক্রীড়ায়াং যুগলগীতবর্ণনং নাম

পঞ্চত্রিংশোহধ্যায়ঃ ॥ ৩৫ ॥

অমর । শ্রীকৃষ্ণঃ উবাচ,—(হে) রাজন, এবং (বিরহ-
দুঃখেনাপি) কৃষ্ণলীলায় গায়তীঃ (কৃষ্ণলীলা এব গায়ত্যাঃ)
তচ্চিত্তাঃ (তস্মিন্ চিত্তং চেতনা জীবিতং যাসাং তাঃ)
তন্ননস্কাঃ (তস্মিন্ রেব মনঃ সঙ্কল্পরূপং যাসাং তাঃ অতঃ)
মহোদধাঃ (মহান্ উদয়ঃ উৎসবঃ যাসাং তাঃ) ব্রজস্থিয়ঃ
(গোপ্যঃ) অহঃস্ব (দিবসেষপি) রেমিরে (ক্ৰীড়ন্তি স্ব) ॥ ২৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে পঞ্চত্রিংশাধ্যায়স্যষ্টমঃ ।

অমুবাদ । শ্রীকৃষ্ণদেব বলিলেন,—হে রাজন, এইরূপে
বিরহ দুঃখেও কৃষ্ণলীলা গান করিতে করিতে তদগতচিত্তা
এবং তন্ননস্কা হইয়া মহাভাগা ব্রজরমণীগণ দিবসেও ক্রীড়া
করিয়াছিলেন ॥ ২৬ ॥

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে পঞ্চত্রিংশ অধ্যায়ের
অমুবাদ সমাপ্ত ।

বিশ্বনাথ । হু ভো রাজন, গায়তীঃ গায়ত্যাঃ । তস্মিন্
শ্রীকৃষ্ণ এব চিত্তং চেতো যাসাং তাঃ । তস্মৈ শ্রীকৃষ্ণস্তাপি
মনো যাসু তা ইত্যাতঃ কৃষ্ণতং প্রিয়াণাং পরম্পরবিষয়াশ্রয়-
ত্বাৎ পরম্পর-মনোগ্রহণমতঃ প্রতিক্ষণমনিশরমণাৎ রেমিরে
ইতি বিপ্রলভ-প্রেম্ণো দুঃখমঘতেন তদাবিষ্টজনপ্রতীতভেদপি
পরমসুখময়ত্বং প্রেক্ষ্যবৎ প্রতীতমন্ত্যতঃ প্রেমঃ পুরুষার্থচূড়া-
মণিত্বং ব্যঞ্জিতম্ ॥ ২৬ ॥

ইতি সারার্থদর্শিত্বাং হর্ষিণ্যাং ভক্তচেতসাম্ ।

পঞ্চত্রিংশোহপি দশমে সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্ ।

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে পঞ্চত্রিংশাধ্যায়স্য শ্রীবিশ্বনাথ-
চক্রবর্তি-ঠাকুরকৃতা সারার্থদর্শিনী-টীকা সমাপ্তা ।

ইতি শ্রীমদ্ভাগবতে দশমস্কন্ধে পঞ্চত্রিংশ অধ্যায়ের
গৌড়ীয়-ভাষ্য সমাপ্ত ।

ষট্‌ত্রিংশোহধ্যায়ঃ

গৌড়ীয়-ভাষ্য ।

ষট্‌ত্রিংশ অধ্যায়ের কথাসার ।

এই অধ্যায়ে অরিষ্টাসুর বধ, নারদবাক্যে রামকৃষ্ণকে
বসুদেব-তনয় জানিয়া কংসের তদুভয়ের বিনাশ-চিন্তা এবং
তাহাদিগকে আনয়নের নিমিত্ত অক্রুরের প্রতি আদেশ
বর্ণিত হইয়াছে ।

অরিষ্টাসুর রামকৃষ্ণকে বধ করিবার নিমিত্ত তীক্ষ্ণ শৃঙ্গ
সুবৃহৎ বৃষভরূপ ধারণ-পূর্বক গোষ্ঠে আগমন করিলে
তদদর্শনে সকলে ভীত হইল ; তখন কৃষ্ণ সকলকে অভয়
প্রদান করিয়া সেই বৃষভাকার অসুরের নিকটস্থ হইলেন
এবং উহার শৃঙ্গদ্বয় ধারণপূর্বক উহাকে দূরে নিক্ষেপ
করিলেন । তাহাতে সে অত্যন্ত দুর্বল হইয়া পড়িলেও
পুনরায় বর্গাক্ত কলেবরে শ্রীকৃষ্ণকে আক্রমণ করিবার
নিমিত্ত তাহার নিকটস্থ হইল । তখন শ্রীকৃষ্ণ উহার
শৃঙ্গদ্বয় ধারণ-পূর্বক ভূমিতে নিক্ষিপ্ত করিয়া আত্ম-বস্ত্রের
স্তায় ঐ অসুরকে নিশ্চীড়ন করিলে সে রক্ত বমন করিতে

করিতে প্রাণত্যাগ করিল । রামকৃষ্ণ এবং দেবতা ও গোপ-
গণ বন্দিত হইতে হইতে গোষ্ঠে প্রবেশ করিলেন । এদিকে
দেবর্ষি নারদ কংস সন্নিধানে গমন করিয়া রামকৃষ্ণ নন্দের
পুত্র নহে, বসুদেবের পুত্র ; কংসভয়ে বসুদেব তাহাদিগকে
নন্দালয়ে রাখিয়া আসিয়াছেন, তাহাদের হস্তেই কংসের
মৃত্যু হইবে—এই সকল কথা বর্ণন করিয়া কংস রামকৃষ্ণের
বিনাশ-চিন্তায় অস্থির হইয়া চাহুর ও মুষ্টিক নামক দানব-
দ্বয়কে আহ্বান পূর্বক যজ্ঞযুদ্ধে রামকৃষ্ণকে বিনাশ করিবার
জ্ঞাপ্ত প্রস্তুত থাকিতে বলিল । অনন্তর কর্মতত্ত্ব অক্রুরকে
ব্রজ হইতে রামকৃষ্ণকে আনয়নের নিমিত্ত হস্তধারণ পূর্বক
অসুরোধ করিল । “দৈববলই পরম বল, নিজ ইচ্ছায়
কোন কার্যই সিদ্ধ হয় না”—এই কথা বলিয়া অক্রুর নিজ
গৃহে প্রস্থান করিলেন ।

শ্রীবাদরাগিণি উবাচ ।

অথ তছা'গতো গোষ্ঠমরিষ্টো বৃষভাসুরঃ ।

মহীং মহাককুংকায়ঃ কম্পয়ন্ খুবিক্ষতাম্ ॥ ১ ॥

অম্বয়। শ্রীবাদরায়ণিঃ উবাচ। অথ (অনন্তরং) তর্হি (তদা) মহাককুংকাযঃ (মহাস্তৌ ককুংকার্যৌ যন্ত সঃ) বৃষভাস্বরঃ (বৃষভাকৃতিঃ অস্বরঃ) অরিষ্টঃ (অরিষ্টনামা) খুরবিক্ষতাং (খুরৈঃ বিদীর্ণাং) মহীং কম্পয়ন্ গোষ্ঠং (গোচারণক্ষেত্রম্) আগতঃ (প্রাপ্তো বভূব) ॥১॥

অনুবাদ। শ্রীশুকদেব বলিলেন,—হে রাজন্, অনন্তর বিশাল ককুদ্ (কুঁট) এবং শরীরবিশিষ্ট বৃষাকৃতি অরিষ্ট নামক অস্বর খুরদ্বারা ভূমিভাগ বিদীর্ণ ও কম্পিত করিতে করিতে ব্রজে উপস্থিত হইল ॥ ১ ॥

বিশ্বনাথ।

যটত্রিংশে নিহতেহরিষ্টে পিতরৌ রামকৃষ্ণয়োঃ।

জাস্তা কংসো নারদাতৌ বদ্ধাক্ষরং সমাধিশং ॥

তর্হীত্যস্ত যৎপদসাপেক্ষত্বাৎ প্রদোষে যদা কৃষ্ণো রাসার্থমুত্তমোহভূদিতি বিষ্ণুপুরাণবাক্যদৃষ্ট্য। শেষো জেয়ঃ। তচ্চ বাক্যং যথা। “প্রদোষার্ধে কদাচিত্তু রাসাসক্তে জনার্দনে। জাসয়ন্ সমদো গোষ্ঠমরিষ্টঃ সমুপাগত” ইতি। অতএব রাসবিরুদ্ধার্থান্তরাধিকারার্থ-মথশব্দঃ। মহদভ্যুচ্চং ককুং পৃষ্ঠাগ্রশিখা যত্র তথাভূতঃ কাযো যন্ত সঃ। খুরৈর্বিদারিতাং মহীং কম্পয়ন্ ॥ ১ ॥

রস্তমাণঃ খরতরং পদা চ বিলিখন্ মহীম্।

উত্তমা পুচ্ছং বপ্রাণি বিষাণাগ্রেণ চোদ্ধরন্।

কিঞ্চিৎ কিঞ্চিৎ শকুনুঞ্চন্ মূত্রয়ংস্তকলোচনঃ ॥ ২ ॥

অম্বয়। (সঃ) খরতরং (কর্কশং) রস্তমাণঃ (বৃষ-জাতিশব্দং কুর্বন্) পদা মহীং (ভূমিং) বিলিখন্ (বিদা-রয়ন্) চ পুচ্ছং (লাঙ্গুলম্) উত্তমা (উর্দ্ধং কৃত্বা) বিষাণা-গ্রেণ (শৃঙ্গাগ্রভাগেন) বপ্রাণি (তটভাগান্) উদ্ধরন্ (উৎ-ক্ষিপন্) চ কিঞ্চিৎ কিঞ্চিৎ (অল্পং অল্পং) শকুং (পূরীষং) মূঞ্চন্ (ভাজন্) মূত্রয়ন্ (প্রসবন্) স্তকলোচনঃ (অনি-মিলিত লোচনশ্চ আসীৎ) ॥ ২ ॥

অনুবাদ। সেই অস্বর বৃষজাতীয় কর্কশ-শব্দ করিতে করিতে পদাঘাতে ভূমিতল বিদীর্ণ করিয়া উর্দ্ধদিকে লাঙ্গুল উত্তোলনপূর্বক শৃঙ্গাগ্রভাগদ্বারা পর্বতের তটভাগ সকল

উৎক্ষিপ্ত করিতেছিল এবং অনিমীলিত লোচনে অবস্থান-পূর্বক মধ্যে মধ্যে অল্প অল্প বিষ্ঠা ও মূত্র পরিত্যাগ করিতেছিল ॥ ২ ॥

বিশ্বনাথ। খরতরং যথাক্রান্তধা বিলিখংচ। রস্তমাণঃ বৃষভজাতিশব্দং কুর্বন্ বপ্রাণি প্রাচীরভটানি শকুং পূরীষম্ ॥ ২ ॥

যন্ত নিহুঁদিতেনাজ্জ নিষ্ঠুরেণ গবাং নৃণাম্।

পতন্ত্যাকালতো গর্ভাঃ শ্রবন্তি স্য ভয়েন বৈ ॥ ৩ ॥

নির্বিশন্তি ঘনা যন্ত ককুচ্চলশঙ্কয়া।

তং তীক্ষ্ণশৃঙ্গমুদীক্ষ্য গোপো গোপাশ্চ তত্রস্থঃ ॥৪॥

